নগর সংস্করণ

সোমবার

২৮ অক্টোবর ২০২৪

১২ কার্তিক ১৪৩১, ২৪ রবিউস সানি ১৪৪৬

প্র বাণিজ্যসহ মোট ১৬ পৃষ্ঠা। দাম ৳১২

www.prothomalo.com

বর্ষ ২৬, সংখ্যা ৩৪৭

সাংবিধানিক সংকট চায় না বিএনপিসহ বিভিন্ন দল

রাষ্ট্রপতির অপসারণ দাবি

১২-দলীয় জোট ও গণঅধিকার পরিষদের সঙ্গে বৈঠক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির।

বিশেষ প্রতিনিধি, *ঢাকা*

রাষ্ট্রপতির পদ থেকে মো. সাহাবুদ্দিনকে অপসারণের প্রশ্নে অন্যতম প্রধান দল বিএনপি আরও একবার শক্তভাবে তাদের অবস্থান জানিয়ে দিয়েছে। গতকাল রোববার দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ বিষয়ে হঠকারী কোনো সিদ্ধান্ত না নেওয়ার জন্য অন্তর্বর্তী সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। এমন প্রেক্ষাপটে রাষ্ট্রপতিকে অপসারণের দাবিতে রাজনৈতিক ঐকমত্য তৈরি বেশ কঠিন হয়ে পড়েছে।

রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনার প্রক্রিয়ায় গতকাল ১২-দলীয় জোট ও গণ অধিকার পরিষদের সঙ্গে বৈঠক করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটি। বিএনপির সঙ্গে যুগপৎ আন্দোলনে ছিল এসব রাজনৈতিক দল।

গতকাল বিকেলে মালিবাগে ১২-দলীয় জোটের একটি দলের কার্যালয়ে এ বৈঠকে জোটটি রাষ্ট্রপতির অপসারণের প্রশ্নে বিএনপির বক্তব্যের প্রতিধ্বনি করেছে। তারাও রাষ্ট্রপতির পদে শূন্যতা এনে সাংবিধানিক সংকট সৃষ্টির পক্ষে নয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির নেতাদের সঙ্গে প্রায় দুই ঘণ্টার বৈঠকের পর ১২-দলীয় জোটের মুখপাত্র শাহাদাত হোসেন *প্রথম আলোকে* বলেন, এ মুহূর্তে রাষ্ট্রপতির পদ শূন্য হলে সাংবিধানিক সংকট তৈরি হবে এবং নির্বাচন বিলম্বিত হবে। সেটি তাঁরা চান না। তাঁরা তাঁদের এই অবস্থান বৈঠকে জানিয়েছেন।

> গণ-অভ্যুত্থানের ফসল ঘরে তোলার জন্য বিপ্লবকে যদি সংহত করতে হয়, তাহলে হঠকারী সিদ্ধান্ত নেওয়া যাবে না।
>
> **মির্জা ফখরুল ইসলাম**, মহাসচিব, বিএনপি

তবে শাহাদাত হোসেন এ-ও জানান, রাষ্ট্রপতির অপসারণের প্রশ্নে রাজনৈতিক ঐকমত্য না হলে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির নেতারা সমাবেশসহ আন্দোলনের কর্মসূচি নেবেন বলেও তাঁদের জানিয়েছেন। বিএনপিসহ সব দল যদি বিষয়টিতে একমত হয়, তখন তাঁরাও তা বিবেচনা করবেন।

গণ অধিকার পরিষদও এ মুহূর্তে রাষ্ট্রপতির ব্যাপারে কোনো সিদ্ধান্তের পক্ষে নয়। তারা ভিন্ন ধরনের প্রস্তাব দিয়েছে। দলটি জাতীয় ঐকমত্যের সরকার গঠন করে তারপর রাষ্ট্রপতিকে অপসারণ ও নতুন সংবিধান প্রণয়নসহ অন্যান্য বিষয়ে সমাধানের কথা বলেছে। গতকাল সন্ধ্যায় দলটির নেতাদের সঙ্গে প্রায় দুই ঘণ্টা বৈঠক করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির নেতারা।

বৈঠকের পর গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক *প্রথম আলোকে* বলেন, রাষ্ট্রপতির বিষয়সহ আরও অনেক সংকট সামনে আসতে পারে। কিন্তু অন্তর্বর্তী সরকার এখন পরিস্থিতি সামলাতে পারছে না। সে জন্য এখন রাষ্ট্রপতির বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়ার পক্ষে নন তাঁরা। তিনি আরও বলেন, রাজনৈতিক দলগুলোর প্রতিনিধি ও অংশীজনদের নিয়ে একটা জাতীয় ঐকমত্যের সরকার গঠন করে রাষ্ট্রপতির অপসারণসহ অন্যান্য সমস্যার সমাধান করা প্রয়োজন। এই অবস্থান তাঁরা বৈঠকে তুলে ধরেছেন।

এরপর পৃষ্ঠা ৪ কলাম ১

ভুটানকে বিধ্বস্ত করে সাফের ফাইনালে ওঠার পথে এভাবেই গোল-উৎসবে মেতেছেন (বাঁ থেকে) তহুরা খাতুন, মারিয়া মান্দা, সাবিনা খাতুন, ঋতুপর্ণা চাকমারা। কাল কাঠমান্ডুর দশরথ রঙ্গশালা স্টেডিয়ামে। ছবি : বাফুফে

আনুপাতিক সংসদীয় আসনব্যবস্থার জন্য আমরা কি প্রস্তুত

বিভিন্ন দলের সংসদীয় আসনসংখ্যা নির্ধারিত হবে দলগুলোর পাওয়া ভোটের অনুপাতে, এটা পিআর বা আনুপাতিক সংসদীয় আসনব্যবস্থা নামে পরিচিত। লিখেছেন **হেলাল মহিউদ্দীন**।

বিস্তারিত : **পৃষ্ঠা ৫**

নারী সাফ চ্যাম্পিয়নশিপ

ভুটানকে গোলে ভাসিয়ে ফাইনালে বাংলাদেশ

বাংলাদেশ	৭	১	ভুটান

মাসুদ আলম, *কাঠমান্ডু থেকে*

বাংলাদেশের মেয়েদের পায়ে যেন সুন্দর ফুটবলের ফুল ফুটেছে। কাঠমান্ডুর দশরথ রঙ্গশালায় সেই ফুলের সৌরভে মাতোয়ারা নেপালের দর্শকেরাও।

পাকিস্তানের সঙ্গে হতাশার ড্রয়ের পর ভারতকে ৩-১ গোলে হারিয়ে সপ্তম নারী সাফে চেনারূপে ফেরে বাংলাদেশ। গ্রুপসেরা হয়ে সেমিফাইনালে ওঠে। সেমিফাইনালে কাল সাবিনা-তহুরারা খেলেছেন ছন্দময় ফুটবল। চ্যাম্পিয়ন বাংলাদেশের সামনে দাঁড়াতেই পারেনি ভুটান। ৫-১ গোলে এগিয়ে থেকে দ্বিতীয়ার্ধ শুরু করা লাল-সবুজের মেয়েরা করেছেন আরও ২টি গোল। স্ট্রাইকার তহুরা খাতুনের হ্যাটট্রিক ও অধিনায়ক সাবিনার জোড়া গোলে শেষ পর্যন্ত স্কোরলাইন ৭-১। অন্য ২টি গোল ঋতুপর্ণা চাকমা ও ডিফেন্ডার শিউলি আজিমের।

দশরথ স্টেডিয়ামেই ২০২২ সাফের সেমিফাইনালে ভুটানকে ৮-০ গোলের বন্যায় ভাসিয়ে দেয় বাংলাদেশ। দলটির বিপক্ষে কখনো হারেননি সাবিনারা, ৭ ম্যাচেই জিতেছেন। ৪ গোল খেয়ে বাংলাদেশ করেছে ৩৬ গোল, যার মধ্যে সাবিনার সর্বোচ্চ ১০টি। ৩০ অক্টোবর ফাইনালে বাংলাদেশের প্রতিপক্ষ আবারও স্বাগতিক নেপাল।

গত রাতে দশরথেই দ্বিতীয় সেমিফাইনালের ৭১ মিনিটে নেপালের বিপক্ষে গোল করে পাঁচবারের চ্যাম্পিয়ন ভারত। গোলের আনন্দ যখন করছিলেন ভারতের খেলোয়াড়েরা, তাঁদের অপ্রস্তুত রেখেই

এরপর পৃষ্ঠা ৪ কলাম ৪

সরকার যেন জনসমর্থনকে নিশ্চিত বলে ধরে না নেয়

বিশেষ সাক্ষাৎকার ১

হোসেন জিল্লুর রহমান

২০০৭-০৮ সালের তত্ত্বাবধায়ক সরকারে উপদেষ্টার দায়িত্ব পালন করেছেন **ড. হোসেন জিল্লুর রহমান**। তিনি বেসরকারি গবেষণা সংস্থা পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টারের (পিপিআরসি) নির্বাহী চেয়ারম্যান। *প্রথম আলোর* সঙ্গে তিনি কথা বলেছেন ছাত্র-জনতার অভ্যুত্থান, অন্তর্বর্তী সরকারের কার্যক্রম ও দক্ষতা-যোগ্যতা মূল্যায়ন, তাদের করণীয়, সাংবিধানিক ধারাবাহিকতার বিতর্কসহ অভ্যুত্থান-পরবর্তী পরিস্থিতি নিয়ে। সাক্ষাৎকার নিয়েছেন **এ কে এম জাকারিয়া** ও **ইফতেখার মাহমুদ**। আজ পড়ুন সাক্ষাৎকারের প্রথম পর্ব।

প্রথম আলো : ৫ আগস্ট ছাত্র-জনতার যে অভ্যুত্থান হলো, এটিকে সামগ্রিকভাবে আপনি কীভাবে দেখেন?

হোসেন জিল্লুর রহমান : বাংলাদেশের ইতিহাসে একে এক অভূতপূর্ব ঘটনা হিসেবেই বিবেচনা করতে হবে। এক অর্থে এটা ছিল প্রত্যাশিত, অন্য অর্থে ছিল অপ্রত্যাশিত। বাংলাদেশের ৫৩ বছরের ইতিহাসে গত ১৫ বছর, বিশেষ করে গত ১০ বছরকে আলাদাভাবে দেখতে হবে। বাংলাদেশের অগ্রগতির যে ধারা সাধারণভাবে কার্যকর ছিল, গত ১০ বছরের শেখ হাসিনার এই শাসনামল মৌলিকভাবে বিপরীত দিকে চলে গিয়েছিল। উন্নয়নের ডামাডোলে ও বিভ্রান্তিমূলক প্রচারণায় আমরা দেখলাম মানুষের

হোসেন জিল্লুর রহমান। ছবি : প্রথম আলো

এরপর পৃষ্ঠা ২ কলাম ১

শেয়ারবাজারে দরপতন

চার বছরের মধ্যে সর্বনিম্ন সূচক

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

দেশের প্রধান শেয়ারবাজারের মূল সূচক চার বছরের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে নেমে গেছে। গতকাল রোববার সপ্তাহের প্রথম কার্যদিবসে লেনদেন হওয়া বেশির ভাগ কোম্পানির শেয়ারের বড় ধরনের মূল্য পতনের কারণে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) সূচক ডিএসইএক্স ৫ হাজার পয়েন্টের মাইলফলকের নিচে নেমেছে। দরপতনের এক পর্যায়ে ক্ষুব্ধ হয়ে মতিঝিলের রাস্তায় নামেন একদল বিনিয়োগকারী। বিশ্লেষকেরা বলছেন, আস্থাহীনতার কারণে শেয়ারবাজারে 'অযৌক্তিক' দরপতন ঘটছে।

গতকালের এ দরপতন ছিল সাম্প্রতিক সময়ে ঢাকার শেয়ারবাজারে এক দিনে সর্বোচ্চ। লেনদেন শেষে এদিন ডিএসইএক্স ১৪৯ পয়েন্ট বা প্রায় ৩ শতাংশ কমে নেমে আসে ৪ হাজার ৯৬৫ পয়েন্টে। ফলে চার বছরের বেশি সময় পর ডিএসইএক্স সূচকটি আবারও ৫ হাজার পয়েন্টের নিচে নামে। এর আগে সর্বশেষ ২০২০ সালের ৩০ সেপ্টেম্বর ডিএসইএক্স সূচক ৪ হাজার ৯৬৩ পয়েন্টের সর্বনিম্ন অবস্থানে ছিল।

বাজারসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, সাম্প্রতিক সময়ে বাজার নিয়ে বিনিয়োগকারীদের মধ্যে বড় ধরনের আস্থাহীনতা বিরাজ করছে। আগস্টে রাজনৈতিক পটপরিবর্তনের পর পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি পুনর্গঠনের পর থেকে এ আস্থাহীনতা প্রকট হতে থাকে। টানা পতনের ফলে বাজারে প্রতিদিনই বাড়ছে বিক্রির চাপ। একদিকে সাধারণ বিনিয়োগকারীরা হাতে থাকা সব শেয়ার বিক্রি করে দিয়ে বাজার ছাড়ছেন। অন্যদিকে প্রতিদিন বিপুল পরিমাণ শেয়ার ফোর্সড সেল বা জোরপূর্বক বিক্রির আওতায় পড়ছে।

একাধিক ব্রোকারেজ হাউসের শীর্ষ নির্বাহী জানান, শেয়ারের দাম যত কমছে, ঋণগ্রস্ত বিনিয়োগকারীদের ঋণ সমন্বয়ে ফোর্সড সেলের চাপ তত বাড়ছে। বাজারে ক্রেতাসংকট থাকায় বিক্রির এ চাপ সামাল দেওয়া যাচ্ছে না। বেশির ভাগ শেয়ারের দাম দিনের সর্বনিম্ন পর্যায়ে নেমে এলেও অনেকে তা বিক্রি করতে পারছেন না। বিনিয়োগকারীদের মধ্যে চরম আস্থাহীনতার পাশাপাশি ক্ষোভও তীব্র হয়েছে।

এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

ছাত্রলীগ নেতা-কর্মীদের বিরুদ্ধে আরেকটি মামলা

১৫ জুলাইয়ের হামলা

মামলায় নিষিদ্ধঘোষিত সংগঠনটির ২২০ নেতা-কর্মীর নাম উল্লেখ করা হয়েছে এবং আসামি অজ্ঞাতনামা দেড়-দুই শ জন।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

কোটা সংস্কার আন্দোলন চলাকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গত ১৫ জুলাই শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় আরও একটি মামলা করেছে বৈষম্যরোধী ছাত্র আন্দোলন। এ মামলায় নিষিদ্ধঘোষিত ছাত্রলীগের ২২০ নেতা-কর্মীর নাম উল্লেখ করা হয়েছে। অজ্ঞাতনামা আসামি করা হয়েছে আরও দেড় থেকে দুই শ জনকে।

গতকাল রোববার সন্ধ্যায় রাজধানীর শাহবাগ থানায় এ মামলা করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক আরমান হোসেন। এর আগে ২১ অক্টোবর একই ঘটনায় শাহবাগ থানায় আরেকটি মামলা করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আরেক সাবেক সমন্বয়ক মাহিন সরকার। এতে ৩৯১ জনের নাম উল্লেখ এবং আরও আট শ থেকে এক হাজার অজ্ঞাতনামা আসামি করা হয়।

মামলার বিষয়ে গতকাল সন্ধ্যায় শাহবাগ থানা চত্বরে সংবাদ সম্মেলন করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। এ সময় সাবেক সমন্বয়ক আবদুল কাদের সাংবাদিকদের বলেন, ২১ অক্টোবরের মামলায় যাদের নাম বাদ পড়েছিল

এরপর পৃষ্ঠা ৪ কলাম ৪

ধানমন্ডিতেও একের পর এক ছিনতাই

রাজধানীতে অপরাধ

জনবহুল এলাকায় অস্ত্র প্রদর্শন করে প্রকাশ্যে ঘটছে ছিনতাই। তা রোধে কার্যকর উদ্যোগ নেই।

আহমদুল হাসান, *ঢাকা*

তখন মাত্র সন্ধ্যা। জনবহুল সাতমসজিদ রোডসংলগ্ন ধানমন্ডি ৮/এ সড়কের মাথায় হঠাৎ হেলমেট পরা চার ব্যক্তি জাপটে ধরে রাসেল আলীকে। তিনি ছুটে যাওয়ার চেষ্টা করলে হেলমেট পরা একজন ফাঁকা গুলি করে। আশপাশের লোকজন ভয়ে সরে যায়। তখনো রাসেল আলী হাতে থাকা ব্যাগটি নিজের কাছে রাখার চেষ্টা করছিলেন। আরেকটি গুলি করে দুর্বৃত্তরা, যা তাঁর কানের পাশ দিয়ে যায়। এরপর ব্যাগটি কেড়ে নিয়ে চারজন চারটি মোটরসাইকেলের পেছনে উঠে চলে যায়।

ঘটনাটি ঘটেছে ১৯ অক্টোবর। রাসেল আলী সাতমসজিদ সড়কে কেয়ারি প্লাজায় অবস্থিত বিদেশি মুদ্রা কেনাবেচার প্রতিষ্ঠান ডেল্টা ব্যুরো ডি চেঞ্জের ব্যবস্থাপক। তাঁর ব্যাগে ছিল প্রতিষ্ঠানের ৫০ লাখ টাকা, যা ওই দুর্বৃত্তরা লুট করে নিয়ে যায়।

ধানমন্ডিতে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার এটি একটি উদাহরণ। সেখানকার বাসিন্দারা জানিয়েছেন, ওই এলাকায় সন্ধ্যা নামলে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ছিনতাই ও লুটের ঘটনা প্রায়ই ঘটছে। মোহাম্মদপুরে ডাকাতি, ছিনতাই ও চাঁদাবাজি এবং অপরাধী চক্রগুলোর খুনোখুনি নিয়ে আলোচনা হচ্ছে; কিন্তু ধানমন্ডির ঘটনা সামনে আসছে না।

এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

আজকের আবহাওয়া

অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

আজ সূর্যাস্ত : ৫টা ২২ মিনিটে
কাল সূর্যোদয় : ৬টা ০২ মিনিটে

গতকাল দেশের তাপমাত্রা
সর্বোচ্চ : ফেনীতে ৩৫° সেলসিয়াস
সর্বনিম্ন : তেঁতুলিয়ায় ২০.৩° সেলসিয়াস

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস গতকাল ঢাকা সেনানিবাসে বিমানবাহিনী সদর দপ্তরে অনুষ্ঠিত নৌবাহিনী ও বিমানবাহিনী নির্বাচনী পর্ষদ-২০২৪-এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন। ছবি : আইএসপিআর

ক্রান্তিলগ্নে জনগণের পাশে নৌ ও বিমানবাহিনী

অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা

'নৌবাহিনী ও বিমানবাহিনী নির্বাচনী পর্ষদ-২০২৪'-এর আনুষ্ঠানিক উদ্বোধনকালে প্রধান উপদেষ্টা এ কথা বলেন।

বাসস, *ঢাকা*

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, দেশের ক্রান্তিলগ্নে বাংলাদেশ নৌবাহিনী ও বিমানবাহিনী জনগণের পাশে এসে দাঁড়িয়েছে। ফলে নৌবাহিনী ও বিমানবাহিনী আবারও দেশের মানুষের কাছে আস্থার প্রতীক হিসেবে স্বীকৃতি পেয়েছে।

গতকাল রোববার বিমানবাহিনী সদর দপ্তরে 'নৌবাহিনী ও বিমানবাহিনী নির্বাচনী পর্ষদ-২০২৪'-এর আনুষ্ঠানিক উদ্বোধনকালে প্রধান উপদেষ্টা এ কথা বলেন।

এই পদোন্নতি পর্ষদে নৌবাহিনীর ক্যাপ্টেন, কমান্ডার ও লেফটেন্যান্ট কমান্ডার এবং বিমানবাহিনীর গ্রুপ ক্যাপ্টেন, উইং কমান্ডার ও স্কোয়াড্রন লিডার পদে যোগ্য কর্মকর্তারা পরবর্তী পদোন্নতির জন্য বিবেচিত হবেন।

পদোন্নতি পর্ষদের বক্তব্যে প্রধান উপদেষ্টা ছাত্র-জনতার বিপ্লবে সৃষ্ট বাংলাদেশের সবাইকে স্বাগত জানান। এ সময় তিনি জুলাই-আগস্ট মাসে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহত সব শহীদকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি আরও স্মরণ করেন মহান স্বাধীনতাযুদ্ধে অংশগ্রহণকারী সশস্ত্র বাহিনীর শহীদসহ বীর সেনানীদের, যাঁদের আত্মত্যাগ জাতি চিরদিন শ্রদ্ধাভরে স্মরণ করবে।

প্রধান উপদেষ্টা পদোন্নতির জন্য কর্মকর্তাদের পেশাগত দক্ষতা, নেতৃত্বের গুণাবলি, শৃঙ্খলার মান, সততা, বিশ্বস্ততা ও আনুগত্য এবং সর্বোপরি নিযুক্তিগত উপযুক্ততার ওপর গুরুত্বারোপ করতে নির্বাচনী পর্ষদের সদস্যদের নির্দেশনা প্রদান করেন।

এ ছাড়া সৎ, নীতিমান ও নেতৃত্বের অনন্য গুণাবলিসম্পন্ন কর্মকর্তারাই উচ্চতর পদোন্নতির দাবিদার বলেও ড. ইউনূস মন্তব্য করেন। যেসব কর্মকর্তা সামরিক জীবনের বিভিন্ন কর্মকাণ্ডে যোগ্য নেতৃত্ব প্রদানে সফল হয়েছেন, সেই কর্মকর্তাদের পদোন্নতির জন্য নির্বাচিত করার নির্দেশনা দেন তিনি।

এর আগে অনুষ্ঠানস্থলে পৌঁছালে প্রধান উপদেষ্টাকে স্বাগত জানান নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান এবং বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান। কর্মব্যস্ততার মধ্যেও উপস্থিত হয়ে নির্বাচনী পর্ষদ উদ্বোধন করায় নৌবাহিনী ও বিমানবাহিনী প্রধানেরা প্রধান উপদেষ্টার প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠান শেষে প্রধান উপদেষ্টা নৌবাহিনী ও বিমানবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে গ্রুপ ছবিতে অংশ নেন এবং পরিদর্শন বইয়ে মন্তব্য লেখেন। পরে তিনি বিমানবাহিনী সদর দপ্তর প্রাঙ্গণে একটি ফলদ বৃক্ষের চারা রোপণ করেন।

মতবিনিময় সভায় জামায়াতের আমির

কেউ ফ্যাসিবাদের মতো আচরণ করলে পরিণতি আরও করুণ হবে

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

নিজের দলসহ অন্য রাজনৈতিক দলের কেউ যদি এখন ফ্যাসিবাদের মতো আচরণ করেন, তাহলে তাঁদের পরিণতি অতীতের ফ্যাসিবাদের চেয়েও করুণ হবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। তিনি বলেছেন, 'আমরা ও কোনো রাজনৈতিক দল যদি ফ্যাসিবাদের মতো অনুরূপ আচরণ করি, তাহলে আমাদের সবার শিক্ষা নেওয়া উচিত, আল্লাহ ছেড়ে দেবেন না, এ দেশের জনগণও আমাদের ক্ষমা করবেন না।'

গতকাল রোববার দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক মতবিনিময় সভায় এ কথা বলেন শফিকুর রহমান। ২০০৬ সালের ২৮ অক্টোবর থেকে ২০২৪ সালের ৫ আগস্ট পর্যন্ত আওয়ামী লীগের শাসনের বিরুদ্ধে আন্দোলনে নিহত ব্যক্তিদের পরিবারের সদস্যদের সঙ্গে এই মতবিনিময় সভার আয়োজন করে বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগর উত্তর শাখা।

সভায় প্রধান অতিথির বক্তব্যে জামায়াতের আমির বলেন, 'আমরা প্রতিহিংসা ও প্রতিশোধের রাজনীতিতে বিশ্বাস করি না। কিন্তু আমরা ন্যায়বিচারে বিশ্বাসী। ন্যায়বিচার পাওয়া আমাদের অধিকার। সব শহীদ পরিবারকে আহ্বান জানাব, আপনারা অবশ্যই ন্যায়বিচার চাইবেন। জামায়াতে ইসলামী আপনাদের পাশে থেকে আইনের অঙ্গনে লড়াই করবে।'

মতবিনিময় সভায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বক্তব্য দেন। অন্যদের মধ্যে বক্তব্য দেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, কেন্দ্রীয় নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের প্রমুখ।

ইরানে ইসরায়েলি হামলার নিন্দা বাংলাদেশের

বাসস, *ঢাকা*

বাংলাদেশ ইরানের ওপর সাম্প্রতিক ইসরায়েলি সামরিক হামলার নিন্দা জানিয়েছে। এ ধরনের পদক্ষেপগুলোকে ইরানের সার্বভৌমত্ব এবং জাতিসংঘের সনদ ও আন্তর্জাতিক আইনের চরম লঙ্ঘন বলে উল্লেখ করেছে বাংলাদেশ। গতকাল রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ের জারি করা এক বিবৃতিতে এ কথা বলা হয়।

বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ আঞ্চলিক ও বৈশ্বিক অংশীজনদের সংযম অনুশীলন এবং আরও উত্তেজনা প্রতিরোধ করার জন্য তাদের প্রভাব কাজে লাগানোর আহ্বান জানায়। বিবৃতিতে আরও বলা হয়েছে, এ ধরনের উসকানি আঞ্চলিক ও বৈশ্বিক শান্তি ও নিরাপত্তার জন্য সুদূরপ্রসারী পরিণতিসহ ইতিমধ্যে ভঙ্গুর অঞ্চলকে অস্থিতিশীল করার হুমকি সৃষ্টি করেছে। 'আমরা জোর দিচ্ছি যে আন্তর্জাতিক নিয়ম, সংলাপ ও সার্বভৌমত্বের প্রতি প্রতিশ্রুতি মধ্যপ্রাচ্য অঞ্চলে এবং এর বাইরেও স্থিতিশীলতা বজায় রাখার জন্য সর্বোত্তম পন্থা', বলা হয় বিবৃতিতে।

পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, কূটনীতি ও পারস্পরিক শ্রদ্ধা স্থায়ী শান্তির একমাত্র কার্যকর পথ উল্লেখ করে বাংলাদেশ একটি স্থিতিশীল মধ্যপ্রাচ্যের সমর্থনে সম্মিলিতভাবে কাজ করার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছে।

অধস্তন আদালতের নিয়ন্ত্রণ

সংবিধানের ১১৬ অনুচ্ছেদ কেন সাংঘর্ষিক নয়

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

অধস্তন আদালতের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলাসংক্রান্ত সংবিধানের ১১৬ অনুচ্ছেদ এবং বিচার বিভাগের জন্য পৃথক সচিবালয় প্রতিষ্ঠা প্রশ্নে রুল দিয়েছেন হাইকোর্ট। এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল রোববার রুলসহ এই আদেশ দেন।

সংবিধানের ১১৬ অনুচ্ছেদ এবং এ-সংক্রান্ত ২০১৭ সালের জুডিশিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা কেন সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক ঘোষণা করা হবে না, রুলে তা জানতে চাওয়া হয়েছে। একই সঙ্গে বিচার বিভাগীয় পৃথক সচিবালয় কেন প্রতিষ্ঠা করা হবে না, রুলে তা-ও জানতে চাওয়া হয়েছে। আইন মন্ত্রণালয়ের দুই সচিব ও সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।

বর্তমান সংবিধানের ১১৬ অনুচ্ছেদ অনুযায়ী, বিচার-কর্ম বিভাগে নিযুক্ত ব্যক্তিদের এবং বিচার বিভাগীয় দায়িত্ব পালনরত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ, পদোন্নতি ও ছুটি মঞ্জুরিসহ) ও শৃঙ্খলা বিধান রাষ্ট্রপতির ওপর ন্যস্ত। সুপ্রিম কোর্টের সঙ্গে পরামর্শক্রমে রাষ্ট্রপতি তা প্রয়োগ করে থাকেন।

সংবিধানের ১১৬ অনুচ্ছেদ, ২০১৭ সালের জুডিশিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালার বৈধতা চ্যালেঞ্জ করে এবং বিচার বিভাগীয় পৃথক সচিবালয় প্রতিষ্ঠার নির্দেশনা চেয়ে গত ২৫ আগস্ট সুপ্রিম কোর্টের সাত আইনজীবী রিটটি করেন। আদালতে রিট আবেদনকারীদের পক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। রাষ্ট্রপক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল তানিম খান ও সহকারী অ্যাটর্নি জেনারেল মুজাহিদুল ইসলাম শাহীন শুনানিতে ছিলেন।

হাইকোর্ট বিচার বিভাগীয় সচিবালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে অগ্রগতি জানিয়ে সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলকে আগামী ৬০ দিনের মধ্যে আদালতে প্রতিবেদন দিতে নির্দেশ দিয়েছেন বলে জানান রিট আবেদনকারীদের আইনজীবী মোহাম্মদ শিশির মনির।

রিট আবেদনকারী সাত আইনজীবী হলেন মোহাম্মদ সাদ্দাম হোসেন, মো. জহিরুল ইসলাম, মোস্তাফিজুর রহমান, আবদুল্লাহ সাদিক, মো. মিজানুল হক, আমিনুল ইসলাম শাকিল ও যায়েদ বিন আমজাদ।

ধানমন্ডিতেও একের পর এক ছিনতাই

প্রথম পৃষ্ঠার পর

ফলে সেখানে অপরাধ দমনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জোরালো পদক্ষেপ দেখা যাচ্ছে না। যদিও মোহাম্মদপুর এলাকায় গত শনিবার রাত থেকে যৌথ বাহিনী অভিযান শুরু হয়েছে। এ রাতে ৪৫ জনকে গ্রেপ্তার করা হয় বলে জানানো হয়েছে।

৫০ লাখ টাকা ছিনতাইয়ের শিকার রাসেল আলীর ভাষ্য, ব্যবসাপ্রতিষ্ঠানের মালিক তাঁর ভগ্নিপতি। রাসেল সন্ধ্যার পর ব্যবসার টাকা তিনি বাসায় নিয়ে যান। ঘটনার দিন প্রতিষ্ঠান বন্ধ করে বাসায় যাওয়ার পথে ব্যক্তিগত কাজে কেয়ারি প্লাজার উল্টো দিকের রাস্তায় যান। সেখানে হেলমেট পরিহিত চারজন লোক অস্ত্রের মুখে টাকার ব্যাগ ছিনিয়ে নেয়। ওই দলের আরও চারজন চারটি মোটরসাইকেল নিয়ে দাঁড়িয়ে ছিল। মোটরসাইকেলগুলোর কোনো নম্বর প্লেট ছিল না।

ছিনতাইয়ের এ ঘটনায় পরদিন (২০ অক্টোবর) ধানমন্ডি থানায় মামলা করেন বিদেশি মুদ্রা কেনাবেচার প্রতিষ্ঠানটির মালিক কাইয়ুম রেজা। আট দিন পার হলেও ছিনতাইকারীদের কাউকে এখনো ধরতে পারেনি পুলিশ। কাইয়ুম রেজা গতকাল রোববার *প্রথম আলোকে* বলেন, পুলিশ গুরুত্ব দিয়ে মামলাটির তদন্ত করছে না। থানা থেকে বলা হচ্ছে, তাদের জনবলসংকট। তাদের এখন প্রযুক্তিগত সক্ষমতা নেই। তারা কিছু করতে পারছে না।

মামলার তদন্ত কর্মকর্তা উপপরিদর্শক রায়হান সিদ্দিকী শামীম গতকাল *প্রথম আলোকে* বলেন, তিনি ক্লোজড সার্কিট ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করেছেন। তবে মামলার তেমন অগ্রগতি নেই।

গতকাল সরেজমিন স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা যায়, সাতমসজিদ রোডের ধানমন্ডি ৩/এ এলাকা থেকে শুরু করে মোহাম্মদপুর বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তার দুই পাশে বিভিন্ন স্থানে মানুষ ছিনতাইকারীদের কবলে পড়ছে। এর মধ্যে কোনো কোনো স্থানে ওত পেতে থাকা অপরাধীরা, আবার সংঘবদ্ধ কিছু দল মোটরসাইকেল বা গাড়ি নিয়ে ঘুরে ঘুরে ছিনতাই করে থাকে।

প্রকাশ্যে ছিনতাই, প্রতিকার নেই

ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয়। তখন ছাত্র-জনতার আন্দোলনে গুলি চালানোকে কেন্দ্র করে পুলিশের ওপর ব্যাপক হামলা হয়। পুড়িয়ে দেওয়া হয় অনেক থানা ভবন। সপ্তাহখানেক থানায় কোনো পুলিশ ছিল না। পরে পুলিশ ফিরলেও কার্যক্রম সীমিত। এ সুযোগে অপরাধীরা সক্রিয় হয়ে উঠেছে। বিভিন্ন জায়গা থেকে ছিনতাইয়ের খবর পাওয়া যাচ্ছে। যদিও ঢাকা মহানগরে বিভিন্ন অপরাধে কত মামলা হয়েছে, সে পরিসংখ্যান পাওয়া যায়নি। ভুক্তভোগীদের বেশির ভাগই মামলা করতে থানায় যাচ্ছেন না। কেউ কেউ থানায় গেলেও পুলিশ মামলা নিতে চায় না বলে অভিযোগ রয়েছে।

৩ সেপ্টেম্বর সন্ধ্যা সাড়ে সাতটার দিকে ধানমন্ডির ৮/১ নম্বর সড়কে কাকলি স্কুলের সামনে ছিনতাইকারীদের কবলে পড়ে রাইয়ান ভূঁইয়া নামের এক শিক্ষার্থী। ওই দিনই ধানমন্ডি থানায় লিখিত অভিযোগ দেন রাইয়ানের মা তাজনুর জাহান; কিন্তু সেটি থানায় মামলা হিসেবে নথিভুক্ত হয়নি।

তাজনুর জাহান *প্রথম আলোকে* বলেন, তিনি থানায় যাওয়ার পর পুলিশ যেভাবে বলেছে, সেভাবেই অভিযোগ দিয়েছেন। পুলিশ এ ঘটনায় কোনো পদক্ষেপ নেয়নি। এ ঘটনার আইনি প্রতিকার পেতে তিনি থানায় দুবার গিয়েছিলেন। পুলিশকে বারবার বলা হয়েছে, ঘটনাস্থল ও আশপাশের সিসিটিভি ক্যামেরার ফুটেজ যেন দেখা হয়। পুলিশ সেটিও করেনি।

তবে পুলিশের ধানমন্ডি অঞ্চলের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) জিসানুল হক দাবি করেন, কোনো ভুক্তভোগী থানায় এলে প্রতিকার না পাওয়ার সুযোগ নেই।

গত শনিবার সন্ধ্যার পরপর মিরপুর রোডের ধানমন্ডি ৩২ নম্বর এলাকায় ছিনতাইকারীদের কবলে পড়েন তাসরীন শামীমা। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে সেটি প্রকাশ করেছেন। তাতে তিনি লেখেন, 'আজ (শনিবার) সন্ধ্যায় এমবিএর ক্লাস শেষ করে ক্যাম্পাস থেকে রিকশা করে বাসায় (মোহাম্মদপুরে) ফিরছিলাম। সাড়ে ৬টা থেকে ৭টার দিকে ৩২-এর কাছাকাছি মিরপুর রোড সিগন্যালে ছিনতাইকারীর কবলে পড়ি। দুজন ছিনতাইকারী রিকশায় বসে থাকা একটা মেয়ের ওপর হামলা চালায়। রাস্তায় জ্যামে এত মানুষ ছিল, কেউ বাঁচাতে আসেনি! যাই হউক আল্লাহর অশেষ রহমতে আমার কোনো ক্ষতি হয়নি। মোবাইল নিয়ে টানাহেঁচড়া করলেও আমার চিৎকার-চেঁচামেচিতে শেষ পর্যন্ত ওরা হাল ছেড়ে পালিয়ে যায়।'

> শনিবার বিকেলে মোহাম্মদপুর থানার সামনে প্রতিবাদ কর্মসূচি পালন করেন এলাকাবাসী। সেখান থেকে আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান অগ্রগতির জন্য তাঁরা পুলিশকে তিন দিনের সময় বেঁধে দেন।

তাসরীন *প্রথম আলোকে* বলেন, এ ঘটনার পর তিনি বাসা থেকে বের হতে ভয় পাচ্ছেন। কারণ, মোহাম্মদপুর, ধানমন্ডি ও আশপাশের এলাকায় প্রতিনিয়ত মানুষ ছিনতাইয়ের শিকার হচ্ছে বলে শুনতে পারছেন।

স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, ধানমন্ডি থানাধীন মিরপুর সড়কের ৩২ নম্বর থেকে ধানমন্ডি ২৭ নম্বরের পদচারী-সেতু (ফুট ওভারব্রিজ) পর্যন্ত এলাকাটি আগে থেকেই ছিনতাইপ্রবণ হিসেবে পরিচিত ছিল। আগে সাধারণত ভোরে ফাঁকা সড়কে 'টানা পার্টির' সদস্যরা এ সড়কে সক্রিয় ছিল। এখন সন্ধ্যার পর সড়কটিতে আগ্নেয়াস্ত্র ও ধারাল অস্ত্র প্রদর্শন করে দলবদ্ধ ছিনতাইকারীরা প্রকাশ্যে ছিনতাই করছে। তারা ছিনতাইয়ের পর মোটরসাইকেল, প্রাইভেট কার অথবা ছোট ট্রাকে (পিকআপে) উঠে পালিয়ে যাচ্ছে।

ধানমন্ডি ২৭ নম্বর পদচারী-সেতুসংলগ্ন একটি ভবনের নিরাপত্তাকর্মী নাম প্রকাশ না করার শর্তে *প্রথম আলোকে* বলেন, সাত-আট দিন আগে সন্ধ্যার পর এক ব্যক্তি পদচারী-সেতু পার হতেই তিন ছিনতাইকারী ছুরি ও রামদা দেখিয়ে তাঁর মুঠোফোন ও ব্যাগ ছিনিয়ে নেয়। জায়গাটিতে গত দুই মাসে আরও অনেক ছিনতাইয়ের ঘটনা ঘটতে দেখেছেন তিনি।

এডিসি জিসানুল হক *প্রথম আলোকে* বলেন, এলাকায় টহল বাড়ানো হয়েছে। তাঁর দাবি, ধানমন্ডি এলাকায় ছিনতাই কম। সুনির্দিষ্ট তথ্য পেলে ব্যবস্থা নেওয়া হয়।

মোহাম্মদপুরে যৌথ অভিযান, গ্রেপ্তার ৪৫

ঢাকার মোহাম্মদপুরে চলতি মাসে চারটি খুন হয়েছে। ডাকাতি, ছিনতাই ও চুরির ঘটনা ঘটেছে বেশ কয়েকটি। স্থানীয় সূত্রগুলো বলছে, পরিবর্তিত পরিস্থিতিতে সেখানে জেনেভা ক্যাম্পকেন্দ্রিক দুর্বৃত্তদের তৎপরতা বেড়েছে। ঢাকা উদ্যান, বছিলাসহ মোহাম্মদপুরের আরও কয়েকটি এলাকায় আগের পেশাদার ছিনতাইকারীরা ছাড়াও নতুন অপরাধী চক্র গড়ে উঠেছে।

একের পর এক ছিনতাই, ডাকাতি ও চাঁদাবাজির ঘটনায় শনিবার বিকেলে মোহাম্মদপুর থানার সামনে প্রতিবাদ কর্মসূচি পালন করেন এলাকাবাসী। সেখান থেকে আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান অগ্রগতির জন্য তাঁরা পুলিশকে তিন দিনের সময় বেঁধে দেন। এরপর শনিবার রাতেই মোহাম্মদপুর, আদাবর ও শেরেবাংলা নগর থানা এলাকায় সেনাবাহিনী, পুলিশ ও র‍্যাব যৌথ অভিযান শুরু করে। অভিযানে ছিনতাইকারী, চাঁদাবাজ ও কিশোর গ্যাংয়ের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ৪৫ জনকে গ্রেপ্তার করা হয় বলে গতকাল সকালে যৌথ বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে। ছিনতাইপ্রবণ ঢাকা উদ্যান এলাকায় বসানো হয় অস্থায়ী সেনাক্যাম্প।

হঠাৎ মোহাম্মদপুর ও ধানমন্ডি এলাকায় ছিনতাইসহ অপরাধ বেড়ে যাওয়ার কারণ কী—এ বিষয়ে র‍্যাব-২-এর অধিনায়ক অতিরিক্ত উপমহাপরিদর্শক মোয়াজ্জেম হোসেন ভূঁইয়ার কাছে *প্রথম আলোর* পক্ষ থেকে জানতে চাওয়া হয়। তিনি বলেন, ধানমন্ডি ও মোহাম্মদপুর অঞ্চলে অনেক অপরাধী বাইরে থেকে, বিশেষ করে কেরানীগঞ্জ থেকে এসে অপরাধ করে থাকে। এ বিষয়ে তথ্য সংগ্রহ করে র‍্যাবের পক্ষ থেকে কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে। পাশাপাশি অপরাধীদের গ্রেপ্তারে অভিযানও চালানো হচ্ছে।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে অভিযানের কথা বলা হলেও ছিনতাই ও ডাকাতি আতঙ্ক ছড়িয়ে পড়েছে নগরবাসীর মধ্যে। অনেকে মনে করেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান, টহল ও গোয়েন্দা নজরদারি বৃদ্ধির পাশাপাশি তল্লাশিচৌকি বসালে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসত।

ধানমন্ডির বাসিন্দা ও ব্যবসায়ী সাইদুর রহমান *প্রথম আলোকে* বলেন, 'আমরা আতঙ্কে আছি। এভাবে চলতে পারে না। আমরা চাই, সরকার এসব অপরাধীর বিরুদ্ধে শক্ত ব্যবস্থা নিক।'

সরকার যেন জনসমর্থনকে

প্রথম পৃষ্ঠার পর

আত্মমর্যাদা বলে যে একটি বিষয় থাকে, তা নিয়ে আর কেউ থাকতে পারছিল না। খুন, গুম, গায়েবি হামলা, নির্যাতন নিত্যবাস্তবতায় পরিণত হয়েছিল। রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে অত্যাচার হয়েছে, পথেঘাটে অপমানের দুঃসহ যাতনা বয়ে বেড়াতে হয়েছে। রাষ্ট্রযন্ত্রে নিয়মের বালাই ছিল না। যা সাধারণ মানুষ নিতে পারছিল না, কিন্তু মুখ বুজে সহ্য করছিল। সার্বিকভাবে সবার মর্যাদার জায়গাটাকে আহত করা হয়েছে। মানুষের কষ্টকে ব্যঙ্গ করা হতো। এ অবস্থা এত সময় ধরে চলতে পারে না। সেদিক থেকে এই পরিবর্তন ছিল প্রত্যাশিত।

অন্যদিকে অপ্রত্যাশিত ছিল এ কারণে যে রাজনৈতিক প্রতিপক্ষ যেসব শক্তির এই পরিবর্তন আনার কথা, তারা অনেক চেষ্টা করেও সফল হতে পারছিল না। পুরো ২০২৩ সাল ধরে এ চেষ্টা ও ব্যর্থতার চিত্র আমরা দেখেছি। এটা শেষ পর্যন্ত পেরেছে ছাত্ররা। তাদের সফলতার প্রধান কারণ ছিল, তারা দেশের সর্বস্তরের মানুষকে ওই আন্দোলনে সম্পৃক্ত করতে পেরেছিল। সাধারণ মানুষকে যে ভয় এত দিন টেনে রেখেছিল, আবু সাঈদ এবং অন্য অনেকের আত্মত্যাগ ও সাহস সেই ভয়কে ভেঙে দেয়। ভয় ভেঙে যাওয়ার এই মনস্তাত্ত্বিক উত্তরণ সরকারের পতন ঘটায়। ছাত্রদের আন্দোলনে যুক্ত হয় জনতা। বোঝা গেল, সরকার এত দিন তাসের ঘরের মধ্যে ছিল। মূলত পুলিশি শক্তির ওপর নির্ভর করে এত দিন শেখ হাসিনার শাসন টিকে ছিল। এই পুলিশি স্তম্ভ নড়বড়ে হয়ে পড়ায় দ্রুত সরকারের পতন হয়।

প্রথম আলো : দেশের রাজনৈতিক দলগুলো যে একটি স্বৈরাচারী সরকারের পতন ঘটাতে পারল না, এটা কি প্রথাগত রাজনৈতিক দলগুলোর প্রতি মানুষের অনাস্থার প্রকাশ? তাদের সঙ্গে জনগণ নামল না কেন?

হোসেন জিল্লুর : আমি বিষয়টিকে অন্যভাবে দেখি। ২০২৩ সালে বোঝা যাচ্ছিল যে মানুষ পরিবর্তন চায়। মানুষ প্রতিপক্ষ রাজনৈতিক দলগুলোর আন্দোলনে অংশগ্রহণ করতে চাইছিল, করছিলও। কিন্তু রাজনৈতিক দলগুলো যথাযথ আন্দোলন সংগঠিত করতে পারছিল না। আসলে এর জন্য যা দরকার ছিল, তা হচ্ছে বেপরোয়া সাহস। রাজনৈতিক দলগুলো তা দেখাতে পারেনি। কিন্তু ছাত্ররা বেপরোয়া সাহস দেখিয়ে মানুষকে সাহসী করে তুলেছিল। সে কারণে জনগণ তাদের সঙ্গে মাঠে নেমেছে। বাঁধ যখন ভেঙে যায়, তখন সবকিছু ভেসে যায়। ছাত্ররা তো লাখ লাখ ছিল না। কিন্তু তারা ভ্যানগার্ড হিসেবে ভূমিকা রেখেছে। সেই কাজটি তারা সঠিকভাবে করতে পারায় লাখ লাখ মানুষ পথে নেমেছে।

প্রথম আলো : সরকার পতনের পর অধ্যাপক ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠিত হয়েছে। ছাত্র-জনতার অভ্যুত্থান-পরবর্তী পরিস্থিতিতে সরকারের কার্যক্রমকে কীভাবে মূল্যায়ন করবেন?

হোসেন জিল্লুর : ছাত্র-জনতার অভ্যুত্থান-পরবর্তী পরিস্থিতিকে দুভাবে দেখার সুযোগ আছে। প্রথমত, আমলাতান্ত্রিক দৃষ্টিতে যদি দেখি, তাহলে বলতে হবে, শুরুতে একটি বিশৃঙ্খল অবস্থার মধ্য দিয়ে সরকারকে যেতে হয়েছে। এই বিশৃঙ্খল অবস্থা থেকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনাটা প্রধান কাজ হিসেবে দেখা, যা এখনো পুরোপুরি অর্জিত হয়নি। দ্বিতীয়ত, আমরা যদি পরিস্থিতিকে বৈপ্লবিক দৃষ্টিতে দেখি, তাহলে শুধু অবস্থা স্বাভাবিক করার ব্যাপার ছিল না, স্বৈরাচারী সরকার পতনের পর বাংলাদেশকে নতুন করে গড়ে তুলতে জনমানুষের আকাঙ্ক্ষাকে কার্যকরভাবে ঐক্যবদ্ধ করতে উদ্যোগের প্রয়োজন ছিল। গণ-অভ্যুত্থানের পর সরকারের মূল কাজ হতে পারত ওই মুডটাকে বিবেচনায় নিয়ে দেশকে সংহত করা।

প্রথম আলো : ওই মুডটা কি চলে গেছে?

হোসেন জিল্লুর : পুরোপুরি বলতে পারছি না। কিন্তু ঐক্যের ওই মুডটা আমি এখন দেখতে পারছি না। সরকারের উচিত ছিল মানুষের সঙ্গে কথা বলা, জনগণের কাছে যাওয়া। এটা একতরফাভাবে হবে না, প্রটোকলের ডামাডোলে তো নয়ই। ব্যাপকভাবে মানুষের সঙ্গে কথা বলার উদ্যোগ নেওয়া দরকার ছিল। জনগণকে আস্থায় আনার জন্য ও আশ্বস্ত করার জন্য শুরুতেই এই কাজটি করা দরকার ছিল।

> আমি মনে করি, অন্তর্বর্তী সরকারের সময়ে যেকোনো পর্যায়ের অন্তত একটি স্থানীয় সরকার নির্বাচনের আয়োজন করা উচিত। এটি একটি পরীক্ষা হিসেবে বিবেচিত হবে। তবে এ ক্ষেত্রে প্রথমেই দলীয় প্রতীকে নির্বাচনের যে বিধান ২০১৪ সালে নিয়ে আসা হয়, তা বাতিল করতে হবে।

এটা একটা রাজনৈতিক কাজ। আমাদের মাথায় রাখতে হবে যে এই সরকার প্রচলিত রাজনৈতিক নয়, কিন্তু তাদের কাজটা রাজনৈতিক। যে গণ-অভ্যুত্থান হয়েছে, সেই পরিবর্তন নামীদামি লোকেরা আনেনি। নামহীন লোকেরা এনেছে। এই নামহীন জনগোষ্ঠীর সঙ্গে প্রত্যক্ষ সংযোগ জরুরি ছিল।

এটি সত্য, পতিত স্বৈরাচারী সরকারের অনেক সহচর আছে। তাদের নেত্রী পালিয়ে গেছেন, কিন্তু এসব সহচর তো পালিয়ে যায়নি। ব্যবসা-বাণিজ্য থেকে আমলাতন্ত্র—সবখানেই এসব সহচর রয়ে গেছে। তাদের পাল্টা আঘাত হানা এবং বিশৃঙ্খলা তৈরির চেষ্টা মোকাবিলা করাও একটি বড় কাজ ছিল; যা সরকার মোকাবিলা করেছে। কিন্তু মানুষের 'মুড'কে কাজে লাগানোর বৃহত্তর কাজটি হলো কি না, সেটা আমার কাছে খুবই গুরুত্বপূর্ণ।

আরেকটা বিষয় মনে রাখতে হবে। সরকার হচ্ছে রাষ্ট্রের একটি দিক। দেশের অর্থনীতি কিন্তু চলে বেসরকারি খাতের মাধ্যমে। তারা সক্রিয় হবে কি না, তা নির্ভর করবে তাদের সঙ্গে আস্থার সম্পর্ক তৈরি হচ্ছে কি না, তার ওপরে। ব্যবসায়ীদের সঙ্গে খোলামেলা এনগেজমেন্ট কোথায়? ব্যবসায়ী মানে শুধু এফবিসিসিআই নয়। সাধারণ ব্যবসায়ীদের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে সংকট সমাধানের উদ্যোগ তো দেখছি না।

প্রথম আলো : সরকারের লোকজন বলছেন যে তাঁরা সংকট সামাল দেওয়ার চেষ্টা করছেন।

হোসেন জিল্লুর : সংকট সামাল দেওয়া একটা প্রায়োগিক কাজ। এটা তাঁদের করতে হবে। এটা জনগণের কাছে বলার বিষয় নয়, এটা করার বিষয়। যা করার বিষয়, সরকার সেটাকে বলার বিষয়ে পরিণত করছে। অর্থনীতির মূল কাজ আস্থা তৈরি ও ব্যবসার পরিবেশের উন্নতি। বিবেচনা করতে হবে সরকার কাজটি করছে কি না। সাধারণ মানুষ নতুন বাংলাদেশ তৈরি করতে চাইছে। তাদের নিয়ে আমরা কীভাবে এগোব, সেই কার্যকর উদ্যোগ কোথায়। উপদেষ্টাদের তাঁদের নিজের দপ্তর থেকে বের হতে দেখছি না। তাঁদের তো এখন মাঠে-ময়দানে বেশি করে যাওয়া উচিত ছিল। সাধারণ মানুষ তাঁদের দেখতে পেলেও তো বুঝতে পারবে, সরকার কাজ করছে। সেটা তো দেখছি না। শুধু আমলাতন্ত্রের ভাষায় কথা না বলে আরও বৃহত্তরভাবে বিষয়গুলো দেখতে হবে।

প্রথম আলো : উপদেষ্টাদের বয়স কি একটা ব্যাপার? অনেকে এসব প্রশ্ন তুলছেন।

হোসেন জিল্লুর : বয়স তো ব্যাপার হতে পারে না। বয়স যদি সমস্যা হয়, তাহলে দায়িত্ব কেন নেওয়া হয়েছে? দরকার ছিল বিভিন্ন পর্যায়ের মানুষকে সংযুক্ত করা, তাঁদের কথা শোনা, নিছক করার জন্য করা নয়, মনোযোগের সঙ্গে, আন্তরিকতার সঙ্গে।

প্রথম আলো : অন্তর্বর্তী সরকার কি রাষ্ট্রযন্ত্রের ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পেরেছে?

হোসেন জিল্লুর : সরকার যেভাবে স্বপ্ন, লক্ষ্যমাত্রার কথা বলছে, তা খুব উঁচু মানের। কিন্তু অনেকাংশে কর্মকৌশলবিবর্জিত। তারা যেভাবে বাস্তবায়ন করেছে, তা কিন্তু আগের চেয়ে বেশি আমলানির্ভর হয়ে যাচ্ছে। এখন তো দেখছি সবকিছু আমলাতান্ত্রিকভাবে হচ্ছে। চাপের কারণে সরকার ঢালাও পদোন্নতি দিয়েছে, ছাত্রদের একাংশের চাপে অটো পাস মেনে নিচ্ছে—এগুলোর মানে কী? কাজ না থাকলেও পদোন্নতির হিড়িক বেড়েছে বৈ কমেনি। এর মাধ্যমে প্রশাসনকে অনেকটা অকার্যকর করে তোলা হচ্ছে। ফাইল চালাচালিতে পারদর্শী আমলারা মাঠের উন্নতিকে মনোযোগের কেন্দ্রবিন্দুতে পরিণত করতে আগ্রহী নয়। মূল কাজ হচ্ছে সরকারের সক্রিয় হওয়া, কিন্তু তা হচ্ছে না।

প্রথম আলো : অনেকে মনে করেন, এ সরকার বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বেশি জনসমর্থন নিয়ে আসা একটি সরকার। তারা কি তাদের শক্তিটা বুঝতে পারছে? সরকারের মধ্যে অনেক ক্ষেত্রে সিদ্ধান্তহীনতা, সিদ্ধান্ত নিয়ে বদল করার প্রবণতা দেখা যাচ্ছে। সরকার কি তার নিজের শক্তি সম্পর্কে ওয়াকিবহাল? অথবা নিজের দুর্বলতা কোথায়, তা কি বুঝতে পারছে?

হোসেন জিল্লুর : সরকারের শক্তি হচ্ছে জনসমর্থন ও আকাঙ্ক্ষা। কিন্তু সরকার যদি এই জনসমর্থনকে 'টেকেন ফর গ্রান্টেড' বা নিশ্চিত বিষয় বলে ধরে থাকে, তাহলে বড় ধরনের ভুল হবে। এ সরকার কোনো নির্বাচনী পরীক্ষা দিয়ে ক্ষমতা গ্রহণ করেনি। মানুষের আকাঙ্ক্ষার সমর্থনই এই সরকারের গ্রহণযোগ্যতা নির্ধারণ করেছে। এখন যদি সরকার আমলাদের ফাইল চালাচালির সংস্কৃতিতেই তাদের কার্যক্রমে আবদ্ধ রাখে এবং পতিত সরকারের দোসরদের ষড়যন্ত্রকে বড় করে দেখতে থাকে, তাহলে এটা সরকারের দুর্বলতার লক্ষণ।

উপদেষ্টারা কি আমলাতান্ত্রিক নেতা, নাকি একটি গতিশীল বাস্তবতার মধ্যে থাকা নেতৃত্ব—সে ব্যাপারে তাঁদের পরিষ্কার হওয়া জরুরি। এ পর্যন্ত সরকার ১০টি সংস্কার কমিশন করেছে। এ ধরনের আরও সংস্কার কমিশন করা সম্ভব। কিন্তু দেখা দরকার এগুলো কেতাবি বিষয়ে পরিণত হচ্ছে কি না। এখানে অগ্রাধিকার সুনির্দিষ্ট করার একটি ব্যাপার আছে।

প্রথম আলো : রাজনৈতিক সরকারের চেয়ে এই সরকারের আকার ছোট। কিন্তু একটি অস্বাভাবিক পরিস্থিতি তাদের সামাল দিতে হচ্ছে। গণ-অভ্যুত্থান যে জন-আকাঙ্ক্ষা তৈরি করেছে, তার চাপ আছে। এমন একটি পরিস্থিতি সামাল দেওয়ার জন্য এই সরকার কতটা ডায়নামিক?

হোসেন জিল্লুর : সরকার ডায়নামিক কি না, তা সূচকের মাধ্যমে দেখতে হবে। এই সরকারের কাজ তিনটি—রুটিন কাজ, সংস্কার ও রাজনৈতিক উত্তরণ। এগুলো করতে গেলে মাঠের চাহিদা বোঝা দরকার। প্রথমত, আমি বলব অর্থনৈতিক দিক থেকে বেশ কিছু উদ্যোগ নেওয়া হয়েছে। যেসব জায়গায় নিশ্চিত দুর্নীতি হতো, তা বন্ধের উদ্যোগ নেওয়া হয়েছে। দ্বিতীয়ত, সংস্কারের বিষয়ে আরও খোলামেলা আলোচনা দরকার, অগ্রাধিকার সুনির্দিষ্ট করা দরকার। কৌশলগত চিন্তা দিয়ে সংস্কারকে সাজানো দরকার ছিল, যা দৃশ্যত হচ্ছে না।

তৃতীয় কাজটি হচ্ছে, একটি রাজনৈতিক রোডম্যাপ তৈরি করা। যা রাজনৈতিক দলগুলোর সঙ্গে কথা বলার মাধ্যমে সুনির্দিষ্ট করা। সরকারে মেয়াদ নিয়ে অনেক কথা, অনেক বিতর্ক। শুরু থেকেই যৌক্তিক মেয়াদের কথা বলা হয়েছে। তবে ওই যৌক্তিক সময় কী? যৌক্তিকতার কোনো কেতাবি বোঝাপড়া এখানে গ্রহণযোগ্য হবে না। জন-আকাঙ্ক্ষাসংক্রান্ত সুনির্দিষ্ট ও সন্তোষজনক উত্তর পাওয়া না গেলে যৌক্তিক মেয়াদের মানে বদলে যাবে। এই মেয়াদ আরও ছোট হয়ে আসবে।

প্রথম আলো : আপনি বলেছেন সরকারের একটি গুরুত্বপূর্ণ কাজ রাজনৈতিক উত্তরণ। মানে নির্বাচন। এর প্রস্তুতি সরকার কীভাবে নিতে পারে?

হোসেন জিল্লুর : স্থানীয় সরকার নিয়ে আমাদের নতুন করে চিন্তাভাবনা করা উচিত। আমি মনে করি, অন্তর্বর্তী সরকারের সময়ে যেকোনো পর্যায়ের অন্তত একটি স্থানীয় সরকার নির্বাচনের আয়োজন করা উচিত। এটি একটি পরীক্ষা হিসেবে বিবেচিত হবে। তবে এ ক্ষেত্রে প্রথমেই দলীয় প্রতীকে নির্বাচনের যে বিধান ২০১৪ সালে নিয়ে আসা হয়, তা বাতিল করতে হবে। আর নির্বাচনে অংশগ্রহণের যোগ্যতার ধারাগুলো আলোচনা করে সংশোধন করতে হবে। যাতে অত্যাচারী, খুনের আসামি ও দুর্নীতিবাজেরা সুযোগ না পায়। স্থানীয় সরকার নির্বাচনের সফল আয়োজন জাতীয় নির্বাচনের একটি প্রস্তুতি হিসেবে বিবেচিত হতে পারে।

আগামী পর্ব : সাংবিধানিক ধারাবাহিকতায় ছেদ বিশৃঙ্খলা উসকে দিতে পারে

চার বছরের মধ্যে সর্বনিম্ন সূচক

প্রথম পৃষ্ঠার পর

এ ক্ষোভ থেকেই রাস্তায় নেমেছেন বিনিয়োগকারীরা।

মতিঝিলে বিক্ষোভ

বিনিয়োগকারীদের বিক্ষোভ হয়েছে বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট ইনভেস্টর অ্যাসোসিয়েশনের (বিসিএমআইএ) ব্যানারে। বিনিয়োগকারীরা বলেন, টানা পতনের সময় বিএসইসি নিশ্চুপ রয়েছে, যা তাঁদের হতাশ করেছে। তাঁরা বিএসইসি চেয়ারম্যানের পদত্যাগও দাবি করেন। এ ছাড়া সরকারি উদ্যোগে বিশেষ বিনিয়োগ তহবিল গঠনসহ বেশ কয়েকটি দাবি জানান তাঁরা। এসব দাবির মধ্যে রয়েছে ফোর্সড সেল বন্ধ করা, মূলধনি মুনাফার ওপর আরোপিত কর প্রত্যাহার, প্রাতিষ্ঠানিক বিনিয়োগ নিশ্চিত করা এবং যেসব কোম্পানির শেয়ার ইস্যু মূল্যের নিচে নেমে গেছে, সেসব কোম্পানির পক্ষ থেকে শেয়ার পুনঃ ক্রয়ের পদক্ষেপ গ্রহণ। কিছু বিনিয়োগকারী বাজার বন্ধেরও দাবি জানান।

জানতে চাইলে পুঁজিবাজার বিনিয়োগকারী ঐক্য পরিষদের সহসাধারণ সম্পাদক মোহাম্মদ মহসিন *প্রথম আলোকে* বলেন, 'বাজারের পতন ঠেকাতে কার্যকর কোনো পদক্ষেপ না নিয়ে নিশ্চুপ রয়েছে বিএসইসি। বিনিয়োগকারীদের আস্থা ফেরাতে ব্যর্থ হয়েছেন বিএসইসির নতুন চেয়ারম্যান। বিনিয়োগকারীরা এখন পুঁজির নিরাপত্তাহীনতায় ভুগছেন। এ কারণে আমরা বিএসইসির চেয়ারম্যানের পদত্যাগ দাবি করছি।'

এদিকে শেয়ারবাজারে সাম্প্রতিক দরপতনের কারণ অনুসন্ধানে চার সদস্যের একটি কমিটি গঠন করেছে বিএসইসি। পাশাপাশি পরিস্থিতির উত্তরণে করণীয় বিষয়েও সুপারিশ করবে এ কমিটি। ১০ দিনের মধ্যে কমিটিকে তাদের প্রতিবেদন কমিশনে জমা দিতে বলা হয়েছে।

বাজার পরিস্থিতি ও পতন ঠেকাতে নিয়ন্ত্রক সংস্থার নেওয়া পদক্ষেপ সম্পর্কে জানতে চাইলে বিএসইসির নির্বাহী পরিচালক ও মুখপাত্র মোহাম্মদ রেজাউল করিম *প্রথম আলোকে* বলেন, 'বর্তমানে বাজারে মূল্য আয় অনুপাত সর্বনিম্ন পর্যায়ে রয়েছে। এ অবস্থায় বাজারে প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিশ্রেণির বিনিয়োগ বাড়বে বলে আমরা আশা করছি। এ ছাড়া সরকারি মালিকানাধীন কোম্পানি বাজারে আনতে এবং রাষ্ট্রায়ত্ত বিনিয়োগ সংস্থা আইসিবির মাধ্যমে অর্থসহায়তা পেতে বিএসইসির পক্ষ থেকে চেষ্টা করা হচ্ছে।'

৮৬% প্রতিষ্ঠানেরই দরপতন

ঢাকার বাজারে গতকাল ৩৯৬ প্রতিষ্ঠানের শেয়ার লেনদেন হয়। এর মধ্যে ৩৪১টি বা ৮৬ শতাংশেরই দরপতন হয়েছে। দাম বেড়েছে ২৯টির বা সাড়ে ৭ শতাংশের। আর অপরিবর্তিত ছিল ২৬টির বা সাড়ে ৬ শতাংশের দাম। লেনদেন হওয়া কোম্পানিগুলোর মধ্যে ২৭টির দাম দিনের সর্বনিম্ন পর্যায়ে নেমে আসে। এসব শেয়ারের কোনো ক্রেতা ছিল না।

ব্রোকারেজ হাউস লংকাবাংলা সিকিউরিটিজের প্রতিবেদন অনুযায়ী, ঢাকার বাজারে সূচকের বড় পতনের পেছনে বেশি ভূমিকা ছিল ভালো মৌল ভিত্তির কোম্পানিগুলো। যে ১০ কোম্পানির শেয়ারের দরপতন সূচকে সবচেয়ে বেশি নেতিবাচক প্রভাব ফেলেছে, সেগুলো হলো ইসলামী ব্যাংক, রেনাটা, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানি (বিএটিবিসি), স্কয়ার ফার্মা, গ্রামীণফোন, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক (ইউসিবি), অলিম্পিক ইন্ডাস্ট্রিজ, বেক্সিমকো ফার্মা, আইএফআইসি ব্যাংক ও ন্যাশনাল ব্যাংক। এদের কারণেই ডিএসইএক্স সূচক কমেছে ৬৭ পয়েন্ট। এর মধ্যে ইসলামী ব্যাংকের শেয়ারের আড়াই টাকা বা সাড়ে ৪ শতাংশ দরপতনে ডিএসইএক্স সূচকটি এককভাবে সর্বোচ্চ ১৮ পয়েন্ট কমেছে।

সূচক মনস্তাত্ত্বিক সীমার নিচে

গতকাল এক দিনে ডিএসইএক্স সূচকের যে পতন হয়েছে, তা গত প্রায় আড়াই বছরের মধ্যে সর্বোচ্চ। এর আগে সর্বশেষ ২০২২ সালের ৭ মার্চ এক দিনে ডিএসইএক্স সূচকটি কমেছিল ১৮৩ পয়েন্ট। ডিএসই সূত্রে জানা যায়, পতন ঠেকাতে ২০২২ সালের জুলাইয়ে সর্বশেষ দফায় ফ্লোর প্রাইস বা শেয়ারের সর্বনিম্ন মূল্যস্তর আরোপ করেছিল শিবলী রুবাইয়াত-উল-ইসলামের নেতৃত্বাধীন তৎকালীন বিএসইসি। ডিএসইএক্স সূচক ৬ হাজার পয়েন্টের নিচে নেমে আসায় তখন ফ্লোর প্রাইস আরোপ করা হয়েছিল। ফলে ২০২২ সালের ৩১ জুলাইয়ের পর এই সূচক ৬ হাজার পয়েন্টের নিচে নামেনি।

তবে ফ্লোর প্রাইস আরোপের ফলে বাজারে স্থবিরতা দেখা দেয়। বন্ধ হয়ে যায় বেশির ভাগ শেয়ারের লেনদেন। তাই বাজার মধ্যস্থতাকারীদের দাবির পরিপ্রেক্ষিতে চলতি বছরের জানুয়ারি থেকে ধাপে ধাপে ফ্লোর প্রাইস তুলে নেওয়া হয়। গত ৫ আগস্ট দেশের রাজনৈতিক পটপরিবর্তনের পর শেয়ারবাজারে হঠাৎ গতি ফিরে আসে। তাতে ৬ আগস্ট থেকে ১১ আগস্ট পর্যন্ত মাত্র তিন কার্যদিবসেই ডিএসইএক্স সূচক প্রায় ৮০০ পয়েন্ট বা ১৫ শতাংশ বাড়ে। এরপর শুরু হয় দরপতন। এরই ধারাবাহিকতায় গতকাল ৫ হাজার পয়েন্টের নিচে নেমে এসেছে সূচকটি।

সূচকের ৫ হাজার পয়েন্ট বিনিয়োগকারীদের কাছে একটি মনস্তাত্ত্বিক সীমা। যখন সূচক এ ধরনের সীমার নিচে নেমে যায়, তখন তাঁদের মধ্যে আতঙ্ক ভর করে। ঢাকার বাজারে চলতি মাসের ১৭ কার্যদিবসে ডিএসইএক্স সূচক ৬৫৯ পয়েন্ট বা প্রায় ১২ শতাংশ কমেছে।

'অযৌক্তিক' দরপতন

বিএসইসির সাবেক চেয়ারম্যান ফারুক আহমেদ সিদ্দিকী *প্রথম আলোকে* বলেন, 'দীর্ঘদিন ধরে আমাদের অর্থনীতির অবস্থা খারাপ। ব্যাংকের সুদ লাফিয়ে লাফিয়ে বাড়ছে। ব্যাংক, বিমা ও আর্থিক প্রতিষ্ঠানগুলো শেয়ারবাজারে বিনিয়োগের বদলে ট্রেজারি বিল-বন্ডে বিনিয়োগে বেশি আগ্রহী। এসব বাস্তবতা সত্ত্বেও বাজারে এ রকম দরপতনের যৌক্তিক কোনো কারণ নেই। বাজারে দরপতন হতে পারে, কিন্তু এক দিনে ভালো-মন্দ সব শেয়ারের দাম কমে যাবে, এটা স্বাভাবিক নয়। অস্বাভাবিক ও অযৌক্তিক এই দরপতনের পেছনে বড় কারণ বিনিয়োগকারীদের চরম আস্থাহীনতা।'

নাম প্রকাশ না করার শর্তে একাধিক ব্রোকারেজ হাউসের শীর্ষ নির্বাহী বলেন, পুনর্গঠিত বিএসইসি শুরু থেকে বাজারের সংস্কারের প্রতিই বেশি মনোযোগী। বিদ্যমান বাজারের উন্নয়নে স্বল্প ও মধ্যমেয়াদি কোনো পদক্ষেপ এখনো পর্যন্ত তারা নিতে পারেনি। আবার শুরু থেকে বাজার মধ্যস্থতাকারীদের সঙ্গে নিয়ন্ত্রক সংস্থার সম্পর্কেও টানাপোড়েন ছিল। বাজারের বিদ্যমান সমস্যা সমাধানে আলাপ-আলোচনা না করে নিয়ন্ত্রক সংস্থা শাস্তি প্রদানে বেশি মনোযোগী ছিল। ফলে বড় বিনিয়োগকারীরা নিষ্ক্রিয় হয়ে পড়েছেন।

বাজারসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, বেশ কিছুদিন ধরে বাজারে দরপতন চললেও বিএসইসি ও সরকারের পক্ষ থেকে বিনিয়োগকারীদের আশ্বস্ত করার মতো কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। শেয়ারবাজার আদৌ সরকারের বিবেচনা বা গুরুত্বের তালিকায় রয়েছে কি না, এ নিয়ে প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিশ্রেণির বিনিয়োগকারীরা দ্বিধায় রয়েছেন। এ কারণে কেউ এই বাজারে নতুন করে বিনিয়োগে এগিয়ে আসছেন না।

ফারুক আহমেদ সিদ্দিকীর মতে, পুনর্গঠিত বিএসইসি নিজেদের বাজারবান্ধব হিসেবে প্রমাণ করতে ব্যর্থ হয়েছে। বাজারের সব পক্ষকে আস্থা ও বিশ্বাসে নিয়ে মিলেমিশে কাজ করার দৃষ্টিভঙ্গিতেও ঘাটতি ছিল তাদের। এ কারণে এখন এসে হয়তো তারা বাজার মধ্যস্থতাকারীদের কোনো সহায়তা পাচ্ছে না।

> আওয়ামী লীগ গণহত্যা চালানোর পর রাজনীতি করার অধিকার রাখে কি না, সেই প্রশ্নের ফয়সালা হবে জনগণের আদালতে।

সালাহ উদ্দিন আহমদ, স্থায়ী কমিটির সদস্য, বিএনপি; রাজনীতিতে এক মতবিনিময় সভায়

সংক্ষেপে

বিনা ভোটের এমপিদের নিয়ে আইনি নোটিশ

গত তিনটি জাতীয় সংসদ নির্বাচনে বিনা ভোটে নির্বাচিত সব সংসদ সদস্য ও নির্বাচনে নিয়োজিত নির্বাচন কমিশনারদের বিরুদ্ধে দুদক ও মানি লন্ডারিং আইনের সংশ্লিষ্ট ধারায় অনুসন্ধান কার্যক্রম শুরু করতে আইনি নোটিশ দিয়েছেন সুপ্রিম কোর্টের একজন আইনজীবী। দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান বরাবর গতকাল রোববার এ নোটিশ দিয়েছেন আইনজীবী মো. আনোয়ারুল ইসলাম (শাহীন)। ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে অনুষ্ঠিত সাধারণ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ এবং অংশগ্রহণমূলক হয়নি উল্লেখ করে নোটিশে বলা হয়, ২০১৪ সালের নির্বাচনে ১৫৩ জন সংসদ সদস্য বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। ২০১৮ সালে রাতের অন্ধকারের নির্বাচন আর ২০২৪ সালে নিজেদের ভেতরে পাতানো নির্বাচন হয়েছিল, যেখানে প্রায় সব সংসদ সদস্য ফ্যাসিস্ট হাসিনার পছন্দের বা তাঁর আজ্ঞাবহ লোক ছিলেন। রাষ্ট্র সংস্কার করতে হলে পতিত সরকারের গত ১৫ বছরে হওয়া নির্বাচনসহ সব অপকর্ম সংঘটনকারী ও তাঁদের সহযোগীদের আইনের আওতায় আনতে হবে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে। নোটিশে বলা হয়, ওই সব সাধারণ নির্বাচনে ষড়যন্ত্রের মাধ্যমে নির্বাচিত সব সংসদ সদস্য এবং সংশ্লিষ্ট সব নির্বাচন কমিশনারের বিরুদ্ধে দুদক ও মানি লন্ডারিং আইনের সংশ্লিষ্ট ধারায় তিন কার্যদিবসের মধ্যে অনুসন্ধান ও প্রসেডিং শুরু করতে নোটিশ দেওয়া হলো। ব্যর্থতায় আইনি পদক্ষেপ নেওয়া হবে।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

কাঠবিড়ালি

ধানখেতে হেলে পড়া একটি শিষ থেকে ধান খাচ্ছে কাঠবিড়ালি। রংপুরের বদরগঞ্জের নাগেরহাট এলাকায়। ছবি : মঈনুল ইসলাম

পিলখানা হত্যা মামলায় আসামি গ্রেপ্তার

পিলখানায় বিডিআর বিদ্রোহে ৫৭ সেনা কর্মকর্তা হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি মো. আমিনুল ইসলাম (৩৯) র‍্যাবের যৌথ অভিযানে গ্রেপ্তার হয়েছেন। গত শনিবার দুপুরে ঢাকার যাত্রাবাড়ী এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। গতকাল রাতে র‍্যাব-৪-এর সিপিসি-৩-এর মানিকগঞ্জ ক্যাম্প থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। গ্রেপ্তার আমিনুল ইসলাম তৎকালীন বিডিআরের সিপাহি ছিলেন। তাঁর বাড়ি সিরাজগঞ্জের চৌহালী উপজেলার বঘুটিয়া গ্রামে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় গত ৬ আগস্ট কাশিমপুর হাই সিকিউরিটি কারাগার থেকে অন্য আসামিদের সঙ্গে তিনি পালিয়ে যান। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০০৯ সালের ২৫ ফেব্রুয়ারি বিডিআর বিদ্রোহে ৫৭ সেনা কর্মকর্তা নিহত হন। পরে এ ঘটনায় নিউমার্কেট থানায় একটি হত্যা মামলা হয়। ২০১৩ সালের ৫ নভেম্বর আদালত হত্যাকাণ্ডের সঙ্গে সরাসরি জড়িত থাকার দায়ে আসামি আমিনুল ইসলামকে মৃত্যুদণ্ডাদেশ দেন। র‍্যাব-৪ সিপিসি-৩-এর মানিকগঞ্জ ক্যাম্পের কমান্ডার লেফটেন্যান্ট মোহাম্মদ আরিফ হোসেন বলেন, শনিবার রাতেই গ্রেপ্তার ব্যক্তিকে গাজীপুরের কোনাবাড়ী থানা-পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

প্রতিনিধি, *মানিকগঞ্জ*

পলো তৈরি

পলো তৈরির জন্য বাড়ির উঠানে বসে বাঁশের শলা প্রস্তুত করছেন এক নারী। গতকাল ফরিদপুর সদর উপজেলার গেরদার বোকাইলে। ছবি : আলীমুজ্জামান

দুই সংগঠনের নিষেধাজ্ঞা তোলার পরিকল্পনা নেই

উগ্রপন্থী সংগঠন হিযবুত তাহ্‌রীর ও আনসারুল্লাহ বাংলা টিম নিষিদ্ধ সংগঠন। এই দুই সংগঠনের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার কোনো পরিকল্পনা নেই অন্তর্বর্তী সরকারের। প্রধান উপদেষ্টার প্রেস উইংয়ের ফ্যাক্টস ফেসবুক পেজের এক পোস্টে এ তথ্য জানানো হয়েছে। একই সঙ্গে পোস্টে উল্লেখ করা হয়, এই দুই সংগঠনের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়েছে বলে বাংলাদেশি লেখক তসলিমা নাসরিন যে দাবি করেছেন, সেটি সত্য নয়। পোস্টে বলা হয়, 'উগ্রপন্থী সংগঠন হিযবুত তাহ্‌রীর ও আনসারুল্লাহ বাংলা টিম বাংলাদেশে নিষিদ্ধ। প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার দেশের সব উগ্রপন্থী সংগঠনের প্রতি জিরো টলারেন্স নীতি বজায় রেখেছে। সম্প্রতি ভারতে বসবাসরত বাংলাদেশি লেখক তসলিমা নাসরিন টুইটারে একটি পোস্ট করেছেন, যা আমাদের নজরে এসেছে। তাঁর এই দাবি সত্য নয়।'

বাসস, *ঢাকা*

অনিয়ম পারাপারের জন্য পদচারী-সেতু থাকা সত্ত্বেও নিষেধাজ্ঞা অমান্য করে ঝুঁকি নিয়ে ব্যস্ত এক্সপ্রেসওয়ে পার হচ্ছেন পথচারীরা। গতকাল ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের হাঁসাড়া এলাকায়। ছবি : দীপু মালাকার

সাবেক মন্ত্রীসহ ২০ জনকে গ্রেপ্তার দেখানো হলো

মানবতাবিরোধী অপরাধ

ডিএমপির সাবেক কমিশনার হাবিবুর রহমানসহ ১৭ পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন ট্রাইব্যুনাল।

> যেসব পুলিশ সদস্য গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের সঙ্গে সম্পৃক্ত ছিলেন না, তাঁদের ভয়ভীতির কারণ নেই।
>
> **তাজুল ইসলাম**, চিফ প্রসিকিউটর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

ছাত্র-জনতার আন্দোলনের সময় গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগের মামলায় আওয়ামী লীগ সরকারের সাবেক মন্ত্রী, উপদেষ্টা, প্রতিমন্ত্রী, সংসদ সদস্যসহ ২০ জনকে গ্রেপ্তার দেখানো হয়েছে। পাশাপাশি ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক কমিশনার হাবিবুর রহমানসহ ১৭ পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বে তিন সদস্যের ট্রাইবুনাল গতকাল রোববার এ আদেশ দেন। ট্রাইব্যুনালের দুই সদস্য হলেন মো. শফিউল আলম মাহমুদ ও মো. মোহিতুল হক এনাম চৌধুরী। পৃথক আবেদনের শুনানি নিয়ে এই আদেশ দেওয়া হয়। আদেশের বিষয়টি নিশ্চিত করেছেন ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম।

একাত্তরের মানবতাবিরোধী অপরাধের বিচারে ২০১০ সালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করা হয়েছিল। গত জুলাই ও আগস্টে ছাত্র-জনতার আন্দোলনের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধ ও গণহত্যার বিচারের জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালকে পুনর্গঠন করে অন্তর্বর্তী সরকার।

পুনর্গঠনের পর পুরাতন হাইকোর্ট ভবন এলাকায় স্থাপিত ট্রাইব্যুনালের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয় ১৭ অক্টোবর। সেদিন পৃথক দুটি আবেদনে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৪৬ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়।

ট্রাইব্যুনালে গতকাল পর্যন্ত তিনটি মিস কেস (বিবিধ মামলা) করা হয়েছে। প্রথম দিন (১৭ অক্টোবর) দুটি বিবিধ মামলা হয় এবং গতকাল হয় একটি। প্রথম বিবিধ মামলায় আসামি হিসেবে আছেন শেখ হাসিনা এবং দ্বিতীয় বিবিধ মামলায় আছেন সাবেক মন্ত্রী ওবায়দুল কাদেরসহ সাবেক মন্ত্রিপরিষদের অনেক সদস্য। তৃতীয় বিবিধ মামলায় বেশ কয়েকজন পুলিশ সদস্য আসামি হিসেবে রয়েছেন।

গতকাল ট্রাইব্যুনালের কার্যক্রমের শুরুতেই দুটি আবেদনে ২০ জনকে গ্রেপ্তার দেখানোর আরজি জানান চিফ প্রসিকিউটর। প্রথম আবেদন সম্পর্কে আদালতকে তাজুল ইসলাম বলেন, আওয়ামী লীগ সরকার আমলের ১৪ জন সাবেক মন্ত্রী, উপদেষ্টা, প্রতিমন্ত্রী, বিচারক ও আমলার বিরুদ্ধে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের প্রাথমিক তথ্যপ্রমাণ পাওয়া গেছে। তাঁরা বিভিন্ন মামলায় গ্রেপ্তার আছেন। তাঁদের বিবিধ মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন জানান তিনি। তখন ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদার এই ১৪ জনের গ্রেপ্তারের আবেদন মঞ্জুর করেন।

তাঁরা হলেন সাবেক আইনমন্ত্রী আনিসুল হক, সাবেক বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী ফারুক খান, সাবেক সমাজকল্যাণমন্ত্রী দীপু মনি, ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন, জাসদের সভাপতি হাসানুল হক ইনু, সাবেক তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ পলক; সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার জ্বালানি, খনিজ সম্পদ ও বিদ্যুৎবিষয়ক উপদেষ্টা তৌফিক-ই-এলাহী চৌধুরী, বেসরকারি শিল্প ও বিনিয়োগবিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান, সাবেক কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক, সাবেক সংসদ সদস্য শাজাহান খান, সাবেক শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার, সাবেক বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী, অবসরপ্রাপ্ত বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন চৌধুরী মানিক ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক সচিব মো. জাহাংগীর আলম। এই ১৪ জনকে আগামী ১৮ নভেম্বর ট্রাইব্যুনালে হাজির করতে নির্দেশনা দেওয়ার আরজি জানান চিফ প্রসিকিউটর, পরে আদালত তা মঞ্জুর করেন।

দ্বিতীয় আবেদনে আরও ছয়জনকে গ্রেপ্তার দেখানোর জন্য আরজি জানান চিফ প্রসিকিউটর। তাঁরা হলেন পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, বরখাস্ত মেজর জেনারেল জিয়াউল আহসান, বরখাস্ত ঢাকা জেলার অতিরিক্ত পুলিশ সুপার আবদুল্লাহিল কাফী, পুলিশ কর্মকর্তা আরাফাত হোসেন, আবুল হাসান ও মাজহারুল ইসলাম।

আদালতকে তাজুল ইসলাম বলেন, এই ছয়জন বিভিন্ন মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে আছেন এবং তাঁদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেছে। তারপর তাঁদের গ্রেপ্তার আবেদন মঞ্জুর করেন আদালত। এই ছয়জনকে ২০ নভেম্বর আদালতে হাজির করার নির্দেশ দেওয়া হয়।

এরপর ১৭ পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন জানান চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম। ছাত্র-জনতার আন্দোলনের সময় মানবতাবিরোধী অপরাধে তাঁরা ভূমিকা রেখেছেন বলে উল্লেখ করেন চিফ প্রসিকিউটর। তিনি ডিএমপির সাবেক কমিশনার হাবিবুর রহমান, পুলিশের বিশেষ শাখার (এসবি) সাবেক প্রধান মনিরুল ইসলাম, সাবেক অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হারুন অর রশীদ, সাবেক অতিরিক্ত ডিআইজি বিপ্লব কুমার সরকারসহ বেশ কয়েকজন পুলিশ কর্মকর্তার নাম উল্লেখ করেন। পালিয়ে যেতে পারেন, এই আশঙ্কায় সবার নাম প্রকাশ করেননি তিনি। পরে ট্রাইব্যুনাল গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন মঞ্জুর করেন। এই কর্মকর্তাদের গ্রেপ্তার করে ২০ নভেম্বর আদালতে হাজির করার নির্দেশনাও দেওয়া হয়েছে বলে জানান চিফ প্রসিকিউটর।

পরে ট্রাইব্যুনাল প্রাঙ্গণে চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম সাংবাদিকদের বলেন, এ মামলায় যেসব পুলিশ কর্মকর্তা সরাসরি সম্পৃক্ত ছিলেন, যাঁদের বিরুদ্ধে সুনির্দিষ্ট তথ্যপ্রমাণ পাওয়া যাচ্ছে, শুধু তাঁদেরই গ্রেপ্তার দেখানো এবং গ্রেপ্তারি পরোয়ানা জারির জন্য আবেদন করা হচ্ছে। যেসব পুলিশ সদস্য গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের সঙ্গে সম্পৃক্ত ছিলেন না, তাঁদের ভয়ভীতির কারণ নেই।

আবুল কাসেম ফজলুল হক বাংলা একাডেমির সভাপতি হলেন

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

আবুল কাসেম ফজলুল হক

বাংলা একাডেমির নতুন সভাপতি হলেন অধ্যাপক ও প্রাবন্ধিক আবুল কাসেম ফজলুল হক। সংস্কৃতি মন্ত্রণালয়ের ২৪ অক্টোবরের এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্ত জানানো হয়েছে। তিনি আগামী তিন বছরের জন্য বাংলা একাডেমির সভাপতি নিযুক্ত হলেন।

এ প্রসঙ্গে জানতে চাইলে বিশিষ্ট বুদ্ধিজীবী ও রাজনৈতিক চিন্তক আবুল কাসেম ফজলুল হক *প্রথম আলোকে* জানান, তিনি এখনো চিঠি হাতে পাননি। সম্ভবত তাঁর দপ্তরে পৌঁছে দেওয়া হয়েছে।

আজ সোমবার বাংলা একাডেমির সভাপতি হিসেবে যোগ দিতে পারেন বলে জানিয়ে অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক *প্রথম আলোকে* বলেন, 'যে উদ্দেশ্যে বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়েছিল, সে উদ্দেশ্যেই এর কর্মকাণ্ড পরিচালিত হওয়া উচিত বলে মনে করি।' তিনি আরও বলেন, কিছু সংকীর্ণতা তৈরি হয়েছে এর কর্মকাণ্ডে। স্থাপনের উদ্দেশ্য মাথায় রাখা প্রয়োজন। একই সঙ্গে একে সর্বজনীন করার চেষ্টা থাকতে হবে।

আবুল কাসেম ফজলুল হক দীর্ঘদিন অধ্যাপনা করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে। সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিত করতে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। *সুন্দরম* ও *লোকায়ত* নামে দুটি সাময়িকপত্রের সম্পাদনা ছাড়াও তাঁর অনেক গুরুত্বপূর্ণ বই রয়েছে। *একুশে ফেব্রুয়ারি আন্দোলন*, *রাজনীতি দর্শন*, *সাহিত্য চিন্তা*, *সংস্কৃতির সহজ কথা*-এর মতো ২০টির বেশি বই প্রকাশিত হয়েছে তাঁর।

আশুলিয়ায় আহত পোশাকশ্রমিকের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক, *সাভার*

চম্পা খাতুন

বন্ধ কারখানা খুলে দেওয়া ও বকেয়া বেতনের দাবিতে বিক্ষোভের সময় ঢাকার সাভার উপজেলার আশুলিয়ায় পুলিশের সঙ্গে সংঘর্ষে আহত শ্রমিক চম্পা খাতুনের (৩০) মৃত্যু হয়েছে। গতকাল রোববার সকাল সাড়ে সাতটার দিকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

নিহত চম্পা খাতুন (৩০) রংপুরের পীরগঞ্জ উপজেলার আমোদপুর গ্রামের চান্দু মিয়ার মেয়ে। তিনি আশুলিয়ার জেনারেশন নেক্সট ফ্যাশন লিমিটেড নামের একটি পোশাক কারখানার শ্রমিক ছিলেন।

গতকাল দুপুরে ঢামেক হাসপাতাল পুলিশ ফাঁড়ির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পরিদর্শক) ফারুক *প্রথম আলোকে* বলেন, গত বুধবার আশুলিয়ায় শ্রমিকদের আন্দোলনের সময় আহত শ্রমিক চম্পাকে ঢামেক হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সকালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা গেছেন।

'ঢাকায় আইসাই ময়লার কাম পাইয়া গেছি'

শিশুশ্রম

জাতীয় কর্মপরিকল্পনায় ২০২৫ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দূর করার কথা বলা হয়েছে। যদিও শিশুশ্রম বাড়ছে।

- অর্থনৈতিক দুর্দশা ও নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির কারণে সংসার চালাতে না পেরে শিশুদের কাজে পাঠাচ্ছে পরিবার।
- বিদ্যালয় থেকে ঝরে পড়ছে শিশুরা।

মো. জান্নাতুল নাঈম, *ঢাকা*

রাজধানীর মিরপুরের ভাষানটেক বাজার থেকে প্রায় এক শ গজ দূরে একটি আস্তাকুঁড়। ৭ অক্টোবর গিয়ে দেখা গেল, সেখানে কয়েকটি শিশু-কিশোর কাজ করছে। কেউ ভ্যানগাড়ি থেকে ময়লা নামাচ্ছে, কেউ পুরোনো প্লাস্টিক পণ্য বাছাই করছে।

সবচেয়ে ছোট শিশুটির নাম সাগর হোসেন। বয়স ১৩ বছর। বাড়ি সুনামগঞ্জে। সাগর জানায়, মা-বাবা ও তিন ভাই-বোন মিলে ওদের পাঁচজনের পরিবার। মাস ছয়েক আগে ওদের বাবা ওদের নিয়ে ঢাকায় এসেছেন কাজের খোঁজে। এই বয়সে স্কুল ছেড়ে কাজে কেন—এই প্রশ্নে সাগরের উত্তর, 'আয়পাতি না থাকলে খামু কী আর পরমু কী! গেরামে কাম নাই। তাই শহরে আইসি। ঢাকায় আইসাই ময়লার কাম পাইয়া গেছি।'

সাগর সেই সব শিশুর একটি, যারা নতুন করে শিশুশ্রমে যুক্ত হয়েছে। গবেষণা বলছে, শিশুশ্রম সমস্যাটি বাংলাদেশে আগে থেকেই প্রকট ছিল। ২০২০ সালে করোনা সংক্রমণজনিত পরিস্থিতির কারণে অর্থনীতি সংকটে পড়া এবং পরবর্তী সময়ে উচ্চ মূল্যস্ফীতিতে বহু পরিবার শিশু-কিশোরদের শ্রমে নিযুক্ত করতে বাধ্য হচ্ছে।

শিশুশ্রম নিয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) সর্বশেষ জরিপ করেছে ২০২২ সালে। 'জাতীয় শিশুশ্রম জরিপ ২০২২' শিরোনামের প্রতিবেদনটি প্রকাশ করা হয় গত মার্চে। এতে বলা হয়, গত ১০ বছরে দেশে শিশুশ্রমিক বেড়েছে প্রায় সাড়ে ৮৬ হাজার। শিশুশ্রমিকের সংখ্যা প্রায় ৩৫ লাখ ৩৭ হাজার। ঝুঁকিপূর্ণ কাজ করে ১০ লাখের বেশি শিশু। যেসব কাজে শিশুদের শারীরিক ও অন্যান্য ক্ষতির আশঙ্কা থাকে, সেগুলোকে সরকার ঝুঁকিপূর্ণ কাজের তালিকাভুক্ত করে। ২০২২ সালে ৪৩ ধরনের কাজকে ঝুঁকিপূর্ণ তালিকায় ফেলা হয়।

প্রথম আলোর পক্ষ থেকে গত দুই সপ্তাহে ঢাকার বিভিন্ন জায়গায় শ্রমে নিযুক্ত ২০টি শিশু ও তাদের কয়েকটির পরিবারের কথা বলা হয়। তাদের প্রায় সবাই বলেছে, তাঁরা শিশুদের কাজ করতে পাঠিয়েছেন অর্থনৈতিক চাপে। নিত্যপণ্যের দাম বেড়ে যাওয়ায় তাঁদের সংসার চালাতে কষ্ট হচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে শিশুটির পড়াশোনায় মনোযোগ নেই বলে পরিবার কাজে পাঠিয়েছে। তবে অর্থনীতিই এ ক্ষেত্রে মূল কারণ।

ভাষানটেকের আস্তাকুঁড়ে 'ময়লার কাজে' পাওয়া গেল সাগরের বাবা নবী হোসেনকেও। গ্রামে তিনি রিকশা চালাতেন। এখন তিনি ও তাঁর ছেলে মিলে কাজ করে মাসে ১০ হাজার টাকার মতো আয় করেন। ময়লা থেকে বাছাই করা পুরোনো প্লাস্টিক পণ্য বিক্রি করে আয় হয় আরও ছয় থেকে সাত হাজার টাকা।

নবী হোসেন তাঁর আরেক ছেলেকে (৯ বছর) একটি দোকানে কাজে দিয়েছেন উল্লেখ করে বলেন, 'তিন বাপ-বেটা কাজ কইরাও তো কূলকিনারা করতে পারতেছি না। এখন ওরা পড়ালেখাত গেলে সংসার চলব কেমনে, পড়ার খরচ চালামু কেমনে?'

১২ ঘণ্টা কাজ, মজুরি ১০০ টাকা

মিরপুর ১২ নম্বর সেকশনের একটি ভাতের হোটেলে মাসখানেক আগে কাজ শুরু করেছে সোহেল (ছদ্মনাম)। বয়স ১১ বছর। সে ঢাকার দোহার উপজেলায় বাবা-মায়ের সঙ্গে থাকত। তার ভাই তাকে ঢাকায় নিয়ে এসেছে কাজ করানোর জন্য।

সোহেল জানায়, তাকে সকাল ছয়টায় কাজে আসতে হয়। ফিরতে পারে সন্ধ্যা ছয়টার পরে। সে হোটেলের গ্রাহকদের পানি সরবরাহ করে। দিনে তাকে দেওয়া হয় ১০০ টাকা। সকাল ও দুপুরে খাবার দেওয়া হয়। তবে তাকে নিয়মিত ধমক শুনতে হয়।

কাজ করতে ভালো লাগে কি, জানতে চেয়েছিলাম সোহেলের কাছে। সে বলল, 'কিচ্ছু করার নাই। কাম করতেই অইব।'

বিবিএসের জরিপ বলছে, বাংলাদেশে শিশু শ্রমিকেরা সপ্তাহে গড়ে ২৭ ঘণ্টার কিছু বেশি সময় কাজ করে। বেশির ভাগ শিশুর মাসিক আয় আড়াই থেকে সাড়ে সাত হাজার টাকার মধ্যে। শিশুদের কাজে নিযুক্ত করলে স্বল্প মজুরি দেওয়া সম্ভব। খাটানো যায় বেশি। তাই তাদের নিয়োগে আগ্রহী থাকেন ক্ষুদ্র ব্যবসায়ী ও ছোট কারখানার মালিকেরাও।

নিম্ন আয়ের পরিবারের অনেক শিশুই ভাষানটেকের ধামালকোট আদর্শ উচ্চবিদ্যালয়ে পড়ে। এই বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিজাম উদ্দিন খান ২০১৯ সাল থেকে দায়িত্বে রয়েছেন। তিনি বলেন, কয়েক বছর ধরেই স্কুলটিতে শিক্ষার্থীর সংখ্যা কমছে। ২০১৯ সালে বিদ্যালয়টিতে ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হয়েছিল ১৩০ জন শিক্ষার্থী। ২০২৪ সালে সংখ্যাটি নেমেছে ৫৪-তে। মোটামুটি একই অবস্থা অন্যান্য শ্রেণিতেও।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরোর তথ্যমতে, ২০১৯ সালে দেশের মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছিল ১ কোটি ৩ লাখের বেশি শিক্ষার্থী। ২০২৩-এ এসে এই সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ৯৪ লাখে। অর্থাৎ ৯ দশমিক ১১ শতাংশ শিক্ষার্থী কমেছে।

ঝুঁকিপূর্ণ কাজে শিশুরা

শিশুশ্রম নিয়ে আইন আছে। বাস্তবায়ন নেই। আইন অনুযায়ী, ১৪ বছরের কম বয়সী শিশুকে শ্রমে নিযুক্ত করা নিষিদ্ধ। কিন্তু ছোট্ট ছোট্ট শিশুকে নিয়োগ করা হচ্ছে ঝুঁকিপূর্ণ কাজে। ঢাকার ধোলাইখাল এলাকায় জানালার গ্রিল তৈরির কারখানায় কাজ করা শিশুদের একটির বয়স ১৩ বছর। সে গ্রিল ঝালাই করছিল। ঝুঁকির কথা বলায় হেসে উড়িয়ে দিল সে। বলল, কত মানুষ কত কঠিন কাজ করে। এটা আর এমন কী।

'লক্ষ্যপূরণের কোনো সম্ভাবনা নেই'

শিশুশ্রম নিরসনে সরকারের কিছু কিছু উদ্যোগ আছে। তবে তা পর্যাপ্ত নয়। উপজেলা পর্যায়েও কমিটি আছে। তবে কার্যক্রম সামান্য। সরকারের জাতীয় কর্মপরিকল্পনায় ২০২৫ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম পুরোপুরি নিরসন এবং ২০৩০ সালের মধ্যে শিশুশ্রম সম্পূর্ণ নির্মূলের কথা বলা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে, শিশুশ্রম কার্যত বাড়ছে।

এডুকো বাংলাদেশের শিশুশ্রম নির্মূলবিষয়ক ব্যবস্থাপক আফজাল কবির *প্রথম আলোকে* বলেন, সরকারের কার্যক্রম সীমিত। ২০২৫ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নির্মূলের লক্ষ্যপূরণের কোনো সম্ভাবনা নেই। ২০৩০ সালের মধ্যে শিশুশ্রম দূর করার লক্ষ্যও পূরণ হবে না। তিনি বলেন, শিশুশ্রম দূর করতে দৃশ্যমান কাজ কম।

ডেঙ্গুতে আরও ৬ জনের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় আরও ছয়জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে ২৭৭ জনের মৃত্যু হলো। এর মধ্যে ১১৪ জনেরই মৃত্যু হয়েছে চলতি মাসে। গত মাসে ডেঙ্গুতে ৮০ জনের মৃত্যু হয়েছিল।

গতকাল রোববার স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিন থেকে এ তথ্য জানা গেছে। এ সময় ডেঙ্গুতে ঢাকা বিভাগে দুজন, ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশনে দুজন এবং বরিশাল ও রংপুর বিভাগে দুজনের মৃত্যু হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গতকাল সকাল আটটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় নতুন করে ১ হাজার ২৪৮ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে সবচেয়ে বেশি ২৭৮ জন রোগী ভর্তি হয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকার বিভিন্ন হাসপাতালে। এরপর ঢাকা বিভাগে ২৬০, চট্টগ্রাম বিভাগে ২০৭, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় ১৬৭, বরিশাল বিভাগে ১৫১, খুলনা বিভাগে ১০৭, ময়মনসিংহ বিভাগে ৫১, রংপুর বিভাগে ২৩ ও সিলেট বিভাগের হাসপাতালে ডেঙ্গু নিয়ে ৪ জন রোগী ভর্তি হয়েছেন।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, এ বছরের জুলাই থেকে দেশে ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়তে থাকে। ওই মাসে ডেঙ্গুতে ২ হাজার ৬৬৯ জন আক্রান্ত হন। পরের মাসে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়ায় ৬ হাজার ৫২১। সেপ্টেম্বরে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা প্রায় তিন গুণ বেড়ে হয় ১৮ হাজার ৯৭। আর চলতি মাসে ইতিমধ্যে ডেঙ্গু রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২৫ হাজার ৯৭৩। সব মিলিয়ে এ বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে ৫৬ হাজার ৯১১ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

আক্রান্তের সঙ্গে সঙ্গে মৃত্যুও বাড়ছে। গত জুলাইয়ে ডেঙ্গুতে ১২ জনের মৃত্যু হয়। আগস্টে তা বেড়ে দাঁড়ায় ২৭। সেপ্টেম্বরে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ৮০ জনের মৃত্যু হয়েছে। আর চলতি মাসে মৃত্যু হলো ১১৪ জনের।

দেশে আকাঙ্ক্ষা ও প্রত্যাশার জন্ম হয়েছে

নাগরিক প্ল্যাটফর্মের সংলাপ

এসডিজি বাস্তবায়নে ভিএনআর প্রতিবেদন তৈরির প্রস্তুতি হিসেবে এই সংলাপের আয়োজন করা হয়।

> বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বড় দাবি ছিল শোভন কর্মসংস্থান। এই দাবি মাথায় রেখে কীভাবে তরুণদের ভালো ভবিষ্যৎ গড়া যায়, তা ভাবতে হবে
>
> **মোস্তাফিজুর রহমান**, সম্মাননীয় ফেলো, সিপিডি

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

দেশ এখন বিরাট সম্ভাবনার দ্বারপ্রান্তে। আকাঙ্ক্ষা ও প্রত্যাশার জন্ম হয়েছে। এই সময়ে প্রান্তিক মানুষের কথা তুলে এনে টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে কতটুকু অগ্রগতি, ঘাটতি ও প্রতিবন্ধকতা রয়েছে, তা তুলে ধরতে হবে বাস্তব তথ্যের ভিত্তিতে। গতকাল রোববার 'বাংলাদেশের ভলান্টারি ন্যাশনাল রিভিউ (ভিএনআর) ও নাগরিক অংশগ্রহণ' শিরোনামে নাগরিক প্ল্যাটফর্ম আয়োজিত এক জাতীয় সংলাপে এসব কথা বলেন বক্তারা।

এসডিজি বাস্তবায়নে ভিএনআর প্রতিবেদন তৈরির প্রস্তুতি হিসেবে রাজধানীর আলোকি কনভেনশন সেন্টারে এই সংলাপের আয়োজন করা হয়। সংলাপে বক্তারা বলেন, বিগত সরকারের সময় ভিএনআর প্রতিবেদনে যেসব উপাত্ত উপস্থাপন করা হয়েছিল, তার সঙ্গে বাস্তবের কোনো মিল ছিল না। এবার প্রতিবেদনে নারীর প্রতি বৈষম্য, তরুণদের শোভন কর্মসংস্থান, ক্ষুদ্র জাতিগোষ্ঠীর সংকট, স্বাস্থ্য ও শিক্ষা খাত নিয়ে যথাযথ তথ্য উঠে আসতে হবে।

২০৩০ সালের মধ্যে এসডিজি বাস্তবায়নের অগ্রগতি নিয়ে দেশগুলো ভিএনআর প্রতিবেদন তৈরি করে জাতিসংঘের উচ্চপর্যায়ের আন্তর্জাতিক ফোরামে জমা দেয়। ২০১৭ ও ২০২০ সালের পর ২০২৫ সালের জুলাইয়ে বাংলাদেশের তৃতীয় ভিএনআর প্রতিবেদন তুলে ধরার কথা রয়েছে।

সংলাপে প্রধান অতিথির বক্তব্যে প্রধান উপদেষ্টার এসডিজি-বিষয়ক মুখ্য সমন্বয়ক লামিয়া মোরশেদ বলেন, প্রতিষ্ঠান, উপাত্ত ও পরিসংখ্যানগত সক্ষমতায় দুর্বলতা থাকায় এসডিজির লক্ষ্যমাত্রা পূরণে উন্নয়নের গতিপথে বাস্তব তথ্য তুলে আনা হয়নি। এ সরকার সত্যিকারের তথ্য তুলে আনার লক্ষ্যে প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করতে কাজ করছে।

নাগরিক প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য সভাপতির বক্তব্যে বলেন, বৃহত্তর পরিসরে নতুন বাস্তবতায় সরকারের সামনেও সুযোগ এসেছে তারা কীভাবে উন্নয়ন-সহযোগীদের সঙ্গে নতুন করে সম্পর্কের মূল্যায়ন করবে।

সংলাপে 'বাংলাদেশে এসডিজির অগ্রগতির বিষয়ে নাগরিকদের পর্যালোচনা : জাতীয় ভিএনআর প্রক্রিয়ায় অবদান' শিরোনামে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির জ্যেষ্ঠ গবেষণা ফেলো তৌফিকুল ইসলাম খান।

সংলাপে বক্তা হিসেবে সিপিডির সম্মাননীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান বলেন, এখন একটি আকাঙ্ক্ষা ও প্রত্যাশার জন্ম হয়েছে। সাঈদ, মুগ্ধদের হারানোর পাশাপাশি তরুণ একটি প্রজন্মকে জেনেছে দেশ। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বড় দাবি ছিল শোভন কর্মসংস্থান। এই দাবি মাথায় রেখে কীভাবে তরুণদের ভালো ভবিষ্যৎ গড়া যায়, তা ভাবতে হবে।

গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধূরী বলেন, পার্বত্য চট্টগ্রাম ও চা-বাগানের মানুষ, যাদের পিছিয়ে রাখা হয় এবং শিক্ষা নিয়ে এগোতে থাকা মেয়েরা বাল্যবিবাহের মাধ্যমে যেভাবে পিছিয়ে যায়, সেসব তথ্য আনতে হবে।

আরেক বক্তা মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম বলেন, বাংলাদেশ এখন বিরাট সম্ভাবনার দ্বারপ্রান্তে দাঁড়িয়ে আছে। সবার মধ্যে আশা জেগেছে। একসঙ্গে কাজ করলে লক্ষ্য অর্জন করা সম্ভব হবে।

জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইস বলেন, আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে নিজেদের তুলে ধরার সময় এখন বাংলাদেশের।

সংলাপে আরও বক্তব্য দেন নাগরিক প্ল্যাটফর্মের কোর গ্রুপ সদস্য ও সাবেক ভাইস চেয়ারপারসন আহমদ মোশতাক রাজা চৌধুরী, গভর্নেন্স ইনোভেশন ইউনিটের (জিআইইউ) মহাপরিচালক মোহাম্মদ আবদুল লতিফ, এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক মো. সাইদুর রহমান। মুক্ত আলোচনায় অংশ নিয়ে আরও বক্তব্য দেন নাগরিক উদ্যোগের প্রধান নির্বাহী জাকির হোসেন, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির সভাপতি সালমা আলী, সুশাসনের জন্য নাগরিকের সম্পাদক বদিউল আলম মজুমদার, বাংলাদেশ মহিলা পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক সীমা মোসলেম প্রমুখ।

করোনা
শনাক্ত ১ জনের

দেশে গতকাল সকাল আটটা পর্যন্ত ২৪ ঘণ্টায় ১ জনের করোনা শনাক্ত হয়েছে। কারও মৃত্যু হয়নি। নিজস্ব প্রতিবেদক, ঢাকা

বাংলাদেশ থেকে আরও শ্রমিক নিতে আগ্রহী সৌদি আরব

বৈঠকে দুই দেশের রাজনৈতিক আলাপ-আলোচনা, উচ্চপর্যায়ের যৌথ অর্থনৈতিক কমিশন নিয়ে আলোচনা হয়।

ইউএনবি, *ঢাকা*

সৌদি আরব বাংলাদেশ থেকে আরও শ্রমিক নিতে আগ্রহ প্রকাশ করেছে। বিশেষ করে দক্ষ ও প্রশিক্ষিত জনশক্তি নিতে আগ্রহ দেখিয়েছে দেশটি।

পররাষ্ট্রসচিব মো. জসীম উদ্দিনের সঙ্গে সাক্ষাৎকালে ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ইসা ইউসুফ ইসা আল দুহাইলান এই আগ্রহের কথা জানিয়েছেন। গতকাল রোববার বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে তাঁদের বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে দুই দেশের রাজনৈতিক আলাপ-আলোচনা, উচ্চপর্যায়ের যৌথ অর্থনৈতিক কমিশন (জেইসি) এবং জনশক্তির বিষয়ে যৌথ কারিগরি কমিটির (জেটিসি) কার্যক্রম নিয়ে আলোচনা হয়। এসব উদ্যোগের কার্যক্রম আরও বাড়ানোর বিষয়ে দুই কর্মকর্তা সম্মত হয়েছেন।

সৌদি রাষ্ট্রদূত দেশটির অর্থনীতি ও সমাজে বাংলাদেশি শ্রমিকদের গুরুত্বপূর্ণ অবদানের কথা স্মরণ করেন। তাঁদের কঠোর পরিশ্রম ও নিরলস কাজ করার মনোভাবের প্রশংসা করেন।

পররাষ্ট্রসচিব বাংলাদেশের বন্দর ও নবায়নযোগ্য জ্বালানিসহ নানা খাতে সৌদি আরবের বিনিয়োগ উদ্যোগের প্রশংসা করেছেন। এসব বিনিয়োগ উদ্যোগে কোনো ধরনের জটিলতা থাকলে তা দূর করতে পূর্ণ সহায়তা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন।

সৌদি আরবে বর্তমানে বাংলাদেশের ৩০ লাখ জনশক্তি রয়েছে। দেশটির উচ্চাভিলাষী 'গ্রিন সৌদি ইনিশিয়েটিভ' ও 'কিংডম ভিশন ২০৩০'-এর অধীন বড় প্রকল্পগুলোয় বিপুলসংখ্যক বিদেশি কর্মশক্তি প্রয়োজন। বাংলাদেশি জনশক্তির এসব প্রকল্পে কাজের সুযোগ রয়েছে।

পররাষ্ট্রসচিব মো. জসীম উদ্দিনের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ইসা ইউসুফ ইসা আল দুহাইলান। পিআইডি

সভায় পরিবেশ উপদেষ্টা

পলিথিন বন্ধে ১ নভেম্বর থেকে কঠোর পদক্ষেপ

বাসস, *ঢাকা*

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, আগামী ১ নভেম্বর থেকে পলিথিন শপিং ব্যাগের ব্যবহার বন্ধে কঠোর মনিটরিং চালু করা হবে। পাশাপাশি পলিথিন উৎপাদনকারীদের বিরুদ্ধেও চালানো হবে অভিযান।

রিজওয়ানা হাসান

উপদেষ্টা বলেন, শুধু পলিথিনের শপিং ব্যাগ বন্ধ করা হচ্ছে। কোনো সুপারশপ পলিথিন শপিং ব্যাগ সরবরাহ করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

গতকাল রোববার বাংলাদেশ সচিবালয়ের পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের সভাকক্ষে এক বিশেষ সভায় রিজওয়ানা হাসান এসব কথা বলেন। সভায় পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন এবং পলিথিনের পরিবর্তে পাটের ব্যাগ ব্যবহারে জনগণকে উৎসাহিত করার বিষয়ে আলোচনা হয়।

রিজওয়ানা হাসান বলেন, মানুষ যদি পলিথিন ব্যবহার বন্ধ করে, তাহলে উৎপাদনও বন্ধ হবে। এ জন্য জনগণকে সচেতন করতে হবে। কেউ ইচ্ছা করে গাফিলতি করলে ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও বলেন, পলিথিন ব্যাগের ক্ষতিকর প্রভাব বুঝে মানুষ যেন এটি থেকে সরে আসে, সে উদ্যোগ নেওয়া হবে।

সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন বলেন, পাটের ব্যাগের ব্যবহার বাড়াতে হবে। পর্যাপ্ত পাটের ব্যাগের সরবরাহ নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

ছাত্রলীগ নেতা-কর্মীদের বিরুদ্ধে

প্রথম পৃষ্ঠার পর

এবং যারা হামলার মূল হোতা ও উসকানিদাতা, তাদের অন্তর্ভুক্ত ও সমন্বয় করে এই মামলা করা হয়েছে।

আরমান হোসেন বলেন, 'গত ১৫ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থীদের শান্তিপূর্ণ আন্দোলনে আওয়ামী লীগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ ও এদের অন্য অঙ্গসংগঠনের নির্মম হামলা, আঘাত ও অত্যাচার আমরা সবাই প্রত্যক্ষ করেছি। সেই ঘটনায় আমাদের আগের মামলায় কিছু আসামি বাদ পড়ে যায়। হামলার কিছু মূল হোতা সেই মামলায় অন্তর্ভুক্ত হয়নি। তারই পরিপ্রেক্ষিতে আমি বাদী হয়ে ১৫ জুলাইয়ের হামলায় যারা প্রত্যক্ষভাবে অংশ নিয়েছে, সরাসরি মদদ দিয়েছে এবং যারা আন্দোলনে অংশগ্রহণকারীদের অবৈধভাবে বাধা দিয়েছে, তাদের বিরুদ্ধে এই মামলা দিয়েছি।'

হামলায় 'প্রত্যক্ষ সহায়তা ও মদদ দেওয়ার জন্য' নিষিদ্ধ ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মাজহারুল কবির ও সাধারণ সম্পাদক তানভীর হাসানকে প্রধান আসামি করা হয়েছে বলে জানান আরমান। অন্য আসামিরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসহ বিভিন্ন পর্যায়ের বর্তমান ও সাবেক নেতা-কর্মী এবং সাবেক ও বর্তমান শিক্ষার্থী।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির দাবির পরিপ্রেক্ষিতে ২৩ অক্টোবর ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণা করে অন্তর্বর্তী সরকার।

আসামি নেত্রীরাও

দণ্ডবিধির ৩২৬, ১০৯ ও ১১৪ নম্বর ধারায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে গতকালের মামলাটি করা হয়। আগের মামলার সঙ্গে এই মামলার পার্থক্য হচ্ছে, এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের হলগুলোতে আন্দোলনকারী ছাত্রীদের বাধা দেওয়া ছাত্রলীগের পদধারী নেত্রীদেরও আসামি করা হয়েছে।

দণ্ডবিধির ৩৪১ নম্বর ধারায় ছাত্রলীগের ২৩ জন (মামলায় ১৯৮ থেকে ২২০ নম্বর আসামি) নেত্রীকে এই মামলায় আসামি করা হয়েছে। আরমান হোসেন বলেন, এই মামলায় অপরাধের নতুন ধারা সংযোজন হয়েছে। হামলার মূল হোতা ও সহায়তাকারীদের পাশাপাশি ছাত্রীদের হলগুলোতে ছাত্রলীগের পদধারী যেসব নেত্রী অবৈধভাবে আন্দোলনকারী ছাত্রীদের বাধা দিয়েছেন, তাঁদেরও আসামি করা হয়েছে।

এক সপ্তাহ ধরে নিজস্ব পর্যালোচনা, তালিকা প্রণয়ন ও নিরীক্ষার ভিত্তিতে আসামিদের চিহ্নিত করা হয়েছে জানিয়ে আরমান বলেন, হামলাকারী ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের সন্ত্রাসীরা অজ্ঞাতনামা হিসেবে মামলায় অন্তর্ভুক্ত হবেন।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে আবদুল কাদের বলেন, 'আমরা কেন্দ্রীয়ভাবে মামলা দায়ের করা শুরু করেছি। ঢাকা ও ঢাকার বাইরে বিভিন্ন জেলা ও গুরুত্বপূর্ণ স্পটগুলোতে আমরা আলাপ-আলোচনা করছি। সেখান থেকেও মামলার প্রস্তুতি নেওয়া হচ্ছে।'

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র উমামা ফাতেমা, রিফাত রশীদ প্রমুখ উপস্থিত ছিলেন।

ভুটানকে গোলে ভাসিয়ে ফাইনালে বাংলাদেশ

প্রথম পৃষ্ঠার পর

নেপাল বল পাঠায় ভারতের জালে। ভুটানের রেফারি গোল না দেওয়ায় নেপালের প্রতিবাদের মুখে খেলা বন্ধ ছিল ৬৭ মিনিটের মতো। প্রায় পণ্ড হতে যাওয়া ম্যাচটা শুরু হতেই নেপালের তারকা ফরোয়ার্ড সাবিত্রা ভান্ডারি ২০ হাজার দর্শককে মাতিয়ে গোল করেন। নির্ধারিত সময় ১-১ শেষে সরাসরি টাইব্রেকারে ভারতকে ৪-২ গোলে হারিয়ে নেপালের মেয়েরা মেতে ওঠেন আনন্দে।

দক্ষিণ এশিয়ার 'নারী বিশ্বকাপ' সাফ চ্যাম্পিয়নশিপে নেপাল ফাইনালে উঠেছে ষষ্ঠবারের মতো। বাংলাদেশ তৃতীয়বার। নেপাল-বাংলাদেশ ফাইনাল হচ্ছে টানা দ্বিতীয়বার। ২০২২ সালে সর্বশেষ ফাইনালে স্বাগতিক নেপালকে ৩-১ গোলে হারিয়ে প্রথম সাফ জেতেন বাংলাদেশের মেয়েরা। শিরোপা ধরে রাখার লক্ষ্যে মেয়েরা নিজেদের কাজটা করে যাচ্ছেন দারুণভাবে। কাল সপ্তম মিনিটে শুরু হয় তাঁদের গোল উৎসব। চোটে পড়া ফরোয়ার্ড শামসুন্নাহার জুনিয়রের জায়গায় একাদশে সুযোগ পাওয়া সাগরিকা থেকে তহুরার পা ঘুরে বল পান ঋতুপর্ণা চাকমা। ঋতু বক্সের কোনা থেকে বাঁ পায়ের দারুণ শটে বল পাঠান জালে।

১৫ মিনিটে ২-০। শিউলির পাস পেয়ে বক্সের সামনে থেকে বাঁ পায়ের দারুণ শট তহুরার। ২৫ মিনিটে সাবিনার শট লাগে ভুটানের সাইড পোস্টে। পরক্ষণেই অবশ্য মনিকার গোলমুখে ফেলা বল সহজেই জালে পাঠান সাবিনা। টুর্নামেন্টে যেটি তাঁর প্রথম গোল। আগের দিন অসুস্থ থাকায় অনুশীলন করতে না পারা সাবিনার খেলা নিয়ে অনিশ্চয়তা ছিল। কিন্তু মাঠে নেমে ঝলক দেখিয়েছেন।

৩৫ মিনিটে আবারও তহুরা-জাদু। তাঁর বাঁ পায়ের চোখধাঁধানো বাঁকানো শটে ৪-০। ২ মিনিট পর ভুটানের গোলকিপারকে কাটিয়ে ফাঁকা পোস্টে বল পাঠিয়ে নিজের দ্বিতীয় ও দলের পঞ্চম গোলটি করেন সাবিনা। ৫৮ মিনিটে তহুরা নিজের তৃতীয় ও দলের ষষ্ঠ গোলটি এনে দেন। পূর্ণ হয় তাঁর হ্যাটট্রিক। বদলি নামা সানজিদার কর্নারে শিউলি আজিমের হেডে ৭২ মিনিটে হয় ৭-১। ভুটান একমাত্র গোলটি পায় ৪০ মিনিটে, ৫-০ হওয়ার পর।

নেপালের সঙ্গে গোলশূন্য ড্র দিয়ে এই টুর্নামেন্ট শুরু করেছিল ভুটান। পরে শ্রীলঙ্কার জালে ৪ ও মালদ্বীপকে ভাসিয়েছে ১৩ গোলে। ৩ ম্যাচে করেছে ১৭ গোল। সেমিফাইনালে সেই ভুটান কোনো লড়াই-ই করতে পারেনি বাংলাদেশের বিপক্ষে। বাংলাদেশের মেয়েদের বুদ্ধি, দলীয় বোঝাপড়া ও ব্যক্তিগত নৈপুণ্যের কাছে ভুটান চূর্ণ হয়েছে। আলাদাভাবে বলতে হবে তহুরার কথা। ভারত ম্যাচের পর সেমিফাইনালেও ম্যাচসেরা হয়েছেন ময়মনসিংহের কলসিন্দুরের মেয়ে।

জয় নিশ্চিত হওয়ার পর ৬৩ মিনিটে একসঙ্গে তিনটি বদল আনেন বাংলাদেশ কোচ পিটার বাটলার। তুলে নেন অধিনায়ক সাবিনা, ঋতুপর্ণা ও সাগরিকাকে। পরে বদল আনেন আরও দুটি। জয় নিশ্চিত ভেবে অন্যদের একটু দেখে নিয়েছেন এই সুযোগে। কোচ খুশি মেয়েদের নৈপুণ্যে। ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে সেটিই বলেছেন, 'আমরা অনেক নতুন খেলোয়াড়কে সুযোগ দিতে পেরেছি, যাতে ওরা অভিজ্ঞতা অর্জন করতে পারে, এটা ভালো দিক। ভালো খেলতে পেরে ভালো লাগছে। মেয়েরাও খুশি, গত ছয়-সাত মাস আমরা কঠোর পরিশ্রম করেছি দলে প্রতিদ্বন্দ্বিতার পরিবেশ আনতে। যে চেষ্টা ও নিবেদন নিয়ে এই মেয়েরা খেলে, আমি তাদের নিয়ে সব সময়ই সন্তুষ্ট।'

দলের ভেতর-বাইরে চলা বিতর্ক নিয়েও কথা বলেছেন বাটলার। যাঁরা এই মেয়েদের প্ররোচিত করতে চান, তাঁদের কেউই তাঁর পর্যায়ে খেলেননি। যে পর্যায়ে তিনি কোচিং করিয়েছেন, তাঁরা তা করাননি। এসব বিষয় সামাল দিতে অনেক সময় শান্ত থাকা প্রয়োজন এবং সেটিই তিনি করেছেন বলে দাবি বাটলারের। তবে কাজটা এখনো শেষ হয়নি মনে করছেন। চ্যাম্পিয়ন হয়েই নিজেকে পুরোপুরি সফল ভাবতে চান বাংলাদেশ কোচ।

বাংলাদেশ দল

রুপনা চাকমা, মাসুরা পারভিন (কোহাতি কিসকু), শিউলি আজিম, আফঈদা খন্দকার, শামসুন্নাহার সিনিয়র, মারিয়া মান্দা (মাতসুসিমা সুমাইয়া), মনিকা চাকমা, সাবিনা খাতুন (স্বপ্না রানী), তহুরা খাতুন, ঋতুপর্ণা চাকমা (সানজিদা) ও সাগরিকা (শাহেদা আক্তার)।

বললেন নাহিদ ইসলাম

কর্মসংস্থান সৃষ্টি অন্তর্বর্তী সরকারের প্রধান লক্ষ্য

বাসস, *ঢাকা*

নাহিদ ইসলাম

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম বলেছেন, বিদেশি বিনিয়োগকারীদের আগ্রহী করে কর্মসংস্থান সৃষ্টি অন্তর্বর্তী সরকারের প্রধান লক্ষ্য।

গতকাল রোববার সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অফিস কক্ষে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিকের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, রাষ্ট্র সংস্কারের কার্যক্রম চলছে, সেখানে অর্থনৈতিক সংস্কারও হবে। বিদেশি বিভিন্ন কোম্পানিকে বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী করতে অন্তর্বর্তী সরকার উপযুক্ত পরিবেশ তৈরির চেষ্টা করছে, যাতে দেশে বিদেশি বিনিয়োগের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি হয়।

রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, দক্ষিণ কোরিয়া বাংলাদেশে চতুর্থ বৃহৎ বিনিয়োগকারী দেশ। স্যামসাং, এলজির মতো বেশ কয়েকটি প্রতিষ্ঠান বাংলাদেশে বিনিয়োগ করেছে। কিন্তু উচ্চ করহারের কারণে উৎপাদন খরচ বেশি হওয়ায় তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে।

এ সময় ন্যাশনাল ইকুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্ট্রার বাস্তবায়নের মাধ্যমে অবৈধ মোবাইল ফোন বন্ধের সুপারিশ এবং বাংলাদেশের সঙ্গে যৌথ বিনিয়োগেও আগ্রহ প্রকাশ করেন রাষ্ট্রদূত।

উপদেষ্টা নাহিদ বলেন, কর কমানোর বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের সঙ্গে সম্পর্কিত। অর্থনৈতিক সংস্কারের সময় কর কমানোর বিষয়টি বিবেচনা করা হবে, যাতে অন্য কেউ ক্ষতিগ্রস্ত না হয়।

মা-মেয়েকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় মামলা, গ্রেপ্তার ২

নিজস্ব প্রতিবেদক, *নোয়াখালী*

নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার চর এলাহী ইউনিয়নের একটি দুর্গম চরে মা ও মেয়েকে ঘর থেকে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় থানায় মামলা হয়েছে। গত শনিবার রাতে নির্যাতনের শিকার নারী বাদী হয়ে মামলাটি করেন।

মামলায় ছয়জনকে আসামি করা হয়েছে। শনিবার রাতে অভিযান চালিয়ে পুলিশ এজাহারভুক্ত দুই আসামিকে গ্রেপ্তার করেছে। তাঁরা হলেন মো. হারুন ও মো. হাসান। আসামিরা স্থানীয় যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত।

এদিকে নির্যাতনের শিকার নারী ও তাঁর মেয়েকে ডাক্তারি পরীক্ষার জন্য গতকাল রোববার দুপুরে নোয়াখালীর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। কোম্পানীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গাজী মুহাম্মদ ফৌজুল আজিম এসব তথ্য জানিয়েছেন। তিনি বলেন, আসামিদের গ্রেপ্তারে পুলিশের একাধিক দল অভিযান চালাচ্ছে।

কোম্পানীগঞ্জ থানা সূত্রে জানা গেছে, শনিবার দিবাগত রাতে নির্যাতনের শিকার নারী বাদী হয়ে চর এলাহী বিএনপির সাবেক সভাপতি (যিনি ৫ আগস্টের পর খুন হয়েছেন) আবদুল মতিন ওরফে তোতা চেয়ারম্যানের ছেলে মো. ইব্রাহিমসহ ছয়জনের নাম উল্লেখ করে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেছেন। মামলার অন্য আসামিরা হলেন সাইফুল ইসলাম, মো. রাজীব ওরফে রাজু, মহম্মদ রাশেদ, মো. হারুন ও মো. হাসান। এর মধ্যে হারুন ও হাসানকে গ্রেপ্তার করা হয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, ইব্রাহিমের বড় ভাই মো. ইসমাইল ইউনিয়ন যুবদলের সাবেক সভাপতি। আসামিরা যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত।

সড়কে তিন জেলায় নিহত ৩ জন

প্রথম আলো ডেস্ক

দেশের তিন জেলা নরসিংদী, চুয়াডাঙ্গা ও সিলেটে গতকাল রোববার সড়ক দুর্ঘটনায় তিনজন নিহত হয়েছেন। এর মধ্যে নরসিংদীর পলাশ উপজেলার ঘোড়াশালে কুকুরকে বাঁচাতে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যাওয়া সিএনজিচালিত অটোরিকশার নিচে চাপা পড়ে ময়ূরী বেগম (৭৫) নামের এক বৃদ্ধা নিহত হয়েছেন।

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী কলেজছাত্র রাকিব হোসেন (১৮) নিহত হয়েছেন। সিলেটের ওসমানীনগরে মহাসড়কের পাশে এক যুবকের মরদেহ ও মোটরসাইকেল পাওয়া যায়।

সাংবিধানিক সংকট চায় না

প্রথম পৃষ্ঠার পর

এ নিয়ে চার দিন ধরে চারটি দল ও একটি জোটের সঙ্গে বৈঠক করল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটি। এসব দলের মধ্যে শুধু জামায়াতে ইসলামী ও ইসলামী আন্দোলন রাষ্ট্রপতিকে অপসারণে ছাত্রনেতাদের দাবির পক্ষে মত দিয়েছে। বিএনপিসহ অন্য দলগুলো রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের প্রতি সহানুভূতি না থাকার কথা বলছে। কিন্তু তারা এ মুহূর্তে রাষ্ট্রপতিকে অপসারণের পক্ষে নয়।

কেন হঠকারী পদক্ষেপ বলছে বিএনপি

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির নেতারা গত শনিবার বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে বৈঠক করেছেন। এর আগে বৃহস্পতিবারও তাঁরা বিএনপির তিন নেতার সঙ্গে বৈঠক করেন। শনিবারের বৈঠকে বিএনপি নেতাদের পক্ষ থেকে জানানো হয়েছে, তাঁরা রাষ্ট্রপতির অপসারণসহ ছাত্রনেতাদের অন্যান্য দাবি নিয়ে দলের স্থায়ী কমিটিতে আলোচনা করে সিদ্ধান্ত জানাবেন।

তবে গতকাল মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাষ্ট্রপতির অপসারণের প্রশ্নে অন্তর্বর্তী সরকারকে হঠকারী কোনো সিদ্ধান্ত না নেওয়ার আহ্বান জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেছেন, 'গণ-অভ্যুত্থানের ফসল ঘরে তোলার জন্য বাংলাদেশের বিপ্লবকে যদি সংহত করতে হয়, তাহলে হঠকারী সিদ্ধান্ত নেওয়া যাবে না। এটা সাংবিধানিক প্রক্রিয়ায় হওয়া উচিত বলে আমরা মনে করি। তার জন্য বেশি প্রয়োজন অতি দ্রুত নির্বাচনকেন্দ্রিক সংস্কার শেষে নির্বাচন করা।'

গতকাল রাজধানীর শেরেবাংলা নগরের চন্দ্রিমা উদ্যানে বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন মির্জা ফখরুল।

এর আগে বিএনপির শীর্ষ পর্যায়ের তিন নেতা প্রধান উপদেষ্টার সঙ্গে দেখা করে এ মুহূর্তে রাষ্ট্রপতির পদ শূন্য করে সাংবিধানিক সংকট সৃষ্টি না করার কথা বলেছেন।

বিএনপির একাধিক সূত্র বলছে, রাষ্ট্রপতির অপসারণ ও প্রক্লেমেশন অব সেকেন্ড রিপাবলিক (দ্বিতীয় প্রজাতন্ত্রের ঘোষণাপত্র) ঘোষণাসহ যেসব দাবি তোলা হয়েছে, এ নিয়ে প্রশ্ন রয়েছে দলটিতে। এমন দাবি তোলার পেছনে আরও কেউ আছে কি না এবং লক্ষ্যই বা কী, বিএনপির নেতারা এসব বিষয় পর্যালোচনা করার চেষ্টা করছেন।

বিএনপির নেতারা বলছেন, সাংবিধানিক সংকট তৈরি হলে নির্বাচন পিছিয়ে যেতে পারে। সেই পরিস্থিতিতে রাজনৈতিক সংকট আরও বাড়তে পারে। সে জন্য তাঁরা সার্বিক পরিস্থিতি ও বাস্তবতা বিবেচনায় নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। বিএনপির সঙ্গে যুগপৎ আন্দোলনে থাকা দল ও জোটগুলোর বেশির ভাগই একই অবস্থান তুলে ধরছে।

গতকাল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির সঙ্গে বৈঠকে ১২-দলীয় জোটের নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন জোটের প্রধান মোস্তফা জামাল হায়দার, শাহাদাত হোসেন, অধ্যাপক নুরুল আমিন ব্যাপারী, সৈয়দ এহসানুল হুদা, মুফতি গোলাম মহিউদ্দিন ইকরাম, মো. ফারুক রহমান, শামসুদ্দিন পারভেজ ও এ এস এম শামীম।

পৃথক বৈঠকে গণ অধিকার পরিষদের নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন দলটির সভাপতি নুরুল হক, সাধারণ সম্পাদক রাশেদ খান, উচ্চতর পরিষদ সদস্য শহিদুল ইসলাম ফাহিম, আবু হানিফ, ফাতেমা তাসনিম, শাকিল উজ্জমান, যুগ্ম সাধারণ সম্পাদক হাসান আল মামুন, আইনবিষয়ক সহসম্পাদক হাবিবুর রহমান ও ছাত্র অধিকার পরিষদের সভাপতি বিন ইয়ামিন।

দুটি বৈঠকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির সাতজন নেতা উপস্থিত ছিলেন। তাঁরা হলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ, সদস্যসচিব আরিফ সোহেল, মুখ্য সংগঠক আবদুল হান্নান মাসউদ, জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক সারজিস আলম এবং জাতীয় নাগরিক কমিটির আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারী, মুখপাত্র সামান্তা শারমিন, পলিটিক্যাল অ্যাফেয়ার সেক্রেটারি আরিফুল ইসলাম।

দুটি বৈঠকেই অংশ নেওয়া আরিফুল ইসলাম *প্রথম আলোকে* বলেন, '১২-দলীয় জোট ও গণ অধিকার পরিষদ আমাদের দাবির সঙ্গে একমত পোষণ করেছে। তারা রাষ্ট্রপতির অপসারণ চায়। তবে রাষ্ট্রপতির অপসারণ কী প্রক্রিয়ায় হতে পারে ও পরে কে আসতে পারেন, এ ব্যাপারে সুস্পষ্ট আলোচনা চেয়েছে ১২-দলীয় জোট। গণ অধিকার পরিষদ বলেছে, সব রাজনৈতিক দল মিলে দ্রুত সিদ্ধান্ত নিতে পারলে ভালো হয়।'

'পিআর' ব্যবস্থা | 'পিআর'ব্যবস্থার অবধারিত বিপজ্জনক নিয়তি 'ঝুলন্ত সরকার'। ছোট দলগুলোর সমর্থন-অসমর্থন এই আছে তো এই নেই!

আনুপাতিক সংসদীয় আসনব্যবস্থার জন্য আমরা কি প্রস্তুত

নির্বাচনব্যবস্থার সংস্কার

বিভিন্ন দলের সংসদীয় আসনসংখ্যা নির্ধারিত হবে দলগুলোর পাওয়া ভোটের অনুপাতে, এটা প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) বা আনুপাতিক সংসদীয় আসনব্যবস্থা নামে পরিচিত। মূলনীতিতে এক হলেও একেক দেশের 'পিআর' একেক রকম। একটির সঙ্গে অন্যটির তেমন মিল নেই। বাংলাদেশের ক্ষেত্রে এই 'পিআর' নির্বাচনব্যবস্থা কার্যকর কোনো সমাধান হবে কি না, তা নিয়ে লিখেছেন **হেলাল মহিউদ্দীন**

জামায়াতে ইসলামী নির্বাচনব্যবস্থা সংস্কারের একটি ফর্মুলা পেশ করেছে। ফর্মুলা মতে, বিভিন্ন দলের সংসদীয় আসনসংখ্যা নির্ধারিত হবে দলগুলোর পাওয়া ভোটের অনুপাতে। বিষয়টি বাংলাদেশে অভিনব ও কৌতূহলোদ্দীপক। কারণ, জামায়াতে ইসলামী ভোটানুপাতিক প্রতিনিধিত্বশীল নির্বাচনী সংস্কার চাইতে পারে, রাজনীতি-সচেতন মানুষেরা সম্ভবত শুনতে প্রস্তুত ছিলেন না। জামায়াতের এত দিনের রাজনীতির প্রকাশ্য-অপ্রকাশ্য কোনো কর্মসূচিতে পদ্ধতিটির প্রতি ভালোবাসা টের পাওয়া যায়নি। তাই দলটির এই আকস্মিক অবস্থান কৌতূহল, সন্দেহ ও নানা রকম জিজ্ঞাসার জন্ম দিয়েছে।

জামায়াত উদ্ভাবনী কোনো পদ্ধতির কথা বলেনি। পদ্ধতিটি বিশ্বের অনেক দেশেই চালু আছে। সংক্ষিপ্ত ইংরেজিতে ব্যবস্থাটি 'পিআর' বা 'প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন' নির্বাচনব্যবস্থা নামে পরিচিত। খুব সহজবোধ্যভাবে বলতে গেলে, যে দল মোট ভোটারের যত ভাগ ভোট পাবে, সংসদেও তত ভাগ আসন পাবে। যেমন বাংলাদেশের ৩০০ আসনের সংসদে ১ শতাংশ ভোট পাওয়া দল ৩টি আসন পাবে। ১০ শতাংশ ভোট পেলে ৩০টি আসন পাবে।

আপাতদৃষ্টে এই ব্যবস্থার মতো সমতাপূর্ণ ন্যায়বিচারমুখী ব্যবস্থা আর হয় না। অনেকের চোখ কপালে ওঠার কারণ, বাংলাদেশে আগেও বাম ঘরানার মধ্য থেকে আলাপটি কমবেশি তোলা হয়েছিল। কারণ ছিল আদর্শিক। সমাজতন্ত্রী দলগুলো ভাবত, সংখ্যানুপাতের ভোটে আসনসংখ্যার ব্যবস্থা থাকলে অবহেলিত প্রান্তিক নারীদের দল, আদিবাসী, সংখ্যালঘু ও কৃষিজীবী-শ্রমজীবী মানুষের প্রতিনিধিত্ব নিশ্চিত হবে। সামাজিক সাম্য ও ন্যায়বিচার অনেক দূর এগিয়ে যাবে ইত্যাদি।

মূলনীতিতে এক হলেও একেক দেশের 'পিআর' একেক রকম। একটির সঙ্গে অন্যটির তেমন মিল নেই। বাংলাদেশের প্রেক্ষাপটের সঙ্গে তুলনামূলক বিচার করতে গেলে আমরা ইসরায়েল, কেনিয়া, নেপাল, শ্রীলঙ্কা, ইরাক, দক্ষিণ আমেরিকা ও ব্রাজিলের 'পিআর' অভিজ্ঞতা নিতে পারি। অস্ট্রিয়া, বেলজিয়াম, নেদারল্যান্ডস, ফিনল্যান্ড, নরওয়ে, সুইডেন, আইসল্যান্ড ইত্যাদি দেশেও পিআরব্যবস্থা রয়েছে। এসব দেশের জনসংখ্যা, কৃষ্টি-সংস্কৃতি, সামাজিক কাঠামো, অর্থনৈতিক ব্যবস্থাপনা এবং রাজনীতি-দর্শন বাংলাদেশের চেয়ে একেবারেই ভিন্ন রকম হওয়ায় সেগুলোর পিআর অভিজ্ঞতা আপাতত আমাদের কাজে লাগবে না।

উদাহরণ হিসেবে বলা যায়, শেষোক্ত দেশগুলোর জনসংখ্যা নিতান্তই কম। রাজনৈতিক দলের সংখ্যা সীমিত ও নির্ধারিত। ধর্মচর্চার বালাই নেই। 'ধর্মনিরপেক্ষতা' আমাদের মতো 'কাজির গরু কাগজে আছে গোয়ালে নেই' ধরনের নয়, বরং রাজনীতি শতভাগই ধর্মবিযুক্ত। ব্যক্তিজীবন-সমাজজীবনও ধর্ম-প্রভাবহীন।

এগুলো বাংলাদেশের সমাজবাস্তবতার উল্টো। এসব দেশে বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি (ডাইভার্সিটি অ্যান্ড ইনক্লুশন) স্বাভাবিক। বাংলাদেশের বেলায় কি স্বাভাবিক?

সত্য কথা, ভেঙে বলতে গেলে অনেকে হয়তো লাঠিসোঁটা নিয়ে তেড়ে আসবেন। তবু না বললে পরবর্তী পর্যালোচনা অনেকেরই বোধগম্য হবে না। বাংলাদেশ কি এসব দেশের মতো সংসদে 'এলজিবিটিটিকিউ'র প্রতিনিধিত্ব স্বাভাবিক এবং অধিকার মেনে নেওয়ার অবস্থায় পৌঁছেছে? নিশ্চয়ই না।

বাংলাদেশের রাজনীতি কি ধর্মবিযুক্ত? প্রশ্নটিই অনেকের কাছে হাস্যকর ঠেকবে। ধর্মই এখানে চালকের আসনে। সোজাকথা, সুইজারল্যান্ড-সুইডেনে যেহেতু 'পিআর' কাজ করছে, বাংলাদেশে কেন করবে না, তুলনা টানার মতো নির্বুদ্ধিতা কিছুই হবে না।

বাংলাদেশের বাস্তবতার সঙ্গে বরং ২০০৩ সালে ইরাকে সাদ্দাম হোসেনের পতন-পরবর্তী সময়ের অনেক মিল। ২০০৩ সালেই ইরাক সোৎসাহে 'পিআর' নির্বাচনপদ্ধতি গ্রহণ করে। উদ্দেশ্য ছিল, যেন আর কখনো সাংবিধানিক একনায়কতন্ত্র দেশে প্রতিষ্ঠা না পায়। কিন্তু ফোঁড়া কাটতে গিয়ে ক্যানসার বাঁধিয়ে বসেছে দেশটি।

প্রিন্সটন বিশ্ববিদ্যালয় প্রেস ২০০৯ সালে একটি গবেষণাগ্রন্থ প্রকাশ করে। বইটির শিরোনাম *'ইরাক: আ পলিটিক্যাল হিস্ট্রি'*। বইটি লিখেন ইরাক বিশেষজ্ঞ হিসেবে বিশ্বময় খ্যাত গবেষক আদিদ দাবিশা। দাবিশা দেখান, 'পিআর' ইরাকিদের মধ্যে আধুনিকতা ও জাতীয় ঐক্য তৈরি করবে কি মাত্র ছয় বছরের ব্যবধানে উল্টো এক সর্বগ্রাসী অনৈক্য, বিভেদ, মৌলবাদ, গোষ্ঠীপ্রীতি, ধর্মীয় কট্টরপন্থা এবং জাতি-উপজাতিগত ক্ষুদ্র আঞ্চলিকতাবাদের বিস্তার ঘটিয়েছে।

কারণ, 'পিআর'-এর সুবিধা নিয়ে দেশের আনাচকানাচে 'গোপন ডেরায়' লুকিয়ে থাকা কট্টর ধর্মভিত্তিক ও সংকীর্ণ জাতিতাত্ত্বিক ভাবনার দল-উপদলগুলো শুধু বৈধতাই পেয়ে যায়নি, জনপ্রতিনিধিও হয়ে বসেছে। তারপর তাদের কাজ হয়ে দাঁড়িয়েছে সুযোগটি কাজে লাগিয়ে যতভাবে সম্ভব শক্তি বৃদ্ধি করা। দাবিশা লিখেছেন, ক্ষুদ্র ক্ষুদ্র জাতিসত্তার উত্থান ক্ষুদ্রাতিক্ষুদ্র উপদলীয় ভাঙন-বিভাজন বহুগুণ বাড়িয়ে জাতীয় সংহতির পথ রুদ্ধ করে তুলছে।

নেপালে মাওবাদীদের অনুপ্রেরণায় এবং শ্রীলঙ্কা, কেনিয়া, ব্রাজিল ও দক্ষিণ আফ্রিকায় সমাজতন্ত্রীদের প্রভাবে 'পিআর'পদ্ধতিটি চালু হয়েছে। কিন্তু প্রথম প্রশ্ন, জামায়াতে ইসলামী কি সমাজতান্ত্রিক? দলটি কি প্রান্তিক নারী, দলিত, সংখ্যালঘু ধর্মবিশ্বাসী ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীগুলোর প্রতিনিধিত্ব নিশ্চিত করতে চায়?

দ্বিতীয় প্রশ্ন, সমাজতান্ত্রিক আদর্শবাদ দ্বারা অনুপ্রাণিত হলে আগের ও বর্তমানের সাংবিধানিকভাবেই সমাজতন্ত্রী দেশগুলো পদ্ধতিটি কেন নেয়নি বা নিল না? কিউবা, চীন, উত্তর কোরিয়া, ভেনেজুয়েলা, কোস্টারিকা কিংবা একসময়ের ভিয়েতনাম, সোভিয়েত ইউনিয়ন, পূর্ব জার্মানি ও পূর্ব ইওরোপের দেশগুলো কেন পদ্ধতিটি গ্রহণ করেনি?

তৃতীয় ও সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন, যেসব দেশে পদ্ধতিটি প্রচলিত আছে, সেসব দেশের সামগ্রিক শাসনতান্ত্রিক অভিজ্ঞতা কি সত্যি সত্যিই উৎসাহব্যঞ্জক ও অনুকরণীয় বা অনুসরণীয়? সরকার ও রাষ্ট্রপরিচালনায় পদ্ধতিটি কি সবিশেষ গুণগত পরিবর্তন আনতে পেরেছে? নির্বাচনপদ্ধতিটি কি সত্যি সত্যিই পিছিয়ে পড়া জনগোষ্ঠীর প্রতিনিধিদের সংসদে আনতে পেরেছে? বিভিন্ন দলের প্রতিনিধিদের উপস্থিতিসহ সামাজিক সমতা, সাম্য, ন্যায়বিচার ও ন্যায্যতা প্রতিষ্ঠার পথ তৈরি করতে পেরেছে?

দুঃখজনক হলেও সত্য, মোটাদাগে উত্তরটি হচ্ছে 'না'। এই পদ্ধতি সামান্য কিছু আঙ্গিক পরিবর্তন ছাড়া কোনো দেশেই বিশেষ উল্লেখযোগ্য পরিবর্তন আনতে পারেনি। পদ্ধতিটি সব দেশেই বরং শাসনতান্ত্রিক জটিলতা বাড়িয়েছে।

নির্বাচনপদ্ধতির সংস্কার বিষয়ে বিশেষত পিআর-সম্পর্কিত বেশ কয়েকটি প্রথম সারির ও উন্নতমানের আন্তর্জাতিক গবেষণা রয়েছে। রাষ্ট্রবিজ্ঞানীদের গবেষণায় পাওয়া তথ্যপুঞ্জের নির্মোহ পর্যালোচনা মেলে এন্ড্রু রয়েনল্ড, বেক রয়েইলি ও এন্ড্রু এলিস-এর সম্পাদনায় প্রকাশিত *ইলেকটোরাল সিস্টেম ডিজাইন: দ্য নিউ ইন্টারন্যাশনাল আইডিয়া হ্যান্ডবুক* বইটিতে। বইটিতে ২০০টি দেশের নির্বাচন সংস্কারের তুলনামূলক আলোচনা রয়েছে। যেহেতু নেপাল আমাদের পাশের দেশ, ষষ্ঠ অধ্যায় থেকে নেপালের অভিজ্ঞতাটিই নেওয়া যাক।

নেপাল 'পিআর'ব্যবস্থায় যাওয়ার পর সংবিধান সংশোধনের চেষ্টা অজস্রবার পিছিয়েছে। আসলে আজও নেপালের সংবিধান টলোমলো। এত বেশি ক্ষুদ্র ক্ষুদ্র নতুন দলের প্রতিনিধিরা সংসদে প্রতিনিধিত্ব পেয়েছে যে বিভক্তি-বিভাজনে সংসদ একাকার। রাষ্ট্রবিজ্ঞানীরা দেখতে পেয়েছেন, 'ডিপ পলিটিক্যাল ফ্রাগমেন্টেশন'। প্রায় দেড় দশক ধরেই নেপালের পত্রপত্রিকায় এবং আন্তর্জাতিক প্রতিবেদনগুলো দেখাচ্ছে কী রকম গাড্ডায় পড়েছে নেপাল!

'পিআর'সংস্কারে দেশটির এখন জাতিসংঘের অর্থসহায়তা দরকার হয়েছে। ২০১৬ সালের নেপালের ইসি-ইউএনডিপি জয়েন্ট টাস্কফোর্স রিপোর্ট অথবা ২০১৭ সালের এশিয়ান হিউম্যান রাইটস কমিশন রিপোর্ট (যে পদ্ধতিটিকে 'ডাইল্যুটেড প্রপোরশনাল ইলেকটোরাল সিস্টেম' লিখেছে) পর্যালোচনা করে দেখতে পারেন বাংলাদেশের পিআরপন্থীরা। গত বছর থেকে নেপালের কংগ্রেস নেতৃত্ব পিআরব্যবস্থার আমূল সংস্কারের জোর দাবি জানিয়ে আসছে।

বাংলাদেশের জনজীবন এমনিতেই 'খল' ও 'স্থূল' রাজনীতির চাপে বিপর্যস্ত। প্রশ্ন হচ্ছে, বাংলাদেশ কি একটি নতুন পদ্ধতির পরীক্ষা-নিরীক্ষা চালানোর গবেষণাগার হয়ে ওঠার মতো সময়ে অবস্থান করছে? ব্রাজিল, ইসরায়েল, ইরাক ও দক্ষিণ আফ্রিকার অভিজ্ঞতা থেকে শিক্ষা নিলেও 'পিআর'-এর কোনো যৌক্তিকতা মেলে কি?

'পিআর'ব্যবস্থার অবধারিত বিপজ্জনক নিয়তি 'ঝুলন্ত সরকার'। ছোট দলগুলোর সমর্থন-অসমর্থন এই আছে তো এই নেই! মান-অভিমান, অভিশংসন, ক্ষমতার ভাগ-বাঁটোয়ারা, মর্যাদার লড়াইয়ের পারদ ঊর্ধ্বমুখী হতেই থাকে। এ কারণে সরকারগুলো স্থিতিশীল হয়ে উঠতে পারে না।

ইসরায়েলকে 'অত্যাধুনিক' রাষ্ট্র মনে করা হয়। দেশটিও গত দুই দশকে ঝুলন্ত সরকারগুলোর বারবার ভাঙন ও নির্বাচনের পর নির্বাচনের মুখোমুখি হয়েছে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত *দ্য পলিটিকস অব ইলেকটোরাল সিস্টেম* বইটির দ্বিতীয় অধ্যায়ে এ বিষয়ে আলোকপাত করা হয়েছে। চলতি সময়ে ইসরায়েলেও পিআর সংস্কারের দাবি উঠেছে।

স্ট্যানফোর্ড ইউনিভার্সিটি ১৯৯৫ সালে *বিল্ডিং ডেমোক্র্যাটিক ইনস্টিটিউশনস: পার্টি সিস্টেমস ইন লাতিন আমেরিকা* নামে একটি গবেষণাগ্রন্থ ছেপেছে। স্কট মেইনওয়ারিং এবং টিমোথি স্কুলি সম্পাদিত বইটি দেখিয়েছে, লাতিন আমেরিকার দেশে দেশে দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী দুই-তিন দশকে সামরিক অভ্যুত্থান ও অগণতন্ত্র হতে রক্ষা পেতে মরিয়া হয়ে ওঠেছিল জনগণ। তাই 'পিআর'পদ্ধতির প্রস্তাব-ফর্মুলাকে লাতিন জনগণ রক্ষাকবচ ভাবতে শুরু করেছিল।

ষাটের দশকের মাঝামাঝি থেকে সমাজতান্ত্রিক আদর্শে প্রভাবিত হতে থাকে লাতিন আমেরিকার দেশগুলো। তবে ব্রাজিল রাষ্ট্রপতিশাসিত ও সংসদীয় পদ্ধতির মিশেলে সংখ্যানুপাতিক সংসদীয় ব্যবস্থা চালু করে। এই বইতে ব্রাজিলবিষয়ক গবেষকেরা দেখান, 'পিআর'পদ্ধতিটির কারণে ব্রাজিল একের পর এক কোয়ালিশন সরকারের গঠন-ভাঙন চক্রে পড়েছে। গণতন্ত্র দুর্বল হয়েছে।

বেশি ভোট পাওয়া ব্যক্তির নির্বাচিত হয়ে আসা যে পদ্ধতি বাংলাদেশে বিদ্যমান, তাকে 'মেজরিটারিয়ান' ইলেকটোরাল সিস্টেম বলা হয়। নিকটতম প্রতিদ্বন্দ্বীর চেয়ে এক ভোট বেশি পাওয়া ব্যক্তিই বিজয়ী হন। এই পদ্ধতির সোজাসাপটা সমালোচনা এ রকম—একজন প্রার্থী হয়তো মাত্র ২০ শতাংশ ভোট পেয়েই আসন জিতে গেলেন। অর্থাৎ ৮০ ভাগ ভোটারই তাঁকে ভোট দেননি। তাহলে তিনি তো মাত্র ২০ ভাগ ভোটারের প্রতিনিধি, ৮০ ভাগের নন!

ভাবনাটি বা বয়ানটি যুক্তির মতো শোনালেও অতি সরলীকরণে দুষ্ট। কারণ, ভোটের রাজনীতি মোটেই পরিসংখ্যানিক বিষয় নয়। ভোটদাতার আচরণ ও মনোজাগতিক বিচিত্রতাই ভোটের পরিসংখ্যানকে নিয়ন্ত্রণ করে। 'ভোটিং বিহ্যাভিয়ার' নিয়ে অসংখ্য গবেষণা আছে। বাংলাদেশ, নেপাল, শ্রীলঙ্কা ইত্যাদি দেশে আত্মীয়তা, আঞ্চলিকতা, ধর্ম-পরিচয়, প্রতিবেশী, ব্যক্তিগত পছন্দ-অপছন্দ ইত্যাদি রাজনৈতিক সমীকরণের ভিত্তিতে ভোটদাতারা ভোট দেন। টাকায় বিক্রি হয়েও ভোট দেন। অন্যান্য সুবিধা পেতে ভোট দেন। আত্মীয় বা পরিবারের সদস্যদের কেউ ভোটে দাঁড়ালে তিনি জিতবেন না জেনেও ভোট দেন। অথবা 'জিতে আসতে পারবেন না, ভোট নষ্ট হবে ভেবে' অত্যন্ত ভালো মানুষ ও যোগ্য একজনকেও ভোট দেন না। 'রাজনৈতিক সুশিক্ষা'র (পলিটিক্যাল লিটারেসি) অভাব নির্বাচনী আচরণের সব ক্ষেত্রেই।

আগেই বলেছি, জার্মানি, বেলজিয়াম, সুইডেনের সঙ্গে বাংলাদেশের তুলনা যথার্থ নয়। এসব দেশে শিক্ষার হার শতভাগ। তাদের রাষ্ট্রভাবনা অনেক পরিণত। 'পলিটিক্যাল লিটারেসি' সুউচ্চ পর্যায়ের। তাদের নির্বাচনী আচরণ প্রলোভন বা ব্যক্তিগত দ্বেষ-বিদ্বেষ, রাগ-অনুরাগ দ্বারা প্রভাবিত হয় না। গণতন্ত্রও টলোমলো নয়, বরং সুপ্রতিষ্ঠিত।

আমরা বাংলাদেশে যে সাংবিধানিক একনায়কত্ব দেখেছি, উল্লিখিত দেশগুলোয় সেটা কায়েম হওয়া অসম্ভব। সামান্য ব্যর্থতার দায় নিয়েও সেখানে সংসদ সদস্য, মন্ত্রী, এমনকি সরকারও পদত্যাগ করে থাকে। আঙ্গেলা ম্যার্কেলের মতো রাষ্ট্রপ্রধান জনপ্রিয়তার শীর্ষে থেকে জনদাবির মুখেও স্বেচ্ছায়-সজ্ঞানে অবসরে যাওয়ার ঘোষণা দিতে পারেন। এ রকম উচ্চতর রাজনৈতিক সংস্কৃতি দূরে থাক, বাংলাদেশ ন্যূনতম পলিটিক্যাল লিটারেসিও আয়ত্ত করেনি এখনো। তাই পিআরব্যবস্থাটি এখনই বাংলাদেশের জন্য কতটা উপযোগী, তা নিয়ে চিন্তাভাবনার যথেষ্ট অবকাশ রয়েছে।

● **হেলাল মহিউদ্দীন** শিক্ষক ও গবেষক

■ যেসব দেশে পদ্ধতিটি প্রচলিত আছে, সেসব দেশের সামগ্রিক শাসনতান্ত্রিক অভিজ্ঞতা কি সত্যি সত্যিই উৎসাহব্যঞ্জক ও অনুকরণীয়?

■ বাংলাদেশের জনজীবন 'খল' ও 'স্থূল' রাজনীতির চাপে বিপর্যস্ত। এ দেশ কি নতুন পদ্ধতির পরীক্ষা-নিরীক্ষা চালানোর অবস্থায় আছে?

নাকের ভেতরে মাংস বেড়ে যাওয়ার সমস্যা ও প্রতিকার

ভালো থাকুন

অধ্যাপক ডা. এম আলমগীর চৌধুরী, *বিভাগীয় প্রধান, ইএনটি, আনোয়ার খান মডার্ন মেডিকেল কলেজ, ধানমন্ডি, ঢাকা*

সাধারণ লোকে বলেন, নাকের মাংস বৃদ্ধি পেয়েছে। প্রকৃতপক্ষে, নাকের এমন মাংস বৃদ্ধির নাম 'হাইপারট্রফিড ইনফেরিয়র টারবিনেট'। টারবিনেট হাইপারট্রফি, ইনফিরিয়র টারবিনেট হাইপারট্রফি ও নাসাল টারবিনেট হলো একই অবস্থার ভিন্ন নামকরণ, যেখানে নাকের পার্শ্বদেয়ালের টিস্যু খুব বড় হয়। ফলে শ্বাস নিতে বাধা সৃষ্টি হয়।

ইনফেরিয়র টারবিনেট টিস্যু অনেক রক্তনালির সমন্বয়ে গঠিত। এটি অ্যালার্জি, সর্দি এবং ওপরের শ্বাসযন্ত্রের সংক্রমণ, প্রদাহ, নির্দিষ্ট ওষুধের সংস্পর্শে থাকা, গর্ভাবস্থা বা অজানা কারণসহ বিভিন্ন কারণে ফুলে যেতে পারে। অনেকে একে নাকের পলিপ বলেন। কিন্তু নাকের পলিপ আলাদা রোগ।

টারবিনেট হাইপারট্রফির উপসর্গ

- নাকের অ্যালার্জি-সর্দি সারা বছর লেগে থাকে।
- নাক দিয়ে শ্বাস নিতে অসুবিধা হতে পারে।
- নাক বন্ধ থাকায় নাক ডাকা, ঘুমাতে অসুবিধা হয়।
- নাক দিয়ে রক্ত পড়তে পারে।
- নাকের আস্তরণের মিউকাস মেমব্রেন শুকিয়ে যেতে পারে।
- গন্ধের অনুভূতিও প্রভাবিত হতে পারে।

জটিলতা

- নাক ডাকা, নাক দিয়ে রক্ত পড়া, শ্বাসকষ্ট, ঘুমের ব্যাঘাত।
- বারবার সাইনোসাইটিস।
- নাক অতিরিক্ত শুষ্ক হওয়া।
- জীবনযাত্রার মান ও কর্মক্ষমতা কমা।
- অবসাদ ও অলসতা বেড়ে যাওয়া।

কীভাবে নির্ণয়

- যদি আপনার সন্তানের এসব উপসর্গ থাকে, তবে এর ইতিহাস জানতে হবে। নাকের সতর্কতামূলক পরীক্ষার মাধ্যমে সম্ভাব্য বাধার উৎসগুলো প্রকাশ করতে হবে।
- চিকিৎসকের চেম্বারে বা একটি পৃথক সেটিংয়ে অতিরিক্ত পরীক্ষাগুলো করা যেতে পারে। পরীক্ষাগুলোর একটি ফাইবার অপটিক ক্যামেরা পরীক্ষা। নাক ও অনুনাসিক গহ্বরের যেসব অংশ সাধারণ পরীক্ষার মাধ্যমে দেখা যায় না, সে ক্ষেত্রে এ পরীক্ষা করা যেতে পারে। এ পরীক্ষা বাংলাদেশে করা যায়।

চিকিৎসা

টারবিনেট হাইপারট্রফির অন্তর্নিহিত কারণ নির্ণয় করে সমাধানমূলক পদক্ষেপ গ্রহণ করা। এ জন্য ওষুধের ব্যবহার, অ্যালার্জি পরীক্ষা ও অস্ত্রোপচার ইত্যাদির সংমিশ্রণ-পদ্ধতি গ্রহণ করা হয়। অস্ত্রোপচারের প্রয়োজন হলে এটি অন্যান্য পদ্ধতির সঙ্গে একযোগে করা যেতে পারে।

» **আগামীকাল পড়ুন**: গর্ভাবস্থায় ছত্রাক সংক্রমণ

দর্শনার্থীর পোশাকে লুকিয়ে পালাল চিড়িয়াখানার বাদুড়

বিচিত্র

ইউপিআই ও ডিপিএ

বন্দী হয়ে কে বা থাকতে চায়! মুক্ত-স্বাধীন জীবনই সবার কাম্য। জার্মানির একটি চিড়িয়াখানার ছোট্ট একটি বাদুড়ও সম্ভবত বন্দিদশায় আর থাকতে চায়নি। তবে যে উপায়ে প্রাণীটি চিড়িয়াখানা থেকে পালিয়েছে, তা রীতিমতো খবরের শিরোনাম হয়েছে।

ছোট্ট ওই বাদুড় জার্মানির দক্ষিণ-পশ্চিমাঞ্চলের কার্লসরুয়া চিড়িয়াখানায়। পরিবারের সদস্যদের নিয়ে চলতি অক্টোবর মাসের মাঝামাঝি সময়ে ওই চিড়িয়াখানায় ঘুরতে গিয়েছিলেন এলিনা ফেল। তাঁর জ্যাকেটের ভেতর ঢুকে পড়েছিল বাদুড়টি। বাড়িতে ফেরার পর প্রাণটির হদিস পান এলিনা।

জার্মান সংবাদ সংস্থা ডিপিএর তথ্য বলছে, ৩০ বছর বয়সী এলিনা পেশায় শিক্ষক। তিনি তাঁর ছোট ছেলেকে নিয়ে চিড়িয়াখানায় বাদুড়ের গুহার ভেতর ঢুকেছিলেন। বাড়িতে ফেরার পর নিজের জ্যাকেট খুলে যা দেখতে পান, তার জন্য একেবারেই প্রস্তুত ছিলেন না এলিনা। জ্যাকেটটি খোলার সঙ্গে সঙ্গে ছোট্ট একটি বাদুড় টুপ করে মেঝেতে পড়ে।

এলিনা বলেন, কখন বাদুড়টি তাঁর পোশাক আঁকড়ে ধরে লুকিয়ে পড়েছে, সে বিষয়ে বিন্দুবিসর্গ জানতেন না তিনি। বরং জ্যাকেট থেকে কিছু একটা খসে পড়তে দেখে তিনি প্রথমে ভেবেছিলেন হ্যালোউইন উদ্‌যাপন করতে গিয়ে তাঁর স্বামী তাঁর সঙ্গে মজা করে কিছু একটা করেছেন। কিন্তু কাছে গিয়ে দেখতে পান, সেটি সত্যিকারের একটি প্রাণী। সেটিকে দেখে তিনি ভয় পেয়ে যান। তিনি ভেবেছিলেন, বাদুড়টি মারা গেছে। কিন্তু প্রাণীটি নড়ে ওঠে। এমনকি তাঁর হাতে ছোট্ট করে কামড়ও দেয়। ঘটনার আকস্মিকতায় প্রথমে খানিকটা হতবিহ্বল হয়ে পড়লেও নিজেকে সামলে নেন এলিনা।

প্রতীকী ছবি

বাদুড়ের বিষয়ে জানতে একজন প্রাণিবিশেষজ্ঞের সঙ্গে যোগাযোগ করেন এলিনা। তাঁর পরামর্শে ছোট্ট বাদুড়টিকে একটি বাক্সের ভেতর ভরে রাখেন। সেটিকে খেতে দেন মধু মেশানো পানি ও কলা। রাতভর বাদুড়টি বাক্সের ভেতরই থাকে। সেটি যেন খাবার পায় এবং কোনো ধরনের অস্বস্তিতে না পড়ে, তা খেয়াল রাখেন এলিনা। সকালে তাঁর স্বামী ও ছেলে বাদুড়টিকে চিড়িয়াখানায় নিয়ে যান। চিড়িয়াখানার এক মুখপাত্র বলেন, পাতার মতো দেখতে নাকের অধিকারী (লিফ-নোজড) বাদুড়টি নিজের গুহায় ফিরে গেছে এবং ভালো আছে।

চিড়িয়াখানার ওই মুখপাত্র আরও বলেন, চিড়িয়াখানাটি থেকে এই প্রথম কোনো বাদুড়ের দর্শনার্থীর সঙ্গে এত দূর পালিয়ে যাওয়ার ঘটনা ঘটল।

একটু থামুন

বাসার ভাই • লেখা: আদনান মুকিত, আঁকা: আরাফাত করিম

১৫০৭

স্বাস্থ্যবটিকা • ব্রন স্মিথ

স্লিপ অ্যাপনিয়া এড়াতে কী করব?

ওজন নিয়ন্ত্রণে রাখুন। উচ্চতা অনুযায়ী সঠিক ওজন (বিএমআই) বজায় রাখুন। সুষম খাদ্যাভ্যাস গড়ে তুলুন। নিয়মিত ব্যায়াম করুন। নাকডাকা, ঘুমের মধ্যে বারবার দম আটকে আসা, শ্বাস নিতে কষ্ট হওয়ার মতো সমস্যা লক্ষ করলে চিকিৎসকের পরামর্শ নিন।

'স্বাস্থ্যবটিকা'র লক্ষ্য রোগনির্ণয় গোছের কিছু নয়

শব্দভেদ

১		২	■	৩		৪	৫
	■	৬	৭		■	৮	
৯	১০	■	১১		১২		■
■	১৩	১৪		■		■	১৫
১৬	■		■	১৭		১৮	
১৯	২০	■	২১		■	২২	
২৩				■	২৪		■
■		■	২৫		■	২৬	

বাঁ থেকে ডানে: ১. জমিদারের বা নায়েবের দপ্তর। ৩. পরস্পর আলিঙ্গন। ৬. স্ফুলিঙ্গ। ৮. ধান বা অনুরূপ শস্যের পরিমাণ। ৯. আমোদ, কৌতুক। ১১. জলস্রোতের মৃদু কলকল ধ্বনি। ১৩. ক্ষুদ্র ঝাল ফল। ১৭. ছানার তৈরি লম্বাটে ধরনের মিষ্টান্ন। ১৯. ৩০ দিন। ২১. আন্দোলনের জন্য সংগঠিত দল বা গোষ্ঠীর জোট। ২২. লেখার বা হিসাবের পুস্তক। ২৩. মেঘগর্জন ধ্বনি। ২৪. বালু ও ক্ষার থেকে উৎপন্ন ভঙ্গুর বস্তু। ২৫. দীর্ঘ। ২৬. আগল।

ওপর থেকে নিচে: ১. বড় কচ্ছপ। ২. সুচ-সুতা দিয়ে বস্ত্রের ছিন্ন অংশ বুনে মেরামত। ৩. পিক। ৪. মঙ্গল, কল্যাণ। ৫. পদ্মফুল। ৭. মাদারগাছ বা তার ফল। ১০. জম্বু ফল। ১২. আত্মীয়, জ্ঞাতি। ১৪. প্রবৃত্তি। ১৫. মায়া, স্নেহ। ১৬. ধূমপর্ণী। ১৭. অনুশীলন, অভ্যাস। ১৮. চক্রবাক ও চক্রবাকী। ২০. বড় রাস্তা। ২১. প্রধান ব্যক্তি, মাতবর।

গত সমস্যার সমাধান

শ	রী	র	■	খু	ক	■	আ
লা	■	মা	ন	ব	স	মা	জ
কা	হা	র	বা	■	বা	ন	■
■	হা	ম	ব	ড়া	■	স	ভ্য
ফাঁ	কা	■	জা	■	ফাঁ	স	■
প	র	■	দা	র	■	রো	দ
র	■	শ্বা	■	জ	বা	ব	■
■	ক	স	র	ত	■	র	ত্ন

রিপলি'স বিলিভ ইট অর নট! • জন গ্র্যাজিয়ানো

প্যারাডক্সিক্যাল জাতের ব্যাঙ ব্যাঙাচি অবস্থায় যত বড় থাকে, পূর্ণাঙ্গ হলে তারচেয়ে ছোট হয়ে আসে!

কুক আইল্যান্ডের ২ সেন্টের মুদ্রা ত্রিভুজাকার।

অস্ত্রোপচারের সময় রোগীর শরীরের ভেতরে ভুলবশত কোনো বস্তু রেখে দেওয়াকে ইংরেজিতে বলে 'গসিপাইবোমা'।

কথা অমৃত

নারীরা টি-ব্যাগের মতো। যতক্ষণ না তাঁদের গরম পানিতে ডোবানো হয়, আপনি জানবেন না তাঁরা আদতে কতটা শক্তিশালী।

এলেনর রুজভেল্ট
সাবেক মার্কিন ফার্স্ট লেডি (১৮৮৪-১৯৬২)

সুডোকু

	9	1			5	7		
6	5			3	7			
						5		
8	2			1			4	9
				8				
3	4			7			8	1
		2						
			8	5			1	7
		9	3			8	6	

সমাধানের নিয়ম: এমনভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে, যেন প্রতিটি সারি ও প্রতিটি কলামে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে এবং প্রতিটি ৩x৩ বাক্সেও যেন ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

গত সমস্যার সমাধান

7	9	2	5	8	6	1	3	4
4	5	8	7	1	3	2	9	6
3	1	6	9	4	2	5	7	8
5	2	7	1	9	4	8	6	3
6	8	9	3	7	5	4	1	2
1	3	4	2	6	8	7	5	9
8	6	3	4	5	7	9	2	1
9	4	5	6	2	1	3	8	7
2	7	1	8	3	9	6	4	5

চুটকি

কই মাছ বাংলাভাষীদের প্রায়ই বিভ্রান্তিতে ফেলে দেয়—
ছেলে: বাবা, ওই বাটিতে কী মাছ?
বাবা: কই।
ছেলে: কেন, ওই বাটিতে দেখছ না!
বাবা: বললাম তো, কই মাছ!
ছেলে: সেকি বাবা, তুমি কোনো মাছই দেখছ না?

পিনাটস • চার্লস শুলজ

মাদ্রাসাছাত্রীর লাশ উদ্ধার | গাজীপুরের কোনাবাড়ীর একটি মাদ্রাসা থেকে গতকাল এক মাদ্রাসাছাত্রীর লাশ উদ্ধার করেছে পুলিশ। প্রতিনিধি, গাজীপুর

সংক্ষেপে

গাজীপুর

যুবকের লাশ উদ্ধার

গাজীপুর মহানগরে ইসলামপুর এলাকার বিল থেকে ভাসমান অবস্থায় এক যুবকের লাশ উদ্ধার করেছে গাজীপুর মেট্রোপলিটন বাসন থানা-পুলিশ। গতকাল রোববার সকালে পুলিশ অর্ধগলিত লাশটি উদ্ধার করে। তাৎক্ষণিকভাবে ওই যুবকের পরিচয় পাওয়া যায়নি। তবে তাঁর বয়স আনুমানিক ৩৫ বছর। পুলিশ জানায়, সকালে নগরের রিভার ভিউ ফুড পার্ক রেস্টুরেন্টের শাহীন আলম নামের একজন কর্মচারী কাজ করতে গিয়ে অর্ধগলিত লাশ পানিতে ভাসমান অবস্থায় দেখতে পান। পরে পার্ক কর্তৃপক্ষ পুলিশকে খবর দেয়। খবর পেয়ে বাসন থানা-পুলিশ, পিবিআই ও সিআইডি ঘটনাস্থলে এসে লাশটি উদ্ধার করে। গাজীপুর মেট্রোপলিটন পুলিশের বাসন থানার পরিদর্শক (তদন্ত) নন্দলাল ঘোষ বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে বিল থেকে লাশ উদ্ধার করা হয়েছে। বিষয়টি নৌ পুলিশকে জানানো হলে তারাও আসে। সিআইডি, পিবিআই ঘটনাস্থল পরিদর্শন করেছে। তবে লাশটি অর্ধগলিত হওয়ায় কোনো ফিঙ্গারপ্রিন্ট পাওয়া যায়নি। তাই শনাক্ত করা সম্ভব হয়নি। লাশটি অন্য কোনো স্থান থেকে ভেসে আসতে পারে।
প্রতিনিধি, *গাজীপুর*

মানিকগঞ্জ

বিনা মূল্যে স্বাস্থ্য ক্যাম্প

জাতীয়তাবাদী যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মানিকগঞ্জ জেলা যুবদলের উদ্যোগে বিনা মূল্যে স্বাস্থ্যশিবির (ক্যাম্প) অনুষ্ঠিত হয়েছে। গতকাল জেলা শহরে শহীদ স্মৃতিস্তম্ভের সামনে দিনব্যাপী এ কর্মসূচির আয়োজন করে জেলা যুবদল। সকাল সাড়ে ১০টার দিকে স্মৃতিস্তম্ভের পাদদেশে স্বাস্থ্যসেবা ক্যাম্প উপলক্ষে আলোচনা সভা হয়। এতে জেলা যুবদলের আহ্বায়ক কাজী মোস্তাক হোসেনের সভাপতিত্বে ও সদস্যসচিব তুহিনুর রহমানের সঞ্চালনায় বক্তব্য দেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক সত্যেনকান্ত পণ্ডিত ভজন, মানিকগঞ্জ পৌর বিএনপির সভাপতি নাসির উদ্দিন আহমেদ, জেলা কৃষক দলের আহ্বায়ক গোলাম কিবরিয়া, জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক জিয়া উদ্দিন আহমেদ, যুগ্ম আহ্বায়ক মাসুদ পারভেজ, মোস্তাফিজুর রহমান ও মাহবুবুল আলম, জেলা ছাত্রদলের সভাপতি আবদুল খালেক প্রমুখ।
প্রতিনিধি, *মানিকগঞ্জ*

দুরন্তপনা

টিফিনের সময় স্কুল প্রাঙ্গণে দুরন্তপনায় মেতেছে একদল শিশু। গতকাল নারায়ণগঞ্জের জালকুড়ি উত্তরপাড়া এলাকায়। ছবি : প্রথম আলো

কেরানীগঞ্জ

রক্তদান কর্মসূচি

যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঢাকার কেরানীগঞ্জ মডেল থানা যুবদলের আয়োজনে ফ্রি মেডিকেল ক্যাম্প, রক্তদান ও আলোচনা সভা হয়েছে। গতকাল কেরানীগঞ্জের শাক্তা ইউনিয়নের একটি কমিউনিটি সেন্টারে ওই সব কর্মসূচি পালন করা হয়। সভায় প্রধান বক্তা ছিলেন ঢাকা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ইরফান ইবনে আমান। কেরানীগঞ্জ মডেল থানা যুবদলের আহ্বায়ক আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন কেরানীগঞ্জ মডেল থানা বিএনপির সভাপতি মনির হোসেন, সহসভাপতি মো. শামীম, সাধারণ সম্পাদক হাসমতউল্লাহ নবী, ঢাকা জেলা যুবদলের নেতা মাসুদ রানা, কেরানীগঞ্জ মডেল থানা যুবদলের সদস্যসচিব রফিকুল ইসলাম প্রমুখ। এদিকে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দক্ষিণ কেরানীগঞ্জ থানা যুবদল দোয়া মাহফিল ও রক্তদান কর্মসূচি করেছে। কেরানীগঞ্জের জিনজিরা বাসরোড এলাকায় দক্ষিণ কেরানীগঞ্জ থানা বিএনপির প্রধান কার্যালয়ে এসব কর্মসূচি অনুষ্ঠিত হয়।
প্রতিনিধি, *কেরানীগঞ্জ, ঢাকা*

ঢাকার সাভারের সিআরপিতে চিকিৎসাধীন আহত এক ব্যক্তির হাতে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের পক্ষ থেকে ১ লাখ টাকার চেক তুলে দেওয়া হয়। ছবি : প্রথম আলো

সিআরপিতে ভর্তি ৩২ জনকে সহায়তা প্রদান

বৈষম্যবিরোধী আন্দোলন

আহত ৩২ জনকে ১ লাখ টাকা করে আর্থিক সহায়তা দিয়েছে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন।

নিজস্ব প্রতিবেদক, *সাভার*

ঢাকার সাভারের পক্ষাঘাতগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন কেন্দ্রে (সিআরপি) চিকিৎসাধীন বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে আহত ৩২ জনকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের পক্ষ থেকে এ সহায়তা দেওয়া হয়।

গতকাল রোববার বিকেল চারটার দিকে সাভারের শিমুলতলায় সিআরপিতে আসেন জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের নির্বাহী কর্মকর্তা মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ। এ সময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের স্বাস্থ্যবিষয়ক উপকমিটির আহ্বায়ক নাহিদা বুশরা, সাভারের সিআরপির নির্বাহী পরিচালক মোহাম্মদ সোহরাব হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন। তাঁরা সিআরপিতে চিকিৎসাধীন আহত ব্যক্তিদের কাছে গিয়ে তাঁদের খোঁজখবর নেন।

সেখানে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ। তিনি বলেন, 'জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের পক্ষ থেকে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে আহত ব্যক্তিদের সর্বোচ্চ এক লাখ টাকা এবং শহীদ পরিবারকে পাঁচ লাখ টাকা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় সিআরপিতে এসেছি। এখানে ভর্তি ২৭ জনকে বিকাশের মাধ্যমে এবং ৫ জনকে চেকের মাধ্যমে মোট ৩২ লাখ টাকা দেওয়া হয়েছে।'

বাসায় আহত অবস্থায় রয়েছেন এমন ব্যক্তিদের বিষয়ে ফাউন্ডেশনের পক্ষ থেকে কী উদ্যোগ নেওয়া হয়েছে বা কী উদ্যোগ নেওয়া হবে, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ বলেন, 'আমাদের একটি ফরম রয়েছে, সেটি যথাযথভাবে পূরণ করে হটলাইন নম্বর ও ওয়েবসাইট ব্যবহার করে আহত অন্যরা আমাদের সঙ্গে যোগাযোগ করলে আমরা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করব।'

মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ আরও বলেন, 'এককালীন এ আর্থিক সহায়তাই শেষ নয়। আমরা আহত ব্যক্তিদের পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় সব পদক্ষেপ নেব।'

সাভারের সিআরপির নির্বাহী পরিচালক মোহাম্মদ সোহরাব হোসেন বলেন, সিআরপিতে চিকিৎসাধীন বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে আহত ব্যক্তিদের চিকিৎসার ক্ষেত্রে তাঁদের প্রয়োজন অনুসারে সিআরপির বিশেষজ্ঞ চিকিৎসকেরা নিয়মিত সেবা দিয়ে যাচ্ছেন। পুরোপুরি সুস্থ না হওয়া পর্যন্ত আহত ব্যক্তিদের চিকিৎসাসহ থাকা-খাওয়ার বিষয়টি সিআরপির পক্ষ থেকে দেওয়া হবে।

সোহরাব হোসেন আরও বলেন, 'আহত ব্যক্তিদের পুনর্বাসনের লক্ষ্যে কাজ করছে সিআরপি। এ ক্ষেত্রে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন এগিয়ে আসায় আহত ব্যক্তিদের পুনর্বাসনে আমরা সম্মিলিতভাবে কাজ করব।'

মাঝিদের উচ্ছেদ করা সেই 'প্রভাবশালী' গ্রেপ্তার

টঙ্গীর খেয়াঘাট

সংবাদদাতা, *গাজীপুর*

গাজীপুরের টঙ্গীবাজার খেয়াঘাটে দরিদ্র মাঝিদের উচ্ছেদ, খেয়া পারাপারে অতিরিক্ত ভাড়া আদায়, দোকান থেকে চাঁদা আদায়সহ বিভিন্ন অভিযোগে অভিযুক্ত স্থানীয় 'প্রভাবশালী' ও আওয়ামী লীগের নেতা টুটুল সরকারকে গ্রেপ্তার করেছে যৌথ বাহিনী। গত শনিবার রাতে খেয়াঘাটের আইচি ঘাট এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। পরে গতকাল রোববার সকালে তাঁকে টঙ্গী পূর্ব থানায় হস্তান্তর করা হয়। তাঁর বিরুদ্ধে চাঁদাবাজির মামলা করেন এক ব্যক্তি।

এলাকার কয়েকজন বাসিন্দা ও খেয়াঘাটের মাঝিদের সঙ্গে কথা বলে জানা গেছে, তুরাগ নদের টঙ্গীবাজার খেয়াঘাটে প্রায় ৩০ বছর ধরে নৌকা চালাতেন ৬০ মাঝি। সেই আয় দিয়েই সংসার চালাতেন তাঁরা। এর মধ্যে হঠাৎ তাঁদের জীবনে কালো ছায়া হয়ে আসেন টুটুল সরকার। তিনি ঘাটের ইজারা পেয়ে গত ১ জুলাই সব নৌকা চলাচল বন্ধ করে দিয়ে নিজ ব্যবস্থাপনায় ইঞ্জিনচালিত ট্রলার নামিয়ে মানুষ পারাপার শুরু করেন। এতে কাজ হারিয়ে বেকায়দায় পড়েন মাঝিরা।

এ ছাড়া নদী পারাপারে সরকারনির্ধারিত ভাড়া পাঁচ টাকা হলেও টুটুল সরকার দাপট দেখিয়ে যাত্রীদের কাছ থেকে ১০ টাকা করে আদায় করছিলেন। পাশাপাশি নদের পাড়ের দোকান থেকে নিয়মিত চাঁদা আদায় করতেন। এসব বিষয়ে *প্রথম আলোয়* সংবাদ প্রকাশের পর ১৪ জুলাই টঙ্গী নদীবন্দর কর্তৃপক্ষ তিন দিনের মধ্যে মাঝিদের কাজ ফিরিয়ে দেওয়াসহ সরকারনির্ধারিত ভাড়া আদায়ের নির্দেশ দেয়। কিন্তু টুটুল সরকার সে নির্দেশনা বাস্তবায়ন করেননি। পরে কাজ ফিরে না পেয়ে মাঝিরা গ্রামে চলে যান।

টঙ্গী পূর্ব থানার ওসি কায়সার আহমেদ বলেন, 'টুটুল সরকারের বিরুদ্ধে চাঁদাবাজির মামলা করেন আরিফুর রহমান খান নামের তাঁর পূর্বপরিচিত একজন। ঘাটের ইজারার টাকা নিয়ে তাঁদের মধ্যে দ্বন্দ্ব ছিল।'

রেলওয়ের জমি থেকে দুই শতাধিক স্থাপনা উচ্ছেদ

প্রতিনিধি, *গাজীপুর*

গাজীপুরের কালিয়াকৈরে রেলওয়ের জমি থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। গতকাল রোববার সকাল থেকে কালিয়াকৈর হাইটেক পার্ক রেলস্টেশনের পার্শ্ববর্তী এলাকায় এ অভিযান চালায় রেলওয়ে কর্তৃপক্ষ।

জেলা প্রশাসনের সহায়তায় অভিযানে নেতৃত্ব দেন রেলওয়ের ঢাকা বিভাগীয় সহকারী নির্বাহী প্রকৌশলী জুয়েল মিয়া।

অভিযানে প্রায় দুই একর জায়গায় অবৈধভাবে গড়ে ওঠা দুই শতাধিক স্থায়ী ও অস্থায়ী দোকানপাট এবং অন্যান্য স্থাপনা গুঁড়িয়ে দেওয়া হয়।

রেলওয়ের এ অভিযানে আরও উপস্থিত ছিলেন সাব অ্যাসিস্ট্যান্ট প্রকৌশলী রুবিনা আক্তার, জয়দেবপুর রেলওয়ে পুলিশের উপপরিদর্শক (এসআই) সেতেফুর রহমানসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।

মোজাম্মেল ও আজমত উল্লাসহ ৪১৮ জনের নামে মামলা

গাজীপুর

প্রতিনিধি, *গাজীপুর*

বৈষম্যবিরোধী ছাত্র-জনতা আন্দোলনের সময় গত ৫ আগস্ট গাজীপুরে গুলিতে এক কলেজছাত্র আহত হওয়ার ঘটনায় সাবেক মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হককে প্রধান আসামি করে ৪১৮ জনের নাম উল্লেখ করে মামলা হয়েছে।

গত শনিবার রাতে গাজীপুর মেট্রোপলিটনের কাশিমপুর থানায় মামলাটি করেন মহানগরীর দক্ষিণ পানিশাইল এলাকার নুরুল ইসলামের স্ত্রী ও আহত কলেজছাত্রের মা পারুল আক্তার।

এ মামলায় উল্লেখযোগ্য অন্য আসামিরা হলেন গাজীপুর মহানগর আওয়ামী লীগের সভাপতি আজমত উল্লা খান, কাশিমপুর থানা আওয়ামী লীগের সভাপতি আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মীর আসাদুজ্জামান প্রমুখ। এ ছাড়া এ মামলায় ২০০ থেকে ৩০০ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে।

মামলায় বাদী উল্লেখ করেন, 'আমার ছেলে রাকিবুল ইসলাম (১৫) কাশিমপুরের হাতিমারা স্কুল অ্যান্ড কলেজের প্রথম বর্ষে পড়াশোনা করে। গত ৫ আগস্ট আন্দোলনে অংশ নিতে সে বাসা থেকে বের হয়। বেলা সাড়ে ১১টার দিকে আমার ছেলে কাশিমপুরের সাবান ফ্যাক্টরির সামনে রাস্তায় প্রথম স্লোগান দিতে থাকে। এ সময় ১ থেকে ১০ নম্বর আসামিদের হুকুমে অন্য আসামিসহ অজ্ঞাতনামা ২০০ থেকে ৩০০ জন আওয়ামী লীগের সন্ত্রাসীরা আগ্নেয়াস্ত্র, রামদা ও লাঠিসোঁটা নিয়ে ছাত্র-জনতার ওপর হামলা করেন এবং গুলি চালান। তখন পিস্তলের গুলি রাকিবুলের মাথার ডান পাশে লেগে সে গুরুতর আহত হয়ে মাটিতে পড়ে যায়। পরে তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে হাসপাতালে নেওয়া হয়। এ সময় চিকিৎসকেরা আমার ছেলের মাথায় অস্ত্রোপচার করে একটি গুলি বের করেন।'

অর্থঋণ আদালত, চট্টগ্রাম
অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারা মতে

"নিলাম বিজ্ঞপ্তি"

অর্থঋণ জারী মামলা নং-২২৬/২০২৪ ইং।

AB Bank PLC, a publicly listed company incorporated under companies Act. 1913, carrying on banking business being licensed under Bangladesh Bank, having its Corporate Office at The Skymark, 18, Gulshan Avenue, Dhaka-1212. Bangladesh along with one of its Branch Offices, namely AB Bank PLC, Agrabad Branch, having Address at BCIC sadan, 26, Agrabad C/A, Chattogram, Bangladesh. ---Decree Holder.

--Versus--

1) **Maheen Enterprise Limited** (Borrower and Mortgagor) having its Business address: at House No 61/C, Road No. 2 Khulshi Hills R/A, Chattogram And Head Office Address: ARI Group, BGMEA Bhaban (2nd Floor) Zakir Hossam Road, Khulshi, Chattogram. And Yard Office: Middle Sonaichhari, Sitakunda, Chattogram. 2) **ARI. Shipbreaking Limited** (Borrower) having its Business address: at House No 61/C. Road No 2. Khulshi Hills R/A, Chattogram And Head Office Address: ARI. Group. BGMEA Bhaban (2nd Floor) Zakir Hossain Road, Khulshi, Chattogram And Yard Office: Middle Sonaichhari, Sitakunda, Chattogram. 3) **M/S Maheen Enterprise** (Mortgagor) represented by its Proprietor- namely Mr. Ashiqur Rahman Lasker, having its Business address: at House No 61/C, Road No 2, Khulshi Hills R/A. Chattogram. Present Address: Holding No 205, Road No.5. Khulshi Residential Area, Khulshi Hills-4225, Chattogram. And Head Office Address: ARI. Group. BGMEA Bhaban (2nd Floor) Zakir Hossain Road, Khulshi, Chattogram And Yard Office: Middle Sonaichhari Sitakunda, Chattogram. 4) **Mr. Ashiqur Rahman Lasker** (Mortgagor), Son of Mohammad Atiur Rahman Lasker, and Shamsun Nahar Lasker. Managing Director- Maheen Enterprise Limited, NID No.7311672195, Present Address: Holding No 205, Road No 5. Khulshi Residential Area, Khulshi Hills- 4225, Chattogram And Business Address: House No 61/C. Road No 2. Khulshi Hills R/A, Chattogram And Head Office: ARI. Group. BGMEA Bhaban (2nd Floor) Zakir Hossain Road, Khulshi, Chattogram. And Yard Office: Middle Sonaichhari, Sitakunda, Chattogram. 5) **Mr. Mohammad Atiur Rahman Lasker** (Mortgagor) Managing Director. ARI Shipbreaking Limited. NID No.19481594308137803. Permanent Address: 156. Nur Ahmed Sarak. Police Station- Kotwal District- Chattogram And Present Address: Holding No.205, Road No 5, Khulsh: Residential Area. Khulshi Hills-4225, Chattogram And Business Address: House No 61/C. Road No 2. Khulshi Hills R/A, Chattogram And Head Office: ARI Group, BGMEA Bhaban (2nd Floor) Zakir Hossain Road, Khulshi Chattogram. And Yard Office: Middle Sonaichhari, Sitakunda, Chattogram 6) **Mrs. Shamsun Nahar Lasker** (Mortgagor) Wife of Mr. Mohammad Atiur Rahman Lasker. NID No 19601594308137804. Permanent address: 156. Nur Ahmed Sarak. Police Station- Kotwali, District- Chattogram And Present Address: Holding No.205, Road No.5, Khulshi Residential Area. Khulshi Hills-225. Chattogram And Business Address: House No 61/C, Road No 2. Khulshi Hills R/A. Chattogram. And Head Office: ARI Group. BGMI A Bhaban (2nd Floor) Zakir Hossain Road, Khulshi, Chattogram And Yard Office: Middle Sonaichhari, Sitakunda, Chattogram. 7) **Ms. Rubaiya Lasker** (Guarantor), Daughter of Osman Ali Khan and Tasnin Osman. Chairman Maheen Enterprise Limited, NID No- 4161652567. Present Address: Holding No.205. Road No 5, Khulshi Residential Area. Khulshi Hills 4225. Chattogram And Business Address: House No 61/C Road No 2, Khulshi Hills R/A, Chattogram And Head Office: ARI Group. BGMEA Bhaban (2nd Floor) Zakir Hossain Road, Khulshi, Chattogram And Yard Office: Middle Sonaichhari, Sitakunda, Chattogram. --------Judgment Debtors.

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাইতেছে যে, ডিক্রীদারের প্রাপ্য **১২,৫৭০,২১৮,৯৭৪.১২** টাকা মোকদ্দমা দায়েরের তারিখ হইতে আদায় কালতক ব্যাংক হিসাব মতে সুদসহ আদায় কল্পে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি অত্র আদালতে রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী **১৭/১১/২০২৪** ইং তারিখ বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আহ্বান করা যাইতেছে।

নিলামের শর্তাবলী

১) প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংক ও কথায় লিখিয়া এবং দরপত্র সীলমোহারকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। ২) দরপত্র অপরাহ্ন ০২.০০ ঘটিকার মধ্যে অর্থঋন আদালত, চট্টগ্রাম-এ রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐ দিনই অপরাহ্ন ০২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে। ৩) প্রত্যেক দরদাতা উদ্ধৃত্ত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত্ত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডারের মাধ্যেমে অর্থঋন আদালত, চট্টগ্রাম এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। ৪) অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহিত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে অর্থঋন আদালত জামানাতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন। ৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং নিম্নবর্ণিত কোন তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র এবং কম জমানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে। ৬) উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন। ৭) নিলামে অংশগ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। ৮) কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার অর্থঋন আদালত সংরক্ষণ করেন। ৯) জাতীয় রাজস্ব বোর্ডের এস,আর,ও নং- ১৪৯-আইন/২০২০/১১০ স্মারক তারিখ ১১/০৬/২০২০ এর বিধান মোতাবেক নিলামকারী এবং নিলাম খরিদকারী উভয়ের কাছ থেকেই উৎসে ভ্যাট আদায়যোগ্য।

SCHEDULE OF THE PROPERTIES

SCHEDULE-1:- (AS PER SECTION 8(2) (KHA) OF THE ARTHA RIN ADALAT AIN, 2003)

1. (As per Deed of Mortgage No.4692 dated 24.06.2013) Apartment No-"B" on the 3rd Floor (North Side). measuring 3177.22 sft with all fittings and fixtures thereon and a car parking space on the ground floor in the building situated at Plot No-2. Dutabash Road, Block-K, Baridhara R/A, Dhaka alongwith 1.0959 katha or 1.83 decimal undivided and demarcated land out of total land measuring 9 (Nine) kathas or 15 decimal. Owned & possessed by Mortgagor No.2 Mr. Atiur Rahman Lasker vide Regd. Title Deed No-2560 Dated- 10.03.2003. **2.** Apartment No-"A". on the 4th Floor (South side) measuring 3094.58 sft with all fittings and fixtures thereon and a car parking space on the ground floor in the building situated at Plot No-2, Dutabash Road, Block-K, Baridhara R/A, Dhaka along with 1.0959 katha or 1.83 decimal undivided and demarcated land out of total land measuring 9 (Nine) kathas or 15 decimal. Owned & possessed by Mortgagor No.3 Mrs. Shamsun Nahar Lasker vide Regd. Title Deed No-2561 Dated- 10.03.2003. **3.** Mouza-Khulshi, PS-Panchlaish, at present Khulshi, District-Chattogram land covered by R.S. Plot No-691, 692, 691/787 under R.S. Khatian No-186/17, 136 and 117 corresponding P.S. Plot No-450 and 451 under PS Khatian No-65/67, P.S. Mutation Khatian No-647 measuring an area of 22.00 (Twenty Two) decimal together with construction and to be constructed thereon. Owned & possessed Mortgagor No.4 Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-9282 Dated- 06.08.2007. **4.** Mouza-Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram, J.L.No.48, Land covered by R.S. Plot No- 2101, 2102, 2103, 2104, 2109, 2063, 2070, 2079, 2080, 2093, 3067, 2103, 2069, 2073 and 2081 under R.S. Khatian No-629, 684, 696, 695, 655 and 605 corresponding B.S. Plot No-4128, 4368, 4384, 4382, 4396, 4403, 5040, 4369, 4376, 4378, 4383, 4397, 4404, 4367, 4409, 4410 and 4370 under B.S. Khatian No-423, 616, 644, 645 and 646 measuring and area of 24.78 (Twenty Four Point Seven Eight) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-943 Dated-11.02.2009. **5.** Mouza-Middle Sonaichari, P.S.Sitakunda, District- Chattogram, J.L.No.48. Land covered by R.S. Plot No- 2029, 2026 and 1530 under R.S. Khatian No-1244, 1349 and 484 corresponding B.S. Plot No-1736, 4124 and 4130 under B.S. Khatian No-1436 measuring an area of 7.00 (Seven point Zero Zero) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise, Proprietor- Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-1956 Dated-18.03.2009. **6.** Mouza-Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram, J.L.No.48. Land covered by R.S. Plot No- 2998, 3001, 3002, 2973, 2990, 2991, 2992, 2995, 2997, 2993, 3058, 2902, 2900, 2971, 2985, 2987, 2970, 3029, 3004, 2996, 3007, 3014, 3085, 3086, 2189, 3028, 3035, 3033, 3025, 2090, 3019, 3010, 3018, 2073, 2080, 2079, 2092, 2070, 2097, 3067, 2085, 3026, 2082, 2086, 2089, 3011, 3012, 3022, 3061, 2102, 2093, 3067, 3006, 3027, and 3024 under R.S. Khatian No-700, 235, 685, 1071, 1013, 427, 135, 2213, 969, 1579, 735, 1559, 1061, 734, 721, 696, 697, 718 and 566 corresponding B.S. Plot No- 4991, 4989, 5002, 5005, 4952, 4997, 5001, 4934, 4944, 4953, 4954, 4957, 4959, 4977, 4996, 4998, 4996, 4449, 4992, 5000, 4424, 5031, 5023, 5008, 5010, 5026, 5027, 5011, 4068, 4403, 4980, and 4981 under B.S. Khatian No-494, 1041, 1042, 1040, 1044, 1547, 365, 1090, 1091, 646, 1092, 366, 1089 and 1120 measuring an area of 71.08 (Seventy One point Zero Eight) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-7257 Dated-30.08.2009. **7.** Mouza-Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram. J.L.No.48. Land covered by R.S. Plot No- 2035, 2055, 2141, 2133, 2132, 2053, 2018 and 2037 under R.S. Khatian No-1333, 1390, 1220, 1233, 1383, 606 and 1335 corresponding B.S. Plot No-4153, 4174, 4161, 4168, 4152, 4108 and 4132 under B.S. Khatian No- 296, 996, 509, 462, 406 and 1552 measuring an area of 45.73 (Forty Five point Seventy Three) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise, Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-1814, Dated-15.03.2009. **8.** Mouza-Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram, J.L.No.48. Land covered by R.S. Plot No- 3014, 3015, 3064, 3085, 3086, 3087, 3078, 3077, 3079, 3040, 3041, 3042, 3059, 3078, 3070, 3074, 3073, 3059, 2069, 2073, 2081, 2094, 2089, 2197 and 2080 corresponding B.S. Plot No-5011, 5018, 5028, 5048, 5049, 5050, 5046, 5047, 4665, 5077, 5045, 5041, 5043, 5044, 4376, 4378, 4383, 4397, 4404, 4406 and 4084 on compromise possession is on B.S. Plot No-5047 under B.S. Khatian No-217 measuring an area of 4.00 (Four point Zero Zero) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-2404 Dated-02.04.2009. **9.** Mouza-Middle Sonaichari, P.S.Sitakunda, District- Chattogram. J.L.No.48, Land covered by R.S. Plot No- 2037 and 2053 under R.S. Khatian No-1335 and 1358 corresponding B.S. Plot No-4132 and 4152 under B.S Khatian No-1552 and 406 measuring an area of 6.13 (Six point One Three) decimal together with present and future construction thereon and right of easement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-2439 Dated 05.04.2009. **10.** Mouza-Middle Sonaichari, P.S.Sitakunda, District- Chattogram, J.L.No.48. Land covered by R.S. Plot No-2086 under R.S. Khatian No-653 corresponding B.S. Plot No-4389 under B.S. Khatian No-968 measuring an area of 41.83 (29.00+12.83) (Forty One 25 Point Eight Three) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-2442 & 2443 Dated-21.03.2011. **11.** Mouza-Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram, J.L.No.48, Land covered by R.S. Plot No- 2133, 2021 and 2131 under R.S. Khatian No-1220 and 1240 corresponding B.S. Plot No-4161, 4107 and 4169 under B.S. Khatian No-996 and 997 measuring an area of 7.40 (Seven Point Four Zero) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise, Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-2287, Dated-30.03.2009. **12.** Mouza-Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram, J.L.No.48, Land covered by R.S. Plot No- 2047, 2057 and 2030 under R.S. Khatian No-1339 corresponding B.S. Plot No-4143, 4147 and 4158 under B.S. Khatian No-908 measuring an area of 4.34 (Four Point Three Four) decimal together with present and future construction thereon and right of easement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-1961 Dated-18.03.2009. **13.** Mouza- Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram, J.L.No.48. Land covered by R.S. Plot No- 2962, 2909, 2905, 2910, 3215 and 3171 under R.S. Khatian No-1010 corresponding B.S. Plot No-4974, 4926, 4929, 5124, 5517, 5567, 6332, 6401 and 6691 under B.S Khatian No-260 on compromise position is on RS Plot No.2962 corresponding B.S Plot No.4974 measuring an area of 13.00 (Thirteen Point Zero Zero) decimal together with present and future construction thereon and right of easement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-2403, Dated-02.04.2009. **14.** Mouza- Middle Sonaichari, P.S. Sitakunda. District- Chattogram, J.L.No.48. Land covered by R.S. Plot No- 2960, 2955, 2894, 2911, 2912 and 2913 under R.S. Khatian No-1010, 1213, 1084, 350 and 103 corresponding B.S.Plot No-4971, 4970, 4919, 5121, 5122 and 5123 under B.S. Khatian No-1268 and 1296 on compromise possession is on B.S Plot No.4970 measuring an area of 19.92 (Nineteen Point Nine Two) decimal together with present and future construction thereon and right of easement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-8988 Dated-29.10.2009. **15.** Mouza-Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram. J.L.No.48. Land covered by R.S.Plot No- 3026, 2992, 2997, 2998, 3001, 2990, 2526, 2552, 2955, 3029, 2999 and 3002 under R.S. Khatian No-235, 685 and 2213 corresponding B.S. Plot No-5031, 4991, 4997, 5001, 5002 and 5005 under B.S. Khatian No-1044, 1042 and 1041 measuring an area of 4.72 (Four Point Seven Two) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-4957 Dated-22.08.2009. **16.** Mouza-Middle Sonaichari, P.S. Sitakunda, District- Chattogram, J.L.No.48, Land covered by R.S. Plot No- 2112, 2973, 2123, 2992, 2993, 2998, 3001, 2990 and 2997 under R.S. Khatian No-235 and 685 corresponding B.S. Plot No-4991, 4952, 4413, 4992, 4993, 4989, 4997, 5001, 5002, 5005 and 4361 under B.S. Khatian No-493, 494, 1042 and 1041 measuring an area of 9.99 (1.47+8.52) (Nine Point Nine Nine) decimal together with present and future construction thereon and right of casement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-1056 Dated-03.02.2010 and Deed No-1923 Dated 29.02.2012. **17.** Mouza-Middle Sonaichari, P.S.Sitakunda, District- Chattogram, J.L.No.48. Land covered by R.S. Plot No- 2994, 2992, 2112, 2088. 2967, 2986, 3000, 2999, 3002, 2988, 2085, 2090, 3019 and 3003 under R.S. Khatian No-685, 735, 235, 2268, 636, 641, 716, 718 and 282 corresponding B.S. Plot No-1990, 4991, 4413, 4418, 4993, 4994, 5007, 5004, 5003, 5006, 4995, 4388, 4393 and 5023 under B.S. Khatian No-235, 1019, 333, 237, 238, 792 and 1090 measuring an area of 9.97 (Nine Point Nine Seven) decimal together with present and future construction thereon and right of easement thereto. Owned & possessed by Mortgagor No.1 M/s. Maheen Enterprise Proprietor Mr. Ashiqur Rahman Lasker vide Regd. Title Deed No-9345 Dated-02.11.2011.

SCHEDULE-11:- (As per Deed of Mortgage No.5541 dated 19.10.2016)

1. District-Chattogram. P.S.Sitakunda, Mouza-Bansbaria, J.L.No.41, comprised in R.S. Khatian No-419, part of R.S. Plot No-8626. corresponding to B.S. Khatian No- 440, previous B.S. Mutation Khatian No-4740, Present B.S. Mutation Khatian No-7220, part of B.S Plot No- 12086 measuring an area of 4400 shatangsha or 44.00 (Forty Four) decimal of land with present and future construction thereon. Bounded: North: Nilmony, South: Shariatullah, East: Polash Nath & West: Yasin Owned & possessed Maheen Enterprise Ltd covered by Regd. Sale Deed No-1477, Dated-20.03.2016. **2.** District-Chattogram, P.S. Sitakunda, Mouza-Boalia, J.L.No.40, comprised in R.S.Khatian No-162, part of R.S.Plot No-448, 458, 460, corresponding to B.S. Khatian No-166, 144 Previous B.S. Mutation Khatian No-981, 982, Present B.S. Mutation Khatian No-1172, part of B.S. Plot No-524, 559, 561, measuring an area of 7780 shatangsha or 77.80 (Seventy Seven Point Eight Zero) decimal of land with present and future construction thereon. Bounded by B.S. Plot No.524: North: B.S Plot No.522, South: B.S Plot No.582, East: B.S Plot No.526 & West: B.S Plot No.577. Bounded by B.S. Plot No.559: North: B.S Plot No.565. South: B.S Plot No.557, East: B.S Plot No.558 & West: B.S Plot No.560. Bounded by B.S. Plot No.561: North: B.S Plot No.514, South: B.S Plot No.552, East: B.S Plot No.557 & West: B.S Plot No.524. Owned & possessed Maheen Enterprise Ltd covered by Regd. Sale Deed No-1516, Dated-21.03.2016. **3.** District-Chattogram. P.S. Sitakunda, Mouza-Bansbaria, J.L.No.41, comprised in R.S.Khatian No-96, part of R.S. Plot No-8657, corresponding to B.S. Khatian No-1268, Previous B.S. Mutation Khatian No-3767, 6055, Present B.S. Mutation Khatian No-7221, part of B.S. Plot No- 12126 measuring an area of 1833 shatangsha or 18.33 (Eighteen Point Three Three) decimal of land with present and future construction thereon. Bounded by: North: B.S Plot No.12127, South: Rest land of the Plot East: B.S Plot No.12127, & West: B.S Plot No.12192, Owned & possessed by Maheen Enterprise Ltd vide Regd. Sale Deed No-1510 Dated-21.03.2016. **4.** District-Dhaka, P.S & Registry Office Badda, Mouza- Zowar Shahara, Comprised in CS Khatian No.380, SA Khatian No.812, R.S. Khatian No.298. Dhaka City Jarip Khatian No. 18766, 18761 Jote No.47/98, 42/98, present B.S. Mutation Khatian No.33956 corresponding to Plot Nos. CS & SA 3062/3442, R.S 7220, Dhaka City Jarip & Mutation Plot No. 26010, Flat Measuring 1640 (One Thousand Six Hundred Forty) sft. Flat No-A-5, (5th Floor) with a Carparking (Ground floor) measuring 120 sft with undivided & Undemarketed proportionate share .8250 acre or .00825 Ajutangsha of land together with common space all right, title, interest, easement on the Flat building total area of land 0990 Ajutangsha situated in the plot No.15/E, 15/F, Block-G, of Bashundara Residential area made by M/S. East West property Development (Pvt.) Ltd. Bounded by: North: Plot No.15/Q & 15/R, South: Road, East: Plot No.15/D, & West: Plot No. 15/G. Owned & possessed by Maheen Enterprise Ltd vide Regd. Sale Deed No-7784 Dated -03.09.2014

স্বা/ঃ
মুজাহিদুর রহমান
জজ (যুগ্ম জেলা জজ) অর্থঋণ আদালত, চট্টগ্রাম।

Civil Aviation Authority of Bangladesh
Office of the Executive Director
CEMSU, Kurmitola, Dhaka-1229.

e-GP Tender Notice

e- Tender is invited in the National e-GP system portal (http://www.eprocure.gov.bd) for the procurement of following item:

S/L No	Tender ID	Method	Package No.	Description of Item	Tender Document Last Selling Date & Time	Last date & Time for Tender Security Submission	Tender Closing Date & Time	Tender Opening Date & Time
1.	1029263	OSTEM	30.31.0000.121.07.002.24.175-a d-23/10/2024	Flight Calibration and Commissioning of ILS-14 for Cat-II at Hazrat Shah Jalal International Airport, Dhaka.	11/11/2024 11.01	11/11/2024 11.30	11/11/2024 12.01	11/11/2024 12.01

This is an Online Tendering System, only e-tender will be accepted in the National e-GP system portal and no Offline /hard copies will be accepted.

To submit e-Tender, registration in the National e-GP system portal (http://www.eprocure.gov.bd) is required. The fees for downloading the e-Tender documents from the National e-GP system portal have to be deposited though online to any registered Bank's branches. Further information and guidelines are available in the National e-GP portal and e-GP Help Desk (helpdesk@eprocure.gov.bd).

নং-৩০.৩১.০০০০.০৫১.০৫.০০১.২৪/৫১১
তারিখ: ২৭/১০/২০২৪ খ্রিঃ

27.10.2024
Md. Rezaul Islam
Executive Director,
CEMSU, CAAB, Kurmitola, Dhaka-1229.

ট্রেনে কাটা পড়ে মৃত্যু | চট্টগ্রামে ময়মনসিংহগামী ট্রেনে কাটা পড়ে গতকাল অজ্ঞাতনামা এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম

সংক্ষেপে

চট্টগ্রাম

নগর বিএনপির এক নেতাকে বহিষ্কার

দুই পক্ষের সংঘর্ষের পরদিন চট্টগ্রাম নগর বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক এস কে খোদা তোতনকে দলটির প্রাথমিক সদস্যসহ সব পর্যায়ের পদ থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল রোববার বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত চিঠিতে এই তথ্য জানানো হয়। চিঠিতে বলা হয়, এস কে খোদা তোতনের বিরুদ্ধে দখল, সন্ত্রাস, ভয়ভীতি প্রদর্শন এবং দলের নীতি ও আদর্শ পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগ রয়েছে। এ কারণে তাঁকে বহিষ্কার করা হয়েছে। এর আগে গত শনিবার রাতে বহিষ্কার করা হয় নগরের খুলশী থানা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক শাহ আলমকে। দুজনকে বহিষ্কারের বিষয়টি নিশ্চিত করেছেন নগর বিএনপির দপ্তরের দায়িত্বে থাকা ইদ্রিস আলী বিষয়টি প্রথম আলোকে নিশ্চিত করেছেন। উল্লেখ্য, শনিবার সন্ধ্যায় চট্টগ্রাম নগরের খুলশী থানাধীন সেগুনবাগান এলাকায় বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে দুই পক্ষের ছয়জন আহত হন। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

নিজস্ব প্রতিবেদক, *চট্টগ্রাম*

বিক্ষোভ চাকরির বয়সসীমা ৩৫ বছর করার দাবিতে বিক্ষোভ করেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এ সময় শাহবাগ মোড়ের দিকে এগোতে চাইলে পুলিশের বাধার মুখে পড়েন তাঁরা। গতকাল রাজধানীর শাহবাগ এলাকায়। ছবি : আশরাফুল আলম

‘হঠাৎ গাড়িটি আমাদের ওপর উঠিয়ে দিল’

বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের সামনে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে এ ঘটনা ঘটে।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

নৌবাহিনীর ‘সিম্যান’ পদে চাকরির পরীক্ষা দিতে গাইবান্ধা থেকে ঢাকায় এসেছিলেন সাতজন। খিলক্ষেতে পরীক্ষা শেষে বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের সামনের ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পাশ ধরে হাঁটছিলেন তাঁরা। হঠাৎ একটি প্রাইভেট কার এসে তাঁদের পেছন থেকে জোরে ধাক্কা দেয়।

গতকাল রোববার বেলা দেড়টার দিকে এ ঘটনা ঘটে। ঘটনায় গুরুতর আহত তিনজনকে রাজধানীর জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (নিটোর) চিকিৎসার জন্য নেওয়া হয়। বাকিরা সামান্য আহত হয়েছেন।

ডান পা ভেঙে হাসপাতালে চিকিৎসাধীন গাইবান্ধা আদর্শ কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র মো. সামিউল ইসলাম *প্রথম আলোকে* বলেন, ‘সেকেন্ডের মধ্যে কী হয়ে গেল, বুঝে উঠতে পারিনি। এটা যে গাড়ির ধাক্কা ছিল, তা-ও বুঝতে পারিনি। ৫-১০ মিনিট অজ্ঞান অবস্থাতেই সেখানে পড়েছিলাম।’

রাজধানীর বিমানবন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এরশাদ আহমেদ *প্রথম আলোকে* জানান, গাড়িটি জব্দ করা হয়েছে। চালক মোস্তাফিজুর রহমানকে আটক করা হয়েছে। তিনি বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে চালক বলেছেন, গাড়ির সামনের একটি চাকা বিকল ছিল।

আহত ব্যক্তিরা জানান, ফুটপাত না থাকায় সড়কের পাশ ধরে একজনের পেছনে অন্যজন হাঁটছিলেন। হঠাৎ প্রচণ্ড গতিতে আসা সাদা রঙের একটি প্রাইভেট কার তাদের ধাক্কা দেয়। এতে সাতজনের দলের পেছনে থাকা মো. সামিউল ইসলাম, মামুন অর রশীদ ও মো. আকাশ গুরুতর আহত হন।

সড়কের পাশ ধরে হেঁটে চলা এই তরুণদের ওপর প্রাইভেট কারটি উঠিয়ে দেওয়া হয়। ছবি : ভিডিও থেকে নেওয়া

প্রত্যক্ষদর্শী ও হাসপাতাল সূত্র জানায়, দুর্ঘটনাস্থলেই জ্ঞান হারান সামিউল, তার ডান পা ভেঙে গেছে। প্রাইভেট কারের আঘাতে মামুন গাড়িটির ওপরে উঠে গ্লাসের ওপরে গিয়ে পড়েন। তাঁরও ডান পায়ের হাড় ভেঙে গেছে। মারাত্মক জখম হয়েছে আকাশেরও।

সাতজনের দলে আরও ছিলেন আতিক মাহাবুব নুর, ফজলে রাব্বী, রাকিব ও সম্পদ। তাঁদের সবার বাড়িই গাইবান্ধায়। সাতজনের মধ্যে আহত মামুন, সামিউল ও রাকিব প্রথমবারের মতো ঢাকায় এসেছেন। নৌবাহিনীর পরীক্ষা দিয়ে তাঁরা গাইবান্ধার উদ্দেশে রওনা হয়েছিলেন।

নিটোর জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক ডা. মো. কাইয়ুম হোসেন বলেন, বিমানবন্দর এলাকা থেকে আহত অবস্থায় তিনজন হাসপাতালে এসেছেন। তাঁদের মধ্যে একজনকে (সামিউল) অস্ত্রোপচারের জন্য নেওয়া হয়েছে। তাঁকে ভর্তি করা হবে। বাকি দুজন তুলনামূলক ভালো আছেন।

সাংবিধানিক সংকট তৈরির পাঁয়তারা হচ্ছে : সালাহ উদ্দিন

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

দেশে অনেক ধরনের সাংবিধানিক সংকট তৈরি করার পাঁয়তারা চলছে বলে অভিযোগ করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহ উদ্দিন আহমেদ। সাংবিধানিক সংকট সামনে রেখে পতিত ফ্যাসিবাদের দোসররা যাতে কোনো সুযোগ না নিতে পারে, সে বিষয়ে সবাইকে সজাগ থাকতেও বলেছেন তিনি।

গতকাল রোববার রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক মতবিনিময় সভায় এসব কথা বলেন সালাহ উদ্দিন। আওয়ামী লীগের শাসনের বিরুদ্ধে আন্দোলনে নিহত ব্যক্তিদের পরিবারের সদস্যদের সঙ্গে এই মতবিনিময় সভার আয়োজন করে জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী উত্তর শাখা। সভায় অন্যান্য রাজনৈতিক দলের নেতারাও অংশ নিয়ে বক্তব্য দেন।

বিএনপি নেতা সালাহ উদ্দিন বলেন, ‘আজ অনেক রকমের সাংবিধানিক সংকট তৈরি করার পাঁয়তারা চলছে। সাংবিধানিক সংকট যদি হয়, রাষ্ট্রীয় সংকট যদি হয়, রাজনৈতিক সংকট যদি হয়, সেই রাজনৈতিক সংকটের পেছনে কী শক্তি আছে, সেটা আগে আমাদের বিশ্লেষণ করতে হবে। তার ফলাফল কী হবে, তা বিশ্লেষণ করতে হবে।’

গণতান্ত্রিক অধিকার কমিটি

২৩ নভেম্বর ‘বৈচিত্র্যের ঐক্য’ সমাবেশ

বিশেষ প্রতিবেদক, *ঢাকা*

বাংলাদেশের সব ধরনের ধর্মীয়, লিঙ্গীয়, জাতিগত, পেশাগত ও সাংস্কৃতিক বৈচিত্র্যের মানুষদের নিয়ে ‘বৈচিত্র্যের ঐক্য’ সমাবেশ করার ঘোষণা দিয়েছে গণতান্ত্রিক অধিকার কমিটি। আগামী ২৩ নভেম্বর ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে হবে এই সমাবেশ।

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডাকসু ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত গণতান্ত্রিক অধিকার কমিটির সাধারণ সভায় এ সিদ্ধান্ত হয়। কমিটির সংবাদ বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানানো হয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, সমাবেশে নারী-পুরুষসহ বিভিন্ন ধর্মাবলম্বী মানুষের পাশাপাশি দেশের পাহাড় ও সমতলের ভিন্ন জাতিসত্তার জনগোষ্ঠী, বিভিন্ন লিঙ্গীয় বৈচিত্র্যের জনগোষ্ঠী, দলিত জনগোষ্ঠীসহ সমাজে ও রাষ্ট্রে প্রান্তে ঠেলে দেওয়া জনগোষ্ঠীর মানুষেরা উপস্থিত থাকবেন। এ ছাড়া সারা দেশের মাজার-দরগাহগুলোর নানা ধরনের তরিকাপন্থী মানুষ, বাউল, কবি, ফকিরসহ বিভিন্ন বৈচিত্র্যের শিল্পীরাও উপস্থিত থাকবেন। সমাবেশে আরও উপস্থিত থাকবেন রিকশাশ্রমিক, চা-শ্রমিক, পোশাকশ্রমিক, যৌনকর্মীসহ বিভিন্ন পেশার শ্রমজীবী নিপীড়িত মানুষ, শিক্ষার্থী, শিক্ষক, আইনজীবী, লেখক, সাংবাদিক, গবেষকসহ নানা শ্রেণি-পেশার মানুষ।

অধ্যাপক আনু মুহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য দেন অধ্যাপক হারুন-অর-রশিদ, অধ্যাপক মামুন আল রশিদ, শিক্ষক সামিনা লুৎফা, শ্রমিকনেতা কাফি রতন, ইকবাল কবীর, শিক্ষক ও গবেষক মাহা মীর্জা, নারীনেত্রী সীমা দত্ত প্রমুখ।

পৃথক সচিবালয় গঠনের প্রস্তাব আইন মন্ত্রণালয়ে

বিচার বিভাগ

প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নির্দেশনা অনুসারে সুপ্রিম কোর্ট প্রশাসন গতকাল একটি ধারণাপত্রসহ এই প্রস্তাব পাঠায়।

- বিচার বিভাগের জন্য পৃথক বিচার বিভাগীয় সচিবালয় প্রতিষ্ঠা দীর্ঘদিনের দাবি।
- গত ২১ সেপ্টেম্বর অভিভাষণে প্রধান বিচারপতি এ নিয়ে উদ্যোগ নেওয়ার আশ্বাস দেন।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

বিচার বিভাগের জন্য পৃথক সচিবালয় গঠনের প্রস্তাব আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নির্দেশনা অনুসারে সুপ্রিম কোর্ট প্রশাসন গতকাল রোববার একটি ধারণাপত্রসহ এই প্রস্তাব পাঠায়। বিচার বিভাগের জন্য একটি পৃথক বিচার বিভাগীয় সচিবালয় প্রতিষ্ঠা আইনজীবীসহ অংশীজনদের দীর্ঘদিনের দাবি।

সারা দেশের অধস্তন আদালতের বিচারকদের উদ্দেশে গত ২১ সেপ্টেম্বর দেওয়া এক অভিভাষণে প্রধান বিচারপতি বলেছিলেন, একটি ন্যায়ভিত্তিক বিচারব্যবস্থার কাজ হলো নিরপেক্ষভাবে স্বল্প সময় ও খরচে বিরোধের মীমাংসা নিশ্চিত করে জনগণ, সমাজ, রাষ্ট্রকে সুরক্ষা দেওয়া। এ জন্য বিচার বিভাগকে নির্বাহী বিভাগ ও আইন সভা থেকে পৃথক ও স্বাধীন করা সবচেয়ে জরুরি।

প্রধান বিচারপতি আরও বলেছিলেন, ‘বাংলাদেশে নির্বাচন কমিশন সচিবালয়, জাতীয় সংসদ সচিবালয়ের মতো বিচার বিভাগের জন্য পৃথক সচিবালয় প্রতিষ্ঠার জন্য পরিপূর্ণ প্রস্তাব প্রস্তুতক্রমে আমরা শিগগিরই আইন মন্ত্রণালয়ে প্রেরণ করব।’

অভিভাষণের এক মাস ছয় দিনের মাথায় প্রধান বিচারপতির নির্দেশনা অনুসারে সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল গতকাল আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সচিব বরাবর ধারণাপত্র ও কিছু সংযুক্তিসহ ওই প্রস্তাব পাঠালেন।

ধারণাপত্রে যা বলা হয়েছে

আধুনিক রাষ্ট্রব্যবস্থায় রাষ্ট্রের তিনটি বিভাগের মধ্যে ক্ষমতার পৃথক্‌করণ কার্যকররূপে বাস্তবায়িত না হলে রাষ্ট্রে সংবিধানের সুসংহত চর্চা বিভিন্ন প্রতিবন্ধকতার সম্মুখীন হয় বলে ধারণাপত্রে উল্লেখ করা হয়েছে। বলা হয়, এর ফলে রাষ্ট্রের বিভিন্ন বিভাগসমূহের মধ্যে ক্ষমতার সূক্ষ্ম ভারসাম্য বজায় রাখার যে প্রয়োজনীয়তা রয়েছে, তা একদিকে যেমন ব্যাহত হয়, তেমনি সামগ্রিকভাবে রাষ্ট্রের গণতান্ত্রিক ভিত্তি দুর্বল হয়ে পড়ে।

ধারণাপত্রে বলা হয়, ‘বাংলাদেশ একটি সাংবিধানিক গণতান্ত্রিক রাষ্ট্র হওয়া সত্ত্বেও আমাদের দেশে ক্ষমতার পৃথক্‌করণ নীতি বাস্তবায়নের ক্ষেত্রে, বিশেষ করে দীর্ঘদিন ধরে বিচার বিভাগের ওপর নির্বাহী বিভাগের কর্তৃত্ব প্রয়োগের প্রবণতার যে চর্চা অব্যাহত রয়েছে, তা রোধ করার ক্ষেত্রে বিভিন্ন সীমাবদ্ধতা রয়েছে। স্বীকার করতে দ্বিধা নেই যে এর ফলে স্বাধীনতার পর থেকে অদ্যাবধি আমাদের দেশে আইনের শাসন ও সাংবিধানিক বাধ্যবাধকতা চর্চার সুস্থ সংস্কৃতির বিকাশ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অথচ সংবিধানের ২২ অনুচ্ছেদে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগের পৃথক্‌করণ নিশ্চিতকরণকে রাষ্ট্র পরিচালনার অন্যতম মূলনীতি হিসেবে ঘোষণা করা হয়েছে।’

ধারণাপত্রে আরও বলা হয়, ‘দেখা যাচ্ছে যে আমাদের সংবিধানে বিচার বিভাগকে নির্বাহী বিভাগ থেকে পৃথক রাখার কথা বলা হলেও সমকালীন রাজনৈতিক বাস্তবতায় এ দেশে বিচার বিভাগের কার্যকর পৃথক্‌করণ অসম্পূর্ণই থেকে গেছে। তবে এ কথা অনস্বীকার্য যে এমন একটি প্রেক্ষাপট সত্ত্বেও বাংলাদেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের আপিল বিভাগের ৭৯/১৯৯৯ নম্বর সিভিল আপিল মামলার রায়ে (মাসদার হোসেন মামলা নামে পরিচিত) নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগের পৃথক্‌করণের পূর্ণ রূপরেখা তুলে ধরার মাধ্যমে ক্ষমতার পৃথক্‌করণ নীতির বাস্তবায়নের পথকে সুগম করে দিয়েছে।’

রাজনৈতিক সরকারের অনীহায় পৃথক্‌করণ সম্ভব হয়নি

ধারণাপত্রে বলা হয়, এ কথা সত্য যে বিগত বছরগুলোয় রাজনৈতিক সরকারের অনীহার কারণে বিচার বিভাগের পৃথক্‌করণ সম্ভব হয়নি। এ কারণে বিগত জুলাই-আগস্ট মাসে সংঘটিত ছাত্র-জনতার অবিস্মরণীয় অভ্যুত্থানের প্রেক্ষাপট বিবেচনায় বর্তমান সময় হচ্ছে মাসদার হোসেন মামলার রায়ের বাস্তবায়নের মাধ্যমে বিচার বিভাগের প্রকৃত স্বাধীনতা নিশ্চিতকরণের শ্রেষ্ঠ সময়। এ প্রচেষ্টার প্রথম পদক্ষেপ হচ্ছে নির্বাহী বিভাগ হতে সম্পূর্ণরূপে স্বাধীন একটি পৃথক বিচার বিভাগীয় সচিবালয় প্রতিষ্ঠা করা। কেননা, কেবল পৃথক বিচার বিভাগীয় সচিবালয় প্রতিষ্ঠার মাধ্যমেই দেশে দক্ষ, নিরপেক্ষ ও মানসম্পন্ন বিচারকাজের মাধ্যমে আইনের শাসন প্রতিষ্ঠা করা সম্ভব।

ধারণাপত্রে বলা হয়, ‘আমাদের সংবিধানের ১০৯ অনুচ্ছেদে হাইকোর্ট বিভাগের অধস্তন সব আদালত ও ট্রাইব্যুনালের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ ক্ষমতা বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের ওপর অর্পণ করা হয়েছে। বর্তমানে বাংলাদেশ সুপ্রিম কোর্ট রেজিস্ট্রি অধস্তন আদালতের বিভিন্ন বিষয় পরিচালনা ও নিয়ন্ত্রণের ক্ষেত্রে সুপ্রিম কোর্ট তথা হাইকোর্ট বিভাগকে সাচিবিক সহায়তা প্রদান করে থাকে। কিন্তু হাইকোর্ট বিভাগের এই তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ নিরঙ্কুশ নয়।’

ধারণাপত্রের শেষাংশে বলা হয়, এ ছাড়া বর্তমানে সুপ্রিম কোর্টের মামলার সংখ্যা ও প্রশাসনিক কার্যক্রম বৃদ্ধি, অধস্তন আদালতের বিচারকের সংখ্যা বৃদ্ধিসহ বিভিন্ন কারণে সুপ্রিম কোর্ট রেজিস্ট্রির কর্মপরিধি আগের তুলনায় ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। এ প্রেক্ষাপট বিবেচনা করলেও বিচার বিভাগের জন্য পৃথক একটি সচিবালয় স্থাপন জরুরি হয়ে পড়েছে। তাই সার্বিক বিশ্লেষণে কেবল পৃথক বিচার বিভাগীয় সচিবালয় প্রতিষ্ঠার মাধ্যমেই অধস্তন আদালতের বিচারকদের শৃঙ্খলা, বদলি, পদোন্নতি, ছুটি ও অন্যান্য বিষয়ে স্বচ্ছতা নিশ্চিতকরণের মাধ্যমে বিচার বিভাগের প্রকৃত স্বাধীনতা নিশ্চিত করা সম্ভব।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন

‘নদী ভরাট’ করার ক্ষমতাসংক্রান্ত বিধান নিয়ে রুল

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইনের ‘নদী ভরাটের ক্ষমতা’ সংক্রান্ত উপধারার অংশবিশেষ প্রশ্নে রুল দিয়েছেন হাইকোর্ট। এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল রোববার এ রুল দেন।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২ সালে প্রণয়ন করা হয়। আইনের ১০ ধারায় কর্তৃপক্ষের ক্ষমতা ও দায়িত্ব সম্পর্কে বলা আছে। ১০(২)(চ) উপধারা অনুসারে, জলমগ্ন অবস্থা হতে নদীর তীর, চর বা তলদেশ উদ্ধার, ভরাট, খনন, ঘেরাও বা বেড়া নির্মাণের ক্ষমতা প্রয়োগ করতে পারবে কর্তৃপক্ষ।

ওই উপধারায় উল্লিখিত ‘নদী ভরাটের ক্ষমতা’ সংক্রান্ত অংশবিশেষের বৈধতা চ্যালেঞ্জ করে মানবাধিকার ও পরিবেশবাদী সংগঠন হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশের (এইচআরপিবি) পক্ষে তিন আইনজীবী গত সপ্তাহে রিটটি করেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী মনজিল মোরসেদ। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তানিম খান।

কমলাপুর রেলস্টেশন

ডিসপ্লে বোর্ডে ‘আওয়ামী লীগ জিন্দাবাদ’ স্লোগানের ঘটনায় একজন বরখাস্ত

বিশেষ প্রতিনিধি, *ঢাকা*

রেলের কমলাপুর স্টেশনের প্রবেশমুখে ডিসপ্লে বোর্ডে ‘আওয়ামী লীগ জিন্দাবাদ’ স্লোগান প্রদর্শনের ঘটনায় জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিচ্ছে কর্তৃপক্ষ। এরই মধ্যে বৈদ্যুতিক বিভাগের দায়িত্বরত কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

রেল মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, শনিবার সকালে কমলাপুর রেলস্টেশনে যাত্রী প্রবেশের প্রধান ফটকের ওপরে স্থাপিত এলইডি ডিজিটাল ডিসপ্লে বোর্ডে আওয়ামী লীগ জিন্দাবাদ লেখাটি ভেসে ওঠে। বিষয়টি রেলওয়ে ঢাকা বিভাগের নজরে আসে। বিষয়টি জানার পর ডিসপ্লে বোর্ডের দায়িত্বে থাকা রেলওয়ের ইলেকট্রিক্যাল বিভাগ সেটি বন্ধ করে দেয়। ঠিকাদারি প্রতিষ্ঠান মোহাম্মদী ইঞ্জিনিয়ারিংয়ের মাধ্যমে ২০২১ সালে স্টেশনে অনেক ডিজিটাল বোর্ড স্থাপন করা হয়েছিল।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ডিসপ্লে বোর্ডে ‘আপত্তিকর’ স্লোগানের ঘটনায় বৈদ্যুতিক বিভাগের দায়িত্বরত কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। ঘটনার সুষ্ঠু তদন্তের স্বার্থে বিভাগীয় পরিবহন কর্মকর্তাকে আহ্বায়ক করে চার সদস্যের কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে দুই দিনের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। এ ছাড়া ঘটনার সময় কর্মরত রেলওয়ে নিরাপত্তা বাহিনীর একজন সদস্যকে দায়িত্বে অবহেলার কারণে বদলি করা হয়েছে।

সুতা ডাইং কারখানায় সুতা রং করার পর রোদে শুকাতে দিচ্ছেন কারিগর। শুকানোর পর এসব সুতা কুনিং করে নরসিংদী পাঠানো হবে। এই সুতা দিয়ে বানানো হবে তোয়ালে। গতকাল নারায়ণগঞ্জের জালকুড়ি উত্তরপাড়া এলাকায়। ছবি : দিনার মাহমুদ

সিরাজ সিকদার বিপ্লবী আন্দোলনে নতুন চিন্তা যোগ করেছিলেন

৮০তম জন্মদিনের অনুষ্ঠানে বক্তারা

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

সিরাজ সিকদার দেশে বিপ্লবী আন্দোলনে নতুন চিন্তার সংযোগ করেছিলেন। তিনি একই সঙ্গে রাজনৈতিক তত্ত্ব ও তা প্রয়োগের কৌশলে কাজ করেছেন। বৈষম্যমুক্ত সমাজ গঠনের আকাঙ্ক্ষায় তাঁর চিন্তা ও আদর্শ অনুপ্রেরণা জোগাবে।

গতকাল রোববার বিপ্লবী সিরাজ সিকদারের ৮০তম জন্মদিন উপলক্ষে আলোচনা ও গ্রন্থ প্রকাশের অনুষ্ঠানে এ কথাগুলো উঠে আসে। অনুষ্ঠানটির আয়োজন করে সিরাজ সিকদার স্টাডি সেন্টার।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে ‘পার্বত্য চট্টগ্রামে সিরাজ সিকদার ও পূর্ব বাংলার সর্বহারা পার্টি : পাহাড়ের লাল আখ্যান’ বইটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। বইটির লেখক সিরাজ সিকদারের রাজনৈতিক সহযোগী সুদত্ত বিকাশ তঞ্চঙ্গ্যা, অনন্ত সিংহ ও অং চিং। বইটি প্রকাশ করেছে আদর্শ প্রকাশনী।

অনুষ্ঠানের আলোচক অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, সিরাজ সিকদার দেশে কমিউনিস্ট পার্টির বিভক্তির কালে নিজস্ব এক বিপ্লবী ধারা সৃষ্টি করতে পেরেছিলেন। একই সঙ্গে তিনি পূর্ব বাংলার স্বাধীনতার প্রয়োজনীয়তা উপলব্ধি করে শেখ মুজিবুর রহমানকে ১৯৭০ সালেই চিঠিতে যৌথভাবে স্বাধীনতার আন্দোলন শুরুর আহ্বান জানিয়েছিলেন। কিন্তু শেখ মুজিবুর রহমান আওয়ামী লীগের ঊর্ধ্বে উঠতে পারেননি। দেশ স্বাধীনের পরে তাঁকে জাতির পিতা বলা হলেও প্রকৃতপক্ষে তিনি আওয়ামী লীগেরই নেতা থেকে গেছেন। দেশের প্রথম রাজনৈতিক ক্রসফায়ারের শিকার হয়েছেন সিরাজ সিকদার। তাঁকে হত্যার দায় শেখ মুজিবুর রহমান এড়াতে পারবেন না।

ইংরেজি দৈনিক *দ্য নিউ এজ* পত্রিকার সম্পাদক নূরুল কবির বলেন, পাকিস্তানি কাঠামোর মধ্য থেকে যে পূর্ব বাংলার সমস্যার সমাধান হতে পারে না, তরুণ সিরাজ সিকদার তা গভীরভাবে উপলব্ধি করেছিলেন।

চার দশক ধরে সর্বহারা পার্টি সম্পর্কে যে সাধারণ ধারণা সমাজে তৈরি করা হয়েছে, এ বই সেই প্রচলিত ধারণা বদলে দেবে উল্লেখ করে লেখক ও গবেষক আলতাফ পারভেজ বলেন, বিশেষ করে পার্বত্য অঞ্চলের অনেক অজানা ইতিহাস বইটিতে উঠে এসেছে।

সিরাজ সিকদার স্টাডি সেন্টারের ট্রাস্টি বোর্ডের সদস্য বাদল শাহ আলম বলেন, সিরাজ সিকদারের মতো প্রগতিশীল নেতা তাঁর মৃত্যুর পরে আর আসেনি। এখন তরুণ প্রজন্ম সিরাজ সিকদারের প্রতি আগ্রহী হয়েছে।

লেখক সুদত্ত বিকাশ তঞ্চঙ্গ্যা বলেন, তিনি এখন অসুস্থ। দীর্ঘ ১০ বছরের চেষ্টার পর বইটি প্রকাশিত হলো, এতে তিনি আনন্দিত। বইটিতে পার্বত্য এলাকার বিপ্লবী ইতিহাসের বহু তথ্য ও বিবরণ উঠে এসেছে।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন সিরাজ সিকদার স্টাডি সেন্টারের নির্বাহী পরিচালক শিপলু রহমান। এতে আরও অংশ নেন তরুণ ছাত্রনেতা নিঘাত রৌদ্র। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন স্টাডি সেন্টারের সদস্য আরিফ ইসলাম।

ময়লা-বাণিজ্যে সন্ত্রাসী ‘বিকাশ’-আতঙ্ক

ডিএনসিসির ২০ নম্বর ওয়ার্ড

শীর্ষ সন্ত্রাসী বিকাশের নামে ভিনদেশের একটি নম্বর থেকে কল করে ঠিকাদারি প্রতিষ্ঠানকে ময়লা সংগ্রহের কাজ বন্ধ রাখতে বলা হয়।

- গত ৫ আগস্ট শেখ হাসিনার ক্ষমতাচ্যুতির পর এ কাজের নিয়ন্ত্রণে হাতবদল হয়েছে।
- ওয়ার্ডটিকে ভাগ করে কাজটি নিজেদের মধ্যে বণ্টন করে নিয়েছেন বিএনপির নেতারা।

ড্রিঞ্জা চাম্বুগং, *ঢাকা*

আওয়ামী লীগ সরকারের আমলে ঢাকা উত্তর সিটির আওতাধীন ২০ নম্বর ওয়ার্ডে (মহাখালী-নিকেতন) ময়লা-বাণিজ্য (বাসাবাড়ি থেকে ময়লা সংগ্রহ) নিয়ন্ত্রণ করতেন স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মো. নাছির। গত ৫ আগস্ট শেখ হাসিনার ক্ষমতাচ্যুতির পর এ কাজের নিয়ন্ত্রণে হাতবদল হয়েছে। ওয়ার্ডটিকে বিভিন্ন এলাকায় ভাগ করে কাজটি নিজেদের মধ্যে বণ্টন করে নিয়েছেন বিএনপির নেতারা।

তবে হঠাৎ এ বাণিজ্যে বাগড়া দিয়েছে কয়েকটি ‘ফোনকল’ ও কিছু হামলার ঘটনা। একসময়ের শীর্ষ সন্ত্রাসী বিকাশের (প্রকাশ-বিকাশ সহোদর) নামে ভিনদেশের একটি নম্বর থেকে কল করে ঠিকাদারি প্রতিষ্ঠানকে ময়লা সংগ্রহের কাজ বন্ধ রাখতে বলা হয়। এরপর পরিচ্ছন্নতা ও ভ্যান সার্ভিসের কর্মীরা কাজে গেলে কয়েক দফা হামলা হয় তাঁদের ওপর। এতে তাঁদের মধ্যে আতঙ্ক দেখা দেয়।

মহাখালীর বিভিন্ন এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, ২১ থেকে ২৪ অক্টোবর টানা চার দিন বর্জ্য সংগ্রহ বন্ধ ছিল। হয়নি রাস্তা ঝাড়ু দেওয়া ও নালা পরিষ্কারের কাজও। বর্জ্য পচা গন্ধে দুর্ভোগে পড়েন বাসিন্দারা। রাস্তায়ও ছড়িয়ে-ছিটিয়ে থাকে ময়লা-আবর্জনা। এর আগে আরও দুদিন এভাবে কাজ বন্ধ রাখা হয়েছিল। গত শনিবার মহাখালীর বিভিন্ন এলাকায় গিয়ে দেখা যায়, ভ্যান সার্ভিসের কর্মীরা কিছু এলাকায় বর্জ্য সংগ্রহের কাজ শুরু করেছেন।

বিএনপি নেতাদের মধ্যে কাজ ভাগ-বাঁটোয়ারা

ডিএনসিসির ২০ নম্বর ওয়ার্ডে রাস্তা ঝাড়ু দেওয়া ও নালা পরিষ্কারের কাজে নিয়োজিত ছিল বেসরকারি ঠিকাদারি প্রতিষ্ঠান মাল্টি ইন্টারন্যাশনাল। এর স্বত্বাধিকারী ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সদস্য ফরিদ উদ্দিন। আর বাসাবাড়ির বর্জ্য সংগ্রহের কাজ করতেন কাউন্সিলর মো. নাছিরের নিয়োজিত ভ্যানমালিকেরা। এ কাজের তদারকির দায়িত্বে ছিলেন ঠিকাদারি প্রতিষ্ঠানটির পরিচ্ছন্নতাকর্মীদের তত্ত্বাবধায়ক লাবু মিয়া।

৫ আগস্টের পর কাউন্সিলর নাছির আত্মগোপনে চলে যান। তখন বর্জ্য সংগ্রহের কাজের নিয়ন্ত্রণ নেন স্থানীয় বিএনপি নেতারা।

ফোনকল ও কর্মীদের ওপর হামলা

মাল্টি ইন্টারন্যাশনালের কয়েকজন কর্মী গতকাল *প্রথম আলোকে* জানান, ১৮ অক্টোবর সকাল ১০টার দিকে চ-ব্লক এলাকায় নালা পরিষ্কারের কাজ করছিলেন প্রতিষ্ঠানটির কর্মী কবির হোসেন ও মো. রুবেল। তখন অচেনা আট-দশজন এসে তাঁদের মারধর করেন এবং কাজ বন্ধ করতে বলেন। পরবর্তী সময়ে কাজে এলে প্রাণনাশ করার হুমকি দিয়ে যান।

২২ অক্টোবর ভোরে মহাখালী স্কুল সড়কের দাদা হোটেল এলাকায় রাস্তা ঝাড়ু দিচ্ছিলেন পরিচ্ছন্নতাকর্মী মজনু ও শওকত আলী। হঠাৎ দুটো পিকআপে ১৫-২০ জন জিআই পাইপ, লাঠি, রড, দা হাতে আসেন। এ সময় মজনুর ডান হাতে একটি কোপ দেওয়া হয়। আর শওকতের মাথায় আঘাত করা হয় লাঠি-রড দিয়ে।

এ বিষয়ে মাল্টি ইন্টারন্যাশনালের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা নাম প্রকাশ করে মন্তব্য করতে রাজি হননি। এই কর্মকর্তাদের একজন বলেন, ‘গত মাসের শুরু থেকেই দুটি অচেনা নম্বর থেকে কল করে সন্ত্রাসী বিকাশের পরিচয় দেওয়া হচ্ছে। কাজ বন্ধ রেখে তাঁদের সঙ্গে বসতে বলে। তাঁদের সঙ্গে না বসে কাজ করায় হামলা চালানো হয়েছে।’

এদিকে মাল্টি ইন্টারন্যাশনালের কর্মকর্তাদের কাছ থেকে যে দুটি নম্বর পাওয়া গেছে, ওই নম্বরগুলোর বিষয়ে ৭ অক্টোবর বনানী থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন বনানী থানা বিএনপির সাবেক সভাপতি আবুল কালাম আজাদ। এ বিষয়ে তিনি *প্রথম আলোকে* বলেন, ‘অজ্ঞাত ওই দুটি নম্বরে হোয়াটসঅ্যাপ খুলে তাতে আমার ছবি ব্যবহার করে আমার নামে কল দিয়ে বিভিন্নজনকে হুমকি দিয়ে চাঁদা চাওয়া হয়েছে। না দিলে প্রাণনাশের হুমকিও দেওয়া হয়েছে।’

গাজায় শর্তহীন অস্ত্রবিরতি ও লেবাননে ইসরায়েলি আগ্রাসন বন্ধ করা ছাড়া পশ্চিম এশিয়ার উত্তেজনা প্রশমিত হবে না।

ইসরায়েল ও ইরান সংঘাত নিয়ে পাকিস্তানের দ্য ডন-এর সম্পাদকীয় মন্তব্য

সম্পাদকীয়

খুন ডাকাতি ছিনতাই

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কী করছে

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ময়নুল ইসলাম ১২ অক্টোবর ঢাকার পূজামণ্ডপ পরিদর্শন শেষে বলেছিলেন, দুর্গাপূজার পর ছিনতাই, মাদক, চাঁদাবাজি ও ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ে সাঁড়াশি অভিযান শুরু করা হবে। কোনো অপকর্ম ঘটিয়ে কেউ পার পাবে না।

এরপর দুই সপ্তাহ পার হলেও আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়নি, সাঁড়াশি অভিযানেরও কোনো আলামত নেই। বরং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চোখের সামনে ঢাকা শহরের কোনো কোনো এলাকা অপরাধীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। উদাহরণ হিসেবে ঢাকার মোহাম্মদপুর এলাকার কথা উল্লেখ করা যায়।

পরিস্থিতি এতটাই নাজুক যে শনিবার মোহাম্মদপুর থানার সামনে শতাধিক মানুষ প্রতিবাদ কর্মসূচি পালন করেছেন। তাঁরা বলেছেন, ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর রাজধানীতে আইনশৃঙ্খলা পরিস্থিতি কেন স্বাভাবিক হলো না, সেই প্রশ্নের জবাব পুলিশকে দিতে হবে। তাঁরা তিন দিন সময়ও বেঁধে দিয়েছেন।

বেসরকারি একটি টেলিভিশনে প্রচারিত খবরে দেখা যায়, শুক্রবার রাতে মোহাম্মদপুরের বছিলার গার্ডেন সিটি এলাকায় একটি সুপারশপে মুখোশ পরা ডাকাতেরা চাপাতি দেখিয়ে কর্মচারীদের জিম্মি করে টাকা লুট করে নিচ্ছে। এর আগে ২০ অক্টোবর মোহাম্মদপুর হাউজিং লিমিটেড এলাকায় দুটি মোটরসাইকেলে ছয়জন ছিনতাইকারী অস্ত্রের মুখে নেস্‌লে কোম্পানির গাড়ি আটকে ১১ লাখ ৮৫ হাজার টাকা ছিনিয়ে নেয়। ১১ অক্টোবর বেড়িবাঁধ এলাকায় ব্যবসায়ী আবু বকরের বাসায় ও কার্যালয়ে ডাকাতি হয়। সেনাবাহিনী ও র‍্যাবের পোশাক পরা ডাকাতেরা নিজেদের যৌথ বাহিনীর সদস্য বলে পরিচয় দেয়। ডাকাতির ঘটনায় র‍্যাবের সাবেক একজন ঊর্ধ্বতন কর্মকর্তাও জড়িত বলে জানা গেছে।

মোহাম্মদপুর থানার ওসি আলী ইফতেখার হাসানও স্বীকার করেছেন, মোহাম্মদপুর রাজধানীর অপরাধপ্রবণ এলাকাগুলোর একটি। জনবল-সংকটের কারণে পুলিশ সেখানে ঠিকমতো টহল দিতে পারছে না। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) হিসাব অনুযায়ী, ১ থেকে ২৫ অক্টোবর অর্থাৎ গত ২৫ দিনে মোহাম্মদপুর থানায় চারটি হত্যাকাণ্ড, একটি ছিনতাই ও দুটি ডাকাতির মামলা হয়েছে। এর আগে সেপ্টেম্বর মাসে এই থানায় ১৭ খুন ও ১টি ছিনতাইয়ের মামলা হয়।

৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পর বিভিন্ন থানা থেকে লুট হওয়া অস্ত্রের একাংশ সন্ত্রাসীদের হাতে চলে গেছে বলে আশঙ্কা করা হচ্ছে। অন্তর্বর্তী সরকারের দায়িত্ব এসব অস্ত্র উদ্ধার করে প্রত্যেক সন্ত্রাসীকে আইনের আওতায় নিয়ে আসা। কিন্তু এখনো বহু অস্ত্র উদ্ধার করা যায়নি। এর পাশাপাশি বিভিন্ন স্থানে দখলবাজি, চাঁদাবাজির ঘটনাও ঘটছে।

সরকারের পক্ষ থেকে প্রায়ই বলা হয়, সাবেক সরকারের আমলে পুলিশ আন্দোলনকারীদের বিরুদ্ধে অবস্থান নেওয়ায় অনেক স্থানে তাঁরা আক্রান্ত হয়েছেন, অনেক পুলিশ সদস্য কর্মস্থল ত্যাগ করেছেন। সরকার দায়িত্ব নিয়েছে আড়াই মাস হলো। এরপরও থানা-পুলিশ সক্রিয় হয়নি, এই অজুহাত মানুষ শুনতে চাইবে না।

কেবল মোহাম্মদপুর এলাকা নয়, ঢাকাসহ দেশের আরও অনেক এলাকায়ই আইনশৃঙ্খলার অবনতি ঘটছে। কোনো কোনো এলাকায় মব জাস্টিসের ঘটনাও ঘটেছে। পুলিশের পাশাপাশি র‍্যাব, বিজিবি ও সেনাসদস্যরাও আইনশৃঙ্খলার দায়িত্বে আছেন। সেনাবাহিনীকে দেওয়া হয়েছে ম্যাজিস্ট্রেসি ক্ষমতাও।

এরপরও খুন, ছিনতাই, ডাকাতির মতো গুরুতর অপরাধমূলক ঘটনা বেড়ে যাওয়ায় জনমনে আতঙ্ক তৈরি হয়েছে। প্রশ্ন উঠেছে, তাহলে কি আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব যাদের ওপর ন্যস্ত, তারা কি ঠিকমতো দায়িত্ব পালন করছে না? গতকাল রোববার আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) জানিয়েছে, মোহাম্মদপুরে যৌথ বাহিনীর অভিযানে ৪৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে। আমরা আশা করি, অভিযান আরও জোরদার করা হবে।

কৃষিপণ্য পরিবহনে ট্রেন

সফল করতে বাস্তবসম্মত পদক্ষেপ দরকার

সহজে ও কম খরচে কৃষিপণ্য পরিবহনের জন্য ট্রেন অনেক দেশেই জনপ্রিয় ও সহজলভ্য। বাংলাদেশে একসময় পণ্য পরিবহনের জন্য আলাদা ট্রেন কিংবা ট্রেনে আলাদা বগির ব্যবস্থা থাকলেও সাম্প্রতিক বছরগুলোতে সেটার চল একেবারেই উঠে যেতে আমরা দেখেছি। এর পরিবর্তে সড়কপথই মূলত পণ্য পরিবহনের মাধ্যম হয়ে উঠেছে।

এটা সত্যি যে যোগাযোগ অবকাঠামোর প্রভূত উন্নতি হওয়ায় কৃষকেরা একেবারে জমি থেকে এবং ব্যাপারীরা মোকাম থেকে তাঁদের পণ্য বিক্রি করতে পারেন। কিন্তু সড়কপথে পণ্য পরিবহন রেল ও পানিপথের তুলনায় অনেক ব্যয়বহুল। বাংলাদেশে উৎসস্থল থেকে ভোক্তার কাছে পণ্য পৌঁছাতে কয়েক গুণ দাম বেড়ে যায়। এর প্রধান দুটি কারণ হলো কয়েক স্তরের মধ্যস্বত্বভোগী ও রাস্তায় রাস্তায় ক্ষমতাসীন দল ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চাঁদাবাজি।

এ বিবেচনায় রেলওয়ে কৃষিপণ্য পরিবহনের জন্য দেশের বিভিন্ন অঞ্চলে বিশেষ ট্রেন চালানোর উদ্যোগটিকে আমরা সাধুবাদ জানাই। বিশেষ এই ট্রেনে অত্যাধুনিক লাগেজ ভ্যানে কৃষিপণ্য অর্থাৎ ফল, সবজি ছাড়াও রেফ্রিজারেটেড লাগেজ ভ্যানে হিমায়িত মাছ, মাংস ও দুধ পরিবহন করা যাবে। ফলে একদিকে যেমন কৃষিপণ্য ও অন্যান্য ভোগ্যপণ্য কম খরচে ঢাকার বাজারে পাঠানোর সুযোগ তৈরি হলো, ঠিক একই সঙ্গে রেলওয়েরও আয়ের ক্ষেত্র তৈরি হলো।

তবে এটিকে সফল উদ্যোগে পরিণত করতে হলে রেলওয়েকে বেশ কিছু চ্যালেঞ্জ উতরাতে হবে। *প্রথম আলোর* খবর জানাচ্ছে, খুলনা-ঢাকা এবং চাঁপাইনবাবগঞ্জ-ঢাকা রুটে কৃষিপণ্য পরিবহনের জন্য যে বিশেষ ট্রেন চালু হয়েছে, সেটা শুরুতে তেমন সাড়া ফেলতে পারেনি। এ ক্ষেত্রে যথেষ্ট প্রচারণা হয়নি বলে কৃষকেরা জানিয়েছেন। খুলনা ও যশোর অঞ্চলের ব্যাপারীরা বলছেন, ট্রাকে করে ঢাকায় সবজি পাঠাতে তাঁদের কেজিতে দুই টাকা পড়ে, কিন্তু ট্রেনে করে পাঠাতে হলে মোকাম থেকে স্টেশন পর্যন্ত আনা এবং স্টেশন থেকে বাজার পর্যন্ত নিয়ে যাওয়া মোট মিলিয়ে তাঁদের প্রায় দ্বিগুণ খরচ পড়ে যায়।

ফলে কৃষকের জমি কিংবা স্থানীয় বাজার থেকে কাছে রেলস্টেশনে পৌঁছানো এবং ঢাকায় পৌঁছানোর পর সেখান থেকে পাইকারি বাজারে পৌঁছানোর ক্ষেত্রে যে সমস্যার কথা কৃষক ও ব্যবসায়ীরা বলছেন, সেটা বাস্তবসম্মত। এ সমস্যার সমাধান না করা গেলে ট্রেনে কৃষিপণ্য পরিবহনের উদ্যোগটি যত ভালো হোক না কেন, সেটা সফল হওয়া কঠিন।

আমরা মনে করি, উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গের কৃষিপণ্য উৎপাদনকেন্দ্রগুলো থেকে উৎপাদিত পণ্য ঢাকার বাজারে পৌঁছানোর ক্ষেত্রে সড়কপথের একটি ভালো বিকল্প হতে পারে রেলপথ। কৃষক ও ব্যবসায়ীরা যাতে ট্রেনে করে পণ্য পরিবহনে আগ্রহী হন, সে জন্য ব্যাপক প্রচারণার বিকল্প নেই। একই সঙ্গে তাঁরা যে বাস্তব সমস্যার কথা বলছেন, তার সমাধানও জরুরি।

চিঠিপত্র

চবির ব্যাংক

বর্তমানে দেশের সর্বত্র তথ্যপ্রযুক্তির ব্যাপক প্রসার ঘটলেও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ব্যাংকিং কার্যক্রম এখনো অ্যানালগ পদ্ধতিতে চলছে। এ কারণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অনেক সমস্যার সম্মুখীন হচ্ছেন, বিশেষ করে ভর্তি ও পরীক্ষার ফি জমা দেওয়ার ক্ষেত্রে। অনেক শিক্ষার্থীকে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হচ্ছে। এ ছাড়া এমফিল, পিএইচডি, সনদ-নম্বরপত্র উত্তোলনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যাংকিং লেনদেন করতে গিয়ে শিক্ষার্থীরা অতিরিক্ত সময় ও শ্রম ব্যয় করছেন। এতে শিক্ষার্থীদের ভোগান্তি বাড়ছে। বিশেষ করে পরীক্ষার সময় যখন চাপ সর্বাধিক থাকে, তখন লাইনে দাঁড়িয়ে থাকা শিক্ষার্থীদের মধ্যে অসন্তোষ ও সমালোচনা বৃদ্ধি পায়।

দীর্ঘদিন ধরে কর্তৃপক্ষ ব্যাংকিং সিস্টেম আধুনিক করার প্রতিশ্রুতি দিলেও তা বাস্তবায়িত হয়নি। বর্তমান প্রযুক্তির যুগে মোবাইল ব্যাংকিং সিস্টেম সবার হাতের নাগালে রয়েছে, যা ব্যবহার করে সহজেই ফি জমা ও লেনদেন করা সম্ভব। তাই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যাবতীয় ব্যাংকিং কার্যক্রমকে অনলাইনে মোবাইল ব্যাংকিংয়ের আওতায় নিয়ে আসা জরুরি হয়ে পড়েছে।

শিক্ষার্থীদের স্বার্থে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং সিস্টেমের ডিজিটালাইজেশন নিশ্চিত করতে পারলে বিশ্ববিদ্যালয়ের সুনাম ও কার্যকারিতা বাড়াতেও সহায়ক হবে বলে মনে করছি।

মো. সাইফুল মিয়া
শিক্ষার্থী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

অর্থনীতি

আগামী বছরে দেশ কি উচ্চ প্রবৃদ্ধি অর্জন করবে

মইনুল ইসলাম

বাংলাদেশ বিশ্বের একটি 'উচ্চ আয়বৈষম্যের' দেশে পরিণত হয়েছে। ছবি : প্রথম আলো

বিশ্বব্যাংক সম্প্রতি ঘোষণা করেছে, চলমান ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির হার গত অর্থবছরের ৫ দশমিক ২ থেকে কমে ৪ শতাংশে গিয়ে দাঁড়াবে। আগের পূর্বাভাসে তারা ২০২৪-২৫ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার ৫ দশমিক ৭ শতাংশ হবে বলেছিল। আইএমএফ বলেছে, প্রবৃদ্ধির হার হবে ৪ দশমিক ৫। অনেকে ব্যাপারটিতে অন্তর্বর্তী সরকারের ব্যর্থতা খুঁজে পাওয়ার চেষ্টা করছেন। এমন একটি গণ-অভ্যুত্থানের পর জিডিপি প্রবৃদ্ধি একেবারে ঋণাত্মক হলেও অবাক হওয়ার কিছু থাকত না। সেই হিসেবে নতুন এসব পূর্বাভাস বরং আশাপ্রদ।

হাসিনার সরকার গত সাড়ে ১৫ বছরে যেনতেনভাবে অজস্র অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণ করে বিনিয়োগ ব্যয় ও সরকারি ব্যয় বাড়ানোর নীতি বাস্তবায়ন করেছে। দেশের জিডিপি কৃত্রিমভাবে বাড়ানোর ব্যবস্থা করায় আমাদের জিডিপি প্রবৃদ্ধির হার প্রতিবছর বেড়েই চলেছিল। এই প্রবৃদ্ধি মোটেও টেকসই ছিল না। বৈদেশিক ঋণ নেওয়া সত্ত্বেও বাংলাদেশে বেসরকারি খাতে বিনিয়োগ ব্যয় গত এক দশকে জিডিপির অনুপাত হিসাবে ২৩ থেকে ২৪ শতাংশে ঘুরপাক খাচ্ছে। কিন্তু বিশেষত সরকারি খাতে ঋণ করে ঘি খাওয়ার মতো অপ্রয়োজনীয় প্রকল্পে বৈদেশিক ও অভ্যন্তরীণ ঋণের অর্থ ব্যয় করায় জিডিপি বেড়ে গেছে। সরকারি রাজস্ব আহরণ এ দেশে কমতে কমতে জিডিপির শতাংশ হিসাবে ৮-এ নেমে গেছে। তা সত্ত্বেও বৈদেশিক ও অভ্যন্তরীণ ঋণের অর্থে প্রতিবছর সরকারি ব্যয় বাড়ানোয় জিডিপি দ্রুত বেড়ে গেছে। ঋণ বাড়িয়ে সরকারি ব্যয় বাড়ালে তা জিডিপিকে বাড়িয়ে দেয়। সরকারি ঋণ বাড়লে জিডিপি কমে না।

২০২৪ সালের ৭ আগস্ট দৈনিক *বণিক বার্তার* খবরে প্রকাশিত তথ্য-উপাত্তের দাবি অনুযায়ী, ২০২৪ সালের ৫ আগস্ট তারিখে বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণের মোট স্থিতি দাঁড়িয়েছে ১৮ লাখ ৩৫ হাজার কোটি টাকার বেশি। অথচ ২০০৯ সালের ৬ জানুয়ারি শেখ হাসিনা ক্ষমতাসীন হওয়ার দিনে বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণের স্থিতি ছিল মাত্র ২ লাখ ৭৬ হাজার ৮৩০ কোটি টাকা। দুই ঋণের স্থিতির অঙ্কের পার্থক্য ১৫ লাখ ৫৮ হাজার ২০৬ কোটি টাকা। ৫ আগস্ট পালিয়ে যাওয়ার আগে হাসিনা এই বিশাল ১৮ লাখ ৩৫ হাজার কোটি টাকার ঋণের সাগরে দেশকে ফেলে গেছেন। আর সেই সময় প্রতিবছর মাথাপিছু জিডিপির উচ্চ প্রবৃদ্ধি দেখিয়ে গেছেন। ২০২৪ সালে মাথাপিছু ঋণের বোঝা এক লাখ টাকার বেশি। কমপক্ষে আগামী এক দশক সুদাসলে বৈদেশিক ঋণ পরিশোধের কিস্তি অর্থনীতিকে মারাত্মকভাবে প্রভাবিত করবে।

মোট জিডিপিকে মোট জনসংখ্যা দিয়ে ভাগ করলে পাওয়া যায় মাথাপিছু জিডিপি। সাবেক অর্থমন্ত্রী মুস্তফা কামাল যখন পরিকল্পনামন্ত্রী ছিলেন, তখন থেকেই বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে 'ডেটা ডক্টরিং'-এর কেন্দ্র বানিয়ে ফেলেছিলেন। তাঁর নির্দেশে ওই সময় থেকে মোট জিডিপিকে বাড়িয়ে এবং মোট জনসংখ্যাকে কমিয়ে দেখানো পরিসংখ্যান ব্যুরোর খাসলতে পরিণত হয়েছিল।

গত এক দশকে উচ্চ জিডিপি প্রবৃদ্ধির কাহিনি প্রচার করে হাসিনার সরকার দেশে-বিদেশে প্রশংসা কুড়িয়েছিল। তার সিংহভাগই ছিল ভুয়া ও ভিত্তিহীন। মাথাপিছু জিডিপি প্রকৃতপক্ষে একটি মারাত্মক ত্রুটিপূর্ণ ধারণা। এটার সবচেয়ে মারাত্মক সীমাবদ্ধতা হলো, এই গড় স্বল্পসংখ্যক ধনী এবং সংখ্যাগরিষ্ঠ নিম্নমধ্যবিত্ত ও প্রান্তিক অবস্থানের দরিদ্র জনগণের আয় বণ্টনের বৈষম্যকে লুকিয়ে ফেলে। এর মানে, একজন কোটিপতির আয়ের সঙ্গে একজন ফকিরের শূন্য আয়ের গড় করলেও ওই ফকিরের মাথাপিছু আয় ৫০ লাখ টাকা হয়ে যাবে।

মাথাপিছু জিডিপি প্রবৃদ্ধির সঙ্গে সঙ্গে যদি দেশে আয় বণ্টনে বৈষম্যও বাড়তে থাকে, তাহলে জিডিপি প্রবৃদ্ধির সুফল সমাজের কয়েক হাজার উচ্চবিত্ত জনগোষ্ঠীর হাতে জমা হতে থাকে। এর ফলে সংখ্যাগরিষ্ঠ জনগণ প্রবৃদ্ধির ন্যায্য হিস্যা থেকে বঞ্চিত থেকে যায়। এই বৈষম্য মাপার একটি উপায় হচ্ছে গিনি সহগ। সবার আয় সমান হলে গিনি সূচক হবে শূন্য। আর সব আয় একজনের হাতে গেলে সূচকটি হবে ১। দুই সীমার মধ্যে সূচক যত বাড়ে, অসাম্য তত বেশি।

বাংলাদেশের জনগণের গিনি সহগ ১৯৭৩ সালে ছিল শূন্য দশমিক ৩৬। সেটা বিংশ শতাব্দীর আশির দশক থেকে বাড়তে বাড়তে ২০২২ সালে পর্বতপ্রমাণ শূন্য দশমিক ৪৯৯-এ পৌঁছে গিয়েছিল। কোনো দেশের গিনি সহগের মান শূন্য দশমিক ৫ হলে সে দেশকে 'উচ্চ আয়বৈষম্যের দেশ' বলা হয়। অতএব, নিঃসন্দেহে ২০২৪ সালে বাংলাদেশ বিশ্বের একটি 'উচ্চ আয়বৈষম্যের' দেশে পরিণত হয়েছে।

অজস্র ঋণ করে এভাবে জিডিপি প্রবৃদ্ধির হার বাড়ানোর কৌশল পুরো জাতিকে বড় ধরনের দীর্ঘমেয়াদি ঋণের সাগরে নিমজ্জিত করেছে। আর তা অত্যন্ত বিপজ্জনক হয়েছে এ জন্য যে ওই ঋণের সিংহভাগই স্রেফ পুঁজি লুণ্ঠনের মাধ্যমে বিদেশে পাচার হয়ে গেছে। হাসিনা আমলের 'এক নম্বর সমস্যা' পরিণত হয়েছিল পুঁজি পাচার। নিউইয়র্কভিত্তিক গবেষণা সংস্থা গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্টেগ্রিটি দাবি করেছে, ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত সময়ে বাংলাদেশ থেকে ১৪৯ দশমিক ২০ বিলিয়ন ডলার বিদেশে পাচার হয়ে গেছে।

হাসিনার পতিত স্বৈরাচারী সরকার সাড়ে ১৫ বছর ধরে বাংলাদেশের জনগণের মাথাপিছু জিডিপি প্রশংসনীয় গতিতে বাড়ার গল্প সাজিয়েছে। দেশকে লুটেপুটে ছারখার করে দিয়ে সিংহভাগই বিদেশে পাচার হয়ে গেছে। এই পুঁজি লুণ্ঠনের কেন্দ্রে শেখ পরিবারসংশ্লিষ্ট অনেকের বিরুদ্ধেই জোর অভিযোগ আছে। সঙ্গে আছে লুটেরা অলিগার্ক ব্যবসায়ী এবং হাজার হাজার লুটেরা রাজনীতিবিদ ও দুর্নীতিবাজ আমলা। সম্প্রতি বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ছেলে সোহেল তাজ অভিযোগ করেছেন, ২০০৯ সালেই শেখ হাসিনা বলেছিলেন, 'বিএনপি অনেক টাকা কামিয়েছে। এখন আমাদের দুহাতে টাকা বানাতে হবে।'

এখন অন্তর্বর্তী সরকারের সময় পুঁজি লুণ্ঠন অনেকখানি কমে গেছে। তাই বেসরকারি খাতের বিনিয়োগ ব্যয় এবং সরকারি ব্যয় চলতি অর্থবছরে অনেকখানি কমে যাবে। তাই জিডিপি প্রবৃদ্ধির হারও কমে যাবে। একই সঙ্গে জুলাই, আগস্ট ও সেপ্টেম্বরে আন্দোলন, গণ-অভ্যুত্থান পরবর্তী রাজনৈতিক অস্থিরতা, তৈরি পোশাকশিল্পের উৎপাদন-সংকট ইত্যাদি মিলিয়ে সামগ্রিক উৎপাদনে বিঘ্ন ঘটেছে। এর নেতিবাচক প্রভাবে জিডিপি প্রবৃদ্ধি ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার ৪ বা ৪ দশমিক ৫-এ নেমে গেলে অবাক হওয়ার কিছু নেই।

তবে আশার কথাও আছে। অধ্যাপক ইউনূসের নেতৃত্বাধীন সরকার ব্যাংকিং খাত ও সামগ্রিক অর্থনীতিকে আবার সুষ্ঠু পথে ফিরিয়ে আনার জন্য যথোপযুক্ত নীতি গ্রহণ ও বাস্তবায়ন করে চলেছে। অধ্যাপক ইউনূসের ব্যক্তিগত ভাবমূর্তির কারণে আগামী কয়েক মাসের মধ্যে দেশের অর্থনীতিতে যুক্ত হতে চলেছে প্রায় ১০ বিলিয়ন ডলারের বৈদেশিক সহায়তা। এই সহায়তা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভকে কয়েক বিলিয়ন ডলার বাড়িয়ে দেবে। প্রবাসী বাংলাদেশিরা আনুষ্ঠানিক চ্যানেলে রেমিট্যান্স পাঠানোর জোয়ার সৃষ্টি করেছেন। তা অব্যাহত থাকলে অর্থনীতিতে সুবাতাস বইতে শুরু করবেই।

সবচেয়ে বড় কথা, বর্তমান সরকার দুর্নীতিমুক্ত ও দেশপ্রেমিক। তাই আগামী অর্থবছরে দেশ আবার উচ্চ প্রবৃদ্ধির রাজপথে উঠে যাবে বলে আশা করাই যায়।

● **ড. মইনুল ইসলাম** অর্থনীতিবিদ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক অধ্যাপক

বিদেশি ঋণ

দেনা শোধের চাপ কতটা সামলানো যাবে

মামুন রশীদ

আমরা বাঘা বাঘা অর্থনীতিবিদের কাছ থেকে শুনে আসছিলাম, আমাদের ঋণ-জিডিপি, বিশেষ করে বিদেশি ঋণ-জিডিপি অনুপাত বেশ সহনীয় ও সন্তোষজনক পর্যায়ে আছে; তাই এমনকি রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জন্য মোটা অঙ্কের ঋণ নিলেও কোনো অসুবিধা হওয়ার কথা নয়। এখন আবার তাঁদের কেউ কেউ উল্টো কথা বলছেন। বিগত সরকারের শেষ দিকে তাঁদের অনেকে বাংলাদেশকে আফ্রিকার 'হাইলি ইনডেটেড' বা ঋণে জর্জরিত দেশের সঙ্গেও তুলনা শুরু করে দিয়েছিলেন। এখানে-সেখানে এখন আলোচনা চলছে, বিগত সরকারের ঋণ পরিশোধের চাপে পড়েছে অন্তর্বর্তী সরকার। চলতি অর্থবছরের প্রথম তিন মাসে যে পরিমাণ বৈদেশিক ঋণ এসেছে, তার চেয়ে বেশি পরিশোধ করতে হয়েছে।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সর্বশেষ হালনাগাদ প্রতিবেদনে দেখা যায়, চলতি অর্থবছরের প্রথম তিন মাসে (জুলাই-সেপ্টেম্বর) বৈদেশিক ঋণ ছাড় হয়েছে ৮৪ কোটি ৬১ লাখ ডলার। অথচ একই সময়ে বৈদেশিক ঋণ পরিশোধ করতে হয়েছে ১১২ কোটি ৬৫ লাখ ডলার, যেখানে গত অর্থবছরের একই সময়ে ৮৭ কোটি ডলার পরিশোধ করতে হয়েছিল। গত অর্থবছরের একই সময়ের চেয়ে ঋণ পরিশোধ বেড়েছে ২৫ কোটি ৬০ লাখ ডলার, যার মধ্যে শুধু আসল পরিশোধই বেড়েছে ৩১ কোটি ডলার। অন্যদিকে চলতি অর্থবছরে কমে গেছে বৈদেশিক ঋণের প্রতিশ্রুতি।

ইআরডি সূত্রে জানা গেছে, চলতি অর্থবছরে পদ্মা রেল সংযোগ, মেট্রোরেল, কর্ণফুলী টানেলসহ বেশ কিছু বড় প্রকল্পের ঋণ পরিশোধ শুরু হয়েছে; যার কারণে বৈদেশিক ঋণ পরিশোধে আলাদা চাপ সৃষ্টি হয়েছে। জোর আলোচনা রয়েছে—মেট্রোরেল বাদে পদ্মা রেল সংযোগ ও কর্ণফুলী টানেল থেকে তেমন রিটার্ন আসছে না। যা আয় হচ্ছে, তার চেয়ে বেশি ব্যবস্থাপনায় খরচ হয়ে যাচ্ছে। সরকারকে বরং নিজের তহবিল থেকে এসব প্রকল্পের ঋণ পরিশোধ করতে হচ্ছে।

ইআরডি সূত্রে জানা গেছে, বিদায়ী অর্থবছরে বাংলাদেশের ইতিহাসে রেকর্ড ৩৩৫ কোটি ডলার ঋণ পরিশোধ করতে হয়েছে, যা আগের অর্থবছরের চেয়ে ৬৮ কোটি ডলার বেশি। এর আগে কোনো অর্থবছরে সরকারকে এত ঋণ পরিশোধ করতে হয়নি। সর্বশেষ ২০২২-২৩ অর্থবছরে ২৬৭ কোটি ডলার ঋণ পরিশোধ করেছিল সরকার। মূলত সুদের হার বেড়ে যাওয়ায় ঋণ পরিশোধে অতিরিক্ত চাপ সৃষ্টি হয়েছে। গত অর্থবছরে শুধু সুদ পরিশোধ বেড়েছে ৪১ কোটি ডলার। চলতি অর্থবছরে এই ঋণ পরিশোধের পরিমাণ ৪৫০ কোটি ডলারে পৌঁছাবে বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা।

এদিকে ২০২৪-২৫ অর্থবছরের প্রথম তিন মাসে উন্নয়ন সহযোগীদের কাছ থেকে প্রতিশ্রুতি পাওয়া গেছে ২ কোটি ৭৪ লাখ ডলার, যা আগের অর্থবছরের একই সময়ে ছিল ২৮৮ কোটি ডলার। অর্থাৎ ২০২৩-২৪ অর্থবছরের তুলনায় প্রতিশ্রুতি কমেছে ২৮৫ কোটি ডলার। ইআরডি কর্মকর্তারা গণমাধ্যমকে জানিয়েছেন, গত সরকারের সময় করা ঋণচুক্তির প্রস্তাবগুলো বর্তমান অন্তর্বর্তী সরকার নতুন করে পর্যালোচনা করছে। এ কারণে উন্নয়ন-সহযোগীদের সঙ্গে ঋণচুক্তি সম্পন্ন হচ্ছে না। তবে পর্যালোচনা শেষে প্রস্তাবিত ঋণের প্রক্রিয়া শুরু হবে এবং তখন লক্ষ্য অনুযায়ী প্রতিশ্রুতি আদায় হবে বলে আশা করছেন কর্মকর্তারা।

> অর্থনীতিতে প্রাণচাঞ্চল্য আনতে আমাদের প্রবাসী আয় আর রপ্তানি বাড়ানোর যেমন বিকল্প নেই, তেমনি একটি অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য নির্বাচন শেষে শান্তিপূর্ণ পরিবেশে বিদেশি বিনিয়োগ আকর্ষণের জন্যও উঠেপড়ে লাগতে হবে

কর্মকর্তারা আরও বলেন, অন্তর্বর্তী সরকার গঠনের পর বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংকসহ (এডিবি) বহুপক্ষীয় ও বিভিন্ন দ্বিপক্ষীয় উন্নয়ন সহযোগীরা বাংলাদেশে বিভিন্ন প্রকল্পে ঋণ ও বাজেট সহায়তার প্রাথমিক আশ্বাস দিয়েছে। চলতি অর্থবছরের প্রথম তিন মাসে কোনো ঋণের প্রতিশ্রুতি পাওয়া যায়নি। তবে অনুদানের প্রতিশ্রুতি পাওয়া গেছে ২ কোটি ৭৪ লাখ ডলার।

২০২৩-২৪ অর্থবছরের একই সময়ে অনুদান পাওয়া গিয়েছিল ৯ কোটি ৫ লাখ ডলার এবং ঋণের প্রতিশ্রুতি পাওয়া গিয়েছিল ২৭৯ কোটি ডলার। ঋণ ও অনুদান মিলে প্রতিশ্রুতি পাওয়া গিয়েছিল ২৮৮ কোটি ডলার। প্রকল্প প্রস্তুত ও কাজের অগ্রগতি না হওয়ার কারণে ঋণের প্রতিশ্রুতি ও অর্থছাড় কমেছে। আমরা জানি, প্রকল্পের আওতায় অর্থছাড় হয়ে থাকে কাজের অগ্রগতির ওপর। যতটুকু কাজ হয়েছে, সেটির ওপরই উন্নয়ন সহযোগীরা অর্থছাড় করে থাকে।

যেহেতু প্রথম দুই মাস আন্দোলনের কারণে কাজ হয়নি, তাই ঋণের অর্থছাড়ও কম হয়েছে। কাজের অগ্রগতি বাড়লে অর্থছাড়ও বাড়বে। তাই অনেকেরই ধারণা, এটি সাময়িক। অনেকে আবার 'ইউনূস-ইফেক্ট' (অন্তর্বর্তী সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূসের বৈশ্বিক প্রভাব) নিয়ে খুবই আশাবাদী; বিশেষ করে জাতিসংঘের সাধারণ অধিবেশনের পর। বাংলাদেশকে বাজারভিত্তিক ঋণের জন্য উচ্চ সুদ পরিশোধ করতে হচ্ছে। ইউক্রেন-রাশিয়ার যুদ্ধ পরিস্থিতিতে সিকিউরড ওভারনাইট ফিন্যান্সিং রেট (এসওএফআর) বেড়েছে।

বর্তমানে এসওএফআর ৫ শতাংশের বেশি, যা রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতির আগে ১ শতাংশের কম ছিল। আবার বাংলাদেশের বাজারভিত্তিক ঋণও ক্রমাগত বাড়ছে। এ কারণে বাংলাদেশকে এখন সুদ বাবদ বেশি অর্থ পরিশোধ করতে হচ্ছে। আগেই বলেছি, 'ইউনূস-ইফেক্টে' হয়তো বহুজাতিক সংস্থা থেকে সহজ শর্তে ঋণ পাওয়া কিছুটা সহজ হবে। তবে মনে রাখতে হবে, সেই ঋণের বেশির ভাগ আপৎকালীন বাজেট সহায়তা, যা আবার সংস্কারের সঙ্গে শর্তযুক্ত, বিশেষ করে আর্থিক বা রাজস্ব খাতের সংস্কারের সঙ্গে।

অন্যদিকে এই সহায়তা বা ঋণের পরিমাণও কিন্তু খুব বেশি নয়, ৫ থেকে ১০ বিলিয়ন মার্কিন ডলার। সব অর্থ পেতে পেতে আবার অনেক সময়ও লেগে যেতে পারে। তাই অর্থনীতিতে প্রাণচাঞ্চল্য আনতে আমাদের প্রবাসী আয় আর রপ্তানি বাড়ানোর যেমন বিকল্প নেই, তেমনি একটি অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য নির্বাচন শেষে শান্তিপূর্ণ পরিবেশে বিদেশি বিনিয়োগ আকর্ষণের জন্যও উঠেপড়ে লাগতে হবে। আর্থিক ব্যবস্থাপনায় নিশ্চিত করতে হবে স্বচ্ছতা ও জবাবদিহি।

● **মামুন রশীদ** অর্থনীতি বিশ্লেষক

মধ্যপ্রাচ্যের সংঘাত

ইসরায়েল-ইরানের উত্তেজনা কি মধ্যপ্রাচ্যে ছড়িয়ে পড়বে

আব্বাস নাসির

কয়েক সপ্তাহের প্রস্তুতির পর গত শনিবার ভোররাতে ইসরায়েল ইরানের ওপর হামলা চালায়। তবে এ বিমান ও ক্ষেপণাস্ত্র হামলার মাত্রা ছিল সীমিত। হামলার পরপরই ইসরায়েল ঘোষণা করেছে, তারা তাদের অভিযান সম্পন্ন করেছে। একই সঙ্গে তারা ইরানকে প্রতিশোধ নেওয়া থেকে বিরত থাকার জন্য হুঁশিয়ারিও দিয়ে রেখেছে। এরপর কী হবে? এ প্রশ্ন এখন অনেকেরই। কারণ, ইরানের বিভিন্ন পর্যায়ের নেতারা শনিবারের হামলার কঠোর জবাব দেওয়া হবে বলে হুমকি দিয়েছেন। অতীতে যুক্তরাষ্ট্রের ঘাঁটি ছিল এমন দেশগুলোকে, বিশেষ করে যারা মার্কিন ঘাঁটি হোস্ট করে, তাদের আঘাতের হুমকি দিয়েছে ইরান।

অনেক সংবাদ সংস্থা দাবি করেছে, যুক্তরাষ্ট্র ইসরায়েলের ওপর প্রভাব খাটিয়ে তাদের ইরানের পারমাণবিক স্থাপনা কিংবা তেল অবকাঠামোকে লক্ষ্যবস্তু না করার জন্য রাজি করিয়েছে।

কিন্তু শেষ পর্যন্ত ইসরায়েলি সূত্র জানিয়েছে, তারা ইরানের ক্ষেপণাস্ত্র প্রস্তুত ও উৎক্ষেপণকেন্দ্রগুলোয় হামলা করেছে। শনিবারের ইসরায়েলি হামলাটি প্রত্যাশিত ছিল। কারণ, ইসরায়েল হামলা চালিয়ে সিরিয়ার রাজধানীতে ইরানি দূতাবাসে থাকা ইরানের বিপ্লবী গার্ড কর্পসের (আইআরজিসি) অনেক উচ্চপদস্থ কর্মকর্তা এবং তেহরানে ইরানি প্রেসিডেন্টের অভিষেক অনুষ্ঠানে যোগ দিতে যাওয়া হামাস নেতা ইসমাইল হানিয়াকে হত্যা করার পর ১ অক্টোবর ইরান প্রতিশোধ হিসেবে ইসরায়েলে হামলা চালিয়েছিল।

ইরান ইসরায়েলের সামরিক ও গোয়েন্দা স্থাপনাগুলোকে নিশানা করে মূলত ড্রোন, ব্যালিস্টিক ও ক্রুজ ক্ষেপণাস্ত্র দিয়ে প্রতিশোধমূলক হামলা চালিয়েছে। ইরানের সূত্রগুলো বলছে, তাদের হামলাগুলোর পরিসর সীমিত ছিল। এসব হামলার মূল উদ্দেশ্য ছিল ইসরায়েলের শক্তিশালী প্রতিরক্ষাব্যবস্থা আয়রন ডোমের দুর্বলতাগুলো খুঁজে বের করা।

পশ্চিমা অর্থায়নে ইসরায়েলের গড়ে তোলা শক্তিশালী আধুনিক অস্ত্রভান্ডার ও বিশাল গোয়েন্দা সক্ষমতার ব্যাপারে কোনো সন্দেহ নেই। তবে ইরানের ক্ষেপণাস্ত্র হামলার কয়েক দিনের মধ্যে যুক্তরাষ্ট্র ইসরায়েলে তাদের থাড (টার্মিনাল হাই অ্যালটিচুড এরিয়া ডিফেন্স) অ্যান্টিমিসাইল ব্যাটারি ও মার্কিন ক্রুদের মোতায়েন শুরু করে। এটি ইসরায়েলের আয়রন ডোমের দুর্বলতা নির্দেশ করে।

যুক্তরাষ্ট্র যদিও দাবি করেছে, তাদের বাহিনী এই সপ্তাহান্তের ইসরায়েলি হামলায় অংশ নেয়নি, তবে কয়েক সপ্তাহ ধরে তারা উপসাগরীয় অঞ্চলে তাদের সামরিক উপস্থিতি বাড়াচ্ছে। এটি যে ইরানকে হুমকি দেওয়ার জন্য করা হচ্ছে, তা আন্দাজ করা যায়।

পশ্চিমা সংবাদমাধ্যমে প্রচুর খবর আছে, যুক্তরাষ্ট্র ও ইরানের কিছু উপসাগরীয় প্রতিবেশী ইসরায়েলের ওপর প্রভাব বিস্তার করে তাদের আক্রমণের মাত্রা ও পরিসর সীমিত রাখার জন্য রাজি করিয়েছে। কারণ, সংঘাত বাড়লে তাদেরও এতে জড়িয়ে পড়ার আশঙ্কা দেখা দিতে পারে।

যদি এসব খবর বিশ্বাসযোগ্য হয়, তাহলে এটি খুবই বিস্ময়ের কথা যে এই শক্তিগুলো গাজার চলমান হত্যাযজ্ঞ থামাতে বা পশ্চিম তীরে ফিলিস্তিনিদের ওপর সহিংসতা বন্ধ করতে তাদের প্রভাব খাটায়নি।

তেহরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের পতাকা পোড়াচ্ছেন বিক্ষোভকারীরা। ছবি : এএফপি

গাজায় যা ঘটছে, তা ভাষায় প্রকাশ করা যায় না। সেখানে দখলদার বাহিনীর নিজেদের 'বিশ্বের সবচেয়ে নৈতিক সামরিক বাহিনী' দাবি করে অদ্ভুত নৃশংসতা চালাচ্ছে এবং সেসব নৃশংসতা সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ছে। হাসপাতালে বা আশ্রয়শিবিরে আক্রমণ চালানো হচ্ছে। নিরস্ত্র শিশু ও সাধারণ মানুষকে হত্যা করা হচ্ছে এবং তাদের লাশ ধ্বংসস্তূপের মধ্যে পড়ে থাকছে।

তেহরান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং একসময়ের আইআরজিসি সদস্য সাইয়েদ মোহাম্মদ মারান্দি প্রায়ই ইরানি সরকারের অবস্থান সম্পর্কে ধারাভাষ্য দেন। তিনি বলেছেন, ফিলিস্তিনের মুক্তির জন্য ইরান আগের যেকোনো সময়ের তুলনায় এখন অনেক বেশি দৃঢ়সংকল্পবদ্ধ। তিনি টুইট করে বলেছেন, ইরান প্রতিশোধ নেবে এবং সেই প্রতিশোধের মাত্রা অভাবনীয় হতে পারে।

বিশ্বজুড়ে ফিলিস্তিনিদের ওপর নির্যাতনের চিত্র দেখে অনেক মানুষ ক্ষোভে ফুঁসছে। তাদের সরকার হয়তো এ পরিস্থিতিতে উদাসীন। কিন্তু সাধারণ মানুষ এ সহিংসতার অবসান চায়। তারা এই সহিংসতা থামাতে যা কিছু করা সম্ভব, তা করতে প্রস্তুত।

ইরানের হুমকি যদি কথার কথা না হয়ে থাকে, তাহলে এই সংঘাতে যুক্তরাষ্ট্রও জড়িয়ে পড়তে পারে এবং এই উত্তেজনা আঞ্চলিক তেল অবকাঠামোর ওপর কী প্রভাব ফেলবে, তা কে নিশ্চিত করে বলতে পারে?

এই সংঘাত এখনো দূরের মনে হচ্ছে। তবে হঠাৎ তা সবার দরজায় কড়া নাড়তে পারে। এতে বিশ্ব অর্থনীতিতে মারাত্মক প্রভাব পড়বে এবং এটি অনেক প্রশ্নের সৃষ্টি করবে।

এখন পর্যন্ত যুক্তরাষ্ট্রের নীতিগত অবস্থান থেকে এটি স্পষ্ট যে তারা পরিস্থিতির পরিবর্তন আনতে আগ্রহী নয়। তাদের কাছে মনে হয়, ফিলিস্তিনিরা যেন 'নিম্ন শ্রেণির মানুষ'।

হয়তো শুধু তাদের নিজেদের অর্থনৈতিক স্বার্থ হুমকির মুখে পড়লেই তারা এই গণহত্যা বন্ধের জন্য উদ্যোগী হবে।

● **আব্বাস নাসির** পাকিস্তানের ডন পত্রিকার সাবেক সম্পাদক

ডন থেকে নেওয়া, অনুবাদ : **সারফুদ্দিন আহমেদ**

প্রথম আলো
রেজি. নং ডিএ ১৮৮০

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
মিডিয়াস্টার লিমিটেডের পক্ষে প্রকাশক কর্তৃক গুলশান টাওয়ার (ষষ্ঠ তলা), প্লট ৩১, রোড ৫৩, গুলশান নর্থ বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২ থেকে প্রকাশিত

নির্বাহী সম্পাদক : সাজ্জাদ শরিফ
ব্যবস্থাপনা সম্পাদক : আনিসুল হক

ট্রান্সক্রাফট লিমিটেড, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা ১২০৮, ১২-১৩ কালুরঘাট ভারী শিল্প এলাকা চট্টগ্রাম ৪২০৮ এবং ফুলদীঘি, বগুড়া ৫৮০০ থেকে মুদ্রিত

প্রধান কার্যালয় : প্রথম আলো ভবন
১৯ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।
ফোন : ৫৫০১৩৪৩০-৩৩, ০৯৬১৩১১৩৩৬৬

বার্তা বিভাগ ফ্যাক্স : ৫৫০১২২০০, ৫৫০১২২১১
ই-মেইল : news@prothomalo.com
সম্পাদকীয় ই-মেইল : editorial@prothomalo.com

বিজ্ঞাপন : ৫৫০১২২১২
ই-মেইল : ad@prothomalo.com

ভাজক টিস্যু — বিভাজনে সক্ষম কোষ নিয়ে গঠিত টিস্যুকে 'ভাজক টিস্যু' বলে। ভাজক টিস্যুর কোষ প্রাচীর পাতলা ও সেলুলোজে নির্মিত।

৯ম শ্রেণির বার্ষিক পরীক্ষা : শেষ মুহূর্তের প্রস্তুতি

ইতিহাস ও সামাজিক বিজ্ঞান
নৈর্ব্যক্তিক প্রশ্ন

মিজানুর রহমান, *শিক্ষক*
ধানমন্ডি সরকারি বালক উচ্চবিদ্যালয়, ঢাকা

শিখন অভিজ্ঞতা ৭

 # এক কথায় উত্তর

প্রশ্ন : ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ কতটি আসনে জয়লাভ করে?
উত্তর : ১৬৭টিতে।
প্রশ্ন : বৈজ্ঞানিক পদ্ধতি কী?
উত্তর : কোনো বিষয়ে জানার জন্য নিয়ম মেনে বা ধাপে ধাপে অনুসন্ধানের প্রক্রিয়াই হলো বৈজ্ঞানিক পদ্ধতি।
প্রশ্ন : বৈজ্ঞানিক পদ্ধতিতে গবেষণা প্রক্রিয়ার কয়টি ধাপ রয়েছে?
উত্তর : বৈজ্ঞানিক পদ্ধতিতে গবেষণা প্রক্রিয়ার আটটি ধাপ রয়েছে।
প্রশ্ন : বৈজ্ঞানিক পদ্ধতিতে গবেষণার প্রথম ধাপ কী?
উত্তর : অনুসন্ধানের বিষয়বস্তু (Topic) নির্বাচন করা।
প্রশ্ন : অনুসন্ধানের বিষয়বস্তু নির্বাচনের পর কী করতে হয়?
উত্তর : বিষয়বস্তুসংক্রান্ত প্রশ্ন উত্থাপন।
প্রশ্ন : সব প্রশ্নই কি অনুসন্ধানের জন্য উপযুক্ত?
উত্তর : সব প্রশ্ন অনুসন্ধানের জন্য উপযুক্ত নয়।
প্রশ্ন : গবেষণার জন্য তথ্যের উৎস নির্বাচনে কোন বিষয়গুলো লক্ষ রাখতে হবে?
উত্তর : যে বিষয়টি সম্পর্কে জানতে চাচ্ছি, তা সেই উৎস থেকে সঠিকভাবে জানা যাবে কি না।
প্রশ্ন : তথ্য সংগ্রহের জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে প্রথমে কী করতে হয়?
উত্তর : প্রশ্নমালা তৈরি করতে হয়।
প্রশ্ন : বৈজ্ঞানিক পদ্ধতিতে গবেষণার শেষ ধাপ কী?
উত্তর : সিদ্ধান্ত গ্রহণ।
প্রশ্ন : ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য অস্থায়ী বাংলাদেশ সরকার পুরো পূর্ব পাকিস্তানকে কয়টি সেক্টরে বিভক্ত করে?
উত্তর : ১১টি সেক্টরে।
প্রশ্ন : প্রতিটি সেক্টরে কতজন সেক্টর কমান্ডার নিযুক্ত করা হয়?
উত্তর : একজন।
প্রশ্ন : বরিশাল ও পটুয়াখালী জেলা কত নম্বর সেক্টরের অধীন ছিল?
উত্তর : ৯ নম্বর।
প্রশ্ন : এই সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?
উত্তর : মেজর এম এ জলিল।
প্রশ্ন : ৯ নম্বর সেক্টর কয়টি সাব-সেক্টরে বিভক্ত ছিল?
উত্তর : ৩টি সেক্টরে বিভক্ত ছিল।

ইংরেজি
Experience-9

ইকবাল খান, *প্রভাষক*
বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

গতকালের পর বাকি অংশ

A student requires actively engage in the task and activities, ask questions, and share ideas with the class. This practice will enhance your understanding of the subject matter and demonstrate your commitment to your education.
একজন শিক্ষার্থীর প্রয়োজন সক্রিয়ভাবে কাজ করা ও ক্রিয়াকলাপগুলোতে জড়িত হওয়া, প্রশ্ন জিজ্ঞাসা করা এবং ক্লাসের সঙ্গে ধারণাগুলো শেয়ার করা। এই অনুশীলনটি বিষয়বস্তু সম্পর্কে তোমার বোঝার উন্নয়ন করবে এবং শিক্ষার প্রতি তোমার প্রতিশ্রুতি প্রদর্শন করবে।

Participating actively in the learning process allows you to develop critical thinking and creative skills, a collaborative attitude with classmates, and subsequently helps to gain valuable insights from different perspectives. Finally, responsibility at this stage of life also involves seeking help and support when needed.
শেখার প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করা তোমাকে সমালোচনামূলক চিন্তাভাবনা ও সৃজনশীল দক্ষতা, সহপাঠীদের সঙ্গে একটি সহযোগিতামূলক মনোভাব তৈরি করা এবং পরবর্তী সময়ে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে মূল্যবান অন্তর্দৃষ্টি অর্জনে সহায়তা করে। অবশেষে জীবনের এই পর্যায়ে দায়িত্বের মধ্যে প্রয়োজনের সময় সাহায্য ও সমর্থন চাওয়াও জড়িত।

It is essential to understand that asking for assistance is a sign of strength and maturity, and nothing is wrong with it. Whether it is about seeking clarification from teachers, forming study groups with classmates, or accessing additional resources, taking the initiative to seek help ensures that you overcome challenges and maximize your learning potential.
এটা বোঝা অত্যাবশ্যক যে সাহায্যের জন্য জিজ্ঞাসা করা শক্তি ও পরিপক্বতার একটি চিহ্ন এবং এতে ভুলের কিছু নেই। এটি শিক্ষকদের কাছ থেকে ব্যাখ্যা চাওয়া, সহপাঠীদের সঙ্গে স্টাডিগ্রুপ গঠন করা বা অতিরিক্ত সংস্থানগুলো অধিগত করার বিষয়ই হোক না কেন, সাহায্য নেওয়ার উদ্যোগ তোমার চ্যালেঞ্জগুলো কাটিয়ে উঠা এবং শেখার সম্ভাবনাকে সর্বাধিক করা নিশ্চিত করে।

বাকি অংশ ছাপা হবে আগামীকাল

ষষ্ঠ শ্রেণি : বার্ষিক পরীক্ষার প্রস্তুতি

গণিত | নৈর্ব্যক্তিক প্রশ্ন

রণজিৎ কুমার শীল, *সিনিয়র শিক্ষক*
ধানমন্ডি সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, ঢাকা

অধ্যায় ৫

 # বহুনির্বাচনি প্রশ্ন

২৭. $\frac{৩}{২}:\frac{২}{৫}::\square:\frac{২}{৩}$, ফাঁকা ঘরটি পূরণ করো।
ক. $\frac{২}{৫}$ খ. $\frac{১}{৬}$
গ. $\frac{৫}{২}$ ঘ. $\frac{৩}{৫}$
২৮. ২০০ এর $\frac{১}{২}$% এর সঙ্গে ১০০ যোগ করলে সংখ্যাটি কত?
ক. ১৫০ খ. ১০১
গ. ২০০ ঘ. ২০১
২৯. কোন সংখ্যার ১৬$\frac{২}{৩}$% = ১০০?
ক. ৫০০ খ. ৫৫০
গ. ৬০০ ঘ. ৮৫০
৩০. ৯৬ টাকা ১৫০ টাকার শতকরা কত ভাগ?
ক. ৪৬% খ. ৫৬%
গ. ৬০% ঘ. ৬৪%।

 # এক কথায় উত্তর

৩১. ২ হালি ডিমের দাম ১০০ টাকা হলে ২টি ডিমের দাম কত?
৩২. পিতার বয়স ৫০ বছর। পিতা ও পুত্রের বয়সের অনুপাত ২ : ১ হলে পুত্রের বয়স কত?
৩৩. ২০টি আমের মধ্যে ৪টি আম পচে গেছে। কত শতাংশ আম পচে গেছে?
৩৪. অনন্যা ৩০০ নম্বরের মধ্যে ২৪০ পেয়েছে। সে শতকরা কত নম্বর পেয়েছে?
৩৫. ৪ : ৯ এর দ্বিভাজিত অনুপাত কত?
৩৬. ১২$\frac{১}{২}$% কে ভগ্নাংশে প্রকাশ করলে কী হবে?
৩৭. ৫ : ৮ এর একটি সমতুল অনুপাত লেখো।
৩৮. একটি সংখ্যার ৭৫% এর সঙ্গে ১০০ যোগ করলে যে সংখ্যা হয়, তা নির্ণয় করো।
৩৯. একজন লোকের বেতন ৩০% বৃদ্ধি পেল। তার আদি বেতন ৩০০০০ টাকা হলে নতুন বেতন কত?
৪০. ঐকিক নিয়মে যাবতীয় তুলনা কার সাপেক্ষে করা হয়?
৪১. ১০০% কে অনুপাতে প্রকাশ করলে এটি কী ধরনের অনুপাত হবে?
৪২. ৩৮০ এর ৩০% = কত?
৪৩. ১৭ : ১৭ কী ধরনের অনুপাত?
৪৪. ৩ হালি ডিমের দাম ১২০ টাকা হলে ১টি ডিমের দাম কত?
৪৫. ৫/৮ কে শতকরায় প্রকাশ করলে কত হবে?
৪৬. ২৫% কে অনুপাতে প্রকাশ করলে কত হবে?
৪৭. পুত্রের ভর ৪০ কেজি ও পিতার ভর ৮০ কেজি। পিতার ভর পুত্রের ভরের কতগুণ?
৪৮. ১ জন লোক একটি কাজ করতে পারে ২০ দিনে। ৫ জন লোক ওই কাজ কত দিনে করতে পারবে?
৪৯. প্রথম রাশি ৭$\frac{১}{৩}$ ও দ্বিতীয় রাশি ৯$\frac{২}{৫}$ হলে, রাশি দুটির অনুপাত কত?
৫০. % চিহ্ন এর মান কত?

সঠিক উত্তর
২৭. গ ২৮. খ ২৯. গ ৩০. ঘ।
৩১. ২৫ টাকা, ৩২. ২৫ বছর, ৩৩. ২০%, ৩৪. ৮০%, ৩৫. ২ : ৩, ৩৬. $\frac{১}{৮}$, ৩৭. ১০ : ১৬, ৩৮. ৪০০, ৩৯. ৩৯০০০ টাকা, ৪০. ১ বা একক এর সাপেক্ষে, ৪১. একক অনুপাত, ৪২. ১১৪, ৪৩. একক অনুপাত, ৪৪. ১০ টাকা, ৪৫. ৬২ : ৫%, ৪৬. ২৫ : ১০০, ৪৭. ২ গুণ, ৪৮. ৪ দিন, ৪৯. ১১০ : ১৪১, ৫০. $\frac{১}{১০০}$

অষ্টম শ্রেণি : বার্ষিক পরীক্ষার প্রস্তুতি

বাংলা | নৈর্ব্যক্তিক প্রশ্ন

জাহেদ হোসেন, *সিনিয়র শিক্ষক*
বিয়াম মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

অধ্যায় ২, পরিচ্ছেদ ২

 # যাত্রা (গল্প)

১. বাংলা সাহিত্যে শওকত আলী কোন পরিচয়ে পরিচিত?
ক. কথাসাহিত্যিক খ. কবি
গ. সব্যসাচী ঘ. গীতিকার
[শওকত আলী (১৯৩৬-২০১৮) বাংলা সাহিত্যের একজন প্রখ্যাত কথাসাহিত্যিক]
২. কথাসাহিত্যিক কী রচনা করেন?
ক. কবিতা খ. গান
গ. গল্প ও উপন্যাস ঘ. পুঁথি
[একজন কথাসাহিত্যিক জীবনকে ভিত্তি করে গল্প ও উপন্যাস সাজিয়ে তোলেন]
৩. 'প্রদোষে প্রাকৃতজন'—কার লেখা?
ক. শওকত আলী
খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম
ঘ. রাবেয়া খাতুন
['প্রদোষে প্রাকৃতজন' প্রখ্যাত কথাসাহিত্যিক শওকত আলীর লেখা। তাঁর আরও বিখ্যাত উপন্যাসের মধ্যে 'দক্ষিণায়নের দিন', 'কুলায় কালস্রোত', 'পূর্বরাত্রি পূর্বদিন' ইত্যাদি উল্লেখযোগ্য]
৪. 'যাত্রা' গল্পটি কোন উপন্যাসের অংশবিশেষ?
ক. প্রদোষে প্রাকৃতজন
খ. যাত্রা
গ. দক্ষিণায়নের দিন
ঘ. পূর্বরাত্রি পূর্বদিন
['যাত্রা' গল্পটি শওকত আলীর 'যাত্রা' উপন্যাসের একটি অংশ]
৫. 'যাত্রা'—গল্প কোন পটভূমিতে রচিত?
ক. মুক্তিযুদ্ধ খ. ভাষা আন্দোলন
গ. তেভাগা আন্দোলন
ঘ. সাঁওতাল বিদ্রোহ
['যাত্রা' গল্পটি বাংলাদেশের ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত]
৬. হুড়োহুড়ি পারাপারি করে সবাই কিসে উঠতেছিল?
ক. বাসে খ. ট্রেনে
গ. নৌকায় ঘ. ট্রাকে
[মুক্তিযুদ্ধের প্রাক্কালে সবাই হুড়োহুড়ি পারাপারি করে নৌকায় উঠে ঢাকা ছাড়তেছিল]
৭. প্রফেসরের নাম কী?
ক. আনিসুর খ. রায়হান
গ. মকবুল ঘ. সাজ্জাদ
[নৌকার যাত্রীদের একজন ছিলেন প্রফেসর রায়হান]
৮. প্রফেসর রায়হানের স্ত্রীর দুই চোখে কালি পড়েছে কেন?
ক. সন্তানের দুশ্চিন্তার জন্য
খ. খাবারের অসুবিধার জন্য
গ. নির্ঘুম রাতের জন্য
ঘ. পুরোনো কষ্টের জন্য
[নির্ঘুম রাতের জন্য প্রফেসর রায়হানের স্ত্রীর দুই চোখে কালি পড়েছে]

সঠিক উত্তর
১. ক ২. গ ৩. ক ৪. খ ৫. ক ৬. গ ৭. খ ৮. গ

বাকি অংশ ছাপা হবে আগামীকাল

এসএসসি পরীক্ষা-২০২৫ : পূর্ণাঙ্গ সিলেবাস

বাংলা ১ম পত্র
বহুনির্বাচনি প্রশ্ন

মোস্তাফিজুর রহমান, *শিক্ষক*
বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

প্রবন্ধ : মানুষ মুহম্মদ (স.)

১. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের মূল আলোচ্য বিষয় কী?
ক. মহানবির নবিত্ব লাভ
খ. মহানবির দেশপ্রেম
গ. মহানবির মানবিক গুণাবলি
ঘ. মহানবির মক্কা বিজয়
২. 'উলঙ্গ তরবারি' বলতে লেখক কী বুঝিয়েছেন—?
ক. খোলা তরবারি
খ. খাপযুক্ত তরবারি
গ. বিরাট তরবারি
ঘ. মণিখচিত তরবারি
৩. 'হযরত আবুবকরের গম্ভীর উক্তিতে সকলেরই চৈতন্য হইল।'—এ বাক্যে 'চৈতন্য' শব্দটি কোন অর্থ প্রকাশ করেছে?
ক. বোধোদয়
খ. জ্ঞান ফেরা
গ. জেগে ওঠা
ঘ. সজাগ হওয়া
৪. হযরতের চরিত্র মধুময় হয়ে উঠেছিল কেন?
ক. গুরুগম্ভীর নীরবতায়
খ. মধুবর্ষী মুখের ভাষণে
গ. বিনীত নম্র প্রকৃতিতে
ঘ. সত্যের নিবিড় সাধনায়
৫. কার অসাধারণ যোগ্যতা, বুদ্ধি, বিচারশক্তি, বলিষ্ঠ দেহ দেখিয়া মানুষ অবাক হয়ে যেত?
ক. মুহম্মদ (স.)-এর
খ. আবুবকর (রা.)-এর
গ. ওমর (রা.)-এর
ঘ. উসমান (রা.)-এর
৬. 'এদের জ্ঞান দাও প্রভু এদের ক্ষমা কর'—এ উক্তিতে মুহম্মদ (স.) এর কোন গুণটি প্রকাশ পেয়েছে?
ক. ক্ষমাশীলতা
খ. সহনশীলতা
গ. মহানুভবতা
ঘ. উদারতা
৭. 'না না, তাহা কখনই সম্ভব নয়।'—কোনটি সম্ভব ছিল না?
ক. শত্রুদের অভিসম্পাত করা
খ. শত্রুদের প্রতিরোধ করা
গ. শত্রুদের সঙ্গে সন্ধি করা
ঘ. শত্রুদের সঙ্গে বঞ্চনা করা

সঠিক উত্তর
১. গ ২. ক ৩. ক ৪. ঘ ৫. ক ৬. ক ৭. ক

বাকি অংশ ছাপা হবে আগামীকাল

বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা | বহুনির্বাচনি প্রশ্ন

মেজবাহউদ্দিন আহমেদ, *প্রভাষক*
ধানমন্ডি সরকারি বালক উচ্চবিদ্যালয়, ঢাকা

অধ্যায় ৪

৬৫. হিউয়েন সাং কাকে বৌদ্ধধর্ম বিদ্বেষী বলেছেন?
ক. শশাঙ্ক খ. রাজ্যবর্ধন
গ. হর্ষবর্ধন ঘ. গ্রহবর্মণ
৬৬. প্রাচীন বাংলায় 'মাৎস্যন্যায়' কত বছর স্থায়ী ছিল?
ক. ১০০ বছর খ. ২০০ বছর
গ. ৩০০ বছর ঘ. ৪০০ বছর
৬৭. পাহাড়পুরের বৌদ্ধ বিহারটি কার আমলে নির্মিত হয়?
ক. ধর্মপাল খ. গোপাল
গ. রামপাল ঘ. দেবপাল
৬৮. কার রাজত্বকালে বৌদ্ধ ধর্ম বাংলায় বেশি প্রসার লাভ করে?
ক. শশাঙ্ক খ. মহিপাল
গ. ধর্মপাল ঘ. অশোক
৬৯. পাল বংশের পতন ঘটে কীভাবে?
ক. অর্থনৈতিক সংকটের কারণে
খ. নিজেদের মধ্যে অন্তকলহের কারণে
গ. বিলাসী জীবনযাপনের কারণে
ঘ. শাসকদের যোগ্যতার অভাবে
৭০. 'মহামাত্র' কী?
ক. একজন মহাসামন্ত
খ. একজন উপরিক
গ. একজন রাজপ্রতিনিধি
ঘ. একজন রাজকর্মচারী
৭১. 'গঙ্গারিডই'-এর ক্ষেত্রে প্রযোজ্য—
i. গঙ্গারিডই একটি শক্তিশালী রাজ্যের নাম
ii. ভাগীরথী ও পদ্মা নদীর মধ্যবর্তী অঞ্চল
iii. 'প্রাসিঅয়' জাতির সমসাময়িক
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii
৭২. পাল যুগের অন্যতম বৈশিষ্ট্য হলো—
i. সব ধর্মের পৃষ্ঠপোষকতা
ii. জ্ঞানবিজ্ঞানের পৃষ্ঠপোষকতা
iii. উন্নয়নমূলক কর্মকাণ্ডের পৃষ্ঠপোষকতা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii
৭৩. 'মাৎস্যন্যায়' কী?
ক. অরাজকতার যুগ খ. সুশাসনের সময়
গ. অসময় ঘ. কুসুশাসনের সময়
৭৪. সমগ্র এশিয়ায় বৌদ্ধ সংস্কৃতির প্রধান প্রাণকেন্দ্র হয়ে উঠেছিল কোনটি?
ক. নালন্দা বিশ্ববিদ্যালয়
খ. কলকাতা বিশ্ববিদ্যালয়
গ. ঢাকা বিশ্ববিদ্যালয়
ঘ. আরাকান বিশ্ববিদ্যালয়
৭৫. 'প্রাসিঅয়' কী?
ক. একটি রাজ্য খ. একটি গোত্র
গ. একটি নৃ-গোষ্ঠী ঘ. একটি যাযাবর দল
৭৬. 'ভুক্তি' কী?
ক. সবচেয়ে বড় প্রদেশ
খ. জাতিগোষ্ঠী
গ. যুদ্ধক্ষেত্র ঘ. পাহাড়ি এলাকা
৭৭. ভুক্তিপত্তিকে কী বলা হতো?
ক. উপরিক খ. দলনায়ক
গ. উপনায়ক ঘ. অধিনায়ক
৭৮. চন্দ্র রাজাদের মূল কেন্দ্র ছিল কোথায়?
ক. বরেন্দ্রভূমি খ. লালমাই পাহাড়
গ. সুন্দরবন ঘ. বান্দরবান
৭৯. গুপ্তদের সময়ে রাজতন্ত্র কেমন ছিল?
ক. সামন্তনির্ভর খ. জমিদারনির্ভর
গ. মানুষনির্ভর ঘ. রাজানির্ভর

সঠিক উত্তর
অধ্যায় ৪ : ৬৫. ক ৬৬. ক ৬৭. ক ৬৮. গ ৬৯. ঘ ৭০. গ ৭১. ঘ ৭২. ঘ ৭৩. ক ৭৪. ক ৭৫. ক ৭৬. ক ৭৭. ক ৭৮. খ ৭৯. ক

আগামীকাল থাকবে
- **নবম শ্রেণি** : গণিত, ইংরেজি
- **ষষ্ঠ শ্রেণি** : বিজ্ঞান
- **অষ্টম শ্রেণি** : বাংলা
- **এসএসসি পরীক্ষা-২০২৫** : বাংলা ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, কৃষিশিক্ষা
- **নোটিশ বোর্ড** : খুলনা বিশ্ববিদ্যালয়ে ২৯টি ডিসিপ্লিনে মাস্টার্স প্রোগ্রামে ভর্তির সময় বৃদ্ধি

কৃষিশিক্ষা
বহুনির্বাচনি প্রশ্ন

মো. আবু সুফিয়ান, *শিক্ষক*
আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

অধ্যায় ১

১২৬. খাদ্যে বাতাসের আপেক্ষিক আর্দ্রতা শতকরা কত ভাগের বেশি থাকলে ছত্রাক জন্মাতে পারে?
ক. ৬০% খ. ৬৫%
গ. ৭০% ঘ. ৮০%
১২৭. খাদ্যে পোকামাকড়সমূহ কত ডিগ্রি সে. তাপমাত্রায় খুব ভালো জন্মাতে পারে?
ক. ২৫-৩০° সে. খ. ২৬-৩০° সে.
গ. ৩০-৩৫° সে. ঘ. ৩৫-৪০° সে.
১২৮. মাছের খাদ্যের কোন পুষ্টিগুণ সূর্যের অতিবেগুনি রশ্মির প্রভাবে নষ্ট হয়ে যায়?
ক. শর্করা খ. আমিষ
গ. ভিটামিন ঘ. খনিজ লবণ
১২৯. খাদ্য প্রক্রিয়াজাত করে রেখে দেওয়াকে কী বলে?
ক. খাদ্য প্রক্রিয়াজাতকরণ
খ. খাদ্য গুদামজাতকরণ
গ. খাদ্য উৎপাদন
ঘ. খাদ্য সংরক্ষণ
১৩০. কাঁচা ঘাসের বিকল্প কী?
ক. খড় খ. হে
গ. কচুরিপানা ঘ. ভুসি
১৩১. শিম গোত্রীয় ঘাস কোনটি?
ক. ভুট্টা খ. নেপিয়ার
গ. মাষকলাই ঘ. গিনি
১৩২. হে তৈরির জন্য ঘাসের আর্দ্রতা শতকরা কত ভাগ ?
ক. ১৫-২০% খ. ২০-২৫%
গ. ২০-৩০% ঘ. ২৫-৩০%
১৩৩. সাইলেজ তৈরির জন্য কোন সময় ঘাস কাটা হয়?
ক. ফুল আসার সময়
খ. ফল আসার সময়
গ. পূর্ণবয়স্ক হওয়ার পর
ঘ. চারা অবস্থায়
১৩৪. সাইলেজ তৈরিতে ঘাস কেটে কোথায় রাখা হয়?
ক. মাচার ওপর খ. সাইলো পিটে
গ. অধিক বাতাসযুক্ত স্থানে
ঘ. চালাযুক্ত ঘরে
১৩৫. ক্রাম্বল ফিড কীভাবে সংরক্ষণ করা হয়?
ক. হে তৈরির মাধ্যমে
খ. সাইলেজ তৈরির মাধ্যমে
গ. কারখানায় প্রক্রিয়াজাত করে
ঘ. উপজাত সংগ্রহ করে

সঠিক উত্তর
অধ্যায় ১ : ১২৬. খ ১২৭. খ ১২৮. গ ১২৯. ঘ ১৩০. খ ১৩১. গ ১৩২. ক ১৩৩. ক ১৩৪. খ ১৩৫. গ

নোটিশ বোর্ড

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিবিএ প্রোগ্রামে ভর্তির সময় বৃদ্ধি

■ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেসের অধীনে বিবিএ প্রোগ্রামে (২৩১ সেমিস্টারে) ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়ার সময় বাড়ানো হয়েছে।
যোগ্যতা : যেকোনো ডিসিপ্লিনে এইচএসসি বা সমমান। ভর্তি হওয়ার যাবতীয় কাজ অনলাইনে সম্পন্ন করতে হবে।
অনলাইনে ভর্তি ফি জমাদানের বিস্তারিত প্রক্রিয়া বাউবির ওয়েবসাইট থেকে জানা যাবে।
প্রার্থীকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (OSAPS (https://osapsnew.bou.ac.bd)-এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।
আবেদনের শেষ তারিখ : ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত।
প্রবেশপত্র : ভর্তি পরীক্ষার প্রবেশপত্র পাওয়া যাবে ৫-১৭ জানুয়ারি ২০২৫। এ সময় osapsnew.bou.ac.bd তে লগইন করে ইউজার আইডি ও পাসওয়ার্ড টাইপ করে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। ভর্তি পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র ও জাতীয় পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে।
ভর্তি পরীক্ষার তারিখ : ১৭ জানুয়ারি ২০২৫। সময় বেলা ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।
নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ : ৯ ফেব্রুয়ারি ২০২৫।
ভর্তি পরীক্ষার বিষয় : বাংলা ৩০, সাধারণ গণিত ৩০, কম্প্রিহেনশন ও প্যারাগ্রাফ রাইটিং ৩০, ইংরেজি ৩০ ও সাধারণ জ্ঞান ৩০ নম্বর।
বিস্তারিত তথ্য জানতে ওয়েবসাইট : www.bou.ac.bd

বাউবির স্নাতক সম্মান পুনপরীক্ষার ফি জমার তারিখ

■ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত স্নাতক (সম্মান) প্রোগ্রামের সমাজতত্ত্ব, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলামিক স্টাডিজ, বাংলা ভাষা ও সাহিত্য এবং এলএলবি (অনার্স) বিষয়ের ২৩২ টার্ম (২য় সিমেস্টার), ২৩১ টার্ম (৩য় সিমেস্টার) এবং ২২২ টার্ম (৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম সিমেস্টার) -এর পুনঃপরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত হারে পুনপরীক্ষার ফি জমা দিয়ে ব্যাংক রশিদসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।
আবেদনপত্র জমার শেষ তারিখ : ২৮/১০/২০২৪।

২১% নগদ লভ্যাংশ দেবে ক্রাউন সিমেন্ট | গত জুনে সমাপ্ত আর্থিক বছরের জন্য শেয়ারধারীদের ২১ শতাংশ নগদ লভ্যাংশ দেবে তালিকাভুক্ত কোম্পানি ক্রাউন সিমেন্ট। নিজস্ব প্রতিবেদক, ঢাকা

২৬ দিনে প্রবাসী আয় এল ১৯৫ কোটি ডলার

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকে দেশে প্রবাসী আয়ে ইতিবাচক প্রবণতা চলছে। সে ধারাবাহিকতায় চলতি মাসের প্রথম ২৬ দিনে (১-২৬ অক্টোবর) দেশে প্রবাসী আয় এসেছে ১৯৪ কোটি ৯৩ লাখ মার্কিন ডলার, যা দেশি মুদ্রায় প্রায় ২৩ হাজার ৩৯১ কোটি টাকা (প্রতি ডলার ১২০ টাকা হিসাবে)। চলতি মাসে এখন পর্যন্ত প্রতিদিন গড়ে প্রায় ৯০০ কোটি টাকা পাঠিয়েছেন প্রবাসী বাংলাদেশিরা।

গত আগস্টে প্রবাসী আয় এসেছে ২২২ কোটি ডলার। সেপ্টেম্বরে আসে ২৪০ কোটি ডলার, যা গত বছরের সেপ্টেম্বরের ১৩৩ কোটি ডলারের চেয়ে ৮০ শতাংশ বেশি এবং মাস ভিত্তিতে এ বছরের দ্বিতীয় সর্বোচ্চ। চলতি বছরে সর্বোচ্চ ২৫৪ কোটি ডলারের প্রবাসী আয় আসে জুন মাসে। সেটিই একক মাস হিসাবে গত তিন বছরে সর্বোচ্চ প্রবাসী আয়। এর আগে ২০২০ সালের জুলাইয়ে এসেছিল ২৫৯ কোটি ডলার।

কেন্দ্রীয় ব্যাংকের হালনাগাদ তথ্য অনুসারে, চলতি মাসের প্রথম ২৬ দিনে সবচেয়ে বেশি ৩৭ কোটি ১৪ লাখ ডলার এসেছে ইসলামী ব্যাংকের মাধ্যমে। এ ছাড়া অগ্রণী ব্যাংক ১৮ কোটি ৫৩ লাখ, সোনালী ব্যাংক ১৪ কোটি ৩৬ লাখ, ব্র্যাক ব্যাংক ১২ কোটি ২৩ লাখ, জনতা ব্যাংক ১১ কোটি ৬৪ লাখ ও রূপালী ব্যাংক ১০ কোটি ১৯ লাখ ডলার এনেছে।

২০২২ সালে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরু হলে বিশ্ববাজারে জ্বালানি ও খাদ্যপণ্যের দাম বেড়ে যায়। এতে আমদানি খরচ বেড়ে যাওয়ায় ডলার-সংকটে পড়ে বাংলাদেশ। তাতে ডলারের মূল্যবৃদ্ধি পায়। তখন থেকে বৈধ পথে প্রবাসী আয় এনে ডলারের প্রবাহ বাড়ানোর চেষ্টা করছে বাংলাদেশ ব্যাংক। তাতে অবশ্য খুব কাজ হয়নি।

আওয়ামী লীগ সরকারের পতনের পর ১৪ আগস্ট বাংলাদেশ ব্যাংকের গভর্নর হিসেবে দায়িত্ব নেন বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর। দায়িত্ব নিয়েই তিনি অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করে ব্যাংক খাতের উন্নয়নে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেন। এর মধ্যে অন্যতম ছিল ডলার-সংকট কাটাতে আন্তব্যাংক বৈদেশিক মুদ্রা লেনদেনে বিদ্যমান ব্যান্ড ১ শতাংশ থেকে বাড়িয়ে আড়াই শতাংশ করা। এতে বিনিময় হার নির্ধারণের ক্রলিং পেগ ব্যবস্থায় ডলারের মধ্যবর্তী দাম ১১৭ থেকে সর্বোচ্চ ১২০ টাকা পর্যন্ত বাড়াতে পারছে ব্যাংকগুলো। প্রণোদনা দিয়ে ব্যাংকগুলো এখন ১২২ টাকায়ও প্রবাসী আয় কিনছে। তবে কোনো কোনো ব্যাংক এর চেয়ে বেশি দিয়েও প্রবাসী আয়ের ডলার কিনছে। ফলে প্রবাসী আয় বাড়ছে।

বিভিন্ন ব্যাংকের ট্রেজারি বিভাগের কর্মকর্তারা *প্রথম আলো*কে জানান, ডলারের দাম অতিরিক্ত বাড়িয়ে প্রবাসী আয় কেনার যে প্রতিযোগিতা ছিল, এখন তা অনেকটা কমে এসেছে। পাশাপাশি কেন্দ্রীয় ব্যাংকের কড়াকড়ি কমায় ব্যাংকগুলোর সবার জন্য সমান সুযোগ তৈরি হয়েছে। এটিও প্রবাসী আয়ে ইতিবাচক প্রভাব রাখছে।

গত জুলাইয়ে কোটা সংস্কার আন্দোলনের সময় প্রবাসী আয় কমে যায়। বৈধ পথে প্রবাসী আয় দেশে না পাঠানোর প্রচারণাও চলে তখন। তবে সরকার পরিবর্তন ও ডলারের দাম নিয়ে নতুন সিদ্ধান্তের পর প্রবাসী আয় ইতিবাচক ধারায় ফেরে।

বাংলাদেশ ব্যাংকের হিসাবে, ২০২২-২৩ অর্থবছরে দেশে ২১ দশমিক ৬১ বিলিয়ন বা ২ হাজার ১৬১ কোটি ডলারের প্রবাসী আয় এসেছিল। ২০২৩-২৪ অর্থবছরে তা বেড়ে দাঁড়ায় ২৩ দশমিক ৯১ বিলিয়ন বা ২ হাজার ৩৯১ কোটি ডলার।

চলতি অক্টোবর মাসের প্রথম ১৯ দিনে আসে ১৫৩ কোটি মার্কিন ডলারের প্রবাসী আয়, যা দেশি মুদ্রায় প্রায় ১৮ হাজার ৩৬০ কোটি টাকা। আলোচ্য সময়ে সরকারি ব্যাংকগুলো ৪০ কোটি, বিশেষায়িত ব্যাংকগুলো ৭ কোটি ৮১ লাখ ও বেসরকারি ব্যাংকগুলো ১০৫ কোটি ডলারের প্রবাসী আয় আনে। এককভাবে মাসের প্রথম ১৯ দিনে সর্বোচ্চ ৩০ কোটি ৮১ লাখ ডলার এনেছে ইসলামী ব্যাংক। জনতা ব্যাংকের মাধ্যমে দ্বিতীয় সর্বোচ্চ ১০ কোটি ৫৫ লাখ ডলার এসেছে।

বিক্ষোভ শেয়ারবাজারে টানা দরপতনের প্রতিবাদে আবারও রাস্তায় নেমেছেন সাধারণ বিনিয়োগকারীরা। পতন থামাতে সরকার ও পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থার হস্তক্ষেপ চেয়ে তাঁরা বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেন। গতকাল রাজধানীর মতিঝিলে বাংলাদেশ ব্যাংকের সামনে। প্রথম আলো

শুল্ক কমানোর পরও আমদানি কম

নিত্যপণ্য

নতুন শুল্কহারে আমদানি করা বিভিন্ন পণ্যের চালান খালাসের হার এখনো বাড়েনি। এ জন্য বাজারে শুল্ক হ্রাসের প্রভাব পড়েনি বলে জানান ব্যবসায়ীরা।

বিশেষ প্রতিবেদক, *চট্টগ্রাম*

নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সহনীয় রাখতে সরকার সম্প্রতি আমদানি পর্যায়ে চিনি, সয়াবিন তেল, পাম তেল ও ডিমের শুল্কহার কমিয়েছে। তবে নতুন শুল্কহারে এখনো খুব বেশি পণ্য আমদানি হয়নি। এ কারণে বাজারে এসব পণ্যের দামে খুব বেশি প্রভাব পড়েনি বলে জানান ব্যবসায়ীরা।

ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) হিসাবে, শুল্কহার কমানোর পর বাজারে চিনি, সয়াবিন তেল, পাম তেলের দাম কেজিপ্রতি এক থেকে দুই শতাংশ পর্যন্ত বেড়েছে। তবে ডিমের দাম কমেছে।

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) তথ্যে দেখা যায়, শুল্কহার কমানোর পর গত শনিবার পর্যন্ত দেশের বিভিন্ন শুল্ক স্টেশন থেকে সব মিলিয়ে প্রায় ৭০ হাজার টন পণ্য খালাস হয়েছে, যার বেশির ভাগই পাম তেল। অপরিশোধিত চিনির কোনো চালান খালাস হয়নি। সয়াবিন তেলের চালানও খালাস হয়নি। এ সময়ের মধ্যে ডিমের একটি চালান খালাস হয়েছে।

চট্টগ্রাম বন্দর সূত্রে জানা গেছে, শুল্কহার কমানোর পর এ সপ্তাহে চট্টগ্রাম বন্দর দিয়ে তিন জাহাজ চিনি ও সয়াবিন তেল আমদানি হয়েছে। এসব জাহাজের পণ্য খালাসের পর বাজারজাত হলে শুল্কহার কমানোর সুবিধা পাওয়া যাবে।

চিনির দাম নিয়ন্ত্রণে রাখতে ৮ অক্টোবর পরিশোধিত ও অপরিশোধিত চিনির নিয়ন্ত্রণমূলক শুল্ক ৩০ শতাংশ থেকে কমিয়ে ১৫ শতাংশ করা হয়। এরপর ১৭ অক্টোবর পরিশোধিত চিনি আমদানিতে প্রতি মেট্রিক টনে কাস্টমস শুল্ক ছয় হাজার থেকে কমিয়ে সাড়ে চার হাজার টাকা করা হয়েছে।

এনবিআরের তথ্য অনুযায়ী, নতুন শুল্কহারে শনিবার পর্যন্ত অপরিশোধিত চিনির কোনো চালান খালাস হয়নি। তবে পরিশোধিত চিনির ১৭০ টনের একটি চালান খালাস হয়েছে। খাদ্যপণ্য শিল্পে ব্যবহারের জন্য চালানটি আমদানি হয়েছে। দেশে মূলত অপরিশোধিত চিনি পরিশোধন করে বাজারজাত করা হয়।

> শুল্ক-কর কমানোর কারণে সাময়িক সুবিধা মিলবে। তবে বিশ্ববাজারে যদি মূল্যবৃদ্ধি অব্যাহত থাকে, তাহলে সরকারকে নতুন পদক্ষেপ নিতে হবে। কারণ, এই পণ্য আমদানিনির্ভর। বিশ্ববাজারের ওপর নির্ভর করে, পণ্যটির দাম কত হবে।
>
> **শফিউল আতহার**, পরিচালক, টি কে গ্রুপ

- শুল্কহার কমানোর পর চট্টগ্রাম বন্দর দিয়ে তিন জাহাজ চিনি ও সয়াবিন তেল আমদানি হয়েছে।
- গত শনিবার পর্যন্ত ডিমের মাত্র একটি চালান আমদানি হয়েছে।

বন্দর সূত্র জানায়, চট্টগ্রাম বন্দর দিয়ে দুই জাহাজে ১ লাখ ২০ হাজার টন অপরিশোধিত চিনি আমদানি হয়েছে। এই চিনি আমদানি করেছে মেঘনা গ্রুপ ও সিটি গ্রুপ। দু-এক দিনের মধ্যে এসব চিনি খালাস শুরু হবে। তাতে কম শুল্কহারে চিনি বাজারজাতের সম্ভাবনা রয়েছে।

চিনির মতো ভোজ্যতেল পাম ও সয়াবিনের শুল্কহারও কমানো হয়েছে। ১৭ অক্টোবর পাম ও সয়াবিন তেলের মূল্য সংযোজন কর ১৫ শতাংশ কমিয়ে ১০ শতাংশ করা হয়েছে। উৎপাদন ও ব্যবসা পর্যায়ে সয়াবিন ও পাম তেলের মূল্য সংযোজন কর অব্যাহতি দেওয়া হয়েছে। আগামী ১৫ ডিসেম্বর পর্যন্ত এই সুবিধা কার্যকর থাকবে।

এনবিআরের তথ্য অনুযায়ী, শুল্কহার কমানোর পর চট্টগ্রাম বন্দর দিয়ে সিটি গ্রুপের সয়াবিন তেলের একটি চালান খালাস হয়েছে। চালানটিতে প্রতি কেজিতে শুল্ককর পরিশোধ করা হয়েছে প্রায় ১২ টাকা। শুল্ক কমানোর আগে তা ছিল কেজিপ্রতি ১৮ টাকা; অর্থাৎ প্রতি কেজিতে ছয় টাকা কমেছে শুল্ক-কর। চালানটি এখনো বাজারজাত করা হয়নি। বন্দর থেকে খালাস করে ট্যাংক টার্মিনালে রাখা হয়েছে। এরপরই তা পরিশোধন করে বাজারজাত করা হবে।

শুল্ক কমানোর পর সবচেয়ে বেশি আমদানি হয়েছে পাম তেল। পাম তেলের ৬৯ হাজার টনের চালান খালাস হয়েছে। নতুন শুল্কহারে প্রতি কেজিতে শুল্ক-কর পরিশোধ করতে হয়েছে প্রায় ১২-১৩ টাকা। আগে প্রতি কেজিতে শুল্ক-কর দিতে হতো ১৭-১৮ টাকা।

বিশ্ববাজারে ভোজ্যতেলের দাম বাড়তে থাকায় ব্যবসায়ীদের সংগঠন বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যাসোসিয়েশন সম্প্রতি বাণিজ্য মন্ত্রণালয়কে চিঠি দিয়ে দাম সমন্বয় করার অনুরোধ জানায়। তবে সরকার ভোজ্যতেলের দাম না বাড়িয়ে শুল্কহার কমিয়ে দেয়।

জানতে চাইলে টি কে গ্রুপের পরিচালক শফিউল আতহার *প্রথম আলো*কে বলেন, সয়াবিন ও পাম তেলের দাম বিশ্ববাজারে বাড়ছে। এ পরিস্থিতিতে শুল্ক-কর কমানোর কারণে সাময়িক সুবিধা মিলবে। তবে বিশ্ববাজারে যদি মূল্যবৃদ্ধি অব্যাহত থাকে, তাহলে সরকারকে নতুন পদক্ষেপ নিতে হবে। কারণ, এই পণ্য আমদানিনির্ভর। বিশ্ববাজারের ওপর নির্ভর করে পণ্যটির দাম কত হবে।

ডিমের বাজার সহনীয় রাখতে ১৭ অক্টোবর ডিম আমদানির ক্ষেত্রে কাস্টমস শুল্ক ২৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে। আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত তা কার্যকর থাকবে বলে এ-সংক্রান্ত প্রজ্ঞাপনে বলা হয়েছে।

এনবিআরের হিসাবে, শুল্কহার কমানোর পর এখন পর্যন্ত ডিমের মাত্র একটি চালান আমদানি হয়েছে। বেনাপোল বন্দর দিয়ে ২ লাখ ৩১ হাজার পিসের এ চালান আমদানি করেছে ঢাকার হাইড্রো লেন সলিউশন। পুরোনো শুল্কহারে প্রতিটি ডিমে শুল্ক-কর ছিল প্রায় দুই টাকা। শুল্ক কমানোর পর তা কমে ৬৮ পয়সায় নেমেছে; অর্থাৎ প্রতিটি ডিমে দেড় টাকার কাছাকাছি শুল্ক-কর কমেছে।

আমদানি কম হলেও বাজারে ডিমের দাম কমেছে। প্রতি ডজন ডিমের দাম বেড়ে হয়েছিল ১৭৫-১৮০ টাকা। এখন তা কমে ১৪৫ টাকায় নেমেছে।

শেয়ারবাজারে মূলধনি মুনাফায় কর প্রত্যাহারের দাবি

ডিএসই-এনবিআর বৈঠক

ডিএসইর চেয়ারম্যান মমিনুল ইসলামের নেতৃত্বে একটি প্রতিনিধিদল গতকাল এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খানের সঙ্গে বৈঠক করেছে।

- ডিএসইর দাবি, মূলধনি মুনাফায় আরোপিত কর প্রত্যাহার, নয়তো যৌক্তিক পর্যায়ে নামিয়ে আনা।
- এনবিআর বলেছে, অর্থ উপদেষ্টার সঙ্গে আলোচনা করে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

চলতি ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় বাজেটে শেয়ারবাজারের বিনিয়োগকারীদের মূলধনি মুনাফার ওপর আরোপিত কর প্রত্যাহারের দাবি জানিয়েছে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) পরিচালনা পর্ষদ। গতকাল রোববার সকালে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবদুর রহমান খানের সঙ্গে এক বৈঠকে এই দাবি জানানো হয়।

বৈঠকে ডিএসইর প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সংস্থাটির চেয়ারম্যান মমিনুল ইসলাম। বৈঠকে ডিএসইর পক্ষ থেকে বলা হয়, চলতি অর্থবছরের বাজেটে মূলধনি মুনাফার ওপর যে করারোপ করা হয়েছে, তাতে ব্যক্তিশ্রেণির অনেক বড় বিনিয়োগকারীর ক্ষেত্রে এ করহার ৪৫ শতাংশে উন্নীত হয়েছে। এ কারণে শেয়ারবাজারের বড় বিনিয়োগকারীরা এখন বাজারে বিনিয়োগ ও নগদ লভ্যাংশ গ্রহণের উৎসাহ হারিয়ে ফেলেছেন। এসব বিনিয়োগকারীকে শেয়ারবাজারে সক্রিয় করতে হলে মূলধনি মুনাফার ওপর আরোপিত কর প্রত্যাহার করা উচিত, নয়তো যৌক্তিক পর্যায়ে নামিয়ে আনতে হবে।

বৈঠকে উপস্থিত দুই পক্ষের একাধিক ব্যক্তির সঙ্গে কথা বলে জানা যায়, শেয়ারবাজারের বর্তমান পরিস্থিতি বিবেচনায় মূলধনি মুনাফার ক্ষেত্রে উচ্চ করহারের বিষয়টি এনবিআরের শীর্ষ পর্যায় থেকে বিবেচনার আশ্বাস দেওয়া হয়েছে। এনবিআরের পক্ষ থেকে বলা হয়েছে, অর্থ উপদেষ্টা দেশে ফিরলে এ বিষয়ে তাঁর সঙ্গে কথা বলবে তারা। অর্থ উপদেষ্টার সম্মতি পাওয়া গেলে মূলধনি মুনাফার ওপর থেকে কর কমানোর বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নেবে এনবিআর।

চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে ব্যক্তিশ্রেণির বিনিয়োগকারীদের ৫০ লাখ টাকা পর্যন্ত মূলধনি মুনাফা করমুক্ত রাখা হয়েছে। তবে ৫০ লাখ টাকার বেশি মুনাফা করলে তার ওপর কর বসানো হয়েছে। উদাহরণ হিসেবে ধরা যাক, সেকেন্ডারি বাজারে শেয়ার লেনদেন করে এমন কোনো বিনিয়োগকারী এক বছরে ৫৫ লাখ টাকা মুনাফা করেছেন। সে ক্ষেত্রে মুনাফার ৫০ লাখ টাকা পর্যন্ত করমুক্ত-সুবিধার আওতায় থাকবে। বাকি ৫ লাখ টাকার মুনাফা ওই বিনিয়োগকারীর মোট আয়ের সঙ্গে যুক্ত হবে। তাতে ওই বিনিয়োগকারীকে নির্দিষ্ট একটি অর্থবছরের মোট আয়ের ওপর যে হারে কর প্রযোজ্য হবে, সেই হারে কর দিতে হবে। তবে কোনো বিনিয়োগকারী যদি কোনো শেয়ার একটানা ৫ বছর ধরে রেখে ৫০ লাখ টাকার বেশি মুনাফা করেন, সে ক্ষেত্রে ওই মুনাফার ওপর ১৫ শতাংশ হারে করারোপ হবে।

আলাপকালে ডিএসইর একাধিক পরিচালক *প্রথম আলো*কে জানান, শেয়ারবাজারে এমন কিছু বড় বিনিয়োগকারী রয়েছেন, বর্তমান আইনে যাঁরা সর্বোচ্চ হারে কর দেন। এসব বিনিয়োগকারী শেয়ারবাজারে বড় অঙ্কের বিনিয়োগ করেন। তাঁরা যদি ৫০ লাখ টাকার বেশি মূলধনি মুনাফা করেন, সেই মুনাফা তাঁদের আয়ে যুক্ত হয়। এসব বিনিয়োগকারী যদি আবার সম্পদ করের আওতাভুক্ত হন, তাহলে সে ক্ষেত্রে তাঁদের ওপর করহার বেড়ে ৪০ শতাংশের বেশি দাঁড়ায়। এ কারণে দেখা যাচ্ছে, বড় বিনিয়োগকারীরা এখন তালিকাভুক্ত কোনো কোম্পানির নগদ লভ্যাংশ গ্রহণের বিষয়ে আগ্রহী হচ্ছেন না।

মূলধনি মুনাফার কর ছাড়াও লেনদেনের ওপর উৎসে কর কমানো, লভ্যাংশের ক্ষেত্রে দ্বৈত কর পরিহারেরও দাবি জানান ডিএসইর পরিচালকেরা। এসব দাবি আগামী বাজেটে বিবেচনায় নেওয়া হবে বলে বৈঠকে এনবিআরের পক্ষ থেকে জানানো হয়।

মূলধনি মুনাফার ওপর থেকে কর প্রত্যাহারের আশ্বাসের বিষয়ে জানতে চাইলে এনবিআরের শীর্ষস্থানীয় এক কর্মকর্তা *প্রথম আলো*কে বলেন, 'আমরা ডিএসইর পরিচালকদের জানিয়েছি, অর্থ উপদেষ্টা দেশে ফিরলে বিষয়টি নিয়ে তাঁর সঙ্গে আলোচনা করা হবে। অর্থ উপদেষ্টার সম্মতি পেলে এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।'

জানতে চাইলে ডিএসইর পরিচালক রিচার্ড ডি রোজারিও *প্রথম আলো*কে বলেন, 'শেয়ারবাজারের বিদ্যমান পরিস্থিতিতে মূলধনি মুনাফাসহ লেনদেনের উৎসে কর, লভ্যাংশের ক্ষেত্রে প্রদত্ত করকে চূড়ান্ত কর হিসেবে নিষ্পত্তিসহ বিভিন্ন দাবি জানিয়েছি। এনবিআরের পক্ষ থেকে আমাদের প্রস্তাবগুলো ইতিবাচকভাবে নিয়েছে। মূলধনি মুনাফার করের বিষয়ে অর্থ উপদেষ্টার সঙ্গে কথা বলে যত দ্রুত সম্ভব ব্যবস্থা নেওয়া হবে বলে আশ্বস্ত করা হয়েছে।'

বৈঠকে আরও উপস্থিত ছিলেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য এ কে এম বদরুল আলম, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেলের (সিআইসি) মহাপরিচালক আহসান হাবীব, ডিএসইর পরিচালক মোহাম্মদ কামরুজ্জামান, শাকিল রিজভী, রিচার্ড ডি রোজারিও, ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক (এমডি) সাত্ত্বিক আহমেদ প্রমুখ।

করপোরেট সংবাদ

ঢাকায় ইভোলিউশান ইউকের বিক্রয়কেন্দ্র উদ্বোধন

ঢাকার ধানমন্ডির সীমান্ত সম্ভার শপিং কমপ্লেক্সে 'ইভোলিউশান ইউকে'র নতুন বিক্রয়কেন্দ্র উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে যুক্তরাজ্যপ্রবাসী ত্বকবিশেষজ্ঞ ও নারী উদ্যোক্তা শামীমা আক্তারসহ অতিথিরা উপস্থিত ছিলেন। ইভোলিউশান ইউকের এই বিক্রয়কেন্দ্রে বিশ্বখ্যাত বিভিন্ন ব্র্যান্ডের স্কিন কেয়ার, মেকআপ, টয়লেট্রিজ, শ্যাম্পু, কন্ডিশনার, হেয়ার অয়েল, হেয়ার মাস্ক, হেয়ার স্প্রে, ড্রিংকস, অর্গানিক ফুড, গয়না, ব্যাগসহ বিভিন্ন গৃহস্থালি ও উপহারসামগ্রী পাওয়া যাচ্ছে। **বিজ্ঞপ্তি**

মাইক্রোসফট প্রধান সত্য নাদেলার আয় বেড়েছে

লভ্যাংশ কম নিলেও ২০২৩ সালে মাইক্রোসফটের সিইও সত্য নাদেলার আয় ৬৩ শতাংশ বেড়েছে, যা পরিমাণে ৭ কোটি ৯১ লাখ ডলার। বিবিসি

ঘরে বসে অনলাইনে যেভাবে রিটার্ন জমা

অনলাইনে রিটার্ন জমা দিলে করদাতা ও এনবিআরের কর কর্মকর্তাদের সরাসরি দেখা হবে না। এতে দুর্নীতি বন্ধ হবে বলে আশা করা হচ্ছে।

বিশেষ প্রতিবেদক, *ঢাকা*

করদাতাদের সঙ্গে যদি জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কর কর্মকর্তাদের দেখা-সাক্ষাৎ না হয়, তাহলে দুর্নীতির সুযোগ বন্ধ হয়ে যাবে। অর্থনীতিবিদ ও রাজস্ব খাতের পণ্ডিতেরা বহু বছর ধরে এ কথা বলে আসছেন। কিন্তু বাস্তবে এমন উদ্যোগ খুব একটা দেখা যায়নি। এবার অবশ্য করদাতাদের জন্য এই সুখবর নিয়ে এসেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

সংস্থাটি সবার জন্য অনলাইনে আয়কর রিটার্ন জমার সেবা উন্মুক্ত করেছে। সেই সঙ্গে করদাতাদের অনলাইনে রিটার্ন জমা দিতে উৎসাহ দিচ্ছে। এখন যেকোনো করদাতা চাইলে অনলাইনে নিবন্ধন নিয়ে ঘরে বসেই তাঁর আয়-ব্যয়ের তথ্য জানিয়ে এ বছরের আয়কর রিটার্ন জমা দিতে পারবেন।

প্রতিবছর ১ জুলাই থেকে ৩০ নভেম্বর পর্যন্ত ব্যক্তিশ্রেণির করদাতারা আয়কর রিটার্ন জমা দিতে পারেন। গত ৯ সেপ্টেম্বর ২০২৪-২৫ করবর্ষের রিটার্ন দাখিলের জন্য অনলাইনব্যবস্থা চালু করে এনবিআর। এ বিষয়ে এনবিআরের স্লোগান হচ্ছে, 'না দাঁড়িয়ে লাইনে, রিটার্ন দিন অনলাইনে'।

চলতি অক্টোবর মাসের প্রথম সপ্তাহের মধ্যেই অনলাইনে বা ই-রিটার্ন জমাকারীর সংখ্যা ৫০ হাজার ছাড়িয়ে যায়। জানা গেছে, গত সপ্তাহে অনলাইনে রিটার্ন জমা এক লাখ ছাড়িয়ে গেছে। অনলাইনে রিটার্ন জমায় করদাতাদের প্রবল আগ্রহ দেখে এনবিআর আশা করছে, চলতি অর্থবছরে অনলাইনে অন্তত ১৫ লাখ রিটার্ন জমা পড়বে।

যেভাবে রিটার্ন জমা দেবেন

অনলাইন রিটার্ন জমার ঠিকানা হলো www.etaxnbr.gov.bd। অনলাইনে রিটার্ন জমার আগে প্রথমে করদাতাকে নিবন্ধন নিতে হবে। নিবন্ধন নিতে করদাতার নিজের কর শনাক্তকরণ নম্বর (টিআইএন) ও বায়োমেট্রিক করা মোবাইল নম্বর লাগবে। এ দুটি দিয়ে নিবন্ধন করে অনলাইনে রিটার্ন জমা দেওয়া যাবে।

অনলাইনে আয়কর রিটার্ন তথা ই-রিটার্ন দিতে করদাতাকে কোনো কাগজপত্র আপলোড করতে বা জমা দিতে হবে না। শুধু ওই সব দলিলাদির তথ্য দিলেই হবে। যেমন, সনাতনী পদ্ধতিতে চাকরিজীবীদের আয়ের বা বেতন-ভাতার প্রমাণপত্র হিসেবে ব্যাংক হিসাবের এক বছরের লেনদেন বিবরণী (স্টেটমেন্ট) জমা দিলেই চলবে। আগের বছরের ১ জুলাই থেকে পরের বছরের ৩০ জুন পর্যন্ত (অর্থবছর) সময়ের ব্যাংক হিসাবের স্থিতি, সুদের তথ্য ও ব্যাংক হিসাবের নম্বরসহ বিভিন্ন তথ্য দিতে হবে।

গত সপ্তাহে কয়েকটি খাতের পেশাজীবীদের অনলাইনে রিটার্ন জমা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। যেমন চার সিটি করপোরেশনে অবস্থিত আয়কর সার্কেলের অধিভুক্ত সরকারি কর্মচারী, সারা দেশের তফসিলি ব্যাংকের কর্মকর্তা, মোবাইল প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং ইউনিলিভার বাংলাদেশ, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানি, ম্যারিকো বাংলাদেশ, বার্জার পেইন্টস বাংলাদেশ, বাটা শু কোম্পানি (বাংলাদেশ) ও নেস্‌লে বাংলাদেশের কর্মীরা।

অনলাইনে রিটার্ন জমা দেওয়ার ঠিকানা হলো www.etaxnbr.gov.bd। রিটার্ন জমার আগে প্রথমে করদাতাকে নিবন্ধন নিতে হবে। নিবন্ধন নিতে হলে করদাতার নিজের কর শনাক্তকরণ নম্বর (টিআইএন) ও বায়োমেট্রিক করা মোবাইল নম্বর লাগবে।

কোনো করদাতা অনলাইনে নিবন্ধন ও রিটার্ন জমা দেওয়ার ক্ষেত্রে যদি কোনো সমস্যায় পড়েন, তাহলে এনবিআরের কল সেন্টারের সহায়তা নিতে পারেন। এ-সংক্রান্ত কল সেন্টার প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চালু আছে। কল সেন্টারের নম্বর ০৯৬৪৩৭১৭১৭১। কল সেন্টারে ফোন করলে একজন কর কর্মকর্তা আপনার সমস্যার সমাধান করে দেবেন।

এদিকে মাঝেমধ্যে অনলাইন সিস্টেমে প্রবেশে সমস্যা হয় বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ নিয়ে আয়কর কর্মকর্তারা বলেন, একসঙ্গে বিপুলসংখ্যক করদাতা অনলাইনে ঢোকার কারণে সমস্যা হচ্ছে, তবে তা সাময়িক।

অনলাইনে রিটার্ন তৈরি ও জমা দেওয়া যাবে; আবার কর পরিশোধও করা যাবে। ইন্টারনেট ব্যাংকিং, ডেবিট ও ক্রেডিট কার্ড এবং মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে যেকোনো করদাতা রিটার্ন জমার পাশাপাশি কর পরিশোধ করতে পারবেন। এ ছাড়া একই অনলাইন ব্যবস্থা থেকে দাখিল করা রিটার্নের কপি, প্রাপ্তি স্বীকারপত্র, আয়কর সনদ, কর শনাক্তকরণ নম্বর (টিআইএন) ডাউনলোড ও প্রিন্ট করতে পারবেন করদাতা।

নতুন উদ্যোগে সফলতার লক্ষণ

এর আগেও অনলাইনে রিটার্ন জমার ব্যবস্থা করেছিল এনবিআর। তখন কিন্তু করদাতাদের তেমন একটা উৎসাহ দেখা যায়নি। ২০১৬ সালে ৫১ কোটি টাকা খরচ করে অনলাইনে আয়কর রিটার্ন জমা দেওয়ার ব্যবস্থাটি চালু করা হয়েছিল, যা চার বছর চালু থাকে। ওই চার বছরের প্রতিবারই মাত্র পাঁচ-ছয় হাজার করদাতা বার্ষিক রিটার্ন জমা দিতেন। সে জন্য ২০১৯ সালে ওই সিস্টেম বন্ধ করে দেয় এনবিআর। পরে ২০২০ সালের নভেম্বর মাসে এনবিআরের আয়কর বিভাগের একটি বিশেষ দল মাত্র দুই কোটি টাকা খরচ করে নতুন অনলাইন ব্যবস্থা চালু করে। গত ২০২৩-২৪ অর্থবছরে দুই লাখের বেশি করদাতা অনলাইনে রিটার্ন জমা দেন।

এ বছর যা লক্ষ রাখবেন

প্রতিবছরই আয়কর রিটার্ন জমা নিয়ে বাজেটে কিছু পরিবর্তন আনা হয়। তবে চলতি ২০২৪-২৫ অর্থবছরে ব্যক্তিশ্রেণির করদাতাদের করমুক্ত আয়ের সীমা বাড়ানো হয়নি। গতবারের মতো এবারও বার্ষিক করমুক্ত আয়সীমা সাড়ে তিন লাখ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। প্রতিবছর জুলাই থেকে পরের বছরে জুন মাস পর্যন্ত আপনি যত করযোগ্য আয় করবেন, এর ওপরই কর দিতে হবে।

করমুক্ত আয়সীমা অতিক্রম করলে ন্যূনতম কর আগের মতোই আছে। এর পরিমাণ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি এবং চট্টগ্রাম সিটির করদাতাদের জন্য ৫ হাজার টাকা। অন্যান্য সিটির করদাতাদের ন্যূনতম কর ৪ হাজার টাকা এবং অন্য এলাকার করদাতাদের ৩ হাজার টাকা।

এ ছাড়া কোনো করদাতার বার্ষিক আয় ৫ লাখ টাকার কম হলে এক পাতার রিটার্ন ফরম পূরণ করলেই চলবে। এক পাতার ফরমে সব মিলিয়ে ১৬ ধরনের তথ্য দিতে হবে। এগুলো হলো করদাতার নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর (এনআইডি), কর শনাক্তকরণ নম্বর (টিআইএন), সার্কেল, কর অঞ্চল, করবর্ষ, আবাসিক মর্যাদা, মোবাইল নম্বরসহ যোগাযোগের ঠিকানা, আয়ের উৎস, মোট পরিসম্পদ, মোট আয়, আরোপযোগ্য কর, কর রেয়াত, প্রদেয় কর, উৎসে কর কাটার পরিমাণ (যদি থাকে), এই রিটার্নের সঙ্গে প্রদত্ত কর, জীবনযাপনের ব্যয়।

অর্ধশতাধিক সরকারি-বেসরকারি সেবা পেতে এখন আয়কর রিটার্ন জমার রসিদ লাগে। তাই এসব সেবা পাওয়ার চিন্তাভাবনা বা সম্ভাবনা থাকলে আপনাকে রিটার্ন দাখিল করতে হবে। এ ছাড়া বিনিয়োগ করে কর রেয়াতের সুযোগও নিতে পারেন করদাতারা।

চেকলিস্টে নজর রাখুন

রিটার্ন জমার সময় প্রমাণপত্র হিসেবে কিছু কাগজপত্র লাগবে। এখনই সময় বিভিন্ন সরকারি-বেসরকারি অফিস থেকে এসব প্রয়োজনীয় কাগজপত্র জোগাড় করার। যেসব কাগজপত্র লাগবে, সেগুলোর মধ্যে অন্যতম হলো বেতন খাতের আয়ের দলিল, সিকিউরিটিজের ওপর সুদ আয়ের সনদ, ভাড়ার চুক্তিপত্র, পৌরকরের রসিদ, বন্ধকি ঋণের সুদের সনদ, মূলধনি সম্পদের বিক্রয় কিংবা ক্রয়মূল্যের চুক্তিপত্র ও রসিদ, মূলধনি ব্যয়ের আনুষঙ্গিক প্রমাণপত্র, শেয়ারের লভ্যাংশ পাওয়ার ডিভিডেন্ড ওয়ারেন্ট, সুদের ওপর উৎসে কর কাটার সার্টিফিকেট।

বিনিয়োগ করে কর রেয়াত পেতে চাইলেও কিছু কাগজপত্র লাগবে। যেমন জীবনবিমার কিস্তির প্রিমিয়াম রসিদ, ভবিষ্য তহবিলে দেওয়া চাঁদার সনদ, ঋণ বা ডিবেঞ্চার, সঞ্চয়পত্র, শেয়ারে বিনিয়োগের প্রমাণপত্র, ডিপোজিট পেনশন স্কিমে (ডিপিএস) চাঁদার সনদ, কল্যাণ তহবিলের চাঁদা ও গোষ্ঠী বিমার কিস্তির সনদ, জাকাত তহবিলে দেওয়া চাঁদার সনদ।

দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের কর-জিডিপির অনুপাত সবচেয়ে কম। এখনো তা ১০ শতাংশের নিচে। এই হার প্রতিবেশী নেপালের অর্ধেকের চেয়ে কম। এমনকি যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তান বা পাকিস্তানও এদিক থেকে বাংলাদেশের চেয়ে এগিয়ে রয়েছে। এ ছাড়া বাংলাদেশে সামগ্রিক রাজস্বে প্রত্যক্ষ করের চেয়ে পরোক্ষ করের অনুপাত বেশি। তাই ব্যক্তিশ্রেণির করদাতাদের কাছ থেকে বেশি কর আদায় করতে হবে। এতে প্রত্যক্ষ করের অনুপাত বাড়বে।

জেনে নিন

শেয়ারবাজারের কোম্পানির শ্রেণীকরণ কেন ও কবে থেকে

সুজয় মহাজন

- তালিকাভুক্ত কোম্পানি ও মিউচুয়াল ফান্ডের শ্রেণি বিভাজন শুরু হয় ২০০০ সালে।
- বর্তমানে শেয়ারবাজারে কোম্পানি, মিউচুয়াল ফান্ড ও বন্ডের জন্য পাঁচটি শ্রেণি আছে।
- এখন 'এ' শ্রেণিতে ২২৯টি, 'বি' শ্রেণিতে ৮২টি, 'এন' শ্রেণিতে ৪টি ও 'জেড' শ্রেণিতে ৮২টি কোম্পানি আছে। 'জি' শ্রেণিতে কোনো কোম্পানি নেই।

দেশের শেয়ারবাজারে বর্তমানে অনেকগুলো বিষয়ের মধ্যে একটি বিষয় ঘুরেফিরে বিনিয়োগকারীদের আলোচনায় আসছে। সেটি হলো তালিকাভুক্ত কোম্পানিগুলোর শ্রেণীকরণ বা শ্রেণি মান।

বর্তমানে শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানি, মিউচুয়াল ফান্ড ও বন্ডের জন্য পাঁচটি শ্রেণি রয়েছে। এগুলো হচ্ছে 'এ', 'বি', 'জি', 'এন' ও 'জেড'। শেয়ারবাজারে তালিকাভুক্ত ৩৯৭টি প্রতিষ্ঠান নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে বিদ্যমান এসব শ্রেণি মান বা শ্রেণিতে বিভক্ত।

দেশের প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) মোট তালিকাভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা ৬৫৭। এর মধ্যে সরকারি ট্রেজারি বন্ড ২৩৬টি, করপোরেট বন্ড ১৬টি ও ডিবেঞ্চার বা ঋণ উপকরণ ৮টি। সব মিলিয়ে বাজারে তালিকাভুক্ত বিভিন্ন ধরনের বন্ড ও ডিবেঞ্চারের সংখ্যা ২৬০। এসব বন্ড ও ডিবেঞ্চারকে শেয়ারবাজারে কোনো শ্রেণি মানে অন্তর্ভুক্ত করা হয় না। এই ২৬০টি বন্ড ও ডিবেঞ্চার বাদ দিয়ে বাকি ৩৯৭টি কোম্পানি ও মিউচুয়াল ফান্ডকে বিদ্যমান পাঁচটি শ্রেণিতে ভাগ করা হয়েছে।

শ্রেণি মানের শুরু

দেশের শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানি ও মিউচুয়াল ফান্ডকে বিভিন্ন শ্রেণি মানে বিভক্ত করার প্রক্রিয়াটি প্রথম শুরু হয় ২০০০ সালে। ডিএসইর তৎকালীন নেতৃত্ব ওই বছরের ২ জুলাই প্রথমবারের মতো তালিকাভুক্ত কোম্পানিগুলোর শ্রেণীকরণের জন্য 'এ' ও 'বি' শ্রেণি নামে আলাদা দুটি শ্রেণি বা ক্যাটাগরি চালু করে। এরপর একই বছরের ২৬ সেপ্টেম্বর চালু করা হয় 'জেড' শ্রেণি। ২০০২ সালের ৩০ জুন চালু করা হয় 'জি' শ্রেণি। আর সর্বশেষ ২০০৬ সালের ৩ জুলাই থেকে চালু করা হয়েছিল নতুন আরেক শ্রেণি 'এন'। এই শ্রেণি মান চালুর বিষয়ে বলা হয়, তালিকাভুক্ত কোম্পানির আর্থিক ভিত্তি ও কার্যক্রম সম্পর্কে সাধারণ বিনিয়োগকারীদের সুস্পষ্ট ধারণা দিতে শ্রেণি দুটি চালু করা হয়েছে; যাতে বিনিয়োগকারীদের বিনিয়োগ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে এই ব্যবস্থা সহায়ক হয়।

কোন শ্রেণির কী মান

২০০০ থেকে ২০০৬ সালের মধ্যে মোট পাঁচটি শ্রেণি মান চালুর পাশাপাশি এসব শ্রেণি মান নির্ধারণের ক্ষেত্রে কিছু মানদণ্ডও ঠিক করে ডিএসইর পরিচালনা পর্ষদ। এসব মানদণ্ড সম্পর্কে বলা হয়েছে, তালিকাভুক্ত যেসব কোম্পানি নিয়মিত বার্ষিক সাধারণ সভা (এজিএম) করবে এবং আর্থিক বছর শেষে বিনিয়োগকারীদের ১০ শতাংশ বা তার চেয়ে বেশি হারে লভ্যাংশ দেবে, সেসব কোম্পানিকে 'এ' শ্রেণিভুক্ত করা হবে।

যেসব কোম্পানি নিয়মিত এজিএম করবে, কিন্তু ১০ শতাংশের কম লভ্যাংশ দেবে, তাদের 'বি' শ্রেণিতে রাখা হবে। নতুন তালিকাভুক্ত কোম্পানিকে 'এন' শ্রেণি এবং গ্রিনফিল্ড কোম্পানি তথা যেসব কোম্পানি উৎপাদনে আসার আগে তালিকাভুক্ত হবে, সেগুলোকে 'জি' শ্রেণিভুক্ত করা হবে। আর যেসব কোম্পানি নিয়মিত এজিএম করবে না, বিনিয়োগকারীদের লভ্যাংশ দেবে না, টানা ছয় মাসের বেশি যাদের উৎপাদন বন্ধ থাকবে, সেসব কোম্পানির জন্য চালু করা হয় 'জেড' শ্রেণি।

বাজারসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানিগুলোর জন্য এই শ্রেণি বিভাজন তৈরির পেছনে মূলত দুটি কারণ কাজ করেছিল। প্রথম কারণটি ছিল, বিনিয়োগকারীদের বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ভালো ও মন্দ কোম্পানি বাছাইয়ে সহায়তা করা। দ্বিতীয় কারণটি হলো, শেয়ারের বিপরীতে ঋণদাতা ব্রোকারেজ হাউস ও মার্চেন্ট ব্যাংকগুলোর ঋণ প্রদানের ক্ষেত্রে কোম্পানি বাছাই।

শেয়ারবাজারের বিদ্যমান আইন অনুযায়ী, 'এ', 'বি', 'এন' ও 'জি' শ্রেণিভুক্ত শেয়ারে ঋণসুবিধা দেওয়া হয়। তবে ঋণপ্রাপ্তির ক্ষেত্রে শুধু এসব শ্রেণিভুক্ত হলেই ঋণ পাওয়া যায় না। আরও কিছু শর্ত পূরণ করতে হয়। এসব শর্তের মধ্যে রয়েছে কোম্পানির মূল্য আয় অনুপাত বা পিই রেশিও হতে হবে ৪০-এর নিচে। আর নতুন তালিকাভুক্ত কোম্পানি ও শ্রেণি বদলের ক্ষেত্রে প্রথম ৩০ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কোম্পানির শেয়ারের বিপরীতে ঋণসুবিধা বন্ধ থাকবে।

শ্রেণীকরণের নেপথ্যে

শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানিগুলোকে নানা শ্রেণিতে ভাগ করার সুপারিশটি আসে ঢাকা চেম্বারের এক আলোচনায়। শেয়ারবাজার নিয়ে আয়োজিত ওই আলোচনা সভায় সংগঠনটির একজন গবেষণা কর্মকর্তা তাঁর প্রবন্ধে এই সুপারিশ তুলে ধরেন। সেই সভায় উপস্থিত ছিলেন পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) তৎকালীন কর্মকর্তা ফরহাদ আহমেদ। তিনি *প্রথম আলো*কে বলেন, ঢাকা চেম্বারের ওই সভায় শেয়ারবাজারের কোম্পানিগুলো নিয়ে শ্রেণীকরণের সুপারিশ তুলে ধরা হলে শেয়ারবাজার-সংশ্লিষ্ট সব পক্ষ সেটিকে গ্রহণ করে। তার ভিত্তিতেই পরবর্তী সময়ে বিভিন্ন শ্রেণীকরণ করা হয়।

ইংরেজি বর্ণমালার প্রথম বর্ণ দিয়ে এই শ্রেণীকরণের শুরু। 'এ' বর্ণ দিয়ে যেহেতু ইংরেজি বর্ণমালার শুরু, তাই সবচেয়ে ভালো কোম্পানি বোঝাতে 'এ' শ্রেণি নির্ধারণ করা হয়। আর 'এ'-এর চেয়ে একটু খারাপ বোঝাতে বেছে নেওয়া হয় 'বি' বর্ণটিকে। শেয়ারবাজারে 'বি' শ্রেণি দিয়ে বোঝানো হয় 'এ' শ্রেণির চেয়ে কিছুটা খারাপ মানের কোম্পানি। 'এন' শ্রেণিটি নতুন তালিকাভুক্ত কোম্পানিগুলোর জন্য নির্দিষ্ট করা, অর্থাৎ নিউ কোম্পানি বোঝাতে 'এন' বর্ণটি বাছাই করা হয়। আর গ্রিনফিল্ড কোম্পানির জন্য 'জি' শ্রেণিটি নির্ধারণ করা হয়েছে ইংরেজি শব্দ গ্রিনফিল্ডের প্রথম বর্ণটি নিয়ে।

ফরহাদ আহমেদ আরও জানান, শেয়ারবাজারে 'জেড' শ্রেণিটির নামকরণ করেন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) প্রয়াত ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ওয়ালি-উল-মারুফ মতিন। ইংরেজি বর্ণমালার সর্বশেষ বর্ণ 'জেড'কে তিনি বেছে নেন শেয়ারবাজারের সবচেয়ে খারাপ কোম্পানিগুলোকে বোঝাতে। এভাবেই শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানিগুলোর শ্রেণি ও তার নামকরণ হয়।

কোন শ্রেণিতে কত কোম্পানি

বর্তমানে ডিএসইতে তালিকাভুক্ত কোম্পানিগুলোর মধ্যে 'এ' শ্রেণিভুক্ত কোম্পানির সংখ্যা ২২৯ ও 'বি' শ্রেণিভুক্ত কোম্পানি ৮২টি। 'এন' শ্রেণিভুক্ত কোম্পানি রয়েছে ৪টি, 'জেড' শ্রেণিভুক্ত কোম্পানি ৮২টি। এর বাইরে 'জি' শ্রেণিভুক্ত কোনো কোম্পানি বর্তমানে বাজারে নেই। দেশের শেয়ারবাজারে এখন পর্যন্ত একমাত্র গ্রিনফিল্ড বা 'জি' শ্রেণিভুক্ত কোম্পানি হিসেবে বাজারে এসেছিল লাফার্জ সুরমা সিমেন্ট। বর্তমানে এটি একীভূত কোম্পানি হিসেবে লাফার্জহোলসিম সিমেন্ট হিসেবে লেনদেনে রয়েছে।

শ্রেণীকরণের আগে কী ছিল

দেশের শেয়ারবাজারে ইলেকট্রনিক বা ডিমেট শেয়ারের লেনদেন চালু হয় সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেডের (সিডিবিএল) হাত ধরে। এর পর থেকেই স্বয়ংক্রিয় পদ্ধতিতে শেয়ার কেনাবেচা ও লেনদেন নিষ্পত্তি শুরু হয়, সেটি ২০০৪ সালের ঘটনা। সিডিবিএলের তথ্য অনুযায়ী, কাগুজে শেয়ার থেকে প্রথম ডিমেট শেয়ার হিসেবে লেনদেন শুরু করে স্কয়ার ফার্মাসিউটিক্যালস। তার আগে ১৯৯৮ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) অটোমেশন হয়। ডিএসইতে অটোমেশন বা স্বয়ংক্রিয় পদ্ধতিতে লেনদেন চালু হলেও ডিমেট শেয়ার না থাকায় সে সময় ডিএসইতে কাগুজে শেয়ারেই লেনদেন হতো।

কাগুজে শেয়ার থাকা অবস্থা থেকেই শেয়ারবাজারে কোম্পানিগুলোর শ্রেণীকরণ ঘটে। মতিঝিলে ডিএসই ভবনে সংস্থাটির নিজস্ব ক্লিয়ারিং হাউসের মাধ্যমে শ্রেণি বিভক্ত কোম্পানিগুলোর লেনদেন হতো ভিন্ন ভিন্ন সময়ে। এর মধ্যে লেনদেন নিষ্পত্তিতে বেশি সময় লাগত সবচেয়ে খারাপ হিসেবে চিহ্নিত 'জেড' শ্রেণির ক্ষেত্রে। তখন ১০ দিনে এসব শেয়ারের লেনদেন নিষ্পত্তি হতো।

শুরু থেকে জেড শ্রেণির শেয়ারের লেনদেন নিষ্পত্তিতে বেশি সময় নির্ধারণ করা হয়, যাতে এ ধরনের শেয়ার কিনতে বিনিয়োগকারীরা নিরুৎসাহিত হন। দীর্ঘ সময় কোনো শেয়ারে বিনিয়োগকারীর টাকা আটকে থাকলে তাঁরা এসব শেয়ার কেনায় বেশি আগ্রহী হবেন না, এমনটাই মনে করা হতো। কিন্তু নিয়ন্ত্রক সংস্থা বিএসইসির সাবেক চেয়ারম্যান শিবলী রুবাইয়াত-উল-ইসলামের মেয়াদকালে জেড শ্রেণির শেয়ারের লেনদেন নিষ্পত্তির সময় কমিয়ে দুই দিনে নামিয়ে আনা হয়। এটি করা হয়েছিল মূলত বাজারে লেনদেন বাড়ানোর জন্য, যাতে দীর্ঘদিন কোনো শেয়ারে বিনিয়োগকারীর টাকা আটকে না থাকে। এরপর তালিকাভুক্ত কোম্পানির শ্রেণীকরণের বিধান কয়েক দফা বদল করে শিবলী কমিশন। এর ফলে আধা শতাংশ লভ্যাংশ দিয়েও অনেক মানহীন কোম্পানি 'বি' শ্রেণিভুক্ত হওয়ার সুযোগ পায়। আবার জেড শ্রেণিতেও কোম্পানির সংখ্যা বেড়ে যায়। অর্থাৎ শেয়ারবাজারে কোম্পানির শ্রেণীকরণের কারণে চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে সাধারণ বিনিয়োগকারীদের।

আপনার টাকা

বিমায় পেনশনের সুযোগ, এককালীনও তোলা যাবে

ফখরুল ইসলাম

বিমা পরিকল্পটির (পলিসি) নাম এখন 'মেয়াদি সুবিধাযুক্ত পেনশন বিমা'। এত দিন এ পলিসি পরিচিত ছিল 'বঙ্গবন্ধু সর্বজনীন পেনশন বিমা' নামে। একমাত্র রাষ্ট্রীয় জীবনবিমা প্রতিষ্ঠান জীবন বীমা করপোরেশনের পলিসি এটি। ব্যবসায়ী ও প্রবাসী বাংলাদেশিসহ বিভিন্ন পেশাজীবী মানুষের জন্য এটি চালু করা হয়।

পরিবারের আর্থিক সুরক্ষা নিশ্চিত করার পাশাপাশি মেয়াদ শেষে যাঁরা মাসিক পেনশন পেতে আগ্রহী, তাঁদের জন্যই এ পলিসি চালু করা হয়েছিল। পলিসিটির বড় সুবিধা হচ্ছে, কেউ চাইলে মেয়াদ শেষে এককালীন শতভাগ বা ৫০ শতাংশ টাকাও তুলে নিতে পারেন। বঙ্গবন্ধু সর্বজনীন পেনশন বিমায় যেসব সুবিধা ছিল, সেগুলো নতুন নামের পলিসিতেও বহাল রেখেছে জীবন বীমা করপোরেশন। ছাত্র-জনতার আন্দোলনে গত ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর পলিসিটির নাম বদলে ফেলা হয়।

জানতে চাইলে জীবন বীমা করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. মুহিবুজ্জামান *প্রথম আলো*কে জানান, তিনি নতুন এসেছেন। তবে নামের পরিবর্তন হলেও পলিসিটির আওতায় গ্রাহকদের জন্য সুযোগ-সুবিধা আগের মতোই রাখা আছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) হিসাব অনুযায়ী দেশে ১৭ কোটি মানুষ আছেন। এর মধ্যে ২০ থেকে ৬৫ বছর বয়সী মানুষের সংখ্যা প্রায় ১১ কোটি। বিবিএসের তথ্যই বলছে, দেশে দ্রুতগতিতে বয়স্ক মানুষের সংখ্যা বাড়ছে। এসব কথা উল্লেখ করে জীবন বীমা করপোরেশন বলছে, বয়স্ক মানুষের অবসরজীবন নিরুদ্বেগ, সচ্ছল ও শান্তিময় করার জন্যই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা 'মুজিব বর্ষ' পালন উপলক্ষে চালু করা হয় 'বঙ্গবন্ধু পেনশন বিমা পলিসি (লাভসহ)।'

২০ থেকে ৬০ বছর বয়সী ব্যক্তিরা মেয়াদি সুবিধাযুক্ত এই পেনশন বিমা পলিসি কিনতে পারেন। এর প্রিমিয়াম পরিশোধ করা যাবে দুইভাবে—বছরে দুবার (ষাণ্মাসিক পদ্ধতি) অথবা বার্ষিক পদ্ধতিতে। বিমার মেয়াদ সর্বনিম্ন ৫ বছর ও সর্বোচ্চ ৬৫ বছর। অর্থাৎ পেনশন পাওয়ার শুরুর বয়স ৫৫ থেকে ৬৫ বছর। এ পলিসিতে বিমার অঙ্ক সর্বনিম্ন ৫০ হাজার টাকা। সর্বোচ্চ বিমার অঙ্ক নির্দিষ্ট করে বলা নেই। এটা হবে গ্রাহকের সামর্থ্য অনুযায়ী।

বিমা গ্রাহকের ইচ্ছা অনুযায়ী ১০, ১৫ বা ২০ বছর মেয়াদ পর্যন্ত গ্যারান্টিযুক্ত (নিশ্চয়তাযুক্ত) পেনশন নেওয়ার সুযোগ রয়েছে। পেনশন কার্যক্রম শুরু হওয়ার নির্ধারিত তারিখের আগে বিমা গ্রাহক মারা গেলে পূর্ণ বিমা অঙ্ক বোনাসসহ পাবেন তাঁর নমিনি। আর পেনশন দেওয়া শুরুর পর বিমা গ্রাহক মারা গেলে নমিনি পেনশন পাবেন বাকি মেয়াদের জন্য।

মেয়াদি সুবিধাযুক্ত পেনশন বিমার মরণোত্তর দাবির টাকা সম্পূর্ণ আয়করমুক্ত। এ বিমার সঙ্গে অতিরিক্ত সুবিধার বিমাও (সাপ্লিমেন্টারি বেনিফিট) নেওয়া যাবে। প্রিমিয়ামের ওপরও আয়কর রেয়াতের সুযোগ রয়েছে।

একটি উদাহরণ ও অনেক প্রশ্নের জবাব

মেয়াদি সুবিধাযুক্ত পেনশন বিমা চালু হওয়ার পর অর্থাৎ বিমা চলাকালে যেকোনো সময় গ্রাহকের অকালমৃত্যু হতে পারে। সে ক্ষেত্রে পূর্ণ বিমা অঙ্ক ও চালু মেয়াদের অর্জিত বোনাসসহ পাবেন ওই গ্রাহকের নমিনি। মেয়াদ শেষে বোনাসসহ মেয়াদোত্তীর্ণ দাবি এককালীন ১০০ শতাংশ তোলা যাবে। এর বিকল্প সুযোগও আছে। কেউ দাবির ১০০ শতাংশ অর্থ তুলে নিতে না চাইলে মেয়াদ শেষে ৫০ শতাংশও নিতে পারেন। সে ক্ষেত্রে বাকি টাকা মাসিক ভিত্তিতে নেওয়ার সুযোগ রয়েছে। বিমা গ্রাহকের ইচ্ছা অনুযায়ী বিভিন্ন মেয়াদ অর্থাৎ ১০, ১৫ বা ২০ বছর মেয়াদে পেনশন নেওয়ার সুযোগ রয়েছে।

জীবন বীমা করপোরেশন বিষয়টি একটি উদাহরণ দিয়ে বুঝিয়েছে। যেমন ৩৫ বছর বয়সী কেউ যদি তাঁর ৫৫ বছর বয়স পূর্তির পর মাসিক পেনশন নিতে চান, সে ক্ষেত্রে তাঁর দেওয়া প্রিমিয়াম, প্রাপ্য বিমা অঙ্ক ও বোনাস, মাসিক পেনশন, মোট প্রাপ্তি এবং সুবিধা কেমন হবে, তার চিত্র উল্লেখ করা আছে। অর্থাৎ, বিমার অঙ্ক যদি ১০ লাখ টাকা হয়, তাহলে প্রতি হাজারে ৩৫ বছর বয়সী গ্রাহককে বিমার প্রিমিয়াম দিতে হবে ৪৯ দশমিক ৬৫ টাকা হারে। সে হিসাবে বার্ষিক প্রিমিয়াম দাঁড়াবে ৪৯ হাজার ৬৫০ টাকা। আর ৫৫ বছর পর্যন্ত তাঁর মোট জমা হবে ৯ লাখ ৯৩ হাজার টাকা।

এই পলিসির বিপরীতে একটি বোনাস হার তৈরি করে রেখেছে জীবন বীমা করপোরেশন। করপোরেশনের বিদ্যমান বোনাস হার অনুযায়ী বিমা অঙ্কের সঙ্গে বোনাস যোগ করে গ্রাহকের প্রাপ্য বিমা অঙ্ক ও সম্ভাব্য বোনাস দেবে। সে ক্ষেত্রে বিমা অঙ্ক ১০ লাখের সঙ্গে বোনাস যোগ হবে ১০ লাখ ৪০ হাজার এবং গ্রাহকের মোট প্রাপ্য দাঁড়াবে ২০ লাখ ৪০ হাজার টাকা।

যেভাবে মিলবে মাসিক পেনশন

বিমা অঙ্ক ও বোনাস মিলে ওই গ্রাহকের মোট প্রাপ্য দাঁড়াবে ২০ লাখ ৪০ হাজার টাকা। এখন প্রশ্ন হলো, তা থেকে পেনশন পাওয়া যাবে কীভাবে? এ প্রশ্নের জবাব দিতে তিন মেয়াদের জন্য তিন ধরনের পেনশনের হার ঠিক করেছে জীবন বীমা করপোরেশন। ১০ বছর মেয়াদে পেনশন হবে মাসে ২৩ হাজার ৩৮৬ টাকা, আর মোট মেয়াদে পেনশন দাঁড়াবে ২৮ লাখ ৬ হাজার ৩২০ টাকা।

এ ছাড়া ১৫ বছর মেয়াদে মাসিক পেনশন হবে ১৮ হাজার ৩৪ টাকা ও মোট মেয়াদে ৩২ লাখ ৪৬ হাজার ১২০ টাকা এবং ২০ বছর মেয়াদে মাসিক পেনশন ১৫ হাজার ৫০৪ টাকা এবং মোট মেয়াদে ৩৭ লাখ ২০ হাজার ৯৬০ টাকা।

জানতে চাইলে জাতীয় পেনশন কর্তৃপক্ষের সদস্য মো. গোলাম মোস্তফা জানান, জীবন বীমা করপোরেশনের এ পলিসি সম্পর্কে তিনি অবগত নন।

পুতিনের হুমকি

পশ্চিমারা ইউক্রেনকে দীর্ঘ পাল্লার ক্ষেপণাস্ত্র ব্যবহারের অনুমোদন দিলে জবাব দেওয়া হবে : পুতিন। রয়টার্স

সংক্ষেপে

ইরান

সন্ত্রাসী হামলায় ১০ পুলিশ নিহত

সন্ত্রাসী হামলায় ইরানে অন্তত ১০ পুলিশ কর্মকর্তা নিহত হয়েছেন। গত শনিবার দেশটির সংঘাতপ্রবণ দক্ষিণ-পূর্বাঞ্চলীয় এলাকায় এ হামলা হয়। ইরানের স্থানীয় গণমাধ্যমের প্রতিবেদনে এ তথ্য জানা গেছে। বার্তা সংস্থা মেহের ও তাসনিমের প্রতিবেদনে বলা হয়েছে, সিস্তান-বেলুচিস্তান প্রদেশে গাড়িতে হামলা হলে পুলিশ সদস্যরা নিহত হন। তবে কীভাবে হামলা হয়েছে, তা উল্লেখ করা হয়নি প্রতিবেদনে। এখন পর্যন্ত কোনো গোষ্ঠী হামলার দায় স্বীকার করেনি। পুলিশের বিবৃতি উদ্ধৃত করে ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইরনা জানিয়েছে, ফাঁদ পেতে দুটি টহল গাড়িতে হামলায় ১০ পুলিশ সদস্য নিহত হয়েছেন। সিস্তান-বেলুচিস্তান প্রদেশের সঙ্গে পাকিস্তান ও আফগানিস্তানের সীমান্ত রয়েছে। প্রদেশটি ইরানের সবচেয়ে দারিদ্র্যকবলিত এলাকা। এখানে বিপুলসংখ্যক সংখ্যালঘু সুন্নি বেলুচ গোষ্ঠী বাস করে। ইরান ছাড়া পাকিস্তান ও আফগানিস্তানের বিভিন্ন স্থানেও তাদের বসবাস রয়েছে।

এএফপি, *তেহরান*

ফিলিপাইন

ঝড়ে মৃত্যু বেড়ে ১০০

ফিলিপাইনে মৌসুমি ঝড় ট্রামির আঘাতে ১০০ জনের প্রাণহানির ঘটনা ঘটেছে। গত বৃহস্পতিবার এই ঝড় আঘাত হানে। গতকাল রোববারও একটি হ্রদে তল্লাশি অভিযান চালিয়েছেন ডুবুরিরা। ঝড়ের তাণ্ডবে বিচ্ছিন্ন হয়ে পড়া গ্রামগুলোয় চলছে উদ্ধার অভিযান। এ বছর দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশটিতে আঘাত হানা সবচেয়ে প্রাণঘাতী ঝড়গুলোর মধ্যে এটি একটি ছিল। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার তথ্যানুসারে, ঝড়ের তাণ্ডব থেকে প্রাণ রক্ষা করতে সাড়ে পাঁচ লাখের বেশি মানুষ বাড়িঘর ছেড়ে নিরাপদ আশ্রয়ে চলে গিয়েছিলেন। এখনো অন্তত ৩৬ জন নিখোঁজ রয়েছেন। সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে বিকোল অঞ্চলে। সেখানে ৩৮ জনের মৃত্যু নথিবদ্ধ হয়েছে বলে জানিয়েছে পুলিশ। বেশির ভাগই ডুবে মারা গেছেন। বিকোল অঞ্চলের পুলিশের পরিচালক আন্দ্রে ডিজোন এএফপিকে বলেছেন, 'আমরা এখনো অনেক ফোন পাচ্ছি। আমরা সাধ্যানুযায়ী সবচেয়ে বেশি সম্ভব মানুষকে রক্ষার চেষ্টা করছি। আশা করি, আর কেউ মারা যাবে না।' ওই অঞ্চলের কয়েকটি এলাকায় অনেক মানুষ এখনো বাড়ির ছাদে বা ওপরের তলায় আটকা পড়ে আছেন বলেও জানান তিনি।

এএফপি, *ম্যানিলা*

সুদান

আরএসএফের হামলায় ১২৪ জন নিহত

গৃহযুদ্ধকবলিত সুদানে আধা সামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সেসের (আরএসএফ) হামলায় কমপক্ষে ১২৪ জন নিহত হয়েছেন। গত শুক্রবার আল-গেজিরা রাজ্যের আল-সিরেহা গ্রামে এক হামলার ঘটনায় তাঁরা নিহত হন। আহত হন ১০০ জন। অধিকারকর্মীরা এ কথা জানিয়েছেন। দেশটিতে ১৮ মাস ধরে চলা গৃহযুদ্ধে এটি অন্যতম বড় প্রাণঘাতী হামলা। আর এ রাজ্যে চালানো হামলাগুলোর মধ্যে সবচেয়ে বড় প্রাণঘাতী হামলা। গত সপ্তাহের শুরুর দিকে উচ্চপদস্থ আরএসএফ কর্মকর্তা আবুয়াগলা কেইকাল সেনাবাহিনীর কাছে আত্মসমর্পণ করেন। এরপর প্রতিশোধ নিতে তাঁর জন্মস্থান আল-গেজিরা রাজ্যে হামলা চালিয়ে বেসামরিক লোকজনকে হত্যা ও আটক করা হয় বলে গণতন্ত্রপন্থী অধিকারকর্মীরা জানান। এ হামলায় কয়েক হাজার মানুষ বাস্তুচ্যুত হন। কৃষির জন্য এ রাজ্যের পরিচিতি রয়েছে।

রয়টার্স, *কায়রো*

তাইওয়ান

যুদ্ধ প্রস্তুতির টহল দিচ্ছে চীন

'যুদ্ধ প্রস্তুতির যৌথ টহলের' অংশ হিসেবে চীন গতকাল রোববার তাইওয়ানের চারপাশে জঙ্গিবিমান ও ড্রোন মোতায়েন করেছে। তাইওয়ান কর্তৃপক্ষ এ দাবি করেছে। স্বশাসিত দ্বীপটির কাছে সর্বশেষ ধাপে যুক্তরাষ্ট্রের অস্ত্র বিক্রির সমালোচনার মধ্যেই বেইজিং এই পদক্ষেপ নিয়েছে। এর আগে গত শুক্রবার তাইওয়ানের কাছে ২০০ কোটি ডলারের অস্ত্র বিক্রির অনুমোদন দেয় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর। নতুন প্যাকেজের এই অস্ত্রের মধ্যে রয়েছে উন্নত প্রযুক্তির ভূমি থেকে আকাশে নিক্ষেপযোগ্য ক্ষেপণাস্ত্র ব্যবস্থা ও রাডার। তবে এই অস্ত্র বিক্রির বিষয়টি কংগ্রেসে অনুমোদিত হতে হবে। গতকাল তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, জঙ্গিবিমান ও ড্রোনসহ চীনের ১৯টি এয়ারক্র্যাফট শনাক্ত করেছে তারা। যুদ্ধ প্রস্তুতির যৌথ টহলের অংশ হিসেবে তাইওয়ানের আশপাশ দিয়ে যুদ্ধজাহাজের সঙ্গে এসব এয়ারক্র্যাফট প্রায় চার ঘণ্টা উড্ডয়ন করে। এ নিয়ে চলতি মাসে তৃতীয়বারের মতো এ ধরনের টহলের কথা জানিয়েছে তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রণালয়।

এএফপি, *তাইপে*

রাজার নৌবিহার

থাইল্যান্ডের রাজা মাহা ভাজিরালংকর্ণর ৭২তম জন্মবার্ষিকী ছিল গতকাল। এ উপলক্ষে রাজাকে নিয়ে নৌবিহার। গতকাল দেশটির রাজধানী ব্যাংককে চাও ফ্রাইয়া নদীতে। ছবি : রয়টার্স

নির্বাচনী প্রচারমঞ্চে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিস (বাঁয়ে) ও সাবেক মার্কিন ফার্স্ট লেডি মিশেল ওবামা (ডানে)। গত শনিবার যুক্তরাষ্ট্রের মিশিগানের কালামাজুতে। ছবি : এএফপি

কমলার পক্ষে মিশেলের প্রচার, মুসলিম ভোটারদের কাছে ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন

মিশিগানে স্থানীয় একদল ইমামের সঙ্গে সাক্ষাৎ করেছেন ট্রাম্প। মিশেল ওবামাকে নিয়ে সমাবেশ করেছেন কমলা।

এএফপি, *কালামাজু*

ডোনাল্ড ট্রাম্প আবার হোয়াইট হাউসে ফিরতে পারেন বলে নিজের আশঙ্কার কথা জানালেন যুক্তরাষ্ট্রের সাবেক ফার্স্ট লেডি মিশেল ওবামা। নির্বাচনের আর মাত্র কয়েক দিন বাকি। ট্রাম্পকে ঠেকাতে ভোটারদের কাছে তাই কমলা হ্যারিসের পক্ষে ভোট চেয়ে আবেগপূর্ণ আবেদন করেছেন তিনি।

আগামী ৫ নভেম্বরের যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। এবারের নির্বাচনে দোদুল্যমান অঙ্গরাজ্যগুলো গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। গত শনিবার গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য মিশিগানে নির্বাচনী প্রচার চালিয়েছেন ডেমোক্রেটিক পার্টির প্রার্থী মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস ও রিপাবলিকান পার্টির প্রার্থী সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মিশিগানের সমাবেশে কমলা হ্যারিস গর্ভপাত অধিকার ও ট্রাম্প অভিবাসনবিরোধী বিষয়ে ব্যাপক প্রচার করেছেন।

মিশিগানের নির্বাচনী সমাবেশে মুসলিম ভোটারদের কাছে তাঁকে ভোট দেওয়ার আবেদন করেছেন রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। একই দিন নির্বাচনী লড়াইয়ের ময়দান বলে পরিচিত এই অঙ্গরাজ্যে ডেমোক্রেটিক পার্টির সমাবেশ হয়। সমাবেশে কমলা হ্যারিসের পক্ষে ভোট চান মিশেল।

মিশেল বলেন, ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিস নির্বাচিত হলে যুক্তরাষ্ট্রের চমৎকার এক প্রেসিডেন্ট হবেন।

তবে নির্বাচনী নানা জরিপে দেখা যাচ্ছে, নির্বাচনে কমলা ও ট্রাম্পের মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই হবে। এ নিয়ে মিশেল তাঁর হতাশা এবং উদ্বেগের অনুভূতির কথাও বলেন। সাম্প্রতিক সময়ে কমলা প্রচার শিবিরে নেতিবাচক সুর উঠেছে। তিনি বলেন, 'আমাদের ভাগ্যকে ট্রাম্পের হাতে তুলে দেবেন না। তিনি দেশজুড়ে গর্ভপাত বন্ধ করে দিতে পারেন।'

ট্রাম্প তাঁর সমাবেশে কমলা হ্যারিসকে ব্যক্তিগত

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্প নির্বাচনী প্রচারণাকালে মঞ্চে একপর্যায়ে নেচে ওঠেন। গত শনিবার যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়ায়। ছবি : এএফপি

আক্রমণ করেন এবং সীমানা উন্মুক্ত করে দেওয়া অভিবাসী নীতি নেওয়ার জন্য কাজ করবেন বলে অভিযোগ করেন। কমলার বিরুদ্ধে আক্রমণ করে ট্রাম্প বলেন, 'তিনি একজন মাদকসেবী। এই ব্যক্তি প্রেসিডেন্ট হতে পারেন না। তিনি আমাদের দেশকে ধ্বংস করে দেবেন। এটা সবাই জানে। কেউ তাঁকে সম্মান করেন না। যুক্তরাষ্ট্র এখন দখলকৃত দেশ। কমলা একে গুঁড়িয়ে দিয়েছেন। আমরা একে ঠিক করব।'

মিশিগানে যে ভোটারদের ভোট পেতে কমলা ও ট্রাম্প লড়াই করছেন, তাঁদের মধ্যে আরব বংশোদ্ভূত আমেরিকান এবং মুসলিম ভোটাররাও আছেন। তাঁরা গাজায় ইসরায়েলের বোমাবর্ষণ নিয়ে উদ্বিগ্ন।

ভোটারদের মধ্যে আরও আছেন অটোশিল্পের শ্রমিকেরা। বৈদ্যুতিক যানবাহন কীভাবে মার্কিন অটোশিল্পকে বদলে দিতে পারে, তা নিয়ে উদ্বিগ্ন শ্রমিক ইউনিয়নের সদস্যরা। তাদের (ইউনাইটেড অটো ওয়ার্কার্স) সদর দপ্তর মিশিগানের সর্ববৃহৎ নগর ডেট্রয়েটে।

৫ নভেম্বর যুক্তরাষ্ট্রে ভোটের দিন। তবে মিশিগানসহ বেশ কয়েকটি অঙ্গরাজ্যে আগাম ভোট শুরু হয়ে গেছে। ডেট্রয়েটের বাইরে এক জনসমাবেশে ট্রাম্প বলেন, তিনি মাত্রই স্থানীয় একদল ইমামের সঙ্গে সাক্ষাৎ করে এসেছেন। তাঁর যুক্তি, মুসলিম ভোটারদের সমর্থন তাঁর প্রাপ্য। কারণ, তিনি লড়াই শেষ করবেন এবং মধ্যপ্রাচ্যে শান্তি ফিরিয়ে আনবেন।

ডেট্রয়েট শহরতলি নোভিতে জনসমাবেশে ট্রাম্প বলেন, 'তারা এটুকুই চায়।'

(গাজা যুদ্ধে) ট্রাম্প ইসরায়েলকে পূর্ণ সমর্থন দিয়েছেন। তিনি কীভাবে সেখানে যুদ্ধ শেষ করবেন, সে বিষয়ে কিছু বলেননি।

অটোশ্রমিকদের প্রতিশ্রুতি দিয়ে ট্রাম্প বলেন, তিনি ডেট্রয়েট এলাকা এবং দেশব্যাপী অর্থনৈতিক পতনের ধারাকে উল্টো দিকে নিয়ে যাবেন।

যুক্তরাষ্ট্রে যে সাতটি প্রতিযোগিতাপূর্ণ অঙ্গরাজ্য নির্বাচনের ফলাফল নির্ধারণ করে দেবে, মিশিগান তার একটি। সেখানে ৮৪ লাখ নিবন্ধিত ভোটার রয়েছেন। মিশিগানে ১৫টি ইলেকটোরাল কলেজ ভোট রয়েছে। প্রেসিডেন্ট নির্বাচনে জয় পেতে অন্তত ২৭০টি ইলেকটোরাল কলেজ ভোট পেতে হবে।

ওদিকে প্রায় ১৩০ মাইল (২১০ কিলোমিটার) দূরে মিশিগানের দক্ষিণের নগর কালামাজুতে গর্ভপাতের অধিকার, কর, স্বাস্থ্যসেবাসহ আরও কিছু বিষয়ে নিজের সঙ্গে ট্রাম্পের মতের পার্থক্য তুলে ধরেন ডেমোক্রেটিক প্রেসিডেন্ট প্রার্থী কমলা।

যুক্তরাষ্ট্রের নির্বাচনে ইতিমধ্যে ৩ কোটি ৮০ লাখ ভোটার আগাম ভোট দিয়ে ফেলেছেন। চার বছর আগের প্রেসিডেন্ট নির্বাচনের ফল এখনো মেনে নেননি ট্রাম্প। এবার হেরে গেলেও ফল প্রত্যাখ্যান করবেন বলে জানিয়ে রেখেছেন।

এর আগে ২০১৬ সালে ব্লু ওয়াল স্টেট বলে পরিচিত মিশিগান, উইসকনসিন ও পেনসিলভানিয়ায় জিতেছিলেন ট্রাম্প। তবে ২০২০ সালে এসব অঙ্গরাজ্যে বাইডেন জেতেন। এবার ট্রাম্প এ তিনটি অঙ্গরাজ্যে আবার জেতার চেষ্টা করছেন। এর বাইরে সান বেল্ট হিসেবে পরিচিত অঙ্গরাজ্যগুলো জিতে তিনি ক্ষমতায় আসার চিন্তা করছেন।

মিশিগানে নির্বাচনী প্রচার চালানোর পর গত শনিবারই আবার পেনসিলভানিয়ায় প্রচার করেন ট্রাম্প।

এদিকে গতকাল রোববার কমলা হ্যারিসও পেনসিলভানিয়ায় নির্বাচনী প্রচার করেছেন। গুরুত্বপূর্ণ এ দোদুল্যমান অঙ্গরাজ্যই এখন তাঁদের লক্ষ্য। কারণ, নির্বাচনে জয়ী হতে হলে এ অঙ্গরাজ্যে তাঁদের জিততেই হবে। গতকাল কমলার কৃষ্ণাঙ্গ ও লাতিন ভোটার অধ্যুষিত এলাকায় প্রচার চালানোর কথা। ট্রাম্প ম্যাডিসন স্কয়ারে প্রচার চালাবেন।

ইমরান খানের মুক্তির দাবিতে যুক্তরাজ্যের এমপিদের চিঠি

জিও নিউজ, *লন্ডন*

ইমরান খান

পাকিস্তানের আদিয়ালা কারাগারে বন্দী দেশটির সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের মুক্তি চান যুক্তরাজ্যের আইনপ্রণেতারা। ইমরানের মুক্তিতে যুক্তরাজ্য সরকারের হস্তক্ষেপ চেয়ে বিভিন্ন দলের ২০ জন এমপির পক্ষ থেকে দেশটির পররাষ্ট্রমন্ত্রী ডেভিড ল্যামিকে একটি চিঠি দেওয়া হয়েছে।

ইমরান খানের আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা জুলফি বুখারির অনুরোধে চিঠিটি লিখেছেন লিভারপুল রিভারসাইডের এমপি কিম জনসন। এতে হাউস অব কমন্স ও লর্ডসের ২০ আইনপ্রণেতার স্বাক্ষর রয়েছে।

এতে স্বাক্ষরকারীরা হলেন কিম জনসন, পাওলা বারকার, আপসানা বেগম, লিয়াম ব্রিন, রোজি ডাফিল্ড, গিল ফারনিস, পাউলেট হ্যামিল্টন, পিটার ল্যাম্ব, অ্যান্ডি ম্যাকডোনাল্ড, আবতিসাম মোহামেদ, বেল রিবেরিও-অ্যাডি, জারাহ সুলতানা, স্টিভ উইথারডেন, নাদিয়া হুইটটোম, ব্যারোনেস জোয়ান বেকওয়েল, ব্যারোনেস ক্রিস্টিন ব্লোয়ার, লর্ড পিটার হেইন, লর্ড জন হেন্ডি ও লড টোডোআনফেল।

চিঠিতে বলা হয়েছে, 'পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের অব্যাহত আটকের বিষয়ে গভীর উদ্বেগের সঙ্গে লিখছি। আপনি জেনে থাকবেন, ২০২৩ সালে ইমরান খানকে কারাগারে নেওয়া হয়। কিন্তু তাঁকে যে অভিযোগ কারাগারে নেওয়া হয়, এর কোনো আইনি ভিত্তি ছিল না বলে দেখেছে জাতিসংঘের একটি মানবাধিকার সংস্থা। তাঁকে মূলত রাজনৈতিক পদে প্রতিদ্বন্দ্বিতা থেকে অযোগ্য ঘোষণা করার উদ্দেশ্যে কারাগারে নেওয়া হয়।'

চিঠিতে আরও বলা হয়েছে, ইমরান খানকে এভাবে কারাগারে রাখার বিষয়টি পাকিস্তানের গণতন্ত্রের জন্য হুমকি।

ইসরায়েলে পাল্টা হামলা নিয়ে সতর্ক প্রতিক্রিয়া ইরানের

মধ্যপ্রাচ্য সংঘাত

ইসরায়েলের হামলার বিষয়টি খাটো করে কিংবা অতিরঞ্জিত করে না দেখার কথা বলেছেন ইরানের সর্বোচ্চ নেতা।

- ইরানের কর্মকর্তারা ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে দেখাচ্ছেন বলে ধারণা করা হচ্ছে।
- হামলার জবাব 'নিশ্চিতভাবে' দেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন স্পিকার বাগের গালিবাফ।

এএফপি, *তেহরান*

আয়াতুল্লাহ আলী খামেনি

ইসরায়েলি হামলার জবাবে পাল্টা হামলার হুমকি দিয়েছেন ইরানের কয়েকজন সামরিক ও বেসামরিক কর্মকর্তা। তবে এ বিষয়ে ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি সতর্ক প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। তিনি ইরানে ইসরায়েলের হামলার বিষয়টি খাটো করে কিংবা অতিরঞ্জিত করে না দেখার কথা বলেছেন।

গত শুক্রবার তেহরানের স্থানীয় সময় দিবাগত রাত দুইটায় ইসরায়েল ইরানে হামলা শুরু করে। তিন ঘণ্টা পর দ্বিতীয় দফায় ইলাম ও খুজিস্তানে হামলা চালায়। শনিবার সকাল ছয়টার দিকে ইসরায়েল জানায়, তাদের হামলা 'সমাপ্ত' হয়েছে।

এর আগে ১ অক্টোবর ইসরায়েলকে লক্ষ্য করে প্রায় ২০০ ক্ষেপণাস্ত্র ছুড়েছিল ইরান। ওই হামলার পর থেকেই ইরানকে কড়া জবাব দেওয়ার হুমকি দিয়ে আসছিল ইসরায়েল। ইরানের পারমাণবিক ও তেল স্থাপনায়ও হামলা চালানো হতে পারে বলেও হুঁশিয়ারি দেন ইসরায়েলের সামরিক ও বেসামরিক কর্মকর্তা। তবে শেষ পর্যন্ত পারমাণবিক পরীক্ষা চালানোর পরিত্যক্ত স্থাপনা ও আকাশ প্রতিরক্ষাব্যবস্থায় হামলা চালিয়েই অভিযান শেষ করে ইসরায়েল। রাডার ব্যবস্থায় হামলায় চার সেনা নিহত হওয়ার কথা জানিয়েছে ইরান।

হামলার পর ইরানকে পাল্টা হামলা না চালাতে সতর্ক করে আসছে ইসরায়েল। যুক্তরাষ্ট্রসহ ইসরায়েলের মিত্ররাও তেহরানকে একইভাবে সতর্ক করেছে।

ইরানে ইসরায়েলের বিমান হামলাকে 'সুনির্দিষ্ট ও শক্তিশালী' এবং হামলার সব লক্ষ্য অর্জিত হয়েছে বলে মন্তব্য করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। গতকাল রোববার এক ভাষণে তিনি এ দাবি করেন।

ইরানের কর্মকর্তারা হামলার ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে দেখাচ্ছেন বলে ধারণা করা হচ্ছে। তবে তাঁরা নিজেদের প্রতিরক্ষা সক্ষমতার প্রশংসা করছেন। এখন পর্যন্ত ইসরায়েলে পাল্টা হামলার স্পষ্ট কোনো ঘোষণা দেয়নি তেহরান।

ইসরায়েলের হামলায় নিহত চার সেনার পরিবারের সদস্যরা গতকাল খামেনির সঙ্গে দেখা করেন। পাল্টা হামলার বিষয়ে তিনি আরও বলেছেন, পাল্টা হামলা কীভাবে চালানো হবে, সে বিষয়ে সামরিক বাহিনীর কর্মকর্তারাই সিদ্ধান্ত নেবেন।

আল-জাজিরার প্রতিবেদনে বলা হয়, সর্বোচ্চ নেতার এমন বক্তব্যকে 'খুবই সতর্ক' প্রতিক্রিয়া হিসেবে দেখা হচ্ছে। এর আগে তেহরানে ইসমাইল হানিয়াকে হত্যা এবং দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলার পর তিনি যেভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন, সে তুলনায় এবারের প্রতিক্রিয়ায় সুর নরমই মনে হচ্ছে।

তবে ইসরায়েলি হামলার জবাব 'নিশ্চিতভাবে' দেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাগের গালিবাফ।

ইসরায়েলি চার সেনা নিহত

এদিকে ইসরায়েলি বাহিনী ও লেবাননের হিজবুল্লাহর মধ্যে পাল্টাপাল্টি হামলা অব্যাহত রয়েছে। দক্ষিণ লেবাননে হিজবুল্লাহর সঙ্গে মুখোমুখি লড়াই চার সেনা নিহত হওয়ার কথা জানিয়েছে ইসরায়েল। ইসরায়েলের গুরুত্বপূর্ণ শহর তেল আবিবের ব্যস্ততম একটি মোড়ের কাছে একটি বাসস্ট্যান্ডে ট্রাকচাপা দেওয়ার পৃথক ঘটনায় প্রায় ৫০ জন আহত হয়েছেন।

জাপানের ক্ষমতাসীন দলের ফলাফল বিপর্যয়ের ইঙ্গিত

আগাম নির্বাচন

এবারের নির্বাচনে ভোটাররা মূলত প্রধানমন্ত্রী ইশিবার দলকে মূল্যস্ফীতি ও দলীয় তহবিল কেলেঙ্কারির ঘটনায় শাস্তি দিচ্ছেন।

এএফপি, *টোকিও*

জাপানে গতকাল রোববার আগাম নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। বুথফেরত জরিপে দেখা গেছে, জাপানের ক্ষমতাসীন লিবারেল ডেমোক্রেটিক পার্টি (এলডিপি) গতকালকের নির্বাচনের ফলাফলে সংখ্যাগরিষ্ঠতা হারাতে পারে। ২০০৯ সালের পর নির্বাচনে দলটির এটাই হবে সবচেয়ে খারাপ ফলাফল। দেশটির জাতীয় সম্প্রচারমাধ্যম এনএইচকের পূর্বাভাসে এ কথা জানানো হয়েছে। নির্বাচনের এ ফল দেশটির নতুন প্রধানমন্ত্রী শিগেরু ইশিবার জন্য বড় ধরনের ধাক্কা হবে।

এবারের নির্বাচনে ইশিবার লিবারেল ডেমোক্রেটিক পার্টি দীর্ঘদিনের জোটসঙ্গী কোমেইতো পার্টিকে নিয়ে পার্লামেন্টের নিম্নকক্ষে সংখ্যাগরিষ্ঠতা পাবে কি না, তা বুথফেরত জরিপে স্পষ্ট হয়নি।

১ অক্টোবর জাপানের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেন ইশিবা। এলডিপির প্রধান ও জাপানের প্রধানমন্ত্রী হওয়ার পরপরই ক্ষমতা পাকাপোক্ত করতে আগাম নির্বাচন দেন ইশিবা।

জাপানের জনগণ জিনিসপত্রের মূল্যবৃদ্ধি এবং এলিডিপির মধ্যে দুর্নীতির কেলেঙ্কারি নিয়ে বিরক্ত। দেশটির সাবেক প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার জনপ্রিয়তা এ কারণে কমে যায় এবং তিনি সরে যেতে বাধ্য হন।

সংখ্যাগরিষ্ঠ সরকার গড়তে পার্লামেন্টের নিম্নকক্ষে ২৩৩ আসন নিশ্চিত করতে হবে ইশিবার জোটকে। এর আগে ২০২১ সালে জাপানের সাধারণ নির্বাচনে এলডিপি একাই সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছিল। ওই সময় পার্লামেন্টে তাদের নিজস্ব আসন ছিল ২৫৯ আর তাদের জোটসঙ্গী কোমেইতোর আসন ছিল ৩২।

নির্বাচন শেষে ভোট গণনার জন্য ভোটবাক্স খোলা হচ্ছে। গতকাল জাপানের রাজধানী টোকিওতে। ছবি : এএফপি

এনএইচকের পূর্বাভাস অনুযায়ী, এলডিপি ১৭৪ থেকে ২৫৪ আসন পেতে পারে। এলিডিপির প্রধান প্রতিদ্বন্দ্বী কনস্টিটিউশনাল ডেমোক্রেটিক পার্টি অব জাপান (সিডিপিজে) ১২৮ থেকে ১৯১ আসন পেতে পারে। ভোট গণনার পর পূর্বাভাস অনুযায়ী ফল পাওয়া গেলে সরকার গঠন করতে এলডিপি বা সিডিপিজেকে ক্ষমতা ভাগাভাগির চুক্তিতে যেতে হতে পারে।

নিপ্পন টিভির এক জরিপে দেখা গেছে, ক্ষমতাসীন জোট ১৯৮ আসন ও সিডিপিজে ১৫৭ আসন পেতে পারে। উভয় জোটই সরকার গড়তে প্রয়োজনীয় ২৩৩ আসনের কম পাবে। এবারের নির্বাচনে ভোটাররা মূলত প্রধানমন্ত্রী ইশিবার দলকে মূল্যস্ফীতি ও দলীয় তহবিল কেলেঙ্কারির ঘটনায় শাস্তি দিচ্ছেন।

এলডিপির নির্বাচনী প্রধান শিনজিরো কোইজুমি বলেন, এলডিপির জন্য এটা কঠিন লড়াই।

নির্বাচনের আগের বিভিন্ন জরিপে দেখা গেছে, এলডিপি এবারের নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা হারাবে। জরিপে তাদের মারাত্মক ফল বিপর্যয়ের ইঙ্গিত দেওয়া হয়।

ফ্ল্যাট বিক্রয়

* আফতাবনগর আ/এ ১১৭৮, ১৫৭৭, ১৮৭৫, ২১৮৭, ২৩১২ ব.ফু., মেরুল-বাড্ডা ১১৫৬, উত্তর বাড্ডা ১২১০ ও ১২৪৭ ও বনশ্রীতে ১৫৯৩ ব.ফু. ফ্ল্যাট বিক্রয়। ০১৭০৮১৪৬৩৮০, ০১৭০৮১৪৬৩৮৫। সি-৬০৩১৯০

*** লালমাটিয়া বি-ব্লক মসজিদ সংলগ্ন ১৬০০ বর্গফুটের রেডি ফ্ল্যাট। ম্যাজিক ব্রিকস হোল্ডিংস লি.। মোবা : ০১৭০৪১৭০০৭৮, ০১৭০৪১৭০০৭৭।** মো.বু-৬০৩২৩৪

* উত্তরা ১১নং সেক্টরের ১৭নং রোডে ১৪০০ বর্গফুটের রেডি দক্ষিণমুখী সিঙ্গেল ইউনিট অ্যাপার্টমেন্ট বিক্রয়। ০১৭১৩-৩৭৭৮৮৫, ০১৭১৩-৩৭৭৮৮৬। টিবু-৬০৩১৮৮

* পশ্চিম ধানমন্ডিতে সুইমিংপুল ও আধুনিক সকল সুবিধা কন্ডোমিনিয়াম প্রকল্পে ৩/৪ বেড এর ফ্ল্যাট বিক্রয়। মোবা : ০১৭৫৫৫১১০১৯, ০১৭৫৫৫১১০১৭। সি-৬০৩১৬৮

প্লট বিক্রয়

* পূর্বাচল সংলগ্ন ও আর্মি হাউজিং (জলসিঁড়ি) প্রকল্পের গা ঘেঁষেই ১০০% রেডি প্লট কাঠা নিম্ন ৫ লক্ষ টাকা। মোবাইল : ০১৩২৯৭১১৫৪০। টিবু-৬০৩১৮৭

* ঢাকা-মাওয়া ৪০০´ ফিট এক্সপ্রেসওয়ে-সংলগ্ন, বাউন্ডারিকৃত হস্তান্তরযোগ্য রেডি প্লট বিক্রয় চলছে। ০১৩২৯৭১১৫৩৪। টিবু-৬০৩১৮৬

* পূর্বাচল ২৭নং সেক্টরের সাথে বালিভরাট চলমান, কাঠাপ্রতি মূল্য সর্বনিম্ন ২.৭৫ লক্ষ টাকা। মোবাইল : ০১৮৯৭-৬২৩৯৮৬। টিবু-৬০৩১৮৫

* রাজউক পূর্বাচল আইকনসিটির সন্নিকটে (১ কিলো) ১৮০ ফিট এশিয়ান হাইওয়েতে দেশের সর্ববৃহৎ মধ্যপেক্ষা নান্দনিক পূর্বাচল আমেরিকান সিটিতে ৬ কাঠা, রাজউক পূর্বাচলে ৩নং সেক্টরে ৮/৪ কাঠা। ০১৭১৫০৬৬০২৭। সি-৬০৩১৭৬

* বসুন্ধরা আবাসিক প্রকল্পে এন-ব্লকে চমৎকার লোকেশনে এখনই বাড়ি করার উপযোগী ৪-৫-৬ ও ১০ কাঠার প্লট বিক্রয় হবে। যোগাযোগ করুন : ০১৭৩৮৯৯৯১১১। সি-৬০৩১৯৬

জমি বিক্রয়

* ঢাকা উত্তরখানের (ময়নারটেক) ২০ ফিট রাস্তার পাশে ৫.৫ কাঠা ও কারওয়ান বাজার কমার্শিয়াল ৮.০ কাঠা নিষ্কণ্টক জমি ও মহাখালীতে ৬ তলা বাড়ি বিক্রয় হবে। ফাইন হোমস্ লি.। মোবা : ০১৭১১৩২১০৫৭, ০১৭০৬৩১৪১০১। সি-৬০৩১৯৫

ফ্ল্যাট বিক্রয়

* উত্তরা-৫নং সেক্টরে ১৮৩৮ ব.ফু., বসুন্ধরা আ/এ ১২৯১, ১৫৭৫, ১৮১৬, ২১৮০, ২৭৩৯ ব.ফু., বারিধারায় ২০৩৯ ব.ফু. ও মনিপুরীপাড়ায় ১৬০৪ ব.ফু. ফ্ল্যাট বিক্রয়। মোবাইল : ০১৭০৮১৪৬৩৮৫, ০১৭০৮১৪৬৩৮৭। ডি-৬০৩১৯১

*** ৩০০´ পূর্বাচল এক্সপ্রেসওয়ের প্রথম ১৩০´ প্রবেশপথের সন্নিকটে এল-ব্লক, বসুন্ধরায় এক্সক্লুসিভ ফ্ল্যাট বিক্রয় হবে। সরাসরি : ০১৮১০০০৮০১০।** সি-৬০১৬৬৩

* আশুলিয়ার জিরাবোতে ২৪ শতাংশ জমি ও উত্তরার ১৮ নম্বর সেক্টরে রাজউক এ্যাপার্টমেন্ট প্রকল্পে ১টি ফ্ল্যাট বিক্রি হবে। ০১৯৩৪-৬১৬০৮৭, ০১৬৭৭-৯৭৪৬৯৩। সি-৬০৩২১৬

* সাভার ডিওএইচএস ১৩৯০, গেন্ডারিয়ায় ৭/৯৬৫ ও উত্তরায় ১৬৭০ বর্গফুটের রেডি ফ্ল্যাট বিক্রয়। ০১৮২৯-৪৩১০৩৯, ০১৭৩৪-২০৯৯৯৮। সি-৬০৩২১৭

প্লট বিক্রয়

* ৩০০´ পূর্বাচল/১২০´ মাদানী অ্যাভিনিউ/আর্মি হাউজিং জলসিঁড়ির সাথে বাউন্ডারিকৃত রেডি প্লট কাঠা ১৫ থেকে ৪০ লক্ষ টাকা। মোবা : ০১৭৫৫-৬৩৫১১৫। সি-৬০৩১৯৯

* বারিধারা বসুন্ধরা আবাসিক প্রকল্পে এম-ব্লক-এ ৪ কাঠা প্লট জরুরি ভিত্তিতে বিক্রয় হবে। সম্মানিত ক্রেতাগণ যোগাযোগ করবেন। যোগাযোগ : ০১৬১০৬০০০৭০। সি-৬০৩২০৬

* রাজউক পূর্বাচলে ২৫নং সেক্টরে রোড ১২০, ৭৫ ফিট রোডের সাথে ১০ কাঠার বাগান করা ৭ ফিট বাউন্ডারীকৃত প্লট বিক্রয়। সরাসরি মালিক : ০১৭১০১৩৯৬৭৪। যাবু-৬০৩২১৩

আবশ্যক

* ধনুক গ্রুপে পরিচালক, ম্যানেজার ও অ্যাকাউন্টেন্ট কাম ক্যাশিয়ার প্রয়োজন। অবসরপ্রাপ্ত চাকরিজীবী অগ্রাধিকার। ১৯/১০, হাতিরপুল, ঢাকা। ০১৭৫৪১৯৪১৫৮, ই-মেইল : dhonuk1120@gmail.com সি-৬০৩১৮৪

* স্বনামধন্য রিয়েল এস্টেট কোম্পানিতে ২/৩ বৎসরের অভিজ্ঞ (স্নাতক) বিক্রয় নির্বাহী আবশ্যক। সেঞ্চুরি সেন্টার, খ-২২৫ প্রগতি সরণি, মেরুল বাসস্ট্যান্ড, বাড্ডা। ফোন : ০১৯১৫৪৭৬৬০৫। টিবু-৬০৩১৭৭

ফ্ল্যাট বিক্রয়

* উত্তরা-১৬নং সেক্টরে ১৫০২, ১৬৭৭ ব.ফু., ১৭নং সেক্টরে ১৭১৬, ১৭৬৫ ও ১৬৯১ ব.ফু., পশ্চিম ধানমন্ডিতে ১০৭৩ ব.ফু. ও শ্যামলী রিং রোডে ১২৩৫, ১২৮৫, ১২৬৫, ১৩১৯ ব.ফু. ফ্ল্যাট। ০১৭০৮১৪৬৩৮৭, ০১৭৩০০৮৮০০১। সি-৬০৩১৯২

* বসুন্ধরায় দক্ষিণমুখী আগাখান ও ভিকারুননেছা স্কুল সংলগ্ন এফ, জি ও কে ব্লকে ৩ ও ৪ বেডের নির্মাণাধীন ফ্ল্যাট কিস্তিতে বিক্রয়। মোবা : ০১৭১৩৫০২৪৭৬, ০১৭১৩৫০২৩৯২। মো.বু-৬০৩২৩৩

* পশ্চিম ধানমন্ডি শংকরে ১৩৪০ বর্গফুটের নির্মাণাধীন ফ্ল্যাট। ম্যাজিক ব্রিকস হোল্ডিংস লি.। ০১৭০৪১৭০০৭৬, ০১৭০৪১৭০০৭৮। মো.বু-৬০৩২৩৫

* মোহাম্মাদপুর রিং রোড-সংলগ্ন মোহাম্মদিয়া হাউজিং লি. ও নবোদয় হাউজিং লি. ও আদাবরে ১৩৮০-১৮২০ ব.ফু. দক্ষিণমুখী প্রায় রেডি/নির্মানাধীন ফ্ল্যাট বিক্রয়। ০১৮১০০৩২৫১৪, ০১৮১০০৩২৫০৭। মো.বু-৬০৩২৩৬

পাত্র-পাত্রী চাই

* দীর্ঘ ১৫ বছর পাত্র-পাত্রী ম্যাচমেকিং-এর ক্ষেত্রে আস্থা, নিষ্ঠা, সততার মাধ্যমে অভিজাত উচ্চশিক্ষিত প্রতিষ্ঠিত ও পারিবারিক ধর্মীয় মূল্যবোধ বজায় রেখে কাজ করছে 'ম্যারেজ সল্যুশন বিডি' 'দৃষ্টিভঙ্গি বদলান/জীবন বদলে যাবে' # মোবাইল : ০১৬১৭-০১৪১৪০/০১৭৪৫-৫৭৩৩৪৯। সি-৬০৩২০৮

ফ্ল্যাট বিক্রয়

* সাভার ডিওএইচএস ১৩৯৭ বর্গফুটের দক্ষিণমুখী এবং পূর্বমুখী নির্মাণাধীন ফ্ল্যাট বিক্রয়। যোগাযোগ : ০১৭০৮১৪৬৩৮১, ০১৭০৮১৪৬৩৮২। সি-৬০৩১৯৩

* বসুন্ধরা অভিজাত এলাকায় সিংগেল ইউনিটের ১৭৯০ ব.ফু. এক্সক্লুসিভ ফ্ল্যাট বিক্রয় হবে। ০১৮১০০৩২৫১০, ০১৮১০০৩২৫১২। মো.বু-৬০৩২৩৭

পাত্র চাই

* বিশিষ্ট শিল্পপতি ও সম্ভ্রান্ত পরিবারের কন্যা ও/এলেভেল কানাডা ও লন্ডন হতে গ্র্যাজুয়েশন (৩৪-৫´-৭´´) পাত্রীর পাত্র চাই। মোবাইল : ০১৬১৮-৮৭০৬৮৪/০১৬১৮-৮৭০৬৮২। সি-৬০৩২০৫

* পাত্র চাই : বুয়েট ইঞ্জিনিয়ার কানাডাতে এমএস পিএইচডিরত ম্যাকগিল ইউনিভার্সিটি সুন্দরী (৫´-৪´´-২৫)পাত্রীর পাত্র চাই। ০১৭১৪-৮৮১৫৪৪, alam-moudud@gmail.com সি-৬০৩২০৭

* ঢাকায় সেটেল্ড যুগ্ম সচিবের জ্যেষ্ঠ কন্যা (৫´-৬´´+২৬) অপূর্ব সুন্দরী, আইডিয়াল ও হলিক্রস, এমবিবিএস সরকারি মেডিকেল। ইন্টার্নীরত পাত্রীর পাত্র। অভিভাবকগণ : ০১৭১৫৪৯৭৮৬৫। সি-৬০৩২০৯

* ঢাকায়স্থায়ী অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তার সুন্দরী কন্যা (৩৫-৫´-৪´´) নিজস্ব ব্যবসা। বয়স্ক সন্তানসহ পাত্র চলবে। সরাসরি : ০১৭৭৭-৫৭০৬৩২। সি-৬০৩২১৫

পাত্রী চাই

* জিপিতে কর্মরত এমবিএ আইবিএ (৩৪-৫´-৯´´) বিদেশি ব্যাংকে কর্মরত এমবিএ আইবিএ (৩৬-৫´-৮´´) পাত্রদ্বয়ের উপযুক্ত লগন, গুলশান-১। ০১৭১৫২৫৯৭৮৭, ০১৭১০০৮৪০০৯। সি-৬০৩২০০

* ঢাকায় স্থায়ী অবসরপ্রাপ্ত (৫০+৫´-৭´´) চিকিৎসকের (৩০-৪২) সুশ্রী সাংসারিক ও ধার্মিক পাত্রী। সন্তানহীন/গ্রামের গ্রহণযোগ্য। নো-মিডিয়া। ০১৭৭৭২১২৩১৭। যাবু-৬০৩২১০

* (বাবা এবিপি) এসএসসি ক্যাডেট কলেজ, বিএসসি, এমএসসি জাহাঙ্গীরনগর সফটওয়্যার ইঞ্জিনিয়ার মাল্টিন্যাশনালে ঢাকায় সেটেল্ড (৩৩-৫´-১০´´) শর্ট ডিভোর্স স্মার্ট পাত্রের যোগাযোগ : ০১৯৩৯৫০০৭০৯। যাবু-৬০৩২১১

হিন্দু পাত্র চাই

* কয়েকজন শেষবর্ষ /সদ্যপাসকৃত এমবিবিএস ও বিসিএসকৃত সুদর্শনাদের উপযুক্ত ডাক্তার পাত্র প্রয়োজন। "গুলশান মিডিয়া" বাড়ি-১৩, রোড-৯, গুলশান-১, # ৫৮৮১৪০৪৪, ০১৫৫৬-৫৯০৮৮৪। www.gulshanmedia.net মহাবু-৬০৩২০৩

পাত্রী চাই

* এমবিবিএস সরকারি মেডিকেল এফসিপিএস পার্ট-১ বিসিএস ৪২তম শিক্ষিত ছোট পরিবার (২৯-৫´-৮´´) সুদর্শন পাত্রের (আর্জেন্ট) পাত্রী চাই। ০১৭০৬৭১৩৭৩৫। যাবু-৬০৩২১২

* বিশিষ্ট শিল্পপতি ও সম্ভ্রান্ত পরিবারের পুত্র ও/এলেভেল ইউএসএ হতে গ্র্যাজুয়েশন (২৬-৫´-৮´´) নিজ কোম্পানির ডিরেক্টর পাত্রের পাত্রী চাই। মোবা : ০১৭২৯-২৬১৮৭৬/০১৭৮০-৪১৪৮৯৭। সি-৬০৩২০৪

* অস্ট্রেলিয়ার সিটিজেন, ডাক্তার (৫´-৮´´+৩০) ইঞ্জিনিয়ার (৫´-১১´´+২৮), (৫´-৭´´+৩৪), (৫´-১০´´+ ২৭) ও নিউজিল্যান্ডে, ইঞ্জিনিয়ার (৫´-১০´´+২৯) সুদর্শন অফিশিয়ালদের। 'গুলশান মিডিয়া' # ৫৮৮১৪০৪৪, ৮৮০১৫৫৬৫৯০৮৮৪, www.gulshanmedia.net মহাবু-৬০৩২০২

ভাড়া হবে

* **ওয়্যারহাউস :** টঙ্গী বিসিক শিল্প এলাকায় ৫০০০ বর্গফুট ওপেন স্পেস (দোতলা) সুন্দর পরিবেশে ওয়্যারহাউস ভাড়া হবে। যোগাযোগ : ০১৭১১-৫২০১৭৪। সি-৬০৩১৯৪

ফ্ল্যাট বিক্রয়

উত্তরা নর্থ মেট্রো স্টেশন থেকে ১০০ মিটার দূরত্বে ১৪৫০-২৪৩০ বর্গফুটের নির্মাণাধীন এ্যাপার্টমেন্ট বিক্রয় হবে।

ASSORT HOUSING & ENGINEERING LTD. Comfortable Living
01711535262
01768634414
01729596322
www.assorthousing.com

03 CAR's for SALE

Nissan Petrol 2002, 4759cc, Grey
Nissan Petrol 2001, 2000cc, Green
Nissan Petrol 2002, 4759cc, Blue
Mobile: 01683354796

সাভার সেনানিবাসের নবীনগর সিএনজি রিফুয়েলিং এন্ড ফিলিং স্টেশন প্লান্ট ইজারা প্রদানের জন্য দরপত্র বিজ্ঞপ্তি

১। নবীনগর সিএনজি রিফুয়েলিং এন্ড ফিলিং স্টেশন প্লান্টটি আগামী ০১ নভেম্বর ২০২৪ তারিখ হতে ০৫ বৎসরের জন্য ইজারা প্রদান করা হবে।

২। ইজারা গ্রহণে আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিক/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা হচ্ছে।

৩। ২৮ অক্টোবর ২০২৪ তারিখ হতে ৩০ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত ০৮০০ ঘটিকা হতে ১৩০০ ঘটিকার মধ্যে এরিয়া সদর দপ্তর সাভারের একাউন্ট শাখা হতে অফেরত যোগ্য ২০০.০০ (টাকা দুইশত মাত্র) টাকার বিনিময়ে সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্র সংক্রান্ত তথ্যাদি ও অন্যান্য শর্তাবলী সিডিউলে উল্লেখ থাকবে।

৪। সিডিউল মোতাবেক দরপত্র সীল করা বন্ধ খামে ০১ নভেম্বর ২০২৪ তারিখে বেলা ১২০০ ঘটিকার মধ্যে এরিয়া সদর দপ্তর সাভারে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হবে। একই তারিখে ১২৩০ ঘটিকায় দরপত্র দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

এএএন্ডকিউএমজি
এরিয়া সদর দপ্তর সাভার
সাভার সেনানিবাস
টেলিফোন : ৭৭৯১১০০-২০৭২
মোবাইল : ০১৭৬৯-০৯২০৭২

আই এস পি আর সেনা/২০২৪/৬৩৬
২৭/১০/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৯৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dgjute.gov.bd

স্মারক নং : ২৪.০২.০০০০.০০৫.৭৭.০০৯ (অংশ-৪).১৬-২৩৪ তারিখ : ২৭ অক্টোবর ২০২৪ খ্রি.

ইন্টার্নশিপের জন্য দরখাস্ত আহ্বান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আওতায় বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর অধীন পাট অধিদপ্তরে তিন (০৩) মাস মেয়াদে ০৫ (পাঁচ) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০১। **এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে :**
(ক) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের কার্যক্রমের সংক্ষিপ্ত পরিচিতি (খ) জাতীয় পাট নীতি-২০১৮, পাট আইন-২০১৭, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা-২০১৩ এবং পাট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট) বিধিমালা-১৯৬৪ (গ) পাট অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত পাটকল পরিদর্শন (ঘ) পাট অধিদপ্তরের পাটপণ্য পরীক্ষাগার পরিদর্শন (ঙ) পাট অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রকল্প সম্পর্কে ধারণা (চ) পাট ও বহুমুখী পাটপণ্য বিষয়ে জ্ঞান অর্জনের লক্ষ্যে মাঠ পর্যায়ে সংযুক্তি।

০২। **আবেদনের যোগ্যতা :**
(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
(গ) বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
(ঘ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং
(ঙ) ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবেন।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৬। পাট অধিদপ্তর নির্ধারিত ০২ (দুই) জন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

০৭। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতি মাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।

০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১। লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে যথাসময়ে জানানো হবে।

১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে।

১৩। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে পাট অধিদপ্তর বা এর আওতায় বাস্তবায়নাধীন কোনো প্রকল্পে বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবেন না।

১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৫। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে পাট অধিদপ্তর এর ওয়েবসাইট www.dgjute.gov.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পুরণকরতঃ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্তপূর্বক আবেদনপত্র আগামী ১৭ নভেম্বর ২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি, ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে মহাপরিচালক, পাট অধিদপ্তর, ৯৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এর বরাবরে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে; এবং

১৬। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগৃহীত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

জিনাত আরা
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
পাট অধিদপ্তর, ঢাকা

Bangladesh Institute of Nuclear Agriculture (BINA)
BAU Campus, Mymensingh-2202

Memo No.: BINA/REV/2024-25/28 Date: 24-10-2024

Tender Notice: 02/2024-25

e-Tender is invited in the National e-GP System (http://www.eprocure.gov.bd) for the following items.

Sl. No.	Package No.	Tender ID No.	Name of Goods	Publishing Date & Time	Last Selling Date & Time	Tender/proposal Closing Date & Time
1.	Bina/rev/2024-25/28	1029105	Supply of Poly bag and Gunny bag for BINA HQ.	28/10/2024 11:00	11/11/2024 16:00	12/11/2024 15:30

This is an online Tender, where only e-Tender will be accepted in the National e-GP Portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender, registration in the National e-GP system portal (http://www.eprocure.gov.bd) is required.

(Hossain Md. Ferdous)
Assistant Director (Sr. Scale)
&
Procuring Entity (PE)
BINA, BAU Campus, Mymensingh-2202

AGRANI BANK PLC.
ESTABLISHMENT & ENGINEERING DIVISION
HEAD OFFICE, 9/D DILKUSHA C/A, MOTIJHEEL, DHAKA

Invitation For Tender

No.	Item	Details
1.	Ministry/Division	Bank and Financial Institutions Division
2.	Agency	Agrani Bank PLC. 9/D, Dilkusha, Motijheel C/A, Dhaka.
3.	Procuring Entity Name	Agrani Bank PLC., Establishment & Engineering Division, Head office (7th floor), 9/D, Dilkusha, Motijheel C/A, Dhaka-1000.
4.	Procuring Entity District	Dhaka.
5.	Invitation for	Supply & Installation of 08 (Eight) Air Coolers for Agrani Bank PLC., Nawabpur Road Corporate Branch, Dhaka; Zonal Office, Gazipur. Bashundhara R/A Branch, Dhaka and Kamalapatti Branch, Feni.
6.	Invitation Ref No	E&ED/Engg./Mecha-354/2024
7.	Date	Date : 21/10/2024
KEY INFORMATION		
8.	Procurement Method	Open Tendering Method (OTM)
9.	Budget and Source of Funds	Own fund of Agrani Bank PLC.
10.	Tender Publication Date	21/10/2024
11.	Tender Last Selling Date	10/11/2024
12.	Tender Receiving Date and Time	11/11/2024 at 10:00 AM to 03:00 PM
	Tender Closing Date and Time	11/11/2024 at 03:00 PM
13.	Tender Opening Date and Time	11/11/2024 at 03:15 PM in presence of Tenderers or their representatives (if any present)
14.	Name & Address of the office(s)	
	Selling Tender Document	Agrani Bank PLC., Establishment & Engineering Division, Head office (7th floor), 9/D, Dilkusha, Motijheel C/A, Dhaka-1000.
	Receiving Tender Document	Agrani Bank PLC., Establishment & Engineering Division, Head Office (7th Floor), 9/D, Dilkusha, Motijheel C/A, Dhaka-1000.
	Opeing Tender Document	DGM's Chamber, Agrani Bank PLC., Establishment & Engineering Division, Head Office (7th Floor), 9/D, Dilkusha, Motijheel C/A, Dhaka-1000.
INFORMATION FOR TENDERER		
15.	(Eligibility of Tender)	Supplier who have minimum 03 (Three) years of general experience of similar nature of works, Years counting backward from the date of publication of IFT.
		Having experience in successfully completion of Air Cooler with a value of at-least **5.00 Lac.** in a single Tender during last 03 (Three) years (The year counting backward from the date of invitation of this Tender (IFT).
		The Tenderer must Process attested copy of: i) Up to date valid Trade license. ii) Up-to-date income tax certificate, iii) Valid VAT registration certificate. iv) e-TIN Certificate. v) In case of Limited Company, the certificate of Incorporation, Memorandum of Association, Article of association & Power of attorney.
		vi) Having minimum amount of liquid assets or working capital or credit facilities shall be **Tk, 7.00 Lac**. Letter of commitment for Bank's undertaking for line of Credit is issued from the concerned Bank in between publication date and submission date of STD.
		The Tenderer must submit attested copy of: i) International Standard Compliance (CE/UL/ISO/Any other ii) Catalogue/ Brochure must be submitted with Tender. iii) Necessary document of Distrivutor/Authorized Dealer/Importer of Mentioned Brand.
		All other reputed qualification, terms and conditions of the tenderer are shown in the tender data sheet (TDS) of Tender documents and all experience certificates will be submitted as per format. Necessary supporting Documents to be submitted as per requirement of ITT Clauses and technical specification of the tender.
16.	Completion Time	04 weeks from the date of Contract Signing.
17.	Brief Description of Goods	Any brand manufactured or assembled in Bangladesh/ China/ Turkey/ Vietnam or equivalent to these countries accepted/ approved by the bank authority in accordance with fulfillment of the given specifications and having relevant certificates as mentioned & as per detailed specification & standard as mentioned in STD.

Sl. No.	Capacity	Type	Quantity
01	12.000 BTU/Hr (1.00 Ton)	Split	01
02	17.000-18.000 BTU/Hr (1.50 Ton)	Split	02
03	22.500-24.000 BTU/Hr (2.00 Ton)	Split	02
04.	34.000-36.000 BTU/Hr (3.00 Ton)	Ceiling	03

No.	Item	Details
18.	Brief Description of Related Services	As described in Tender document.
19.	Tender Document Price	Tk. 1000.00 (Taka One Thousand) only per set (non-refundable) by Pay order/Bank Draft from any schedule bank of Bangladesh in favour of Agrani Bank PLC., Head Office, Dhaka.
20.	Tender Security Money (Tk.)	The amount of the Tender Security will be 22,000/- (Twenty Two Thousand Taka Only) in the form of Pay Order/Bank Draft (refundable) from any scheduled bank of Bangladesh in favour of Agrani Bank PLC., Head office, Dhaka.
PROCURING ENTITY DETAILS		
20.	Name of Official Inviting Tender	Md. Abdur Rahman
21.	Designation of Official Inviting Tender	Deputy General Manager
22.	Address of Official Inviting Tender	Agrani Bank PLC., Establishment & Engineering Division, Head Office (7th Floor), 9/D, Dilkusha, Motijheel C/A, Dhaka.
23.	Contact details of Official Inviting Tender	Deputy General Manager, Establishment & Engineering Division, Agrani Bank PLC., Head Office (7th Floor), 9/D, Dilkusha, Motijheel C/A, Dhaka. Tel: 02-223381674; e-mail: dgmeed@agranibank.org
24.	a. If it is not possible to receive/open the tender on the schedule date & time for any unavoidable circumstances the same will be received/open on the next working date at the same time & same venue. b. All submitted documents must be signed by the tenderer in every page of tender all original/photo copy must be attested as per prevailing Laws & Rules. c. If the Tenderer submits any false/incorrect or forged certificate, action may be taken as per PPA-2006 and PPR-2008 and its amendments. d. This tender shall be governed by the PPR-2008 and its amendments. e. The Procuring Entity reserves the right to modify any information of the tender, It also reserves right to reject all Tenders prior to acceptance without assigning any reason. Agrani Bank PLC., shall not be under any obligation to accepted the lowest tender.	

(Md. Abdur Rahman
Deputy General Manager

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী

ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের প্রোগ্রামসমূহ :
১) ১ বছর মেয়াদী MA in ELT/EL
২) ২ বছর মেয়াদী MA in ELT
৩) PGD in ELT
৪) **৬ মাস মেয়াদী সার্টিফিকেট কোর্স (জানুয়ারী-জুন) :**
ইংলিশ (লেভেল-১, লেভেল-২), ফ্রেঞ্চ (লেভেল-১, লেভেল-২), জার্মান (লেভেল-১, লেভেল-২), জাপানিজ (লেভেল-১, লেভেল-২), চাইনিজ (লেভেল-১, লেভেল-২), কোরিয়ান (লেভেল-১, লেভেল-২) ও ইংলিশ ফর নার্সেস।

ভর্তির আবেদন ফরম বিতরণ ও জমা গ্রহণের তারিখ : ২০/১০/২০২৪ থেকে ০৫/১২/২০২৪ পর্যন্ত। **ভর্তি পরীক্ষার তারিখ ও সময় :** ০৬/১২/২০২৪ তারিখ শুক্রবার, সকাল ১০:০০টা থেকে বেলা ১১:০০টা পর্যন্ত। ৬ মাস মেয়াদী সার্টিফিকেট কোর্সে ভর্তির আবেদন ও ফরম বিতরণের তারিখ ২০/১০/২০২৪ থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত চলবে। সার্টিফিকেট কোর্স ব্যতীত সকল প্রোগ্রামের লিখিত ভর্তি পরীক্ষা হবে। প্রোগ্রামের অন্যান্য তথ্যাদি ইনস্টিটিউট অফিস থেকে অথবা www.ru.ac.bd./ieol ওয়েব পেজ ভিজিট করেও জানা যাবে। সার্বিক যোগাযোগ : ০১৮১১-৩২০৮৯৪

পরিচালক
ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী

খাতুনগঞ্জ শাখা।
ক্রাউন চেম্বার, ৩২৫ আছদগঞ্জ রোড, চট্টগ্রাম- ৪০০০।

সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসি, খাতুনগঞ্জ শাখা- এর ঋণগ্রহীতা প্রতিষ্ঠান "সানোয়ারা ডেইরিং এন্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড এবং সানোয়ারা ডেইরি ফুডস লিমিটেড", যাহার ব্যবস্থাপনা পরিচালক- নুরুল ইসলাম বিএসসি, যাহার চেয়ারম্যান- মিসেস সানোয়ারা বেগম, যাহাদের ঠিকানা- নুরুল ইসলাম বিএসসি বাড়ি, ডাকঘর- চান্দগাঁও-৪২১২, থানা- চান্দগাঁও, জেলা- চট্টগ্রাম এবং হাউজ নং- ১৫, রোড নং- ০২, খুলশী আ/এ, খুলশী, চট্টগ্রাম- এর নিকট মঞ্জুরীকৃত ঋণের বিপরীতে ৩০/০৯/২০২৪ ইং তারিখ পর্যন্ত সুদসহ মোট ৫৪,৪৫,৭০,১৯৯.২৫ (চুয়ান্ন কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তুর হাজার একশত নিরানব্বই দশমিক দুই পাঁচ) টাকা মাত্র পাওনা রহিয়াছে। উক্ত ঋণ পরিশোধের জামানত স্বরূপ বন্ধকদাতা/বন্ধকদাতাগণ ও ঋণগ্রহিতা/ঋণগ্রহিতাগণ কর্তৃক নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে অত্র ব্যাংকের নিকট দায়বদ্ধ রহিয়াছে এবং বন্ধকদাতা/বন্ধকদাতাগণ ও ঋণগ্রহিতা/ঋণগ্রহিতাগণ উক্ত সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়া রেজিস্ট্রিকৃত আমমোক্তারনামা দলিল সম্পাদন করিয়াছেন। ঋণগ্রহিতা ঋণের টাকা সময়মত পরিশোধ না করায় বন্ধক গ্রহীতা ব্যাংক উক্ত ঋণের অনাদায়ী পাওনা এবং আদায়কালতক সুদ এবং অন্যান্য খরচসহ আদায়ের নিমিত্তে রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল ও আমমোক্তারনামা দলিল বলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হইতে নিম্নলিখিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করিতেছেঃ-

-ঃ নিলাম দরপত্রের শর্তাবলীঃ-

১। প্রত্যেক দরপত্রদাতা অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে দরদাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্রের কপিসহ প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সিলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিবেন।
২। দরপত্র আগামী ১৮-১১-২০২৪ইং খ্রিস্টাব্দ অপরাহ্ণ ৩.০০ ঘটিকার মধ্যে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসি, খাতুনগঞ্জ শাখা-এ রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। ঐ দিনই ৩.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।
৩। প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডারের মাধ্যমে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসি, খাতুনগঞ্জ শাখা-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
৪। অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে।
৫। উপরে বর্ণিত অনুচ্ছেদ (৩) ও (৪) এর অধীনে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্র মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্বৃত দর অপেক্ষা কম না হইলে শাখা ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন। দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা উক্ত সময় সীমার মধ্যে সমুদয় মূল্য পরিশোধে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত হইবে।
৬। দরপত্রে প্রদত্ত সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।
৭। একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না। তবে দরদাতাগণ পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র কিংবা তফসিলভুক্ত সকল সম্পত্তির জন্য যৌথভাবে দরপত্র দাখিল করিতে পারিবেন।
৮। তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারি, আধাসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান যথা- সিটি কর্পোরেশন, পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি অফিসসহ অন্য যেকোন পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার বা ব্যাংকের উপর বর্তাবে না। উক্ত খরচ দরপত্র গ্রহীতা/ক্রেতাকে বহন করিতে হইবে।
৯। সফল দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় ব্যয় যথাঃ ষ্ট্যাম্প ডিউটি, ট্যাক্স ও নিবন্ধন ফি ইত্যাদি বহন করিতে হইবে।
১০। সফল দরদাতাকে আইন ও বিধি মোতাবেক সরকারি পাওনা হিসেবে সকল ধরনের ট্যাক্স/ভ্যাট/অন্যান্য প্রযোজ্য পাওনাদি পরিশোধ করিতে হইবে।
১১। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হইবেনা।
১২। ক্রেতা নিজ দায়িত্বে ক্রয়কৃত সম্পত্তির দখল বুঝিয়া নিবেন। তবে এক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান করা যেতে পারে এবং তৎসংশ্লিষ্ট ব্যয়ভার ক্রেতাকে বহন করতে হবে।
১৩। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ও ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৫। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

Schedule of the Property

(i) District-Chittagong, formerly P.S. Panchalaish at present P.S. Chandgaon, Mouza-Chandgaon Jurisdiction of Sub- Registry Office: Chandgaon, Chittagong, property belonging to M/S. Sanowara Dairy Foods Limited on the basis of registered sale deed No. 1824 dated- 07.04.2005, comprised in the R.S. Khatian No. 1764, part of R.S. plot No. 10452 corresponding to P.S. khatian No. 3143, part of P.S. Plot No. 10901, corresponding to B.S. khatian No. 2889, part of B.S. plot No. 9258, measuring 0.1750 acre or 8 ganda 3 kara land. Bounded on the North- Sheikh Ahmed, South- Land of B.S. plot No. 9262/9263, East- Sheikh Ahmed, West- Mr. Nurul Islam B.Sc.
(ii) District: Chittagong, formerly P.S. Panchalaish at present P.S. Chandgaon, Mouza-Chandgaon, Jurisdiction of Sub- Registry Office: Chandgaon, Chittagong, property belonging to M/S. Sanowara Dairy Foods Limited on the basis of registered sale deed No. 3496 dated- 22.11.2005, comprised in the R.S. Khatian No. 2605, 1764 & 2293, part of R.S. plots No. 6387, 6382, 10451, 10414 and 10416 with possession by amicable partition in R.S. plot No. 10451, corresponding to original B.S. khatian No. 6775, Mutation B.S. khatian No. 5217, part of B.S. plot No. 9208 measuring 0.08 acre or 4 gandas land. Bounded on the North- Mr. Mojibur Rahman, South- Mr. Ershad Ullah, East- M/S. Sanowara Dairy Foods Limited, West- Mr. Rahman.
iii) District- Chittagong, formerly P.S. Panchalaish, at present P.S. Chandgaon, Mouza-Chandgaon, Jurisdiction of Sub- Registry Office: Chandgaon, Chittagong, property belonging to M/S. Sanowara Dairy Foods Limited on the basis of registered sale deed No. 1611 dated- 09.06.2005, comprised in the R.S. Khatian No. 5265, 5245, 78, 163, 844, 2714, 3358, 2972 & 1834, part of R.S. plots No. 10254, 10255, 10250, 10571, 10510, 2817, 3014, 2794, 9839, 9842, 2826, 2827, 2838, 2849, 2828, 2848, 2856, 2857, 2858, 10420, 10421, 2831 and 2843 with possession by amicable partition in R.S. khatian No. 2972, parts of R.S. plot No. 10420 & 10421 corresponding to B.S. khatian No. 3084, part of B.S. plot No. 9203 and 9211 measuring 0.1875 acre or 9 gandas 1 kara 1 kanta 3 danta land. Bounded on the North- Hajee Abu Bakkar, South- Ahmed Hossain, East- Mojibur Rahman, West- Ahmed Hossain.
(iv) District- Chittagong, formerly P.S. Panchalaish at present P.S. Chandgaon, Mouza-Chandgaon, Jurisdiction of Sub- Registry Office: Chandgaon, Chittagong, property belonging to Mrs. Sanowara Begum and Mr. Nurul Islam on the basis of registered sale deed No. 1960 dated- 09.08.2003, No. 2526 dated- 18.10.03 and No. 2658 dated 25.09.04, comprised in the R.S. Khatian No. 2377, 1880, 2370, 3729, 2368 and 2369, part of R.S. plot No. 6354, 6355, 6358, 6357, 6399, 6054 and $\frac{6341}{7064}$ corresponding to P.S. khatian No. 3111 and 3141, part of P.S. 9793, 10825, 10720, 10707, 10748, 10754, 10824, corresponding to B.S. khatan No. 2050, 2052, 2053 and 2049, parts of B.S. plots No. 9160, 9172, 9173, 9175, 9318, 9324, 9307, 9097, 9098, 9325, 9343, 9100, 9101, 8441 and 8442 with possession by amicable partition in R.S. plots No. 6355 & 6354, corresponding to parts of B.S. plots No. 9160, 9173, 9172, 9175 and 9318 measuring 0.3294 or 16 ganda 1 kara 2 kanta $3\frac{1}{6}$ danta land, Bounded on the North, South and West- Mr. Nurul Islam, East- Saber Ahmed.
Total land: Schedule 1: 0.1750 acre, Schedule 2: 0.08 acre, Schedule 3: 0.1875 acre, Schedule 4: 0.3294 acre, Total land: 0.7719 acre along with all structure constructed and to be constructed thereon.

ব্যবস্থাপক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসি, খাতুনগঞ্জ শাখা।

Corporate Head Office: MTB Centre, 26 Gulshan Avenue, Gulshan 1, Dhaka 1212
www.mutualtrustbank.com

“ ভালোবাসা ছাড়া জীবনে কিছু চাই না। সবাই আমাকে যেভাবে ভালোবাসেন, এই ভালোবাসা নিয়েই সামনে এগোতে চাই।

জন্মদিনে ফেসবুকে **দীঘি**

টুকরো খবর

পাকিস্তানের ৪৩ প্রেক্ষাগৃহে ‘তুফান’

রায়হান রাফীর *তুফান* সিনেমাটি পাকিস্তানের ৪৩ প্রেক্ষাগৃহে মুক্তি পাবে। ১ নভেম্বর থেকে পাকিস্তানের ৪৩ প্রেক্ষাগৃহের ১১৩টি পর্দায় দেখা যাবে শাকিব খান অভিনীত সিনেমাটি। বাংলাদেশ ছাড়াও ইতিমধ্যে ভারত, অস্ট্রেলিয়া, আমেরিকা, কানাডা, ইংল্যান্ডসহ আরও কয়েকটি দেশে মুক্তি পেয়েছে *তুফান*। সিনেমার প্রযোজক শাহরিয়ার শাকিল জানান, পাকিস্তানের দর্শকদের বাংলা সিনেমা নিয়ে আগ্রহ রয়েছে, সেটা বুঝতে পারছি। আশা করছি, সেই প্রত্যাশা পূরণ হবে। **বিনোদন প্রতিবেদক**, *ঢাকা*

তুফান-এর দৃশ্য। ছবি : প্রযোজনা সংস্থার সৌজন্যে

‘ঘুণপোকা’ আসছে

শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের প্রথম উপন্যাস *ঘুণপোকা* অবলম্বনে চলচ্চিত্র নির্মাণ করবেন পলাশ দে। *আনন্দবাজার পত্রিকা*কে তিনি বলেন, দু-একজনের সঙ্গে কথা হলেও ছবির অভিনয়শিল্পী এখনো চূড়ান্ত হয়নি। ষাটের দশকের কলকাতার পটভূমিতে লেখা হয়েছিল উপন্যাসটি। অফিসের বসের অপমান মেনে না নিতে পেরে চাকরি ছাড়েন বছর তিরিশের শ্যাম। ব্যস্ত শহরের এক কোণে অত্যন্ত আত্মসম্মানবোধসম্পন্ন এক বেকার যুবকের একাকিত্বকে কেন্দ্র করে এই উপন্যাস। **বিনোদন ডেস্ক**

শীর্ষেন্দু মুখোপাধ্যায়। ছবি : প্রথম আলো

অলিভিয়ার কনসার্ট ফিল্ম

মার্কিন গায়িকা-অভিনেত্রী অলিভিয়া রদ্রিগোর কনসার্ট ফিল্ম *অলিভিয়া রদ্রিগো : গাটস ওয়ার্ল্ড ট্যুর* আগামী ২৯ নভেম্বর নেটফ্লিক্সে মুক্তি পাবে। গায়িকা জানিয়েছেন, সারা দুনিয়ার ভক্তরা এবার তাঁর কনসার্টের স্বাদ পাবেন, এতে রোমাঞ্চিত তিনি। চলতি বছরের ফেব্রুয়ারিতে শুরু হওয়া এই ট্যুর শেষ হবে আগামী বছরের মার্চে। **বিনোদন ডেস্ক**

অলিভিয়া রদ্রিগো। ছবি : এএফপি

১০ বছর পর

নির্মাতা আনিস বাজমির সিনেমা *ভুল ভুলাইয়া ৩* মুক্তি পাবে আগামী ১ নভেম্বর, একই দিনে আসবে অজয় দেবগন অভিনীত *সিংহাম এগেইন*। নতুন খবর, নভেম্বরেই আবার প্রেক্ষাগৃহে পাওয়া যাবে আনিস ও অজয়কে। আগামী ২২ নভেম্বর মুক্তি পাবে *নাম*। আনিস বাজমির এ ছবিতে প্রধান চরিত্রে অভিনয় করেছেন অজয়। তবে এটি তৈরি হয়েছিল ২০১৪ সালে। নানা কারণে এক দশক পর আলোর মুখ দেখতে যাচ্ছে। অজয় ছাড়াও ছবিতে আছেন ভূমিকা চাওলা ও সামিরা রেড্ডি। **বিনোদন ডেস্ক**

অজয় দেবগন। ছবি : এএনআই

প্রেম করছেন

প্রেম করছেন দুই কোরীয় গায়ক ও অভিনেতা কিম উ সিয়োক ও অভিনেত্রী কং না ইউন। বিষয়টি নিশ্চিত করেছে কিমের এজেন্সি ব্লিটজওয়ে স্টুডিওজ। রোমান্টিক ড্রামা সোশ্যাল স্যাভি ক্লাস ১০১-এর শুটিংয়ে দুজনের প্রথম পরিচয়। ১০ নভেম্বর মুক্তি পাবে এই ড্রামা। **বিনোদন ডেস্ক**

কিম উ সিয়োক ও কং না ইউন। ছবি : ইনস্টাগ্রাম

‘জটিল ধাঁধা’র শহরের সোহান

তরুণ মুখ

‘অন্য গ্রহের চাঁদ’, ‘চল দোতং পাহাড়’-এর মতো গান দিয়ে তরুণদের কাছে জনপ্রিয়তা পেয়েছেন **সোহান আলী**। তরুণ এই শিল্পীর গান, বর্তমান ব্যস্ততার খবর জানাচ্ছেন **লতিফুল হক**

‘তোমার আকাশ ধরার শখ/ আমার সমুদ্দুরে চোখ, আমি কী আর দেব বলো/ তোমার শুধুই ভালো হোক’, এমন রূপক কথায় গানে গানে মূলত বিরহের কথাই শুনিয়েছেন সোহান আলী। প্রেমের গান বাঙালি পছন্দ করে, সেটা যদি হয় ব্যর্থ প্রেম, তাহলে তো কথাই নেই। তবে কেবল প্রেম নয়, তাঁর গানে উঠে আসে প্রকৃতি, পাহাড়, জঙ্গল আর ঝিরিপথে হাঁটার আনন্দ। সোহান আলী আপাদমস্তক ভবঘুরে। হুটহাট ছুট দেন। নিজের গানের সেই লাইনের মতো, ‘তাই জটিল ধাঁধার শহর ছেড়ে মন পাহাড়েই যায়’। একবার যেমন গিয়েছিলেন পঞ্চগড়। সীমান্তঘেঁষা এক চা-বাগানে সন্ধ্যার ঠিক পরপর জোনাকিরা উড়ে বেড়ায়। যেন অ্যানিমেশন সিনেমা। স্রেফ এই দৃশ্য দেখবেন বলেই এক বন্ধুকে নিয়ে ছুটে গিয়েছিলেন। তাঁবুতে বসে সেই দৃশ্য দেখার প্রভাব হয়তো কেউ খুঁজে নিতে পারেন ‘চল দোতং পাহাড় জুমঘরে/ পূর্ণিমারাত বর্ষাজুড়ে জীবনজুয়ার আসর বসাব’র মতো লাইনে।

ডিজিটাল প্ল্যাটফর্ম আসার পর সংগীত প্রযোজনা প্রতিষ্ঠানের মুখাপেক্ষী হয়ে আর বসে থাকতে হয় না। ঠাকুরগাঁও থেকে গান বানিয়ে অন্তর্জালে ছেড়ে দিলেই হলো, সুরই হয়তো খুঁজে নেবে বুয়েন্স এইরেসের কোনো শ্রোতাকে। সোহান আলী মনে করেন, গান প্রকাশের এই স্বাধীনতা তাঁর মতো তরুণ শিল্পীর সামনে নতুন এক সম্ভাবনার দুয়ার খুলে দিয়েছে। ‘ডিজিটাল প্ল্যাটফর্ম আসার পর শিল্পীদের কারও কাছে ধরনা দিতে হয় না। একটা সময় আপনি যত প্রতিভাবানই হন, একটা লেবেলের মাধ্যমেই আপনাকে সিডি করতে হতো। এই যুদ্ধ আমিও করেছি। এখন এটা নেই। ডিস্ট্রিবিউশন, লাইসেন্স, পাবলিশিং-২; আমার গানের সব স্বত্ব নিজের। আমার গান আমার হাতে। এই নিয়ন্ত্রণ থাকার কারণে কারও ওপর নির্ভর করতে হয় না, পুরো রয়্যালটি আমার। অনেক প্রযোজনা প্রতিষ্ঠান পরের দিকে ঠিকমতো রয়্যালিটি দিতে চায় না। তাই আমি মনে করি, এখন শিল্পীদের জন্য বড় সুযোগ।’

আজকের এই অবস্থানে আসতে নিজেকে তৈরি করতে হয়েছে সোহানকে। তবে সে গল্পের শুরুটা পঞ্চগড়ে। বাবার চাকরিসূত্রে সোহান সেখানেই বড় হয়েছেন কিনা! পূর্বপুরুষদের কেউ কস্মিনকালেও গানে ছিলেন না। নিজেও গান শেখেননি। তবে মায়ের গলা ছিল ভারি মিষ্টি। কে জানে, সেটাই হয়তো অবচেতন মনে সুর তুলে দিয়েছিল। আর ছিল জগদল। পঞ্চগড় সদরের জগদল বাজারে একটা ক্লাবের মতো ছিল। সেখানে বড়রা গানবাজনা করতেন। সোহান সেখানে যেতেন খুব। আগ্রহ দেখে একদিন হাতে তুলে দেওয়া হয় তবলা। এভাবেই গান আর বাদ্যযন্ত্রের সঙ্গে যোগ। গান নিয়ে আরও আগ্রহ বাড়তে থাকে। তাই মাঠে বন্ধুদের কেউ খেলায়, কেউ আড্ডায় ব্যস্ত হলেও গান নিয়েই পড়ে থাকতেন সোহান।

একসময় ঠিক করেন, সংগীত পরিচালক হবেন। ২০০৯ সালে ঢাকায় আসেন ইঞ্জিনিয়ারিং পড়তে। সোহানের ভাষ্যে, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তি হওয়াটা ছিল অসিলামাত্র। সংগীতে নিজের স্বপ্নপূরণ করতেই আসলে ঢাকায় এসেছিলেন তিনি। এরপর গিটার শিখেছেন, বন্ধুদের নিয়ে ব্যান্ড গড়েছেন; রেস্তোরাঁ, বিয়েসহ নানা অনুষ্ঠানে কাভারের পর কাভার গান গেয়ে গেছেন। মুশকিল হয় পড়া শেষ করার পর। কী করবেন? নিজের স্টুডিও দেওয়ার পয়সা নেই। সোহান শুরু করলেন ফ্রিল্যান্সিং। জানালেন, তিনি মূলত মিউজিক নিয়েই ফ্রিল্যান্সিংয়ের কাজ করতেন। বিভিন্ন কোম্পানির ওয়েবসাইটের সূচনা সংগীত করে দিতেন। এ ছাড়া বেশ কিছু বিদেশি স্বল্পদৈর্ঘ্য সিনেমার আবহসংগীত করেছেন। ২০১৭-এর দিকে পকেটের অবস্থা একটু ভারী হলো। সব বাদ দিয়ে নিজের মতো করে স্টুডিও গড়লেন। শুরু হলো নতুন এক সোহানের যাত্রা।

২০২১ সালে প্রকাশিত হয় প্রথম গান ‘ছেলে’। এখানেও একটা কিস্তু আছে। ২০২০ সালের সেপ্টেম্বরে প্রথম গানটা আসে একটি সংগীত প্রযোজনা সংস্থার ব্যানারে। চুক্তির কিছু বিষয় নিয়ে ঝামেলা হয়, সোহান গানটির শিরোনাম বদলে তা নিজের চ্যানেলে প্রকাশ করেন। এই প্রকাশ্যে আসে সোহানের নতুন পরিচয়, তিনি গানও লেখেন। তিনি যে গান লেখেন, এটা তাঁর কাছের বন্ধুরাও জানতেন না। তবে সোহান জানতেন, ‘মিথ্যা’র প্রতি তাঁর আকর্ষণের কথা। ‘এইট-নাইন থেকেই গান লিখি। ছোটবেলায় প্রচুর বই পড়তাম, বিশেষ করে থ্রিলার, রহস্য-রোমাঞ্চ। *মাসুদ রানা*, (হেনরি রাইডার) হ্যাগার্ড; এভাবেই ফিকশনের প্রতি আকর্ষণ তৈরি হয়। মনে হতো, এত সুন্দর একটা মিথ্যা গল্প; কিন্তু আমার কাছে ভালো লাগছে। নচিকেতা, অঞ্জন দত্ত ভালো লাগত। তাঁদের মতো আমি চেষ্টা করতাম। এভাবেই লেখার শুরু,’ বলছিলেন শিল্পী।

কোথায় কোথায় গাইতে যান? জানালেন, মূলত তরুণেরা তাঁর শ্রোতা। শিডিউল দেখে জানালেন, স্কুল-কলেজে তাঁর টানা অনুষ্ঠান। তরুণেরা তাঁর গান কেন এতটা পছন্দ করেন? একটু ভাবলেন, তারপর বললেন নিজের ধারণার কথা, ‘বয়ঃসন্ধির সময়ে প্রেম হয়, প্রেম চলে যায়, দল বেঁধে ঘুরতে যাওয়া হয়—এসব বিষয় আমার গানে আছে; এভাবেই কোথাও হয়তো একটা যোগসূত্র তৈরি হয়েছে।’

আজকাল বছরজুড়েই কনসার্ট হলেও শীতের সময়েই ব্যস্ততা বেশি থাকে। সেই দীর্ঘ শীতযাত্রারই প্রস্তুতি নিচ্ছেন এখন সোহান।

সোহান আলী। ছবি : শিল্পীর সৌজন্যে

প্রতিবারই অবিশ্বাস্য মনে হয়

বিনোদন প্রতিবেদক, *ঢাকা*

প্রথম সিনেমা এখনো মুক্তি পায়নি। তার আগেই আন্তর্জাতিক অঙ্গনের নামীদামি উৎসবে প্রশংসিত হচ্ছে মেহজাবীন চৌধুরীর কাজ। গত মাসে টরন্টো চলচ্চিত্র উৎসবে আন্তর্জাতিক প্রিমিয়ারের পর বুসানে হয় এশিয়ান প্রিমিয়ার। *সাবা* নিয়ে প্রশংসা, সমালোচনার রেশ কাটতে না কাটতেই মেহজাবীন শোনালেন নতুন সুখবর। ইন্দোনেশিয়া ও ইউরোপের একটি উৎসবে প্রতিযোগিতা করবে এই সিনেমা।

৫১টি দেশ থেকে এক হাজার সিনেমা জমা পড়ে। অলটারনেটিভ ফিল্ম প্রজেক্ট অ্যাওয়ার্ডে বার্লিন, টরন্টো, বুসান আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত সিনেমাগুলো এবার প্রতিযোগিতা করবে। অন্যদিকে ইউরোপের আরেকটি উৎসবের নাম এখনো বলতে বারণ।

সিনেমা নিয়ে সুখবর ভাগাভাগি করে মেহজাবীন চৌধুরী বলেন, ‘প্রতিবারই অবিশ্বাস্য মনে হয়। ছোট একটা কাজ দিয়ে এত বড় বড় উৎসবে, এত নামকরা প্রোডাকশন হাউসের সিনেমার সঙ্গে স্থান পাচ্ছে *সাবা*। এটা কখনো প্রত্যাশাই করিনি। এই সুখবরগুলো প্রেরণা বাড়িয়ে দেয়।’

অভিনয়শিল্পী হিসেবে কাজের জায়গায় দর্শকদের প্রশংসা, নতুন করে কোনো চাপ তৈরি করে কি না, এমন প্রশ্নে মেহজাবীন জানান, তাঁরা যখন *সাবার* শুটিং করেন, তখন কোনো চাপই ছিল না। চাপ থাকলে হয়তো কাজটি সঠিকভাবে দর্শকদের কাছে তুলে ধরাই কষ্ট হয়ে যেত। ‘সিনেমাটি কোনো উৎসবে যাবে কি না, আন্তর্জাতিক অঙ্গনে সফলতা পাবে কি না, এমন কোনো টার্গেট নিয়ে আমরা সিনেমার শুটিং করিনি। আমরা ছিলাম চাপমুক্ত। শুধু এটাই মনে হয়েছে, যোগ্যতা থাকলে কোনো কাজকেই আটকে রাখা যায় না,’ বলেন মেহজাবীন।

বেশ কিছুদিন ক্যামেরা থেকে দূরে আছেন মেহজাবীন। জানালেন বড় বাজেটের কিছু কাজের সঙ্গে যুক্ত হয়েছেন। কিন্তু সাম্প্রতিক পরিস্থিতির কারণে আপাতত শুটিং করছে না প্রযোজনা প্রতিষ্ঠান। সময় বুঝে শুটিংয়ে অংশ নেবেন। আগামী ২৪ থেকে ৩০ নভেম্বর পর্যন্ত চলবে অলটারনেটিভ ফিল্ম প্রজেক্ট অ্যাওয়ার্ড। ব্যস্ততার কারণে উৎসবে অংশ নিতে পারছেন না মেহজাবীন। সিনেমা পরিচালক মাকসুদ হোসাইন জানালেন, তিনি উৎসবে অংশ নেবেন। তবে ইউরোপের উৎসবে অংশ নিতে পারে সিনেমাটির টিম।

মেহজাবীন চৌধুরী। ছবি : অভিনেত্রীর ইনস্টাগ্রাম থেকে

রিয়ার নতুন শুরু

বলিউড

বিনোদন ডেস্ক

‘নতুন শুরু ২’, তারকাদের ক্ষেত্রে বহুল চর্চিত শব্দবন্ধ। তবে রিয়া চক্রবর্তীর ঘটনা যদি আপনি জানেন, তবে এটাকে নতুন শুরু না বলে উপায় কী। চার বছর ধরে যে মামলা আর বিতর্কে জেরবার হয়েছেন এই বলিউড অভিনেত্রী, সেটা থেকে মুক্তির উপায় মিলেছে।

প্রেমিকের মৃত্যুতে শোকাহতও হতে পারেননি রিয়া চক্রবর্তী। ২০২০ সালের জুনে সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর ঘটনায় জড়ানো হয় প্রেমিকা রিয়া চক্রবর্তীর নাম। এ মামলায় রিয়াকে পরে কারাবাসও করতে হয়। অবশেষে মিলল স্বস্তি। চার বছর পর মামলা থেকে কার্যত অব্যাহতি পেলেন এই বলিউড অভিনেত্রী। ভারতীয় গণমাধ্যম এনডিটিভি জানিয়েছে, চার বছরের পুরোনো মামলায় রিয়া, তাঁর ভাই শৌভিক চক্রবর্তী, তাঁর বাবা লেফটেন্যান্ট কর্নেল ইন্দ্রজিৎ চক্রবর্তীর (অবসরপ্রাপ্ত) বিরুদ্ধে অভিযোগ এনেছিল ভারতের কেন্দ্রীয় তদন্ত সংস্থা সিবিআই। মুম্বাই হাইকোর্ট রিয়া ও তাঁর পরিবারের বিরুদ্ধে সিবিআইয়ের জারি করা লুক-আউট-সার্কুলার (এলওসি) বাতিল করেছিলেন। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল মহারাষ্ট্র সরকার ও কেন্দ্রীয় তদন্ত সংস্থা। সেখানেও নিজের পক্ষে রায় পেলেন রিয়া। ভারতের সুপ্রিম কোর্ট থেকে ছাড়পত্র পেলেন তাঁরা। গত শুক্রবার বিকেলে এ খবর প্রকাশ্যে আসার পর রিয়ার অনুরাগীরা অন্তর্জালে সরব হয়েছেন, ‘রিয়া এবার অভিনয়ে ফিরুন, নতুনভাবে জীবন শুরু করুন।’

তবে আদালতের এ রায় শুরুর আগে থেকেই ‘নতুন শুরু’র পথে আছেন রিয়া। চলতি বছর শুরু করেছেন নিজের পডকাস্ট, যার নামটাও যথাযথ : ‘চ্যাপ্টার ২’। এই অনুষ্ঠানে রিয়ার অতিথি হয়েছেন আমির খান, ফারহান আখতার, সুস্মিতা সেনের মতো তারকারা। পডকাস্টের প্রতিটি পর্বই কমবেশি আলোচিত হয়েছে। রিয়া এখন আর সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলেন না। তবে এই পডকাস্টের আলাপচারিতায় উঠে এসেছে তাঁর জীবনের নানা অধ্যায়। ‘আমার জীবনের প্রথম অধ্যায়টা সবাই জানেন। বলা ভালো, তাঁরা মনে করেন যে তাঁরা সবটাই জানেন। আমি এমন এক সময়ের মধ্য দিয়ে গিয়েছি, যেখানে নানা রকমের অনুভূতি ছিল। নিজেরই বিভিন্ন দিক দেখতে পেয়েছি। অবশেষে নিজেকে ভালোভাবে অনুভব করতে পারছি। কিন্তু এ যেন এক নতুন জন্ম। আর সেটা আমি এই পডকাস্টে এমন মানুষদের সঙ্গে উদ্‌যাপন করতে চাই, যাঁদের জীবনেও দুটো অধ্যায় রয়েছে,’ বলেন রিয়া।

অভিনেত্রী জানিয়েছেন, এই পডকাস্ট তাঁর কাজে ফেরার অংশ; ধীরে ধীরে অভিনয়েও ফিরবেন। কে জানে সেই অধ্যায়ের নাম হয়তো হবে ‘চ্যাপ্টার ৩’!

রিয়া চক্রবর্তী। ছবি : অভিনেত্রীর ইনস্টাগ্রাম থেকে

জেমস-হাবিবে মাতল সিডনি

কাউসার খান, *সিডনি*

জমকালো আলোকসজ্জা, বিশাল আয়োজন। অস্ট্রেলিয়ার সিডনিতে বাংলাদেশিদের গানে গানে মাতিয়ে গেলেন জনপ্রিয় দুই সংগীত তারকা জেমস ও হাবিব। গত শনিবার সন্ধ্যায় সিডনির লিভারপুলের হুইটলাম লেজার সেন্টারে বসেছিল বাংলা গানের এ আসর। অনুষ্ঠানে আরও ছিলেন ডিজে রাহাত।

সাংস্কৃতিক সংগঠন ‘লিসেন ফর’ আয়োজিত অনুষ্ঠানটির সব টিকিটই আগাম বিক্রি হয়ে যায়। রৌদ্রোজ্জ্বল বিকেলে শীত শীত বাতাসের মধ্যে লিভারপুলের হুইটলাম লেজার সেন্টার প্রাঙ্গণে জড়ো হতে থাকেন প্রবাসী বাংলাদেশিরা। সিডনির কর্মব্যস্ত প্রবাসী বাংলাদেশিরা সব ক্লান্তি ভুলে একের পর এক উপভোগ করেন জেমস ও হাবিবের জনপ্রিয় সব গান। কখনো গানের সঙ্গে গলা মিলিয়ে, কখনো গানের তালে নেচে নেচে অনুষ্ঠানটি উপভোগ করেন উপস্থিত দর্শক-শ্রোতা।

জেমসের মনমাতানো গানে আবার ‘চাঙা’ হয়ে উঠেছেন বলে জানালেন সিডনির মিন্টোবাসী প্রবাসী বাংলাদেশি কামরুল রুবেল। তিনি বলেন, ‘অনেক বছর পর আবার মন ভরে আমাদের সেই পুরোনো জেমসের গান উপভোগ করলাম। জেমস মানে অন্য রকম ভালোবাসা, আমাদের নস্টালজিয়া। তাঁর গান পছন্দ করেন না, এমন বাংলাদেশি নেই আমার মনে হয়।’

হাবিবের গানে আবার মনে প্রেম জেগেছে বলে জানালেন আরেক বাংলাদেশি। তিনি বলেন, ‘আহ! বিশ্ববিদ্যালয়ের পড়ার সময়কার দিনগুলোর কথা মনে পড়ে গেল। মনে তারুণ্য ধরে রাখতে মনে থাকতে হবে প্রেম, আর প্রেমের গান, বিশেষ করে হাবিবের প্রেমের গানের কোনো তুলনা হয় না।’

সবাইকে ধন্যবাদ জানিয়ে ভবিষ্যতে আরও নতুন চমক দেওয়ার আশ্বাস দিলেন ‘লিসেন ফর’-এর অন্যতম আয়োজক ফয়সাল ফরিদ।

শনিবার সন্ধ্যায় সিডনির লিভারপুলের হুইটলাম লেজার সেন্টারে বাংলা গানের উৎসবে গান শুনিয়েছেন ব্যান্ড তারকা জেমস। ছবি : প্রথম আলো

তথ্যচিত্রে সৌদি ফুটবলের নেপথ্য গল্প

ওটিটি

তেলের ওপর নির্ভরতা কমিয়ে অর্থনৈতিক সম্পদকে বৈচিত্র্যময় করার জন্য ‘ভিশন ২০৩০’ প্রকল্প চালু করে সৌদি আরব। বিনোদনজগৎ থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার পর শুধু সিনেমাশিল্পেই নয়, ক্রীড়াজগতেও বাজিমাত করছে দেশটি। দেশটির ফুটবল লিগ এখন বিশ্বের অন্যতম সেরা লিগে পরিণত হয়েছে। ক্রিস্টিয়ানো রোনালদো থেকে নেইমার, করিম বেনজেমার মতো বড় তারকাদের অন্তর্ভুক্তির কারণে বিশ্বব্যাপী দর্শকের কাছে ‘সৌদি প্রো লিগ’-এর জনপ্রিয়তা ক্রমেই বাড়ছে। সৌদির এ সাফল্যের রহস্য কী? এই জৌলুশের নেপথ্যেই-বা কী রয়েছে? সৌদি আরবের ফুটবল লিগের এই জৌলুশের নেপথ্যের গল্প এবার উঠে আসবে তথ্যচিত্রে। নেটফ্লিক্সে আসছে তথ্যচিত্র *সৌদি প্রো লিগ : কিক অফ*।

সৌদি প্রো লিগ : কিক অফ-এ ক্রিস্টিয়ানো রোনালদো। ছবি : নেটফ্লিক্স

আরব নিউজ জানিয়েছে, আগামী ২১ নভেম্বর মুক্তি পাবে সিরিজ তথ্যচিত্রটির প্রথম কিস্তি। কীভাবে মধ্যপ্রাচ্যের একটি দেশের ফুটবল লিগ এত দ্রুত বিকশিত হলো, পর্দায় সেটাই উঠে আসবে। যেখানে রোনালদো, নেইমার, বেনজেমাসহ তারকা ফুটবলাররা ভাগ করে নেবেন সৌদি লিগে খেলার অভিজ্ঞতা। এ ছাড়া কথা বলবেন সৌদি আরবের ক্লাব আল ইত্তিফাকের কোচ ইংলিশ কিংবদন্তি স্টিভেন জেরার্ড। থাকবে অন্য দলের কোচ থেকে শুরু করে ধারাভাষ্যকারদেরও সাক্ষাৎকার।

ছয় পর্বের এ তথ্যচিত্রে উঠে আসবে ২০২৩-২৪ মৌসুমের সেরা মুহূর্ত ও হাইলাইটস। এ ছাড়া সৌদির পাঁচ ক্লাব আল নাসর, আল হিলাল, আল ইত্তিহাদ, আল আহলি ও আল ইত্তিফাকের উত্থানের জানা-অজানা গল্পও দর্শকদের সামনে ভাগ করে নেওয়া হবে।

> আমার মনে হয়, এখানে আমরা ভালো একটা ফল করব। সিরিজ সমতায় আনার চেষ্টা করব।

নাঈম হাসান
মিরপুর টেস্টের ভুলগুলো শুধরে চট্টগ্রামে ভালো কিছু **করবে বাংলা**দেশ, এমন আশা দলের অফ স্পিনারের

> ট্রফিটা আমার সাবেক কোচ ছোটন স্যার (বাংলাদেশ নারী ফুটবল দলের সাবেক কোচ গোলাম রব্বানী) এবং আমি যেই জায়গা থেকে উঠে এসেছি, সেই কলসিন্দুরের মফিজ স্যারকে (মফিজ উদ্দিন) উৎসর্গ করছি।

তহুরা খাতুন
ভুটানের বিপক্ষে ম্যাচসেরার পুরস্কার পেয়ে বাংলাদেশ নারী দলের স্ট্রাইকার

ভুটানের বিপক্ষে গোলবন্যার ম্যাচে হ্যাটট্রিক করেছেন তহুরা খাতুন। এমন হাসিত তাঁকেই মানায়। কাল কাঠমান্ডুর দশরথ রঙ্গশালা স্টেডিয়ামে। ছবি : বাফুফে

দশরথে তহুরাময় এক বিকেল

সাফ নারী চ্যাম্পিয়নশিপ

ভারতের বিপক্ষে জোড়া গোলের পর ভুটানের বিপক্ষে গতকাল হ্যাটট্রিক তহুরার, হয়েছেন আবারও ম্যাচসেরা।

মাসুদ আলম, *কাঠমান্ডু থেকে*

হাতে ট্রফি। মুখে হাসি। তহুরা খাতুন যেন উড়ছেন।

ওড়ারই কথা। সাফ নারী চ্যাম্পিয়নশিপের মতো বড় মঞ্চে পরপর দুটি ম্যাচসেরার পুরস্কার পাওয়া তো যেনতেন কথা নয়। ২৩ অক্টোবর ভারতের বিপক্ষে গ্রুপ ম্যাচে বাংলাদেশের ৩-১ গোলের জয়ে তহুরার ২ গোল। সেমিফাইনালে কাল ভুটানকে ৭-১ গোলে উড়িয়ে পাওয়া বিশাল জয়ে নিজেকে ছাপিয়ে কলসিন্দুরের মেয়ে করেছেন হ্যাটট্রিক। বাঁ পায়ের শটে দুর্দান্ত তিনটি গোল তাঁকে আলাদাভাবে চিনিয়েছে মাঠে। গত সাফের সেমিফাইনালে ভুটানের বিপক্ষে পাওয়া ৮-০ গোলের জয়ে একটি গোল করেছিলেন তহুরা। সব মিলিয়ে ভুটানের বিপক্ষে তাঁর গোল ৪টি।

একাদশে জায়গা পাবেন কি না, কাঠমান্ডু আসার আগে কিছুটা সংশয়ে ছিলেন। কিন্তু কোচ তাঁর ওপর আস্থা রেখেছেন, তিনটি ম্যাচেই তহুরা খেলেছেন একাদশে। সুযোগ পেলে দলকে গোল এনে দিতে চান, বরাবরই কথাটা বলে এসেছেন বাংলাদেশ দলের 'নাম্বার টেন।' দশরথ রঙ্গশালা মাতিয়ে কথা রেখেছেন তিনি। ভারতের বিপক্ষে তাঁর গোল ২টি দলকে গ্রুপসেরা হিসেবে সেমিফাইনালে তুলতে রেখেছে বড় অবদান। সেই ম্যাচসেরার পুরস্কারটি তহুরা উৎসর্গ করেছিলেন তাঁরই ছোটবেলার বন্ধু অকালপ্রয়াত ফুটবলার সাবিনা ইয়াসমিনকে। দুজনই ময়মনসিংহের কলসিন্দুরে একসঙ্গে বড় হয়েছিলেন। সাবিনা মারা যান ২০১৭ সালে।

সেমিফাইনালে ম্যাচসেরার পুরস্কারটা তহুরা উৎসর্গ করেছেন নিজের সাবেক দুই কোচকে। কে তাঁরা? ছোটখাটো গড়নের তহুরার মুখেই শুনুন, 'ট্রফিটা আমার সাবেক কোচ ছোটন স্যার (বাংলাদেশ নারী ফুটবল দলের সাবেক কোচ গোলাম রব্বানী) এবং আমি যেই জায়গা থেকে উঠে এসেছি, সেই কলসিন্দুরের মফিজ স্যারকে (মফিজ উদ্দিন) উৎসর্গ করছি। আমার দুই প্রিয় কোচকে ট্রফিটা উৎসর্গ করতে পেরে ভালো লাগছে।'

ফাইনালে ওঠার স্বস্তি নিয়ে বাংলাদেশ নারী ফুটবল দল যখন দশরথ রঙ্গশালার ফটকে অপেক্ষা করছে, ঠিক তখন মাঠের এক পাশে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলছিলেন তহুরা। ম্যাচের আগে কি ভেবেছিলেন হ্যাটট্রিক করে এভাবে রাঙিয়ে তুলবেন বিকেলটা? কিছুটা লাজুক হাসি ফুটে ওঠে তহুরার মুখে, 'এ রকম ভেবে তো আর কেউ মাঠে নামে না। চেষ্টা ছিল প্রথম থেকেই। আমরা যেহেতু ওপরে খেলি, যদি সুযোগ পাই, মিস যাতে না হয়, ঠান্ডা মাথায় যেন ফিনিশ করতে পারি, সেই চেষ্টা ছিল।'

বাংলাদেশের মেয়েরা যখন বাসে উঠতে যাবেন, ঠিক তখন নেপালের অনেক দর্শক সেলফির জন্য ধরেন তহুরা-ঋতুপর্ণাসহ আরও কয়েকজনকে। ঋতুপর্ণার সঙ্গে ছবি তুলতেই বেশি আগ্রহ দেখা গেছে নেপালি সমর্থকদের। টিম বাসে ওঠার আগে ফাইনালেও জয়ের আশাবাদ মিডফিল্ডার মারিয়া মান্দার মুখে, 'আমরা চেয়েছিলাম ফাইনাল খেলতে। দেশবাসীর কাছে দোয়া চাই, যেন ফাইনাল জিততে পারি।'

সেমিফাইনালের আগে অনুশীলন মাঠে ঋতুপর্ণা চাকমা হেসে মজা করে বলছিলেন, 'গোল আমার কপালে জোটে না।' তবে গতকাল দশরথ রঙ্গশালার সবুজ মাঠে সপ্তম মিনিটে বক্সের কোনা থেকে বাঁ পায়ের দুরন্ত এক শটে যেভাবে লক্ষ্যভেদ করেন রাঙামাটির মেয়ে, কোনো প্রশংসাই যথেষ্ট নয়। ভুটানের বিপক্ষে এ নিয়ে টানা ৪ ম্যাচে ৫ গোল করেছেন ঋতুপর্ণা। গত সাফের সেমিফাইনালে একটি, গত জুলাইয়ে দুটি প্রীতি ম্যাচে তিনটি। তারপর গতকাল।

এমন হেসেখেলে সেমিফাইনাল জিতে খুব বেশি আনন্দ করেননি কেন বাংলাদেশের মেয়েরা? এই প্রশ্নটাও করা হয়েছিল ঋতুপর্ণাকে। উত্তরে ঋতুপর্ণা বললেন, 'আমরা ফাইনালের পর উদ্‌যাপন করব, যদি ভালো রেজাল্ট হয়।'

ফাইনালে ঋতুপর্ণাদের 'রেজাল্ট' ভালো হোক, এটা যে এখন পুরো বাংলাদেশেরই চাওয়া।

বাফুফের নতুন সভাপতির কাছে তাঁদের চাওয়া

তাবিথ আউয়ালের নেতৃত্বে বাফুফের নতুন কমিটিকে কীভাবে দেখছেন বাংলাদেশের ফুটবলের সাবেক চার তারকা? নতুন সভাপতি ও তাঁর কমিটির কাছে তাঁদের প্রত্যাশাই বা কী…

ফুটবল সারা দেশে ছড়াতে হবে

গোলাম সারোয়ার টিপু

কাজী সালাহউদ্দিন সভাপতির পদ থেকে সরে গেছেন, আমার কাছে স্বস্তির দিক এটিই। তাবিথ আউয়াল ফুটবলেরই মানুষ, সাবেক ফুটবলার। সংগঠক হিসেবে সফল, নিজে ক্লাবও চালিয়েছেন। আমি আশাবাদী। তবে তাঁকে মৌলিক কিছু জায়গায় কাজ করতে হবে। ফুটবলকে সারা দেশে ছড়িয়ে দেওয়ার ব্যবস্থা করতে হবে। জেলা ফুটবল সংস্থার (ডিএফএ) ধারণাটা নিয়ে নতুন করে চিন্তাভাবনা করতে হবে। জেলা ও বিভাগে ফুটবল জমজমাট করতে পারলে অনেক সমস্যারই সমাধান হয়ে যাওয়ার কথা। সেই সঙ্গে প্রিমিয়ার লিগ আর বাংলাদেশের ক্লাবগুলোকেও সংস্কারের আওতায় আনা দরকার। দেশের ফুটবলের জন্য আন্তর্জাতিক মানের একাধিক মাঠ তৈরি করাও এই কমিটির দায়িত্ব।

এখনই কোনো প্রত্যাশা করতে চাই না

আশরাফউদ্দিন আহমেদ চুন্নু

নতুন সভাপতি পেয়েছে বাফুফে, এটা ঠিক, কিন্তু কমিটিতে তো আগের লোকজনেরই আধিক্য দেখছি। তাবিথ এই লোকগুলোকে নিয়ে কতটা কী করতে পারবে, আমি বুঝতে পারছি না। সে কারণে আমি এখনই কোনো প্রত্যাশাও করতে চাই না। কিছুদিন পর্যবেক্ষণ করতে চাই, দেখতে চাই, তাবিথ আউয়ালের নেতৃত্বাধীন কমিটি কী কী পদক্ষেপ নেয়। কাজী সালাহউদ্দিনের সময় ফুটবল যে জায়গায় গেছে, সেখান থেকে খুব যুগান্তকারী কিছু উদ্যোগ না নিতে পারলে কোনো লাভ হবে না। আমাদের জেলা, বিভাগের ফুটবল শেষ হয়ে গেছে, নামমাত্র একটা লিগ হয়, ক্লাবগুলো এখনো পেশাদারি হতে পারেনি। আমি শুধু এতটুকু বলব, নতুন যে কমিটি, তাদের সামনে অনেক কঠিন চ্যালেঞ্জ।

জেলা ও বিভাগীয় লিগ যেন নিয়মিত হয়

শেখ মোহাম্মদ আসলাম

আমি সভাপতি তাবিথ আউয়ালকে বলব, জেলা ও বিভাগীয় পর্যায়ে লিগ, টুর্নামেন্ট যেন নিয়মিত করেন। এ জন্য যদি সরকারের সহায়তা নিতে হয়, সেটাই যেন করেন। দেশের আনাচকানাচে অনেক ক্লাব একসময় খেলোয়াড় তৈরি করত, সেই ক্লাবগুলো পৃষ্ঠপোষকতার অভাবে হারিয়ে গেছে। জেলা ও বিভাগী পর্যায়ে লিগ না হওয়ার কারণেই মূলত এই ক্লাবগুলো হারিয়ে গেছে। নতুন কমিটি এই ব্যাপারটা দেখবে, অন্তত সারা দেশে ১৫টি ক্লাবের তালিকা তৈরি করে যেন তাদের পৃষ্ঠপোষকতার ব্যবস্থা করা হয়। মোটকথা, ঢাকার বাইরের ফুটবলকে জাগাতে হবে, আবারও জমজমাট করে তুলতে হবে। আমাদের প্রিমিয়ার লিগের একটা মেকওভার খুব প্রয়োজন। নতুন কমিটি এটা করবে বলে আশা করি।

প্রিমিয়ার লিগ ঢেলে সাজানো হোক

ইমতিয়াজ সুলতান জনি

প্রত্যাশা অনেক। তবে আপাতত চাই প্রিমিয়ার লিগটাকে যেন ঢেলে সাজানো হয়। লিগটাকে আকর্ষণীয় ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ করে এটার বাজার তৈরি করতে হবে। মানুষ যেন প্রিমিয়ার লিগের খবর রাখে, এটা নিয়ে রোমাঞ্চ অনুভব করে। সরকারের কাছ থেকে অন্তত পাঁচ-ছয়টি স্টেডিয়াম নিয়ে সেগুলোকে আন্তর্জাতিক মানে উন্নীত করে প্রিমিয়ার লিগে এই ভেন্যুগুলোকে কাজে লাগাতে হবে। চাইব তারা যেন জেলা পর্যায়ে ফুটবলটা নিয়মিত করে। জেলা পর্যায়ে নিয়মিত খেলা হলে ভালো খেলোয়াড়ের অভাব হওয়ার কথা নয়। আমি আশা করব, নতুন কমিটিতে যাঁরা এসেছেন, তাঁরা ফুটবল নিয়েই ভাববেন, তাঁদের মনে রাখা উচিত, অনেক বড় দায়িত্ব কাঁধে নিয়েই তাঁরা বাফুফেতে আসছেন।

রাকিবুলের ৮ উইকেট, মহানগরের টানা দুই

জাতীয় ক্রিকেট লিগ

ক্রীড়া প্রতিবেদক, *ঢাকা*

রাকিবুল হাসান

প্রথম ইনিংসে মারুফ মৃধা, দ্বিতীয় ইনিংসে রাকিবুল হাসান। দুজনই বাঁহাতি বোলার। একজন পেসার, আরেকজন স্পিনার। দুই ইনিংসে ঢাকা মহানগরের এই দুই বোলারের সামনে দাঁড়াতেই পারেনি রাজশাহী বিভাগ। পরশু প্রথম ইনিংসে মারুফ ২২ রানে নিয়েছেন ৬ উইকেট। গতকাল রাকিবুলের শিকার ৫৬ রানে ৮ উইকেট, জাতীয় লিগে যা সপ্তম সেরা বোলিং। তাতে মহানগরকে মাত্র ১১ রানের লক্ষ্য দিতে পারে রাজশাহী, কোনো উইকেট না হারিয়ে যা টপকে যায় মহানগর। জয়ের সুবাস পাচ্ছে সিলেট বিভাগও। সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামে চট্টগ্রাম বিভাগের দেওয়া ২২০ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে দ্বিতীয় দিন শেষে দ্বিতীয় ইনিংসে সিলেটের রান ২ উইকেটে ১৩০। জয়ের জন্য দরকার ৯০ রান, হাতে আছে দুই দিন ও ৮ উইকেট। রংপুর ও ঢাকা বিভাগ এবং খুলনা ও বরিশাল বিভাগের ম্যাচের প্রথম দিনের খেলা বৃষ্টিতে ভেসে গেলেও কাল দুটি ম্যাচই শুরু হয়েছে।

বিকেএসপির ৪ নম্বর মাঠে পরশু প্রথম ইনিংসে রাজশাহীকে মাত্র ৭৭ রানে অলআউট করেছিল ঢাকা মহানগর। জবাবে ঢাকা মহানগর তাদের প্রথম ইনিংসে ২৩৩ রান করে। শামসুর রহমান সর্বোচ্চ ৬৪ রান করেন। শেষের দিকে আবু হায়দার ৪৩ রান যোগ করেন। তাতে ১৫৬ রানের লিড পেয়ে যায় দলটি।

দ্বিতীয় ইনিংসে রাজশাহী উদ্বোধনী জুটি তুলে ফেলে ১০১ রান। ওপেনার সাব্বির হোসেন ৭৮ রান করেন মাত্র ৫৬ বলে। রাকিবুলের বলে সাব্বির স্টাম্পড হওয়ার পর অবিশ্বাস্য ধস নামে রাজশাহীর ব্যাটিংয়ে। শেষ পর্যন্ত ১৬৬ রানে অলআউট রাজশাহী।

বার্নাব্যুতে বার্সা-রাজ

এল ক্লাসিকো

রিয়াল মাদ্রিদ ০ | ৪ বার্সেলোনা

হাসনাত শোয়েব, *ঢাকা*

৫৪ থেকে ৮৪—৩০ মিনিটের ঝড়ে লন্ডভন্ড সান্তিয়াগো বার্নাব্যু। ঘরের মাঠে চিরপ্রতিদ্বন্দ্বী বার্সেলোনার কাছে রিয়াল মাদ্রিদের ৪-০ গোলের হার। যে হারে থেমে গেছে লা লিগায় রিয়ালের টানা ৪২ ম্যাচের অপরাজেয় পথচলা।

ম্যাচ শেষে রিয়ালের একেকজন খেলোয়াড়ের মুখ যেন ক্ষয়ে যাওয়া একেকটি পুরাকীর্তি। কে জানে, কিলিয়ান এমবাপ্পে, জুড বেলিংহাম ও ভিনিসিয়ুস জুনিয়ররা শরীরে চিমটি কেটে দেখেছেন কি না! হতেও তো পারে এটা দুঃস্বপ্ন! নাহ, মাদ্রিদে পরশু রাতে রিয়ালের সঙ্গে যা হয়েছে, সেটা কোনো দুঃস্বপ্ন ছিল না। হান্সি ফ্লিক নামের এক মাস্টারমাইন্ডের চালেই কুপোকাত ইউরোপের চ্যাম্পিয়নরা।

ভিনিসিয়ুস-এমবাপ্পে-বেলিংহামকে নিয়ে গড়া আক্রমণভাগকে সময়ের সেরা বলবেন অনেকেই। এই তিনজনের যেকোনো একজনই বিশ্বের শক্তিশালী রক্ষণভাগকে গুঁড়িয়ে দেওয়ার জন্য যথেষ্ট। বিশ্বের যেকোনো প্রান্তে এই ত্রয়ীকে আটকাতে নিজেদের সামর্থ্যের বেশি কিছু করে দেখাতে হয় প্রতিপক্ষ দলগুলোকে। আর খেলাটা যদি হয় রিয়ালের মাঠে, তাহলে তো কাজটা আরও দুঃসাধ্য।

পরশু রাতে রিয়ালকে থামাতে তাই অভিনব কিছুই করতে হতো ফ্লিককে। আর ফ্লিক সেটা করেছেন একেবারে নিখুঁতভাবে। শুরু থেকেই নিজের রক্ষণভাগকে অনেক ওপরে তুলে খেলানোর কৌশল নেন এই জার্মান কোচ। যা শেষ পর্যন্ত এল ক্লাসিকোয় ফ্লিকের 'মাস্টারক্লাস' হিসেবেই লেখা থাকবে। বিশেষত প্রথমার্ধে রিয়ালের আক্রমণত্রয়ী যখন গতি আর আগ্রাসনে টগবগ করছিল, তখন ফ্লিকের এই কৌশলেই বারবার অফসাইডের ফাঁদে পড়ে হতাশ হতে হয়েছে স্বাগতিকদের। ম্যাচে ১২ বার অফসাইড হয়েছেন রিয়ালের খেলোয়াড়েরা, বিপরীতে রিয়াল মাদ্রিদ বার্সেলোনাকে অফসাইডের ফাঁদে ফেলতে পেরেছে মাত্র একবার। রিয়ালের জন্য সবচেয়ে যন্ত্রণার ব্যাপার হচ্ছে, অফসাইডের যে ফাঁদগুলোয় তারা পা দিয়েছে, সেগুলোর বেশির ভাগই ছিল গোল পাওয়ার মতো। ফ্লিকের তৈরি করা এই ফাঁদে সবচেয়ে বেশিবার (৮) পড়েছেন এমবাপ্পে, ফলে দুবার বার্সার জালে বল পাঠিয়েও গোল পাননি ফরাসি তারকা।

এমবাপ্পে-ভিনিসিয়ুস-বেলিংহামদের আটকাতে ফ্লিকের এই কৌশল ছিল আগুন নিয়ে খেলার মতোই। কারণ, ফাঁদ এড়াতে পারলে উল্টো গোলবন্যায় ভেসে যাওয়ার শঙ্কাও থাকে। কিন্তু বড় কিছু করতে হলে ঝুঁকি তো নিতেই হয়, ফ্লিকও নিয়েছেন। ম্যাচ শেষে বার্সেলোনা কোচ বলেছেন, 'আমাদের রক্ষণভাগ অনেক সামনে ছিল। এটা বিপজ্জনক এবং ঝুঁকিপূর্ণ ছিল। কিন্তু তেমন কিছু হয়নি। কৌশলটা কাজে লেগেছে।'

প্রথমার্ধে কিছু ফাঁকা জায়গা ছেড়ে দিয়ে রিয়ালকে ফাঁদে পা দিতে বাধ্য করেছে বার্সা। কাতালানদের তখন বলের জন্য খুব বেশি ছুটতে দেখা যায়নি। বরং খেলা কিছুটা মন্থর করে রাখার কৌশল ছিল তাদের। পরের ৪৫ মিনিটে অবশ্য এই কৌশলে কিছুটা পরিবর্তন আনেন ফ্লিক। বিশেষ করে শেষ ৪০ মিনিটে রুদ্রমূর্তি ধারণ করেন বার্সেলোনার ফরোয়ার্ডরা। যার ফল, ছন্দে থাকা তিন ফরোয়ার্ডই গোল নিয়ে মাঠ ছেড়েছেন। রবার্ট লেভানডফস্কির জোড়া গোলের পাশাপাশি একটি করে গোল পেয়েছেন লামিনে ইয়ামাল ও রাফিনিয়া।

এ রকম কৌশলও মার খেয়ে যেতে পারে যদি প্রতিপক্ষ দলে ভিনিসিয়ুস-এমবাপ্পে-বেলিংহামের মতো ব্যক্তিগত নৈপুণ্যে ম্যাচ বদলে দেওয়ার মতো খেলোয়াড় থাকেন। কিন্তু এদিন আর সে রকম কোনো জাদু দেখাতে পারেননি তাঁরা কেউ। কার্লো আনচেলত্তির মতো কোচও পাল্টা কোনো কৌশলে জবাব দিতে পারেননি ফ্লিককে। ফলাফল, বড় হারে লা লিগার পয়েন্ট তালিকায় শীর্ষে থাকা বার্সার চেয়ে ৬ পয়েন্টে পিছিয়ে যাওয়া। ১১টি করে ম্যাচ শেষে আপাতত বার্সার পয়েন্ট ৩০, রিয়ালের ২৪।

লা লিগার শিরোপা লড়াইয়ে এ ম্যাচের ফল কতটুকু ভূমিকা রাখে, এখন সেটাই দেখার অপেক্ষা।

উচ্ছ্বসিত বার্সেলোনার তিন গোলদাতা (বাঁ থেকে) রাফিনিয়া, রবার্ট লেভানডফস্কি ও লামিনে ইয়ামাল। পরশু রাতে সান্তিয়াগো বানার্ব্যুতে রিয়াল মাদ্রিদের বিপক্ষে। ছবি : এএফপি

> এই জয় ছেলেদের আরও আত্মবিশ্বাসী করে তুলবে। ড্রেসিংরুমে ছেলেদের উদ্‌যাপন দেখেও ভালো লেগেছে। আমার মনে হয়, আমরা ভালোই করছি।

হান্সি ফ্লিক, বার্সেলোনা কোচ

> আমরা কষ্ট পাচ্ছি…খুবই কঠিন মুহূর্ত। হেরে যাওয়া মানে সব সময়ই কঠিন মুহূর্ত। এত ম্যাচ অপরাজিত থাকার পর হেরে যাওয়াটা আরও কঠিন।

কার্লো আনচেলত্তি, রিয়াল মাদ্রিদ কোচ

দুর্ভাগা এমবাপ্পে

পুরো ম্যাচে ১২ বার অফসাইডের শিকার হয়েছে রিয়াল মাদ্রিদ, এর মধ্যে এমবাপ্পে একাই ৮ বার। অফসাইডে দুটি গোলও বাতিল হয়েছে এমবাপ্পের। লা লিগায় সর্বশেষ ১৫ বছরে এক ম্যাচে কোনো ফুটবলারের সবচেয়ে বেশি অফসাইড হওয়ার যৌথ রেকর্ড এটি। সর্বশেষ ২০১৫ সালে এলচের জোনাথাস বিলবাওয়ের বিপক্ষে ৮ বার অফসাইড হয়েছিলেন।

ইয়ামাল-কীর্তি

এল ক্লাসিকোতে প্রথম গোল পেলেন বার্সেলোনার ১৭ বছর ১০৫ দিন বয়সী উইঙ্গার লামিনে ইয়ামাল। এল ক্লাসিকোর ইতিহাসে কনিষ্ঠতম গোলদাতা তিনি। ১৯৪৭ সালে বার্সেলোনার হয়ে ১৭ বছর ৩৫৬ দিন বয়সে গোল করে এত দিন এই রেকর্ডের মালিক ছিলেন সাবেক স্প্যানিশ ফরোয়ার্ড আলফোনসো নাভারো।

সংশোধনী

গতকাল প্রথম আলোর খেলার পাতায় বাফুফের নতুন নির্বাহী কমিটির নির্বাচিত সদস্যদের নামের তালিকায় ছাইদ হাছান কাননের নাম বাদ পড়েছে। অনিচ্ছাকৃত এই ভুলের জন্য আমরা দুঃখিত।
—প্রধান ক্রীড়া সম্পাদক

ছোট পর্দায় আজ

জাতীয় ক্রিকেট লিগ *ইউটিউব/বিসিবি*

রংপুর-ঢাকা	সকাল ১০টা
খুলনা-বরিশাল	সকাল ১০টা
চট্টগ্রাম-সিলেট	সকাল ১০টা
রাজশাহী-ঢাকা মহানগর	সকাল ১০টা

মেয়েদের বিগ ব্যাশ লিগ *স্টার স্পোর্টস সিলেক্ট ১*

হারিকেন্স-থান্ডার	দুপুর ১-১০ মি.

লা লিগা *জিএক্সআর ওয়ার্ল্ড ওয়েবসাইট*

মায়োর্কা-বিলবাও	রাত ২টা

এখন কঠিন সমীকরণের সামনে ভারত

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ

খেলা ডেস্ক

ভারতের মাটিতে ভারতের বিপক্ষে কোনো দল এক ম্যাচ হাতে রেখেই টেস্ট সিরিজ জিতে যাবে, এ যেন কল্পনাতীত ব্যাপার হয়ে দাঁড়িয়েছিল। শ্রীলঙ্কা সফরে ধবলধোলাই হয়ে ভারতে যাওয়া নিউজিল্যান্ডকে নিয়েও বাজি ধরার মানুষ খুব বেশি ছিল বলে মনে হয় না। কিন্তু ক্রিকেট বিশ্বকে চমকে দিয়ে রোহিত-কোহলি-বুমরাদের বিপক্ষে তিন ম্যাচের প্রথম দুটিতে জিতেই সিরিজ নিজেদের করে নিয়েছে কিউইরা, যা এক যুগ পর নিজেদের মাটিতে ভারতের প্রথম টেস্ট সিরিজ হার।

ভারতের অপ্রত্যাশিত এই সিরিজ হারে ২০২৩-২৫ চক্রের আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ওঠার লড়াই বেশ জমে উঠেছে। যদিও ৯ দলের এই প্রতিযোগিতায় রোহিত শর্মার দলই এখনো শীর্ষে। তবে নিউজিল্যান্ডের কাছে টানা দুই হারে শতকরা পয়েন্ট ১১.৪২ কমে গেছে। বর্তমানে ভারতের শতকরা পয়েন্ট ৬২.৮২। দুইয়ে থাকা অস্ট্রেলিয়া শতকরা পয়েন্ট ৬২.৫০ নিয়ে ভারতের ঘাড়ে নিশ্বাস ফেলছে। শতকরা ৫৫.৫৬ পয়েন্ট নিয়ে শ্রীলঙ্কা তিনে।

পয়েন্ট তালিকা

দল	ম্যাচ	জয়	হার	ড্র	পয়েন্টের %
ভারত	১৩	৮	৪	১	৬২.৮২
অস্ট্রেলিয়া	১২	৮	৩	১	৬২.৫০
শ্রীলঙ্কা	৯	৫	৪	০	৫৫.৫৬
নিউজিল্যান্ড	১০	৫	৫	০	৫০.০০
দক্ষিণ আফ্রিকা	৭	৩	৩	১	৪৭.৬২
ইংল্যান্ড	১৯	৯	৯	১	৪০.৭৯
পাকিস্তান	১০	৪	৬	০	৩৩.৩৩
বাংলাদেশ	৯	৩	৬	০	৩০.৫৬
ওয়েস্ট ইন্ডিজ	৯	১	৬	২	১৮.৫২

ভারতের ফাইনালে ওঠার সমীকরণ

এবারের চক্রে ভারতের বাকি আরও ৬টি ম্যাচ। নিউজিল্যান্ডের বিপক্ষে মুম্বাইয়ে সিরিজের শেষ টেস্ট এবং অস্ট্রেলিয়ায় ৫ ম্যাচের বোর্ডার-গাভাস্কার ট্রফি। অন্য দলগুলোর ওপর নির্ভর না করে ফাইনালে উঠতে চাইলে ভারতকে এই ৬ ম্যাচের ৪টিতে জিততে হবে। অর্থাৎ মুম্বাইয়ে শেষ টেস্ট ম্যাচে নিউজিল্যান্ডকে হারানোর পর অস্ট্রেলিয়ায় সিরিজ জিততে হবে ৩-২ ব্যবধানে। আর নিউজিল্যান্ডের কাছে ধবলধোলাই হলে অস্ট্রেলিয়ায় সিরিজ জিততে হবে ৪-১ ব্যবধানে। সে ক্ষেত্রে মন্থর ওভার রেটের কারণে কোনো পয়েন্ট জরিমানা করা না হলে ভারতের শতকরা পয়েন্ট বেড়ে হবে ৬৪.০৪।

ভারতের পর শ্রীলঙ্কার বিপক্ষে ঘরের মাঠে সিরিজ আছে অস্ট্রেলিয়ার। প্যাট কামিন্সের দল যদি ভারতের কাছে ৩-২ ব্যবধানে হারে এবং ২ ম্যাচের সিরিজে শ্রীলঙ্কাকে ধবলধোলাই করে, তাহলে তাদের শতকরা পয়েন্ট হবে ৬০.৬৩। অর্থাৎ অস্ট্রেলিয়া ভারতের পেছনেই থাকবে।

শ্রীলঙ্কার হাতে এখনো ৪ ম্যাচ। অস্ট্রেলিয়ার বিপক্ষে ২টি ম্যাচের কথা তো আগেই বলা হলো, অন্য দুটি ম্যাচ দক্ষিণ আফ্রিকার বিপক্ষে। শ্রীলঙ্কা যদি অস্ট্রেলিয়ার কাছে ধবলধোলাই হয় এবং দক্ষিণ আফ্রিকাকে ধবলধোলাই করে, তাহলে তাদের শতকরা পয়েন্ট হবে ৫৩.৮৫। অর্থাৎ শ্রীলঙ্কা ভারত ও অস্ট্রেলিয়ার পেছনেই থাকবে। আবার শ্রীলঙ্কা যদি নিজেদের শেষ ৪ ম্যাচেই জেতে, তাহলে তাদের শতকরা পয়েন্ট বেড়ে হবে ৬৯.২৩। সে ক্ষেত্রেও ভারত শীর্ষ দুইয়ে থাকবে। অর্থাৎ রোহিতের দল ফাইনালে উঠে যাবে।

চারে থাকা নিউজিল্যান্ডের বাকি আরও ৪ ম্যাচ। কিউইরা যদি সব কটিতে জেতে, তাহলে তাদের শতকরা পয়েন্ট হবে ৬৪.২৮। তবু ভারত শীর্ষ দুইয়ে থেকে ফাইনালে খেলবে।

মিরপুর টেস্টে বাংলাদেশকে হারিয়ে পাঁচে উঠে এসেছে দক্ষিণ আফ্রিকা। প্রোটিয়াদের বাকি আরও ৫ ম্যাচ। মার্করাম-রাবাদা-মহারাজরা সেই ৫ ম্যাচেই জিতলে তাঁদের শতকরা পয়েন্ট হবে ৬৯.৪৪। সে ক্ষেত্রেও ভারত আরও ৪টি টেস্ট জিতলে ফাইনালে উঠবে।

এবার অধিনায়ক রিজওয়ান

খেলা ডেস্ক

মোহাম্মদ রিজওয়ানকে সাদা বলের দুই সংস্করণ ওয়ানডে ও টি-টোয়েন্টিতে পাকিস্তানের নতুন অধিনায়ক করা হয়েছে। সহ-অধিনায়কের দায়িত্ব পেয়েছেন আগা সালমান। লাহোরে গতকাল সংবাদ সম্মেলনে পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যান মহসিন নাকভি এ ঘোষণা দেন।

নতুন অধিনায়ক ঘোষণার দিনে অস্ট্রেলিয়া ও জিম্বাবুয়ের সফরের দলও ঘোষণা করেছে পিসিবি। আগামী ৪ নভেম্বর মেলবোর্নে অস্ট্রেলিয়ার বিপক্ষে প্রথম ওয়ানডে দিয়ে এই সংস্করণে অধিনায়ক হিসেবে অভিষেক হবে রিজওয়ানের। টি-টোয়েন্টিতে তিনি পাকিস্তানকে প্রথমবারের মতো নেতৃত্ব দেবেন ১৪ নভেম্বর অস্ট্রেলিয়ার বিপক্ষেই। ৩২ বছর বয়সী রিজওয়ান ওয়ানডেতে পাকিস্তানের ৩১তম অধিনায়ক, টি-টোয়েন্টিতে ১২তম। ১ অক্টোবর বাবর আজম সাদা বলের অধিনায়কত্ব ছেড়ে দেওয়ার পর থেকে পদটি শূন্য ছিল। রিজওয়ান এর আগে নিউজিল্যান্ড সফরে পাকিস্তানকে ২টি টেস্টে নেতৃত্ব দিয়েছেন।

ইস্পাহানি-প্রথম আলো আন্তবিশ্ববিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট পরিচালনা কমিটির প্রথম সভায় (বাঁ থেকে বসা) শফিকুল ইসলাম মানিক, আশরাফউদ্দিন আহমেদ চুন্নু, ইকরামউজ্জমান, মতিউর রহমান, ওমর হান্নান, ইমতিয়াজ সুলতান জনি। (বাঁ থেকে দাঁড়ানো) উৎপল শুভ্র, আজাদ রহমান, মামুনুল ইসলাম, মারুফুল হক, দুলাল মাহমুদ, আলফাজ আহমেদ ও ইমতিয়াজ আহমেদ নকীব। গতকাল *প্রথম আলো* কার্যালয়ে। ছবি : তানভীর আহাম্মেদ

টুর্নামেন্ট কমিটির প্রথম সভা

ক্রীড়া প্রতিবেদক, *ঢাকা*

গত বছর প্রথম আয়োজনেই ইস্পাহানি-প্রথম আলো আন্তবিশ্ববিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট সাড়া ফেলেছিল দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে। এবার সেটি আয়োজিত হচ্ছে আরও বড় পরিসরে। বাড়ছে ভেন্যু ও দলের সংখ্যা। আগামী ১৭ নভেম্বর শুরু এই টুর্নামেন্টে এবার অংশ নেবে ৪০টি বিশ্ববিদ্যালয়। চট্টগ্রামে শুরু হবে টুর্নামেন্ট, খেলা হবে ঢাকা, খুলনা ও রাজশাহীতেও। ঢাকা অঞ্চলে ২৪টি বিশ্ববিদ্যালয় অংশ নেবে, চট্টগ্রামে ৮টি এবং খুলনা ও রাজশাহীতে ৪টি করে। গতকাল *প্রথম আলো* কার্যালয়ের সভাকক্ষে টুর্নামেন্ট পরিচালনা কমিটির প্রথম সভায় এবারের টুর্নামেন্ট সফলভাবে আয়োজন করতে নানা বিষয়ে আলোচনা হয়।

এতে উপস্থিত ছিলেন টুর্নামেন্ট পরিচালনা ও টেকনিক্যাল কমিটির প্রধান এবং জাতীয় ফুটবল দলের সাবেক অধিনায়ক আশরাফউদ্দিন আহমেদ চুন্নু, জাতীয় দলের সাবেক তারকা ফুটবলার ও কোচ শফিকুল ইসলাম মানিক, জাতীয় ফুটবল দলের সাবেক অধিনায়ক ইমতিয়াজ সুলতান জনি, ইমতিয়াজ আহমেদ নকীব, আলফাজ আহমেদ ও মামুনুল ইসলাম, জাতীয় ফুটবল দলের সাবেক কোচ মারুফুল হক, পাক্ষিক *ক্রীড়াজগত*-এর সম্পাদক দুলাল মাহমুদ, ক্রীড়ালেখক ইকরামউজ্জমান এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) হেড অব রেফারিজ ও সাবেক ফিফা রেফারি আজাদ রহমান। টুর্নামেন্টের পৃষ্ঠপোষক ইস্পাহানি টি লিমিটেডের পক্ষ থেকে ছিলেন মার্কেটিং বিভাগের মহাব্যবস্থাপক ওমর হান্নান, উপমহাব্যবস্থাপক এইচ এম ফজলে রাব্বি ও উপব্যবস্থাপক আবদুল্লাহিল মামুন। আয়োজক *প্রথম আলো* সম্পাদক মতিউর রহমান, প্রধান ক্রীড়া সম্পাদক উৎপল শুভ্র; ডিজিটাল ট্রান্সফরমেশন, যুব কার্যক্রম ও ইভেন্টসের প্রধান সমন্বয়ক মুনির হাসান, হেড অব কালচারাল প্রোগ্রাম কবির বকুলের সঙ্গে আরও ছিলেন প্রচার সহযোগী এটিএন বাংলার প্রোগ্রাম হেড তাশিক আহমেদও। দেশের বাইরে থাকায় সভায় সাবেক তারকা ফুটবলার ও কোচ সাইফুল বারী, বিপ্লব ভট্টাচার্য, দক্ষিণ এশিয়ান ফুটবল ফেডারেশনের (সাফ) সাধারণ সম্পাদক আনোয়ারুল হক হেলাল এবং *প্রথম আলো* ক্রীড়া বিভাগের বিশেষ প্রতিনিধি মাসুদ আলম বৈঠকে উপস্থিত থাকতে পারেননি।

নকআউট পদ্ধতির এই টুর্নামেন্টে গতবারের মতো এবারও প্রথমে হবে আঞ্চলিক পর্ব। চট্টগ্রামে টুর্নামেন্টের বর্ণাঢ্য উদ্বোধনের পর রাজশাহী ও খুলনা ঘুরে ডিসেম্বরের প্রথম সপ্তাহে মূল পর্ব হবে ঢাকার ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় মাঠে। টুর্নামেন্টের দুটি সেমিফাইনাল ও ফাইনাল এটিএন বাংলায় সরাসরি সম্প্রচারিত হবে। দেখা যাবে প্রথম আলোর ফেসবুক ও ইউটিউবেও। টুর্নামেন্টের চ্যাম্পিয়ন দল প্রাইজ মানি হিসেবে পাবে ৫ লাখ টাকা, রানার্সআপ দল ৩ লাখ। গত বছর ঢাকা, চট্টগ্রাম ও কুমিল্লায় অনুষ্ঠিত টুর্নামেন্টে অংশ নিয়েছিল মোট ৩২টি দল। ফাইনালে ফার ইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল গণবিশ্ববিদ্যালয়।

প্রকৃতি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের টিএসসির সামনের মহাবেলগাছ। ছবি : লেখক

মহাবেলের আখ্যান

চয়ন বিকাশ ভদ্র, *অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান ও প্রকৃতিবিষয়ক লেখক*

মহাবেল নাম শুনে বেলের কথা মনে হলেও এটি কিন্তু তেমন বেল নয়। তবে নাম শুনে বিভ্রান্ত হতে পারেন যে কেউ। আধুনিক কৃষিবিদ্যার জনক পিয়েত্রো দে ক্রিসেনজির নামে এই ফলের বৈজ্ঞানিক নাম রাখা হয়েছিল *Crescentia cujete*, এটি *Bignoniaceae* পরিবারের উদ্ভিদ। ইংরেজিতে এর নাম ক্যালাবাশ ট্রি। আর বাংলায় ডাকা হয় মহাবেল নামে। তবে আমাদের দেশের কোথাও এটি তানপুরা ফল, ডুগডুগি ফল, আবার কোথাও বিলাতি ফল নামে পরিচিত। যদিও এই ফল দিয়ে ডুগডুগি বা তানপুরা তৈরি হয় না।

কাঁচা মহাবেলের শরীর মসৃণ ও নরম। ফলের গায়ে নখ দিয়ে চাপ দিলে বসে যায়। গাঢ় সবুজ রঙের এ ফল অনেকটা লাউয়ের মতো। পাকা ফলের খোলস শক্ত। কাঁচা অবস্থায় ফলটি কাটলে ভেতরে দুধসাদা শাঁস পাওয়া যায়। ফলটি পেকে গেলে শাঁস কালো ছাইয়ের মতো হয়ে যায়।

প্রাগৈতিহাসিক কাল থেকে পশ্চিম ও দক্ষিণ আফ্রিকা এবং দক্ষিণ আমেরিকার কিছু অঞ্চলে মহাবেলের অস্তিত্ব সম্পর্কে জানা যায়। ফল হিসেবে এটি বিষাক্ত বলেই হয়তো ভারতবর্ষে দেশীয়করণ হলেও এর তেমন বিস্তার ঘটেনি। শোভাবর্ধক হিসেবে বৃক্ষপ্রেমীদের স্বীকৃতি পাওয়ায় গাছটি এখন পৃথিবীর বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছে।

মহাবেলগাছ ৮ মিটার পর্যন্ত উঁচু হয়। দেখতে বেলগাছের মতো হলেও এ গাছে কাঁটা নেই। পাতায় বা ফলে বেলের বিশেষ গন্ধও নেই। ডাল লাগালে গাছ হয়। তরুণ কাণ্ড মসৃণ, অর্ধগোলাকার, ধূসর রঙের। পাতা সরল, গুচ্ছাকারে সাজানো, অবৃন্তক, প্রায় ডিম্বাকার, গোড়ার দিকে ক্রমে সরু।

গাছ লাগানোর কয়েক বছর পর ফুল ফোটে সরাসরি কাণ্ডের গায়ে, যেমনটা দেখা যায় নাগলিঙ্গম, কাঁঠাল, ডুমুর, কোকো ইত্যাদি গাছে। ফুলের রং সবুজাভ সাদা, বেগুনি রেখাযুক্ত। ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বোটানিক্যাল গার্ডেনে এবং ছাত্র-শিক্ষক কেন্দ্রের সামনে মহাবেলগাছ রয়েছে। এ ছাড়া ময়মনসিংহের টাঙ্গাইল বাসস্ট্যান্ডের কাছে চুপশাহ মাজারের উঠানে এবং শশীলজের আঙিনার পূর্ব দিকে একটি মহাবেলগাছ আছে।

আমাদের দেশে বিষাক্ত বলে মনে করা হলেও দক্ষিণ আমেরিকা ও আফ্রিকার বিভিন্ন দেশে ফলটির কাঁচা শাঁস পানিতে ফুটিয়ে রোগ নিরাময়কারী সিরাপ বানানো হয়। এ ছাড়া বিভিন্ন রোগের প্রতিকারে গাছটির ছাল-পাতা ও শিকড়ের ব্যবহার রয়েছে। এর শক্ত ও মসৃণ খোসা ঘর সাজানোর বিভিন্ন দ্রব্য ও বাদ্যযন্ত্র তৈরির উপযোগী। পৃথিবীর অন্যান্য দেশের মতো আমাদের দেশে মহাবেলের খোসা বাদ্যযন্ত্র তৈরিতে ব্যবহার করা হয়। পাকা ফলের খোলস শক্ত হওয়ায় এটি ডুগডুগি ছাড়াও নানা শিল্পকর্মে ব্যবহার করা যায়। এর খোল থেকে তৈরি হয় বিখ্যাত বাদ্যযন্ত্র মারাকা। আমাদের যন্ত্রীরা একে মারাক্কাস বলেন। এটি একপ্রকার ঝুমঝুমি, যা মিউজিক্যাল রিদম সৃষ্টিতে ব্যবহার করা হয়।

বাংলাদেশের টিপরা জনগোষ্ঠীর মানুষেরা মস্তিষ্ক বিকৃতির চিকিৎসায় এই ফলের মণ্ড মাথায় প্রলেপ হিসেবে ব্যবহার করে। সিঙ্গাপুরে ফ্লু, নিউমোনিয়া ও উচ্চ রক্তচাপের চিকিৎসায় এই উদ্ভিদের পাতা থেকে তৈরি চায়ের লোকজ ব্যবহার রয়েছে।

এই বৃক্ষের ফুলে পরাগায়নের প্রধান বাহক বাদুড়। তবে যেখানে বাদুড় বিরল, সেখানে হয়তো মথ বা মৌমাছি এর পরাগায়ন করে থাকে। ওভারির নিচে মধুগ্রন্থির উপস্থিতির কারণে মাজুলি বা বিষপিঁপড়া দেখা যায় মহাবেলগাছে, যা ফলটিকে বন্য প্রাণীর হাত থেকে রক্ষা করে। গাছে ফল থাকে প্রায় সাত মাস। মহাবেল সবুজ থেকে আস্তে আস্তে ধূসর রং ধারণ করে। এর কাটিং থেকে সহজে নতুন গাছ জন্মানো যায়। বীজ থেকেও চারা হয়। অঙ্কুরোদ্গম হয় ১০ থেকে ১৫ দিন পর। সব রকম মাটিতেই, এমনকি কাদামাটিতেও মহাবেল জন্মাতে পারে।

যুক্ত হচ্ছে জুলাই অভ্যুত্থানের গ্রাফিতি

বিনা মূল্যের পাঠ্যবই

পাঠ্যবইয়ের পেছনের প্রচ্ছদে থাকা শেখ হাসিনার ছবি ও উদ্ধৃতি বাদ যাচ্ছে।

মোশতাক আহমেদ, *ঢাকা*

রাজনৈতিক পটপরিবর্তনের পর প্রাথমিক ও মাধ্যমিকের পাঠ্যবইয়েও পরিবর্তন হচ্ছে। বিনা মূল্যের এসব পাঠ্যবইয়ে যুক্ত হচ্ছে জুলাই অভ্যুত্থানের গ্রাফিতি বা দেয়ালে আঁকা ছবি। আর এত দিন ধরে চলা পাঠ্যবইয়ের পেছনের প্রচ্ছদে থাকা ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি ও তাঁর উদ্ধৃতি বাদ যাচ্ছে। একই সঙ্গে ইতিহাসনির্ভর বিষয়েও অনেক পরিবর্তন আনা হচ্ছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) সূত্রে এই তথ্য জানা গেছে। তবে বছরের মাত্র দুই মাস বাকি থাকলেও এখনো পাঠ্যবই পরিমার্জনের কাজ শেষ করে ছাপার জন্য প্রস্তুত করতে পারেনি এনসিটিবি। ফলে বছরের শুরুতে সব শিক্ষার্থীর হাতে সব নতুন বই তুলে দেওয়া নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে একজন মুদ্রণকারী *প্রথম আলো*কে বলেন, এবার বছরের শুরুতে সব শিক্ষার্থীর হাতে সব বই দেওয়ার বিষয়ে তিনি আশা দেখছেন না। কারণ, বৃহস্পতিবার পর্যন্ত মুদ্রণকারীদের হাতে পাণ্ডুলিপি দেওয়া হয়নি। ‘ক্রাইসিস পরিস্থিতিতে’ যে ধরনের কর্মপরিকল্পনা থাকা দরকার, সেটারও ঘাটতি দেখা যাচ্ছে এনসিটিবিতে। আবার মুদ্রণকারীরা ব্যাংক থেকে ঋণ পেতেও কিছুটা অসুবিধার মধ্যে পড়েছেন। সময়ও কম। এসব কারণে বছরের শুরুতে সব শিক্ষার্থীর হাতে সব বই দেওয়া যাবে কি না, সেটা এখনই বলা যাচ্ছে না।

অবশ্য এনসিটিবির কর্মকর্তারা আশা করছেন, পরিমার্জনের কাজ পুরোপুরি শেষ করে এ মাসের মধ্যেই মুদ্রণকারীদের হাতে পাণ্ডুলিপির সিডি দিতে পারবেন।

বর্তমানে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চলছে। পূর্বপরিকল্পনা অনুযায়ী আগামী বছর চতুর্থ, পঞ্চম ও দশম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম চালুর মধ্য দিয়ে মাধ্যমিক পর্যন্ত সব শ্রেণিতেই তা চালুর কথা ছিল। কিন্তু ছাত্র-জনতার অভ্যুত্থানের মাধ্যমে আওয়ামী লীগ সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকার গঠন হলে নতুন শিক্ষাক্রম কার্যত বাতিল হয়ে গেছে।

এনসিটিবি সূত্র বলছে, সক্রিয় শিখনপ্রক্রিয়া থাকায় আগামী বছর প্রথম থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত নতুন শিক্ষাক্রমের আলোকে পাঠ্যবই দেওয়া হলেও সেখানেও কিছু পরিমার্জন হচ্ছে। কিন্তু চতুর্থ থেকে দশম শ্রেণির পাঠ্যবই নতুন শিক্ষাক্রমের পরিবর্তে পুরোনো শিক্ষাক্রমের আলোকে দেওয়া হচ্ছে। এর মধ্যে চতুর্থ ও পঞ্চম শ্রেণির পাঠ্যবই দেওয়া হবে ২০১১ সালের শিক্ষাক্রমের আলোকে। আর ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত ২০১২ সালে প্রণীত শিক্ষাক্রমের আলোকে তৈরি পাঠ্যবই পাবে শিক্ষার্থীরা।

বিনা মূল্যের পাঠ্যবইয়ে যুক্ত হচ্ছে জুলাই অভ্যুত্থানের গ্রাফিতি। প্রথম আলো ফাইল ছবি

পুরোনো শিক্ষাক্রমের বই হলেও বিষয়বস্তুতে কিছু পরিবর্তন হবে। পুরোনো শিক্ষাক্রমের আলোকে ইতিমধ্যে পাঠ্যবই আছে। প্রসঙ্গত, শিক্ষাক্রম ২০১২ সালের হলেও সর্বশেষ ২০২২ সাল পর্যন্ত এই শিক্ষাক্রমের আলোকে বই দেওয়া হয়েছে। সেগুলোই এখন পরিমার্জন করে ছাপার উপযোগী করা হচ্ছে। এই কাজে ৪১ ব্যক্তি জড়িত।

নতুন শিক্ষাক্রমে বইয়ের সংখ্যা কম ছিল, কিন্তু পুরোনো শিক্ষাক্রমে বই বেশি। নতুন শিক্ষাক্রমে মাধ্যমিকে একেকটি শ্রেণির জন্য ১০টি বিষয় ছিল। পুরোনো শিক্ষাক্রমে বিষয় আরও বেশি। তাই বইয়ের সংখ্যা বেশি। যেমন পুরোনো শিক্ষাক্রম অনুযায়ী মাধ্যমিকে বইয়ের সংখ্যা ২৩ (সব কটি সবার জন্য নয়)।

এনসিটিবির একাধিক কর্মকর্তা *প্রথম আলো*কে বলেন, পরিমার্জনের মাধ্যমে বেশ কিছু পাঠ্যপুস্তকে ছাত্র-জনতার অভ্যুত্থানের চেতনার প্রতিফলন থাকছে। তবে যেহেতু এই অভ্যুত্থানের বিষয়টি অতি নিকট ইতিহাস এবং এবার সময়ও কম, তাই লেখা হিসেবে না রেখে কিছু পাঠ্যবইয়ে ছাত্র-জনতার অভ্যুত্থানের গ্রাফিতি বা দেয়ালে আঁকা ছবি ইত্যাদি বিষয় রাখার সিদ্ধান্ত হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে একটি সূত্র জানিয়েছে বাংলা, ইতিহাস, বাংলাদেশ ও বিশ্বপরিচয় বইয়ের মতো কিছু বইয়ের প্রচ্ছদে বা বইয়ের কোনো কোনো অংশে এসব গ্রাফিতি বা দেয়ালে আঁকা ছবি যুক্ত করা হবে। অন্যদিকে এখন পাঠ্যবইয়ের পেছনের পৃষ্ঠায় ছাত্র-জনতার আন্দোলনের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার যেসব ছবি ও উদ্ধৃতি রয়েছে, সেগুলো বাদ দেওয়া হবে। পরিবর্তে চিরন্তন কিছু বাণী যুক্ত হবে। এ ছাড়া ইতিহাসনির্ভর বিষয়েও কিছু বিষয় কাটছাঁট করা হচ্ছে।

এবার পাঠ্যবই পরিমার্জনের সঙ্গে যাঁরা যুক্ত আছেন, তাঁদের মধ্যে অন্যতম লেখক রাখাল রাহা। তিনি *প্রথম আলো*কে বলেন, পরিমার্জনের কাজটি শেষ হয়েছে। তাঁরা আশা করছেন, এ মাসের মধ্যেই সব পাণ্ডুলিপির সিডি মুদ্রণকারীদের হাতে দিতে পারবেন।

পুরোনো শিক্ষাক্রমে নবম ও দশম শ্রেণি মিলিয়ে এসএসসি পরীক্ষা হয়। কিন্তু নতুন শিক্ষাক্রমে কেবল দশম শ্রেণির পাঠ্যবইয়ের ভিত্তিতে এসএসসি পরীক্ষা হওয়ার কথা ছিল। এ জন্য দুই শ্রেণির জন্য আলাদা বই দেওয়ার সিদ্ধান্ত ছিল। কিন্তু বর্তমান সরকার সেই সিদ্ধান্ত থেকে সরে এসেছে। বর্তমানে যারা নবম শ্রেণিতে পড়ছে, তারা ২০২৬ সালে এসএসসি পরীক্ষা দেবে। এই শিক্ষার্থীরা নতুন শিক্ষাক্রমের আলোকে বই পড়ে চলতি শিক্ষাবর্ষ প্রায় শেষ করে ফেলেছে। তাই সিদ্ধান্ত হয়েছে, এসব শিক্ষার্থী আগামী বছর দশম শ্রেণিতে উঠে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা বেছে নেবে। তাদের জন্য ২০১২ সালের শিক্ষাক্রমের আলোকে পরিমার্জন করে নতুন পাঠ্যবই দেওয়া হবে।

এ কারণে এবার পাঠ্যবইয়ের সংখ্যাও বাড়ছে বলে জানায় এনসিটিবি।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান এ কে এম রিয়াজুল হাসান *প্রথম আলো*কে বলেন, এবার মোট বইয়ের সংখ্যা ৪০ কোটির মতো। বই ছাপার জন্য পাণ্ডুলিপির সিডি শনিবার থেকে দেওয়া শুরু হয়েছে। তাঁর আশা, পরিকল্পনামতো কাজ হলে বছরের শুরুতেই শিক্ষার্থীদের হাতে বই তুলে দিতে পারবেন।

ভোগান্তি মেট্রোরেল (এমআরটি-১) প্রকল্পের ইউটিলিটি স্থানান্তর কাজের জন্য সড়কের দুই দিকেই কাটা হয়েছে। তাই চরম দুর্ভোগে পড়তে হচ্ছে সাধারণ মানুষকে। গতকাল রাজধানীর প্রগতি সরণির যমুনা ফিউচার পার্কের সামনে। ছবি : সাজিদ হোসেন

গভীর রাতে দস্তগীরের বাড়িতে ডিবির অভিযান, ভাঙচুর

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

রাজধানীর সিদ্ধেশ্বরীতে শনিবার গভীর রাতে সাবেক বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজীর বাসায় অভিযান চালিয়েছেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) সদস্যরা। ফটকের তালা ভেঙে তাঁরা বাসার ভেতরে গিয়ে চারটি কক্ষের আসবাব ভাঙচুর ও তছনছ করেন। প্রায় আড়াই ঘণ্টা পর বাসা থেকে বেরিয়ে যান তাঁরা। এ সময় তাঁরা একটি কার্টন ও দুটি বাজারের ব্যাগে ভরে বেশ কিছু জিনিস নিয়ে যান বলে জানিয়েছেন কয়েকজন প্রত্যক্ষদর্শী।

ওই বাড়িতে ডাকাত দল হানা দিয়েছে, এমন শঙ্কা থেকে রাতেই রমনা থানায় গিয়েছিলেন গাজী গ্রুপ-সংশ্লিষ্ট একজন কর্মকর্তা। তখন তাঁকে বলা হয়, সেখানে গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযানে গেছে।

ডিবির অতিরিক্ত কমিশনার রেজাউল করিম মল্লিক গতকাল রোববার রাতে *প্রথম আলো*কে বলেন, গোপন সংবাদের ভিত্তিতে অস্ত্র উদ্ধার ও আসামি গ্রেপ্তারের জন্য ওই বাড়িতে অভিযান চালানো হয়। সেখানে কাউকে পাওয়া যায়নি। ডিবির কোনো সদস্য দস্তগীরের বাড়ি থেকে কোনো জিনিসপত্র আনেননি।

বাসার নিরাপত্তাকর্মী ও স্থানীয় ব্যক্তিরা জানিয়েছেন, তিনটি মাইক্রোবাসে ১৫-২০ জন রাত দুইটার দিকে বাসার সামনে আসেন। তাঁদের দুজনের গায়ে থানা-পুলিশের পোশাক ছিল। কয়েকজনের গায়ে ডিবির জ্যাকেট ছিল। বাকিরা ছিলেন সাদাপোশাকে। ফটকে এসে পুলিশ পরিচয় দিয়ে অভিযান চালানোর কথা বলে বাসার ভেতরে ঢুকতে চান। নিরাপত্তাকর্মীরা তালা খুলতে রাজি না হলে তাঁরা তালা ভেঙে বাসার ভেতরে ঢোকেন। দোতলা বাসার চারটি কক্ষে ব্যাপক ভাঙচুর করে স্বর্ণালংকারসহ দামি জিনিসপত্র নিয়ে যান।

গতকাল ওই বাসায় গিয়ে দেখা যায়, দোতলা বাসার দ্বিতীয় তলার চারটি কক্ষের জিনিসপত্র অগোছালো অবস্থায় ছড়িয়ে-ছিটিয়ে খাট ও মেঝেতে পড়ে আছে। প্রতিটি কক্ষের আলমারি ভাঙচুর করা হয়েছে। স্বর্ণালংকার রাখার বাক্সগুলো খালি পড়ে আছে।

বাসার নিরাপত্তাকর্মী আবুল হোসেন *প্রথম আলো*কে বলেন, রাত দুইটার দিকে বাসার পেছনের গেটের সামনে এসে কয়েকজন ডাকাডাকি শুরু করেন। তখন তিনি গিয়ে পরিচয় জানতে চান। তাঁরা ডিবির লোক পরিচয় দিয়ে গেট খুলে দিতে বলেন। ডাকাত ভেবে গেট না খুলে তিনি ও আরেকজন নিরাপত্তাকর্মী দেয়াল টপকে পাশের একটি বাসায় চলে যান। পাশের বাসার জানালার কাছে বসে পুরো ঘটনাটি দেখেন তাঁরা।

শনিবার গভীর রাতে রাজধানীর সিদ্ধেশ্বরীতে গোলাম দস্তগীর গাজীর বাসায় ঢুকে তছনছ করা হয় জিনিসপত্র। ছবি : প্রথম আলো

আবুল হোসেন বলেন, গেট না খোলায় দেয়াল টপকে একজন ভেতরে ঢোকেন। তিনি একটি রড দিয়ে গেটের তালা ভেঙে বাসার ভেতরে ঢুকে দুটি সিসি ক্যামেরা ভেঙে ফেলেন। দুজনকে গেটে পাহারায় রেখে ১০-১২ জন বাসার ভেতরে ঢোকেন।

ছাত্র-জনতার আন্দোলনের মুখে ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের কয়েক দিনের মধ্যে গোলাম দস্তগীর গাজী গ্রেপ্তার হন। বর্তমানে তিনি কারাগারে। তাঁর স্ত্রী আত্মগোপনে আছেন। দুই ছেলে আছেন বিদেশে।

রাতে ডিএমপির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোলাম দস্তগীর গাজীর স্ত্রী হাসিনা গাজীকে গ্রেপ্তার করতে ওই বাসায় গিয়েছিল ডিবি। তবে বাসায় তাঁকে পাওয়া যায়নি।

গ্রেপ্তারের পর কারাগারে ইঞ্জিনিয়ার মোশাররফ

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

বিএনপির কর্মী মকবুল হত্যা মামলায় সাবেক গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেনকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালত গতকাল রোববার এ আদেশ দেন। এর আগে গতকাল রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকা থেকে মোশাররফ হোসেনকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ ও আদালত-সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, গতকাল বিকেল চারটার দিকে মোশাররফ হোসেনকে ঢাকার সিএমএম আদালতে হাজির করা হয়। পরে তাঁকে পল্টন থানায় করা বিএনপির কর্মী মকবুল হত্যা মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন করা হয়। মামলার তদন্ত কর্মকর্তা পল্টন থানার উপপরিদর্শক নাজমুল হাচান আদালতকে লিখিতভাবে বলেন, আসামি মোশাররফ হোসেন বিএনপির কর্মী মকবুল হত্যাকাণ্ডে জড়িত। তাই তাঁকে কারাগারে আটক রাখা দরকার। অন্যদিকে আসামিপক্ষ থেকে জামিনের আবেদন করা হয়। আদালত উভয় পক্ষের শুনানি নিয়ে মোশাররফ হোসেনকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

২০২২ সালের ৭ ডিসেম্বর রাজধানীর পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে হামলা এবং মকবুল নামের দলের এক কর্মীকে হত্যার অভিযোগে শেখ হাসিনাসহ ২৫৬ জনের বিরুদ্ধে মামলা হয়। মামলায় মোশাররফ হোসেনকেও আসামি করা হয়।

কারাগারে সুমন

মিরপুর থানায় করা হত্যাচেষ্টা মামলায় পাঁচ দিন রিমান্ড শেষে গতকাল সাবেক সংসদ সদস্য সৈয়দ সায়েদুল হককে (সুমন) কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। ঢাকার সিএমএম আদালত এ আদেশ দেন।

এর আগে পাঁচ দিন রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ শেষে সায়েদুল হককে আদালতে হাজির করে মিরপুর থানার পুলিশ। এ সময় তাঁকে কারাগারে আটক রাখার আবেদন করা হয়। অপর দিকে সায়েদুল হকের পক্ষে জামিন চাওয়া হয়। পরে আদালত তাঁকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

২২ অক্টোবর সায়েদুল হককে পাঁচ দিন রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করার অনুমতি দিয়েছিলেন আদালত।

ষড়যন্ত্রতত্ত্ব ও হুমকি : নতুন বাস্তবতা

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন

২০২০ থেকে ২০২২ সালের মধ্যে নির্বাচনী কর্মকর্তাদের এক-চতুর্থাংশ হয় নির্যাতন, নয় হুমকির শিকার হয়েছেন।

কমলা হ্যারিস ডোনাল্ড ট্রাম্প

এএফপি, *গোল্ডফিল্ড, যুক্তরাষ্ট্র*

সিন্ডি এলগান একজন নির্বাচনী কর্মকর্তা। যুক্তরাষ্ট্রের নেভাদা অঙ্গরাজ্যের এক কোণে ছোট একটি কেন্দ্রে দুই দশক ধরে নির্বাচনী দায়িত্ব পালন করে চলেছেন। দীর্ঘ এতটা সময়ে তাঁর ওপর প্রতিবেশী ভোটারদের আস্থার কোনো ঘাটতি ছিল না। কিন্তু দৃশ্য পাল্টে গেছে। এখন সেই প্রতিবেশীরাই মনে করছেন, যুক্তরাষ্ট্রে গত প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের ‘জয় কেড়ে নেওয়ার’ ষড়যন্ত্রের তিনিও একটি অংশ।

২০২০ সালে অনুষ্ঠিত ওই নির্বাচনে নেভাদার এসমেরালদা কাউন্টিতে গণনা করা ভোটের ৮২ শতাংশ পেয়েছিল ট্রাম্পের রিপাবলিকান পার্টি। যুক্তরাষ্ট্রে যেসব কাউন্টিতে খুবই স্বল্পসংখ্যক মানুষের বসবাস, এটি সেসবের একটি।

এলগানের ওপর একসময় আস্থা থাকা প্রতিবেশীদের একজন মেরি জেইন জাকাস। অবসরপ্রাপ্ত এই স্কুলশিক্ষক বলছিলেন, ‘২০২০ সালের নির্বাচনী ফলাফল আমি বিশ্বাস করি না।’

রক্ষণশীলদের (রিপাবলিকান পার্টি) তরফে মাঝেমধ্যেই সামনে আনা এক ষড়যন্ত্র তত্ত্বের সঙ্গে সুর মিলিয়ে মেরি জেইন বলেন, ‘সমস্যা হলো, ভোট গণনার ক্ষেত্রে ব্যালট পেপারের পরিবর্তে ভোটিং মেশিনের ব্যবহার।’

এসমেরালদা কাউন্টির নিবন্ধিত ৬০০ ভোটারের প্রায় সবাইকে দেখে চেনেন সিন্ডি এলগান। তিনি বলেন, অতীতে সব সময়ই এই কমিউনিটির সদস্যরা নির্বাচনী পদ্ধতি নিয়ে দৃশ্যত সন্তুষ্ট ছিলেন। কিন্তু ট্রাম্প যখন ২০২০ সালের নির্বাচনে বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে হেরে যাওয়া প্রত্যাখ্যান করলেন, তখন থেকেই তাঁদের মধ্যে শুরু হলো তিক্ততা।

‘এটি নির্বাচনের ক্ষতি করছে’

বিভিন্ন জরিপে দেখা গেছে, মার্কিনদের এক-তৃতীয়াংশের বেশি যুক্তরাষ্ট্রের নির্বাচনব্যবস্থার সুসংহত অবস্থা নিয়ে সন্দিহান।

গবেষণা ইনস্টিটিউট ‘ইস্যু ওয়ান’-এর ক্লেয়ার উডাল বলেন, মার্কিন নির্বাচনব্যবস্থায় আস্থাহীনতা দীর্ঘদিন ধরেই চলছে। তবে ২০২০ সালের নির্বাচনে পরাজয় মেনে নিতে ট্রাম্পের অস্বীকৃতি আস্থাকে একেবারে চূর্ণবিচূর্ণ করে দিয়েছে। তিনি বলেন, ‘আমরা বিভিন্ন ধরনের প্রশ্ন উঠতে দেখছি, বিশেষ করে নির্বাচনী প্রক্রিয়া নিয়ে।’

এ নিয়ে (নির্বাচনী প্রক্রিয়া) জাতীয় পর্যায়ে হইচই হওয়ার বাইরে গোল্ডফিল্ডের মতো ছোট ছোট কমিউনিটিতেও যেভাবে প্রশ্ন উঠছে, তা অনাকাঙ্ক্ষিত বলে মন্তব্য করেন ক্লেয়ার উডাল। তিনি বলেন, হুমকি, হয়রানি ও হামলার শিকার হয়ে অনেক নির্বাচনী কর্মকর্তা তাঁদের দায়িত্ব থেকে সরে গেছেন।

হুমকি, হয়রানি ও হামলায় দায়িত্ব থেকে সরে যাওয়ার এমন প্রবণতা স্থানীয় নির্বাচনী কর্মকর্তাদের মধ্যেই বেশি, বিশেষ করে অ্যারিজোনার মতো অঙ্গরাজ্যগুলোতে। এসব অঙ্গরাজ্যে প্রেসিডেন্ট নির্বাচনে প্রার্থীদের মধ্যে সচরাচর হাড্ডাহাড্ডি লড়াই হয়ে থাকে। যেমন ইস্যু ওয়ানের এক প্রতিবেদন অনুযায়ী, অ্যারিজোনায় গত নির্বাচনে মাত্র শূন্য দশমিক ৩ শতাংশ পয়েন্ট ও নেভাদায় ২ দশমিক ৪ শতাংশ পয়েন্টে ট্রাম্পকে হারিয়ে জয়ী হন বাইডেন।

নির্বাচনী কর্মকর্তাদের হুমকি

নেভাদার সাবেক কয়েক নির্বাচনী কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করেছে এএফপি। তবে তাঁরা নাম প্রকাশ করতে অস্বীকৃতি জানিয়েছেন। এমনই একজন সাবেক কর্মকর্তা বলেন, ‘আমি আমার পরিবারকে (নিপীড়নের শিকার হওয়ার আশঙ্কায়) আবার প্রকাশ্যে আনতে চাই না।’

নির্দলীয় ‘ইলেকশনস অ্যান্ড ভোটিং ইনফরমেশন সেন্টার’-এর এক জরিপ অনুযায়ী, ২০২০ থেকে ২০২২ সালের মধ্যে নির্বাচনী কর্মকর্তাদের এক-চতুর্থাংশ হয় নির্যাতন, নয় হুমকির শিকার হয়েছেন বলে জানিয়েছেন।

বার্গানস এই নির্বাচনী কর্মকর্তাদের একজন ছিলেন। ২০২২ সালে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছিল তাঁকে।

পরিস্থিতির ভয়াবহতা বিষয়ে ‘ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইলেকশন অফিশিয়ালস’-এর কর্মকর্তা ট্যামি প্যাট্রিক বলেন, উত্তেজনা বাড়তে থাকায় এখন এমন সব নিরাপত্তা পদক্ষেপ নেওয়া হচ্ছে, যা আগে কখনো শোনা যায়নি। যেমন বুলেটপ্রুফ জ্যাকেট ও নজরদারি ক্যামেরার ব্যবহার, এমনকি ভোটকেন্দ্রের কাছে বিভিন্ন ভবনে স্নাইপার মোতায়েন। কাজে লাগানো হচ্ছে প্রশিক্ষিত কুকুরও।

» মুসলিম ভোটারদের কাছে ট্রাম্প পৃষ্ঠা ১২

আজকের পত্রিকা এবং ইতিহাসের পাতা থেকে...

দৈনিক আপডেট

২৭ অক্টোবর, ২০২৪
১১ কার্তিক, ১৪৩১
২৩ রবিউস সানি, ১৪৪৬

- ভাওয়াইয়া- সম্রাট আব্বাসউদ্দিন আহমদ কবে জন্মগ্রহণ করেন?
  উত্তর: ২৭ অক্টোবর, ১৯০১।
- বর্তমানে দেশে কতটি সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল রয়েছে?
  উত্তর: ২৪টি। (জেলা সদর হাসপাতাল ১১টি)
- বাংলাদেশে নিযুক্ত ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূতের নাম কী?
  উত্তর: মাইকেল মিলার।
- কতটি উদ্দ্যেশ্য নিয়ে জার্মানির বার্লিনে 'বিশ্ব স্বাস্থ্য শীর্ষ সম্মেলন ২০২৪' অনুষ্ঠিত হয়?
  উত্তর: ৭টি।
- বিশ্বের বৃহত্তম চাল রপ্তানিকারক দেশ কোনটি?
  উত্তর: ভারত।
- বাংলাদেশকে সবচেয়ে বেশি ঋণ প্রদানকারী দেশের নাম কী?
  উত্তর: জাপান।
- বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) নতুন সভাপতির নাম কী?
  উত্তর: তাবিব আউয়াল।
- জাতিসংঘের তথ্যমতে, বিশ্বের কতজন নারী ও কন্যাশিশু যুদ্ধের ক্ষয়ক্ষতির শিকার হয়েছে?
  উত্তর: ৬০ কোটির বেশি।

সাপ্তাহিক চাকরির খবর

লক্ষ বেকারের প্রিয় পত্রিকা

পুরো সপ্তাহের চাকরির খবর

T.M

প্রতিষ্ঠাতা ঃ মরহুম জাকির হোসেন

আসল চাকরির খবর পত্রিকা কেনার সময় ট্রেড মার্ক দেখে কিনুন। রেজি নং: ডিএ নং-১৮০৩□২৭ তম বর্ষ□০৬ তম সংখ্যা□শুক্রবার□২৫ অক্টোবর ২০২৪ খ্রি.□০৯ কার্তিক ১৪৩১□২২ রবিউস সানি ১৪৪৬□পৃষ্ঠা-৪, মূল্য-১০ টাকা মাত্র। www.fb.com/sckpl.jakir

জাতীয় রাজস্ব বোর্ড

পদ সংখ্যা ১১৪ জন

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২৪/৮০৪ তারিখঃ ২০/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	১৪ জন	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারে : বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
২. উচ্চমান সহকারী ১১০০০-২৬৫৯০/-	২২ জন	মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারেঃ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রি। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা।
৩. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	৩৫ জন	মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারেঃ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষরে যথাক্রমে বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ টাইপ রাইটিং এর গতিসহ কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা।
৪. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক / অফিস সহকারী ৯৩০০-২২৪৯০/-	০৯ জন	মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারেঃ দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ টাইপ রাইটিং এর গতিসহ কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা।
৫. ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর ৯৩০০-২২৪৯০/-	৩৪ জন	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১১ অনুসারেঃ এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

নৌপরিবহন মন্ত্রণালয়ে চাকরি

পদ সংখ্যা ১১৩ জন

নম্বর: ১৮.০০.০০০০.০১৭.২২.০০৩.২৪-৯২৭ তারিখঃ ১৫/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. ফোরম্যান ১২৫০০-৩০২৩০/-	০৪ জন	যান্ত্রিক, শক্তি কৌশল, সিভিল বা অটোমোবাইল প্রকৌশলে ০৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা।
২. ইনস্ট্রুমেন্ট অপারেটর ১২৫০০-৩০২৩০/-	০৫ জন	ইনফরমেশন টেকনোলজি-তে ৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা।
৩. হিসাবরক্ষক ১০২০০-২৪৬৮০/-	০৪ জন	বাণিজ্য অনুষদভুক্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। ৬ মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত।
৪. ড্রাফটসম্যান, ১০২০০-২৪৬৮০/-	০৫ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা।
৫. সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	১৭ জন	দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার ব্যবহারে দক্ষতা। সাঁটলিপিতে গতি বাংলা-৪৫ ও ইংরেজি-৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর-এ গতি বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ।
৬. চিকিৎসা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ফার্মাসিস্ট বা প্যারামেডিক্স বিষয়ে ২ বৎসর মেয়াদি ট্রেড কোর্স সার্টিফিকেট। ১ বছরের অভিজ্ঞতা।
৭. রেফ্রিজারেটর মেকানিক ৯৭০০-২৩৪৯০/-	০৫ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট থাকতে হবে।
৮. মেশিনিস্ট ৯৭০০-২৩৪৯০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
৯. মেকানিক ৯৭০০-২৩৪৯০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
১০. ইনস্ট্রুমেন্ট মেকানিক ৯৭০০-২৩৪৯০/-	০৫ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ- সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; বা "এ" বা "বি" শ্রেণির তড়িৎ লাইসেন্স।

এরপর শেষ পৃষ্ঠায় দেখুন

ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি

GPFPLC

পদ সংখ্যা ৬৯ জন

সূত্র নং-৩৬.০১.৬৮৬৩.৫২৭.০০.০২-০৯.২৪/৭৭১ তারিখঃ ১৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. নিরাপত্তা পরিদর্শক ১১৩০০-২৭৩০০/-	০৪ জন	সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা সমেত স্নাতক/সমমান ডিগ্রিধারী হতে হবে।
২. নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-	৬৫ জন	সেনাবাহিনী/পুলিশ বাহিনী/আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত এসএসসি/সমমান পরীক্ষায় পাস।

বয়সসীমা ঃ ১নং পদে ৩০ বছর এবং ২নং পদে- ৪০ বছর। আনসার বাহিনীর সদস্যদের ক্ষেত্রে Running CC সহ অভিজ্ঞতা সম্পন্ন সদস্যরা অগ্রাধিকার পাবেন। **আবেদনের নিয়ম ও শর্তাবলীঃ** প্রার্থীকে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনপত্রে আবেদনকৃত পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ ১৪-১১-২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ক্রমানুযায়ী বিস্তারিত উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত করতে হবে। আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করতে হবে। নিরাপত্তা পরিদর্শক পদে ১৪-১১-২০২৪ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর এবং নিরাপত্তা প্রহরী পদে সেনাবাহিনী/ পুলিশবাহিনী/ আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত সর্বোচ্চ বয়সসীমা ১৪-১১-২০২৪ খ্রি. তারিখে ৪০ বছর। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদ, নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপিসহ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান কোটায় নিয়োগের এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

পদ সংখ্যা ৮৬ জন

স্মারক নম্বর-৫৮.০২.০০০০.০০৬.১১.৭০২.২৪-৩৬৯২ তারিখঃ ১৪/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. হিসাবরক্ষক ১২৫০০-৩২২৪০/-	২২ জন	বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটারে MS Office এ দক্ষতা।
২. কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৫ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসীল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	২৭ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ।
৪. গাড়িচালক, ভারী লাইসেন্স ৯৭০০-২৩৪৯০/- হালকা লাইসেন্স ৯৩০০-২২৪৯০/-	১২ জন	জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হালকা বা ভারি গাড়ি চালনার বৈধ লাইসেন্স এবং হালকা বা ভারি গাড়ি চালনায় ২ বছরের অভিজ্ঞতা।
৫. ডেসপাস রাইডার ৮৫০০-২০৫৭০/-	১০ জন	দ্বিতীয়, বিভাগ বা সমমানের জিপিএতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ঢাকা মেট্রোপলিটন পুলিশ

পদ সংখ্যা ৩৫ জন

বিজ্ঞপ্তি নং-০১/২০২৪ তারিখঃ ২২/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৫ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ।
২. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	১৯ জন	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর গতি বাংলায়-২০ ও ইংরেজীতে-২০ শব্দ হতে হবে।
৩. হিসাব সহকারী ৯৩০০-২২৪৯০/-	০১ জন	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার।

শর্তাবলী ঃ বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। বয়সসীমা : ০১/১১/২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর তবে, বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনা পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর অথবা বয়স নির্ধারনের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ প্রজ্ঞাপন প্রযোজ্য হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী, শর্তাবলী, করণীয় সংক্রান্তে এবং পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dmp.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন ও বিস্তারিত তথ্যাদি পাবেন। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে। এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পদ সংখ্যা ১৫৩ জন

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৪ তারিখঃ ০৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সহকারী ফায়ার ব্রিগেড ইন্সপেক্টর ৯৩০০-২২৪৯০/-	০৩ জন	বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের সনদসহ ফায়ার সার্ভিস/সিভিল ডিফেন্স এবং সেফটি মেজারস কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা সম্পন্ন।
২. ফায়ার ফাইটার ৮৮০০-২১৩১০/-	৫০ জন	এস. এস. সি পাস। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে।
৩. নিরাপত্তা রক্ষী ৮২৫০-২০০১০/-	১০০ জন	এসএসসি পাস। সামরিক বাহিনীর প্রাক্তন সদস্যগণের ৮ম শ্রেণী পর্যন্ত শিথিলযোগ্য। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা সম্পন্ন।

সকল পদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা (বর্ণনা) সম্পন্ন হতে হবে ঃ (ক) পুরুষ প্রার্থীদের জন্য- (১) উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি। (২) বুকের মাপ স্বাভাবিক ৩০ ইঞ্চি, প্রসারণ ৩২ ইঞ্চি, (৩) ৪০০ মিটার দৌড়ঃ ৮০ সেকেন্ড। **(খ) মহিলা প্রার্থীদের জন্যঃ** (১) উচ্চতা ৫ ফুট ৩ ইঞ্চি। (২) বুকের মাপঃ স্বাভাবিক ২৮ ইঞ্চি, প্রসারণ ৩০ ইঞ্চি, (৩) ৪০০ মিটার দৌড়ঃ ১০০ সেকেন্ড। **(গ) পুরুষ ও মহিলা উভয় প্রার্থীর ক্ষেত্রে অন্যান্য শারীরিক ও ডাক্তারী যোগ্যতা ঃ** (১) আবেদনকারীকে অবশ্যই সাঁতার জানতে হবে এবং সাহসী ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (২) দৃষ্টিশক্তি ৬´´ × ৬´´ হতে হবে। বর্ণান্ধ (Color Blind) হতে পারবেন না। (৩) রক্তচাপ স্বাভাবিক। (৪) দীর্ঘস্থায়ী অথবা সংক্রামক দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে থাকলে অযোগ্য বিবেচিত হবে। হেপাটাইটিস বি নেগেটিভ (HBS Ag 'Negative) হতে হবে। এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্রে নিয়োগ

মোট পদ সংখ্যা ১১৯৫ জন

স্মারক নং: উ/পি/পি/কে-১০০০৮২, নিয়োগ-২৪ গভঃ রেজিঃ নং-এফ-১৭১৮২৮/১৬

পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও বেতন
১.উপজেলা অফিসার	১৩০ জন	বিএ/সমমান। উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাদের পরিচালনা ও প্রতিবেদন তৈরি করা। বেতন- ৩৭,৯৫০/-
২. ইউনিট অফিসার	১৪৪ জন	বিএ/সমমান। ইউনিট অফিসার হিসবে গ্রুপের সকল কাজ মনিটরিং করা। বেতন-৩৪,২৫০/-
৩. পরিবার পরিকল্পনা পরিদর্শক	১৩২ জন	এইচএসসি/সমমান। পরিদর্শক হিসেবে সকল কাজ মনিটরিং করতে হবে। বেতন- ২৯,২০০/-
৪. কমিউনিটি ম্যানেজার	১৫৫ জন	এইচএসসি/সমমান। নিজ উপজেলা পরিদর্শন ও প্রতিবেদন তৈরী করা। বেতন- ২৭,৮০০/-
৫. কর্মসূচী সংগঠক	১২২ জন	এইচএসসি/সমমান। কর্মসূচী সংগঠক হিসাবে দায়িত্ব পালন করতে হবে। বেতন- ২৬,২০০/-
৬. অফিস সহকারী	১২০ জন	এইচএসসি/সমমান। অফিস সহকারী হিসেবে কাজ করার মনমানসিকতা থাকতে হবে। বেতন-২৩,৩০০/-
৭. ইউনিয়ন কর্মকর্তা	[illegible]	এইচএসসি/এসএসসি/সমমান। ইউনিয়ন কর্মকর্তা হিসেবে [illegible] কর্মকর্তাদের [illegible] বেতন-২২,৩৫০/-
৮.স্বাস্থ্যকর্মী	[illegible]	এসএসসি/অষ্টম শ্রেণী। ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে কাজ করতে হবে। বেতন-[illegible]০০/-

উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্র আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে দেশব্যাপী প্রত্যেক জেলা ও উপজেলা, ইউনিয়ন পর্যায়ে সকল প্রকার স্বাস্থ্যই সকল সুখের মূল স্বাস্থ্যসেবা, ফ্যামিলি প্ল্যানিং, মা ও শিশু স্বাস্থ্য উন্নয়ন জাতীয় পুষ্টি ও টিকা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে কাজ করতে আগ্রহী পুরুষ/মহিলাদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **আবেদনের নিয়মাবলীঃ-** ১) আগ্রহী প্রার্থীর ১ কপি পিপি সাইজ ছবি, **মোবাইল নম্বর ও পদের নাম এবং জীবন বৃত্তান্তসহ আগামী ০৮/১১/২০২৪ইং** তারিখের মধ্যে দরখাস্ত শুধুমাত্র ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে। **ই-মেইলঃupazilaparibarbd@gmail.com** (২) সকল কর্মকর্তাদের চিকিৎসা ভাতা স্বাস্থ্যবীমা প্রদান করা হবে। (৩) প্রশিক্ষণ ও কর্মস্থল স্ব স্ব উপজেলার মধ্যে রাখা হবে। (৪) সকল পদে পুরুষ/মহিলা ও উপজাতী আবেদন করতে পারবেন। বিঃদ্রঃ কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।

ববাবর, পরিচালক (স্বাস্থ্যসেবা বিভাগ) **"উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্র"** প্রধান কার্যালয়ঃ- রোড-০৩, ২৮৮/১৭, বারিধারা ডিওএইচএস, ঢাকা-১২০৬। সূত্রঃ দৈনিক নবঅভিযান ২৪/১০/২০২৪ইং

ই-মেইলঃ upazilaparibarbd@gmail.com

গ্রামীণ 4G নেটওয়ার্ক-এ-নিয়োগ বিজ্ঞপ্তি

পদ সংখ্যা ৫২৮ জন

পদের নাম ও বেতন	সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.জেলা ব্যবস্থাপক বেতন-৪৫,৯৫০/-	১০৮ জন	এম.এ/বিএ/ডিপ্লোমা/সমমান। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২.এরিয়া ম্যানেজার বেতন-৪০,৭০০	১১৫ জন	বিএ/ডিপ্লোমা/সমমান। জেলা ম্যানেজার হিসাবে কাজ করতে হবে। সকল দায়িত্ব পালন করতে হবে।
৩.রিসিপশনিষ্ট (মেয়ে) বেতন-২৫,০০০/-	৫৫ জন	এইচ.এস.সি/সমমান। সু-স্পষ্ট ভাষার অধিকারী হতে হবে।
৪.অডিট অফিসার বেতন- ৩৫,৫০০/-	১৩০ জন	এইচএসসি/সমমান। অফিসের সংশ্লিষ্ট কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
৫.অফিস সহকারী বেতন-২[illegible],০০০/-	১২০ জন	এসএসসি/অষ্টম শ্রেণী। অফিস সহকারী হিসাবে কাজ করতে হবে।

স্মারক নং [illegible]/০২৭০০৫ সরকারি [illegible] গ্রামীণ 4G নেটওয়ার্ক শক্তিশালী [illegible] জন্য কিছু সংখ্যক পুরুষ/মহিলা নিয়োগ করা হবে। সুবিধাঃ চাকরি [illegible] ছাত্র/ছাত্রীদের পড়াশোনা করার জন্য [illegible] সকাল ১০ টা হইতে বিকেল ৫ টা পর্যন্ত। শুক্র ও শনিবার অফিস বন্ধ থাকিবে।

আবেদনের নিয়মাবলীঃ- আগ্রহী [illegible] কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, [illegible] সনদ [illegible] পরিচয়পত্রের ফটোকপিসহ আগামী ১৫/১১/২০২৪ইং তারিখের মধ্যে ও দরখাস্তে পদের নাম ও মোবাইল নম্বর সহ শুধুমাত্র ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে। সর্বোচ্চ বয়স ৫৫ বছর পর্যন্ত আবেদন করতে পারবেন। বছরে দুইটি ঈদ বোনাস পাবেন। ল্যাবটপ ও মোটর সাইকেল প্রদান করা হবে। স্থায়ীভাবে ২০ বছর পর্যন্ত চাকরি করতে পারবেন। রিটায়েড আর্মি কর্মকর্তাদের সুযোগ সুবিধা রয়েছে। যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। কিছু জানার থাকলে মোবাইলঃ ০১৭১২-৬১৯৭২৭ ই-মেইলঃ grameennet017@gmail.com

বরাবর, পরিচালক প্রধান কার্যালয় "গ্রামীণ 4G নেটওয়ার্ক" ঠিকানাঃ হাউজ নং-৩২/২, গুলশান, শাহজাতপুর, ঢাকা-১২১২। সূত্রঃ দৈনিক নব অভিযান ১৭/১০/২৪ইং

ই-মেইলঃgrameennet017@gmail.com

জাতীয় রাজস্ব বোর্ডে নিয়োগ

পদ সংখ্যা ৪৩ জন

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২৪/২০১ তারিখঃ ১৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	৪৩ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন : সকল করতে জেলার প্রার্থীগণ আবেদন পারবেন। ৩০ জুন, ২০২৪ তারিখে জারিকৃত নম্বর ইস্যু ০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২৪ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা এই পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। **অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ** প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। কোন প্রার্থী বিদেশি নাগরিককে বিয়ে করলে বা বিয়ে করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। **প্রার্থীর বয়সঃ** বর্ণিত পদে ০৭ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে। সকল প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়ঃ** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://nbr.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপঃ** Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৪ অক্টোবর, ২০২৪ খ্রিঃ সকাল ০৯:০০ ঘটিকা। Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৩ নভেম্বর, ২০২৪ খ্রিঃ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম

পদ সংখ্যা ১৮ জন

স্মারক নং- ৩৭৭/২০২৪ তারিখঃ ১৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. স্টেনো-টাইপিস্ট-কাম- কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০৩ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা। শর্টহ্যান্ডে ইংরেজীতে গতি ৭০ ও বাংলায় ৪৫ শব্দ এবং মুদ্রাক্ষরে ইংরেজীতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।
২. তুলনা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
৩. হিসাব সহকারী ৯৩০০-২২৪৯০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। হিসাব সংরক্ষণে এবং কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৪. সহকারী রেকর্ড কীপার ৯৩০০-২২৪৯০/-	০২ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৫. স্টোর কিপার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৬. প্রসেস সার্ভার ৮৫০০-২০৫৭০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৭. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	০৭ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৮. নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৯. পরিচ্ছন্নতা কর্মী (ফরাশ) ৮২৫০-২০০১০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা জজ-এর কার্যালয় রাজশাহী

পদ সংখ্যা ১০ জন

স্মারক নং-৪১৯/২৪-জি তারিখঃ ০৯/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০১ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সাঁটলিপি ও কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত। সাঁটলিপিতে ইংরেজিতে ৭০ ও বাংলায় ৪৫ শব্দ লেখার গতি এবং কম্পিউটারে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
২. নিম্নমান সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০৩ জন	উচ্চ মাধমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানে পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত এবং ইংরেজিতে ৩০ ও বাংলায় ২০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
৩. জারীকারক ৮৫০০-২০৫৭০/-	০৪ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪. অফিস সহায়ক, ৮২৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণী পাস।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ডা. সিরাজুল ইসলাম মেডিকেল কলেজ

D.SIMC

পদ সংখ্যা ৯৮ জন

স্মারক নংঃ ডা. এসআইএমসি/প্রশা/২৪/৩৬৫ তারিখঃ ১৯/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
ক্লিনিক্যাল বিষয়সমূহ		
১. উপাধ্যক্ষ	০১ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। অধ্যক্ষ/ উপাধ্যক্ষ/ পরিচালক/ মেডিক্যাল প্রশাসক হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২. অধ্যাপক : (মেডিসিন-২; সার্জারী-২; গাইনী এন্ড অবস্-২; অপথ্যালমোলজি-১; ই.এন.টি-১; কার্ডিওলজি-১; রেডিওলজি এন্ড ইমেজিং-১; পেডিয়েট্রিকস্-১; পেডিয়েট্রিক সার্জারী-১; ইউরোলজি-১; নিউরো মেডিসিন-১; নিউরো সার্জারী-১; অর্থোপেডিক সার্জারী-১; ফিজিক্যাল মেডিসিন-১; ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-১; রেসপিরেটরি মেডিসিন-১; এনেসথেসিওলজি-১)	২০ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। মেডিকেল কলেজে ১৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। সহযোগী ও সহকারী অধ্যাপক হিসাবে প্রতিটি পদে ০১টি করে মৌলিক প্রকাশনা সহ স্বীকৃত মেডিকেল জার্নালে ১০টি প্রকাশনা থাকতে হবে।।
৩. সহযোগী অধ্যাপক : (মেডিসিন-১; সার্জারী-১; গাইনী এন্ড অবস্-১; অফথ্যালমোলজি-১; ই.এন.টি-১; অর্থোপেডিকস্-১; পেডিএট্রিকস্-২; ডার্মাটোলজি-১; নেফ্রোলজি-১; ফিজিক্যাল মেডিসিন-১; সাইকিয়েটি-১; ইউরোলজি-১; এনেসথেসিওলজি-২; ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-১; রেসপিরেটরি মেডিসিন-১; কার্ডিওলজি-১; এনেসথেসিওলজি-১)	১৯ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। মেডিকেল কলেজে ০৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। সহযোগী ও সহকারী অধ্যাপক হিসাবে প্রতিটি পদে ০১টি করে মৌলিক প্রকাশনা সহ স্বীকৃত মেডিকেল জার্নালে ৫টি প্রকাশনা থাকতে হবে।।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা প্রশাসক পটুয়াখালী

পদ সংখ্যা ৬৩ জন

স্মারক নম্বরঃ ৪৬.১০.৭৮০০.০০৯.০২.১৬০.১৬-৫৯৩ তারিখঃ ০৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর ৯৩০০-২২৪৯০/-	৬৩ জন	বাণিজ্য বিভাগে দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং টাইপিং এ গতি বাংলা ২০ ও ইংরেজি ২০ শব্দ।

মন্তব্য ঃ বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। শর্তাবলী ঃ প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় এর চাকুরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা www.patuakhali.gov.bd ওয়েব সাইট হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও আবেদন ফরম অত্র কার্যালয়ের স্থানীয় সরকার শাখা থেকে সংগ্রহ করা যাবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্রের নমুনা কপি www.patuakhali.gov.bd এ ওয়েব সাইট হতে ডাউনলোড করে দুই কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদনপত্র ফরমটি A4 অফসেট কাগজে প্রিন্ট করে হাতে পূরণ করতে হবে। আবেদনপত্র আগামী ০৭-১১-২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর পৌঁছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। পরীক্ষার ফি বাবদ ৪০০/- টাকা জেলা প্রশাসক, পটুয়াখালী-এর অনুকূলে 'রূপালী ব্যাংক লিমিটেড' এর যে কোন শাখা হতে ইস্যুকৃত পে-অর্ডার/ ডিডি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রার্থীর বয়স ০৭-১১-২০২৪ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙ্গিন ছবি (ছবিতে প্রার্থীর নাম লিখে এক কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং দুই কপি ছবি দুটি এডমিট কার্ডের সাথে আঠা দিয়ে লাগাতে হবে), এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল এন্ড কলেজ

পদ সংখ্যা ১৮ জন

স্বারক নংঃ এপিবিএনসিডি/০০৯/২০২৪/৫০ তারিখঃ ১৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. প্রভাষক : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ২২০০০-৫৩০৬০/-	০২ জন	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
২. ডেমোনস্ট্রেটর/ প্রদর্শক (পদার্থবিজ্ঞান-১, জীববিজ্ঞান-১, রসায়ন-১) ১৬০০০-৩৮৬৪০/-	০৩ জন	সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক / স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৩. সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) ১৬০০০-৩৮৬৪০/-	০২ জন	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ফাযিল ডিগ্রীসহ স্নাতকোত্তর/ সমমান ডিগ্রি। ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। বিএড ডিগ্রিধারী অগ্রাধিকার।
৪-৫. সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা) ১১২৪০-২৩৮৫০/-	০৩ জন	সংশ্লিষ্ট স্নাতক / স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য।
৬. কম্পিউটার অপারেটর ১২৫০০-৩২২৮০/-	০৩ জন	কম্পিউটার ডিপ্লোমা ইন সায়েন্স/ এইচএসসি/ সমমান পাশ। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৭. হিসাব সহকারী ১০০৫০-২০০১০/-	০১ জন	ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে এইচএসসি পাশ। ৩য় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৮. ইলেকট্রিশিয়ান ১০০৫০-২০০১০/-	০১ জন	৮ম /জেএসসি পাশ। সক্রিয় বিষয়ে ৬ মাসের ট্রেড কোর্স পাশ। অভিজ্ঞতা ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা।
৯. লিফট অপারেটর ১০০৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণী/জেএসসি পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
১০. খালি(পুরুষ)-১ ১০০৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণী/জেএসসি পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ভূমি মন্ত্রণালয়ে চাকরি

পদ সংখ্যা ২৩৮ জন

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৮৬.১১.০৯৯.২৪(অংশ)-৭৬৬ তারিখঃ ৩০/০৯/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
সার্ভেয়ার ১০২০০-২৪৬৮০/-	২৩৮ জন	সার্ভে ইনস্টিটিউটে ৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং(সার্ভেয়িং)পরীক্ষায় উত্তীর্ণ।

বি.দ্র.ঃ সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেনঃ ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে জারিকৃত ইস্যু ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ)-৪০০ নম্বর বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা এই পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :** সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১ মে ২০২৪ তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের (১) নম্বর কলামের শূন্য পদ পূরণে "ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১" অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূল কপি জমা দিতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র-নৃগোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সরকারের সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। **আবেদন আগামী ০৮/১০/২০২৪ তারিখ সকাল ১০.০০টা হতে ০৮/১১/২০২৪ তারিখ বিকাল ৫.০০টা পর্যন্ত** অনলাইনে দাখিল করা যাবে। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং "ক" হতে "ছ" পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

ভূমি মন্ত্রণালয়ে চাকরি

প্রথম পৃষ্ঠার পর

ছায়ালিপি দাখিল করেতে হবে : (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র; (খ) ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ; (ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র; (ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্মনিবন্ধন সনদ; (চ) জাতীয় পরিচয়পত্র; (ছ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে ভূমি মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের www.minland.gov.bd মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। অনলাইনে-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে। বিস্তারিত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.minland.gov.bd) পাওয়া যাবে। প্রার্থীকে http://www.minland.teletalk.com.bd এই লিংকে প্রবেশ করে অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী : আবেদনের সময়সীমা নিম্নরূপঃ** Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৮/১০/২০২৪ খ্রি. তারিখ, সকাল ১০:০০টা। Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ০৮/১১/২০২৪ খ্রি. তারিখ, বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা Teletalk pre-paid mobile নম্বররের মাধ্যমে অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: MINLAND <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: MINLAND <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://minland.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। স্বাক্ষরিত/- উপসচিব (মাঠ প্রশাসন-১) ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি, ভূমি মন্ত্রণালয়। www.minland.gov.bd

সূত্র : যুগান্তর ০৫/১০/২০২৪ইং পৃষ্ঠা-১২

বনপাড়া পৌরসভা

শেষ পৃষ্ঠার পর

আবেদনপত্র দাখিলের শর্তাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি : উপরে-বর্ণিত শূন্যপদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীকে প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর বরাবর আবেদন করিতে হইবে। আবেদনপত্রের সাথে প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর বরাবর যে কোন তফসিলী ব্যাংক হইতে ১-২নং ক্রমিকের জন্য ৩০০ টাকা, ৩নং ক্রমিকের জন্য ২০০ টাকা, ৪- ৫নং ক্রমিকের জন্য ১০০ টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে প্রার্থীর ক) নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ, ছ) ০৫/১১/২০২৪ খ্রিঃ তারিখে বয়স, জ) জাতীয়তা, ঝ) ধর্ম, ঞ) নিজ জেলা, ট) শিক্ষাগত যোগ্যতা, ঠ) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত দরখাস্ত আগামী ০৫/১১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর এর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে দরখাস্ত পৌছাইতে হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত (ডাকযোগে প্রাপ্ত হইলেও) আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। ০৫/১১/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। **আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করিতে হইবে-** ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন তিন কপি সত্যায়িত ছবি। খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি। গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা প্রশাসক/সিটি কর্পোরেশন প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল কপি। ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি। (যাবতীয় কাগজপত্রের ফটোকপি সমূহ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীলমোহর থাকিতে হইবে) ঙ) জাতীয় পরিচয়পত্রের (এন আই ডি) সত্যায়িত ফটোকপি। নিয়োগ সম্পর্কিত প্রচলিত সরকারি বিধিমালা ও সরকারের জারীকৃত সর্বশেষ কোটা নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হইবে। খাম ছাড়া কোন খোলা আবেদনপত্র গৃহীত হইবে না এবং খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সাথে স্পষ্টাক্ষরে লিখিত আবেদনকারীর নাম-ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাকটিকিট যুক্ত ১০ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম দিতে হইবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। যোগ্য প্রার্থীদের পরীক্ষার তারিখ, সময় ও স্থান উল্লেখসহ পরবর্তীতে প্রবেশপত্র ইস্যু করা হইবে। স্বাক্ষরিত/- (মোঃ আশরাফুল ইসলাম), প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর ও আহ্বায়ক, কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটি।

সূত্র : যুগান্তর ১৭/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৯

ড. আফজাল হোসেন স্কুল এন্ড কলেজ

শেষ পৃষ্ঠার পর

শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, জীবনবৃত্তান্ত, সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে। এছাড়াও কম্পিউটার অপারেটর ও সিকিউরিটি ইনচার্জ ছাড়া সকল পদের জন্য যে কোন তফসিলি ব্যাংক থেকে ৩০০ (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আগামী ২১/১১/২০১৪ ইং তারিখের মধ্যে অধ্যক্ষ বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ অফিস চলাকালীন ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। খামের উপর অবশ্যই বিষয়ের নাম, পদের নাম ও ভার্সন উল্লেখ করতে হবে। বাংলা মাধ্যমের লিখিত পরীক্ষার সময় ২২/১১/২০১৪ ইং রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় এবং ইংরেজী ভার্সনের লিখিত পরীক্ষার সময় বিকাল ৩.০০ ঘটিকায়। কম্পিউটার অপারেটর পদের শুধুমাত্র মৌখিক পরীক্ষা ২৯/১১/২০১৪ ইং রোজ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকায় এবং সিকিউরিটি ইনচার্জ পদের শুধুমাত্র মৌখিক পরীক্ষা বিকাল ৩:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টা ৩০ মিনিট পূর্বে প্রতিষ্ঠান থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ধূমপায়ীদের আবেদন করার প্রয়োজন নেই। তদবীর, প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। মোবাইলঃ ০১৩৩-৩৩৬৬৫১১, ০১৬১৭-৩২২২২৯; www.dascedu.com. ড. আফজাল হোসেন স্কুল এন্ড কলেজ, আনোয়ার কমপ্লেক্স, ফুলহর, মদনপুর বাস স্ট্যান্ড সংলগ্ন, বন্দর রোড, নারায়নগঞ্জ।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ২১/১০/২০২৪ইং পৃষ্ঠা-১১

কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানী

শেষ পৃষ্ঠার পর

35 years of age as on 31st October 2024 which may be relaxed for highly qualified candidates. Additional Requirement for all posts: The offer for job shall be subject to medical examination by Company Medical Officer. Can work under pressure, self motivated, oriented with company goals. **Job Location -** KAFCO Plant, Rangadia, Anowara, Chattogram. **Application Procedure :** Name of the post should be mentioned clearly on the envelope and on the CV. Candidate should send their CV, attested copies of all Academic Certificates & Mark Sheets and Experience Certificates, Copy of NID and a recent passport size photograph (These are mandatory documents) to HR Department, KAFCO, IDB Bhaban (13th Floor), E/8-A, Rokeya Sharani, Sher-e-Bangla Nagar, Dhaka 1207 at the latest by 14th November,2024.

সূত্র : ইত্তেফাক ২১/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৫

ঢাকা ইপিজেড হাসপাতাল

পদ সংখ্যা ০৫ জন

সূত্রঃ ০৩.০৬.২৬৭২.৩৩৫.১১.২১৯.২১-৩৯৫ তারিখঃ ৩০/০৯/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. মেডিকেল অফিসার ২২০০০-৫৩০৬০/-	০৩ জন	এমবিবিএস ডিগ্রীধারী এবং বিএমডিসির রেজিস্ট্রেশন প্রাপ্ত।
২. ল্যাব টেকনোলজিস্ট ১২৫০০-৩০২৩০/-	০১ জন	০৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ল্যাব)।
৩. ডেন্টাল টেকনোলজিস্ট ১২৫০০-৩০২৩০/-	০১ জন	০৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ডেন্টাল)।

শর্তাবলীঃ সরকার কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আগামী ০৭/১১/২০২৪ তারিখের মধ্যে সদস্য সচিব, ঢাকা ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ড, ঢাকা ইপিজেড, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনের নমুনা বেপজা এর ওয়েবসাইট: www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। দরখাস্তের খামের উপরের মাঝখানে প্রার্থিত পদের নাম এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। ঢাকা ইপিজেড হাসপাতাল, গমকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা এর অনুকূলে উল্লিখিত মেডিকেল অফিসার পদের জন্য ৪০০/- টাকা এবং ল্যাব টেকনোলজিস্ট ও ডেন্টাল টেকনোলজিস্ট পদের জন্য ৩০০/- টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। **দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে :** (ক) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র। (খ) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি। (গ) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (ঘ) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয়তা সনদপত্রের কপি/ন্যাশনাল আইডি কার্ডের কপি। (ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (চ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। স্বাক্ষরিত/- (মোঃ ফেরদৌসুর রহমান), অতিরিক্ত নির্বাহী পরিচালক (শিল্প সম্পর্ক), ঢাকা ইপিজেড ও সদস্য সচিব, ঢাকা ইপিজেড হাসপাতাল। www.bepza.gov.bd

সূত্র : ইত্তেফাক ০৪/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৫

বাংলাদেশ স্পেশালাইজড হসপিটাল

পদ সংখ্যা ১০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
সিনিয়র স্টাফ নার্স	১০ জন	বিএসসি/ডিপ্লোমা (নার্সিং সায়েন্স অ্যান্ড মিডওয়াইফারি)। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা।

বেতন: আলোচনা সাপেক্ষে। চাকরির ধরন: ফুল টাইম। প্রার্থীর ধরন: নারী-পুরুষ। বয়সঃ নির্ধারিত নয়। কর্মস্থল: ঢাকা (শ্যামলী)। আবেদনের নিয়ম: আগ্রহীরা Bangladesh Specialized Hospital Ltd এর মাধ্যমে আবেদন সম্পন্ন করতে হবে। **আবেদনের শেষ সময়: ৩০ অক্টোবর ২০২৪ইং। সূত্র: বিডিজবস ডটকম**

গ্রামীণ ব্যাংকে চাকরি

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
ব্যবস্থাপনা পরিচালক	০১ জন	যে কোন বিষয়ে পরিচালক স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীধারী। সকল ক্ষেত্রে সর্বনিম্ন ২য় বিভাগ/শ্রেণি।

বয়স : ৩০-১০-২০২৪ তারিখে বয়স ৫০-৫৮ বছরের মধ্যে হতে হবে। বেতন স্কেল ও অন্যান্য সুবিধাদি : ব্যাংকের প্রচলিত নিয়মে/আলোচনা সাপেক্ষে। অভিজ্ঞতা: ক্ষুদ্র ঋণের বা ঋণউ প্রতিষ্ঠানে জেনারেল ম্যানেজার বা সমমানের পদে কাজ করেছেন এবং মাঠ পর্যায়ে ২০ বছরের কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। গ্রামীণ অর্থনীতি, পল্লী উন্নয়ন ও অন্তর্ভুক্তিমূলক ঋণ ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। প্রতিষ্ঠানের দৈনন্দিন অপারেশনাল কার্যক্রম পরিচালনা ও তদারকিতে নেতৃত্ব দেয়ার ক্ষমতা থাকতে হবে। প্রতিষ্ঠান পরিচালনায় বিশেষ করে মাঠ পর্যায়ের অপারেশন, অর্থ ব্যবস্থাপনা ও মানব সম্পদ ব্যবস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে প্রশাসনিক দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। গ্রামীণ ব্যাংক এর দর্শনকে ধারণ করা এবং তা বাস্তবায়নের মাধ্যমে কাঙ্খিত ফলাফল অর্জনে সক্ষম হতে হবে। অভ্যন্তরীণ ও বহিঃযোগাযোগে (Communication Skill) দক্ষতা সম্পন্ন হতে হবে। আগ্রহী প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত, ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, চাকুরীর অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি ও আবেদনপত্র আগামী ৩০-১০-২০২৪ তারিখের মধ্যে চেয়ারম্যান, গ্রামীণ ব্যাংক পরিচালনা পর্ষদ, গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর-২, ঢাকা-১২১৬ বরাবরে আবেদন করে বিভাগ প্রধান (ভারপ্রাপ্ত), মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর-২, ঢাকা-১২১৬ এ পাঠাতে হবে। উল্লেখ্য, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিভাগ প্রধান (ভারপ্রাপ্ত), মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর-২, ঢাকা-১২১৬।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ১৬/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৭

কুমিল্লা আবশ্যক : জাফরগঞ্জ মীর আবদুল গফুর ডিগ্রি কলেজ, পোঃ গঙ্গামন্ডল, উপজেলা: দেবিদ্বার, কুমিল্লার জন্য শূন্যপদে কলেজ প্রদত্ত বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নে বর্ণিত পদসমূহে একজন করে এনটিআরসি কর্তৃক নিবন্ধনধারী প্রভাষক আবশ্যক। পদের নাম: বাংলা, ইংরেজি, কৃষিশিক্ষা, ব্যবস্থাপনা, যুক্তিবিদ্যা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, হিসাববিজ্ঞান (বি,এম,টি), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি। প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদন পৌছাতে হবে। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)।

সূত্রঃ যুগান্তর ২৩/১০/২০২৪ইং

চাঁদপুর নিয়োগ বিজ্ঞপ্তি : সরকারি বিধিমোতাবেক বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এ সর্বশেষ পরিমার্জন অনুযায়ী চাঁদপুর জেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী গণি মডেল উচ্চ বিদ্যালয়ের জন্য শূন্য পদে প্রধান শিক্ষক ০১ জন এবং খণ্ডকালীন (নন এমপিওভুক্ত) অফিস সহায়ক ০১ জন নিয়োগ করা হবে। আবেদনকারী প্রার্থীকে, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ১ম ও শেষ এমপিও এর (একাধিক প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য) সত্যায়িত কপি এবং ১নং পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকার অফেরত যোগ্য ব্যাংক ড্রাফট সোনালী ব্যাংক, নতুন বাজার শাখা, চাঁদপুরসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে। কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), গণি মডেল উচ্চ বিদ্যালয়, চাঁদপুর-৩৬০০।

সূত্রঃ সমকাল ২২/১০/২০২৪ইং

কিশোরগঞ্জ নিয়োগ বিজ্ঞপ্তি : ঐতিহ্যবাহী আফতাব উদ্দিন স্কুল অ্যান্ড কলেজ, ভাগলপুর, বাজিতপুর, কিশোরগঞ্জ এ প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে পদার্থবিজ্ঞান, ওইঞঃ, উচ্চতর গণিত বিষয়ে প্রভাষক ও বিজ্ঞান বিষয়ে সহকারী শিক্ষক (প্রভাতী শাখা) পদে শিক্ষক নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রিধারী প্রার্থীগণকে আগামী ১০/১১/২০২৪ খ্রি. সকাল ১০:০০ ঘটিকায় প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে বলা হলো। -অধ্যক্ষ।

সূত্রঃ সমকাল ২২/১০/২০২৪ইং

ময়মনসিংহ আবশ্যক : সরকারী বিধি মোতাবেক রাওনা বালিকা দাখিল মাদরাসা, ডাকঘর-শিবগঞ্জ, উপজেলা-গফরগাঁও, জেলা- ময়মনসিংহের জন্য শূন্য পদে ১ জন সুপার ও ১ জন আয়া নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীগণকে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে ৫০০ টাকার পোস্টাল অর্ডারসহ ভারপ্রাপ্ত সুপার বরাবরে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে। ভারপ্রাপ্ত সুপার, মোবাঃ ০১৭৩১-৯৪০৫৭৪।

সূত্রঃ যুগান্তর ২১/১০/২০২৪ইং

গোপালগঞ্জ নিয়োগ বিজ্ঞপ্তি : সরকারি বিধিমোতাবেক শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত গোপালগঞ্জ শহরে অবস্থিত "রিজেন্ট কলেজে" ১ জন অধ্যক্ষ এবং ১ জন করে পিয়ন, পরিচ্ছন্নতাকর্মী, নাইটগার্ড ও নিরাপত্তাকর্মী নিয়োগ করা হবে। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫দিনের মধ্যে সকল সনদপত্রের ফটোকপি, ৩কপি রঙ্গিন ছবিসহ সভাপতি বরাবর আবেদনপত্র পৌছাতে হবে। সভাপতি রিজেন্ট কলেজ ডাক:+জেলা: গোপালগঞ্জ। ০১৫১১৪৮৫০৫০, ০১৭২৪৩৩৩৭৯৬।

সূত্রঃ সমকাল ২১/১০/২০২৪ইং

গোপালগঞ্জ পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি : সর্বশেষ বিধিমোতাবেক ডালনিয়া ইসমাইল আলেফ উচ্চ বিদ্যালয়, পোষ্টঃ মাঝিগাতি (হাইস্কুল), উপজেলা: গোপালগঞ্জ সদর, জেলা: গোপালগঞ্জ এ একজন সহকারী প্রধান শিক্ষক নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রসহ বিদ্যালয়ের সঞ্চয়ী হিসাব ১০০০০০৯৫১ সোনালী ব্যাংক, গোপালগঞ্জ শাখায় ২০০০/- জমা দিয়ে জমা রশিদসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করুন। পূর্বের আবেদনকারীদের আবেদন করার প্রয়োজন নাই। প্রধান শিক্ষক।

সূত্রঃ সমকাল ২১/১০/২০২৪ইং

সিলেট নিয়োগ বিজ্ঞপ্তি: নব প্রতিষ্ঠিত আওরঙ্গপুর হাই স্কুল, সাং-খছরুপুর, ডাক-আওরঙ্গপুর (বেগমপুর- ৩১২৫) ২নং সাদিপুর ইউনিয়ন, উপজেলা-ওসমানীনগর, জেলা- সিলেট এর জন্য একজন করে মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা পেশায় ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন বি.এড সহ স্নাতক/সম্মান প্রধানশিক্ষক, গণিত সহ বিএসসি/ গণিতে সম্মান, ইংরেজী সহ স্নাতক/ ইংরেজীতে সম্মান, আরবী সহ ফাযিল/ কামিল এবং একজন খণ্ডকালীন স্নাতক সহকারী শিক্ষক (মহিলা) আবশ্যক। আগ্রহী সকল পদের প্রার্থীগণকে সভাপতি বরাবরে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে আবেদন ডাকযোগে/সরাসরি পৌছানোর জন্য অনুরোধ করা হলো। বেতন আলোচনা সাপেক্ষে। সভাপতি- ০১৬৭২-৮২০৩১০।

সূত্রঃ ইত্তেফাক ২১/১০/২০২৪ইং

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

শেষ পৃষ্ঠার পর

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশকীয়ভাবে অনুসরণীয় : সকল প্রার্থীকে অনলাইনে https://ercruitment.bcc.gov.bd সাইটের মাধ্যমে আগামী ১৪ নভেম্বর ২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে। ০১ অক্টোবর ২০২৪ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ ক্রমিক ০১ ও ০২নং পদের প্রার্থীদের ৬১২/- টাকা, ক্রমিক ০৩ থেকে ০৬নং পদের প্রার্থীদের ২১২/- টাকা এবং ক্রমিক ০৭নং পদের প্রার্থীদের ১১২/- টাকা উইইখ গড়নরযব Banking/bKash/Nagad-এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করতে হবে; আবেদনকারীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র এবং স্থায়ী ঠিকানার স্বপক্ষে উপযুক্ত সনদসহ অন্যান্য সকল সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে; নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আপলোড করতে হবে। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য যথাসময়ে ই-মেইল/মোবাইল নম্বরে এসএমএস/ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। মৌখিক পরীক্ষার সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (খ) পাসপোর্ট সাইজের ০৬কপি সত্যায়িত ছবি (গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (ঘ) নাগরিকত্ব সনদ (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে কোটার স্বপক্ষে সনদ দাখিল করতে হবে; ১১. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষা গ্রহণকালে উক্ত কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে। অনলাইন আবেদন করতে কোনো সমস্যা হলে অফিস সময়ের মধ্যে জনাব তানিমুল বারী, টেকনিক্যাল স্পেশালিস্ট (মোবাইল: ০১৮৩৩৩০০৩৭০৩)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে। স্বাক্ষরিত/- মোঃ জাকির হোসেন বাচ্চু, সচিব (উপসচিব), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট। www.bcc.gov.bd

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ১৬/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৬

বাংলাদেশ বিমান বাহিনী

শেষ পৃষ্ঠার পর

ওজন : বয়স ও উচ্চতানুযায়ী। চোখ : দু চোখের দৃষ্টিশক্তি: জিডি(পি)- ৬/৬, এটিসি ও এডিডব্লিউসি- ৬/১২ পর্যন্ত এবং লজিস্টিক, এডমিন, মিটিওরলজি ও ফিন্যান্স- ৬/৬০ পর্যন্ত। সকল শাখার জন্য Color Perception Standard-1. **প্রশিক্ষণ/কমিশন :** বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ১০ সপ্তাহসহ বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে ৩ বছর মেয়াদি প্রশিক্ষণ শেষে 'ফ্লাইং অফিসার' পদবিতে নিয়মিত কমিশন প্রদান করা হবে। কমিশনপ্রাপ্তির পরবর্তী ১ বছরসহ মোট ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি প্রদান করা হবে। **প্রশিক্ষণ শেষে অর্জিত ডিগ্রি :** বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেসনালস (বিইউপি) এর অধীনে বিএসসি (সম্মান) অ্যারোনটিক্স/বিবিএ/ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন। **বিশেষ সুযোগ-সুবিধা :** প্রশিক্ষণকালীন অফিসার ক্যাডেটদের মাসিক বেতন ১০,০০০.০০ টাকা এবং প্রশিক্ষণশেষে পদবি অনুসারে আকর্ষণীয় বেতন ও ভাতাদি প্রাপ্য। **নির্বাচন পদ্ধতি :** ১। প্রাথমিক লিখিত পরীক্ষা: আইকিউ, ইংরেজি, গণিত ও পদার্থ, শুধুমাত্র ফিন্যান্স শাখার জন্য: আইকিউ, ইংরেজি ও ব্যবসায় শিক্ষা; ২। প্রাথমিক ডাক্তারী পরীক্ষা; ৩। প্রাথমিক মৌখিক পরীক্ষা; ৪। আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি); ৫। কেন্দ্রীয় চিকিৎসা পর্ষদ (সিএমবি) কর্তৃক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা; ৬। ক্যাডেট চূড়ান্ত নির্বাচন পর্ষদ (সিএফএসবি)। বিঃ দ্রঃ পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর, ঘড়ি ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। শর্ত প্রযোজ্য: সকল নিয়ম ও শর্ত বিমান বাহিনী কর্তৃপক্ষ পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে। **অনলাইনে আবেদনের নিয়মাবলী :** সরাসরি https://joinairforce.baf.mil.bd ওয়েবসাইটে 'Apply Now'-এ ক্লিক করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করে ফি বাবদ ১,০০০/- টাকা পরিশোধ করা হলে রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। কেবলমাত্র বিমান সদর কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট কিছু কলেজের শিক্ষার্থীরা শুধুমাত্র প্রথমবার আবেদনের ক্ষেত্রে বিনামূল্যে আবেদন করতে পারবেন। এজন্য প্রথমে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের নাম্বার প্রদানপূর্বক 'Eligible for Application Without Payment' অপশনটি 'Yes' নির্বাচন করে কলেজের নাম নির্বাচন করতে হবে। রেজিস্ট্রেশন ফি প্রদানপূর্বক আবেদনকারীগণ তাদের কলেজের নাম নির্ধারিত স্থানে টাইপ করে প্রদান করবেন। আবেদনকারীগণকে বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত পরীক্ষার তারিখ সমূহের মধ্যে যেকোনো একটি তারিখ নির্বাচন করে আবেদন করতে হবে (ক্যাডেট কলেজ/সকল কলেজের জন্য প্রযোজ্য নয়)। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ডের মাধ্যমে 'Login' করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। পূরণকৃত আবেদনপত্র চূড়ান্তভাবে 'Submit' করার পূর্বে আবেদনকারীগণ নিরীক্ষণের সুযোগ পাবেন এবং কেবলমাত্র আবেদনপত্রে প্রদানকৃত তথ্যসমূহের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হলেই তা চূড়ান্তভাবে সাবমিট করবেন। চূড়ান্তভাবে আবেদনপত্রটি 'Submit' করা হলে আবেদনকারীগণ আবেদনপত্র ও প্রবেশপত্র 'Download' করতে পারবেন। কোনো আবেদনকারী মোবাইল নম্বরে ইউজার আইডি ও পাসওয়ার্ড না পেলে ২৪ ঘন্টার মধ্যে তা helpdesk@baf.mil.bd -এ আবেদনের জন্য ব্যবহৃত ইমেইল এড্রেস হতে পেমেন্ট ইনভয়েসের কপি/প্রমাণসহ ইমেইল করে জানাতে হবে। উক্ত আবেদেনপত্র প্রাথমিক লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখে ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপিসহ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে জমা দিতে হবে। **অনলাইনে আবেদনের সময়সীমা: ০১ নভেম্বর ২০২৪ থেকে ০৫ এপ্রিল ২০২৫। * শর্ত প্রযোজ্য। আবেদনপত্র জমাদানের নিয়মাবলী :** প্রার্থীদের আবেদনপত্র সঠিকভাবে পূরণ করতঃ পরীক্ষার সময় ইতঃপূর্বে ইস্যুকৃত প্রবেশপত্র ও নিম্নবর্ণিত সনদসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবেঃ ১। সকল শিক্ষাগত যোগ্যতার সাময়িক সনদ, প্রশংসাপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি; ২। নাগরিকত্ব, চারিত্রিক সনদ (বৈবাহিক অবস্থা উল্লেখপূর্বক) জমা দিতে হবে। উক্ত সনদ স্ব স্ব ইউনিয়ন পরিষদ/ মিউনিসিপ্যাল চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে আনতে হবে। উক্ত সনদের সাথে সনাক্তকারীর মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে; ৩। সম্প্রতি তোলা ১২ কপি পাসপোর্ট এবং ০৪ কপি স্ট্যাম্প আকারের সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত ছবি হতে হবে); ৪। বর্তমান অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ; ৫। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব কর্মস্থল/প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রার্থীতার জন্য অনুমতিপত্র; ৬। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি; ৭। খেলাধুলা/অন্যান্য যেকোন বিষয়ে কৃতিত্বের সনদ থাকলে তার সত্যায়িত ফটোকপি। ৮। দাবীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি। **বিস্তারিত তথ্য ও অনলাইনে আবেদন করতেঃ লগ ইন করুনঃ https://joinairforce.baf.mil.bd. পরীক্ষা কেন্দ্র : সকল বিভাগ ও সকল জেলার প্রার্থীদের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।** পরীক্ষা গ্রহণের দিন সকাল ০৮০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। রিক্রুটমেন্ট পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। বিস্তারিত তথ্য ও অনলাইন আবেদনের জন্য: https://joinairforce.baf.mil.bd, Help Desk: 01769-990880 (8AM-3PM), Email: helpdesk@baf.mil.bd, Follow us: facebook.com/baf.mil.bd

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ১৫/১০/২০২৪ পৃষ্ঠা-০৭

নৌ পরিবহন পরিদপ্তর

শেষ পৃষ্ঠার পর

চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্ব সনদ; জাতীয় পরিচয় পত্র/জন্মনিবন্ধন সনদ; মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমানক; ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ; প্রবেশপত্রের মূল কপি। নির্ধারিত আবেদন ফরম পূরণ করে খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ পূর্বক নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, ২য় তলা, আগ্রাবাদ, চট্টগ্রাম বরাবর আগামী ১৭-১১-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। আবেদনকারীর বয়স ১৭ই নভেম্বর ২০২৪ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমানিত হবে। চাকরীরত এবং বিভাগীয় প্রার্থীদের সরকারী বিধি বিধান অনুসরণপূর্বক নির্ধারিত বয়সসীমার মধ্যে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্রের মূলকপি জমা দিতে হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের সকল সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। স্বাক্ষরিত/- প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম ও সভাপতি, বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি। ই-মেইল: po@mmd.gov.bd, mmdctgbd@gmail.com, ওয়েবসাইট: www.mmd.gov.bd

সূত্র : প্রথম আলো ১৪/১০/২০২৪ইং পৃষ্ঠা-১২

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

শেষ পৃষ্ঠার পর

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১০. ফটোগ্রাফার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	এইচএসসি বা সমমান পাস। ফটোগ্রাফি ট্রেড কোর্স উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় দক্ষ।
১১. প্রকাশনা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। প্রকাশনা কাজে ২ বছরের অভিজ্ঞতা এবং ইলাস্ট্রেটর, ফটোশপ, ইনডিজাইন বা সংশ্লিষ্ট অন্যান্য সফটওয়্যার চালনায় দক্ষ।
১২. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০৯ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং মুদ্রাক্ষরে শব্দের গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে।
১৩. ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১৪. ইলেক্ট্রিশিয়ান ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে ২ বছরের ট্রেড কোর্স উত্তীর্ণ।
১৫. গাড়িচালক ৯৩০০-২২৪৯০/-	০৩ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে।

সকল পদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা (বর্ণনা) সম্পন্ন হতে হবে ঃ (ক) পুরুষ প্রার্থীদের জন্য- (১) উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি। (২) বুকের মাপ স্বাভাবিক ৩০ ইঞ্চি, প্রসারণ ৩২ ইঞ্চি, (৩) ৪০০ মিটার দৌড়ঃ ৮০ সেকেণ্ড। **(খ) মহিলা প্রার্থীদের জন্যঃ** (১) উচ্চতা ৫ ফুট ৩ ইঞ্চি। (২) বুকের মাপঃ স্বাভাবিক ২৮ ইঞ্চি, প্রসারণ ৩০ ইঞ্চি, (৩) ৪০০ মিটার দৌড়ঃ ১০০ সেকেন্ড। **(গ) পুরুষ ও মহিলা উভয় প্রার্থীর ক্ষেত্রে অন্যান্য শারীরিক ও ডাক্তারী যোগ্যতা ঃ** (১) আবেদনকারীকে অবশ্যই সাঁতার জানতে হবে এবং সাহসী ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (২) দৃষ্টিশক্তি ৬″ × ৬″ হতে হবে। বর্ণান্ধ (Color Blind) হতে পারবেন না। (৩) রক্তচাপ স্বাভাবিক। (৪) দীর্ঘস্থায়ী অথবা সংক্রামক দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে থাকলে অযোগ্য বিবেচিত হবে। হেপাটাইটিস বি নেগেটিভ (HBS Ag 'Negative) হতে হবে। এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

পদ সংখ্যা ৮৬ জন

স্মারক নম্বর-৫৮.০২.০০০০.০০৬.১১.৭০২.২৪-৩৬৯২ তারিখঃ ১৪/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. হিসাবরক্ষক ১২৫০০-৩২২৪০/-	২২ জন	বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটারে MS Office এ দক্ষতা।
২. কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৫ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসীল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	২৭ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ।
৪. গাড়িচালক, ভারী লাইসেন্স ৯৭০০-২৩৪৯০/- হালকা লাইসেন্স ৯৩০০-২২৪৯০/-	১২ জন	জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হালকা বা ভারি গাড়ি চালনার বৈধ লাইসেন্স এবং হালকা বা ভারি গাড়ি চালনায় ২ বছরের অভিজ্ঞতা।
৫. ডেসপাস রাইডার ৮৫০০-২০৫৭০/-	১০ জন	দ্বিতীয়, বিভাগ বা সমমানের জিপিএতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্রে নিয়োগ

মোট পদ সংখ্যা ১১৯৫ জন

স্মারক নং: উ/পি/পি/কে-১০০০৮২, নিয়োগ-২৪ গভঃ রেজি: নং-এফ-১৭১৮২৮/১৬

পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও বেতন
১.উপজেলা অফিসার	১৩০ জন	বিএ/সমমান। উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাদের পরিচালনা ও প্রতিবেদন তৈরি করা। বেতন- ৩৭,৯৫০/-
২. ইউনিট অফিসার	১৪৪ জন	বিএ/সমমান। ইউনিট অফিসার হিসবে গ্রুপের সকল কাজ মনিটরিং করা। বেতন-৩৪,২৫০/-
৩. পরিবার পরিকল্পনা পরিদর্শক	১৩২ জন	এইচএসসি/সমমান। পরিদর্শক হিসেবে সকল কাজ মনিটরিং করতে হবে। বেতন- ২৯,২০০/-
৪. কমিউনিটি ম্যানেজার	১৫৫ জন	এইচএসসি/সমমান। নিজ উপজেলা পরিদর্শন ও প্রতিবেদন তৈরী করা। বেতন- ২৭,৮০০/-
৫. কর্মসূচী সংগঠক	১২২ জন	এইচএসসি/সমমান। কর্মসূচী সংগঠক হিসাবে দায়িত্ব পালন করতে হবে। বেতন- ২৬,২০০/-
৬. অফিস সহকারী	১২০ জন	এইচএসসি/সমমান। অফিস সহকারী হিসেবে কাজ করার মনমানসিকতা থাকতে হবে। বেতন-২৩,৩০০/-
৭. ইউনিয়ন কর্মকর্তা	১৬২ জন	এইচএসসি/এসএ[illegible] হিসেবে ফিল্ড কর্মকর্তাদের সকল কাজ পরিচালনা করা। বেতন-২২,৩৫০/-
৮. স্বাস্থ্যকর্মী	২৩০ জন	এসএসসি/[illegible] ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে [illegible] হবে। বেতন-২০,৫০০/-

উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্র আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে দেশব্যাপী প্রত্যেক জেলা ও উপজেলা, ইউনিয়ন পর্যায়ে সকল প্রকার স্বাস্থ্যই সকল সুখের মূল স্বাস্থ্যসেবা, ফ্যামিলি প্ল্যানিং, মা ও শিশু স্বাস্থ্য উন্নয়ন জাতীয় পুষ্টি ও টিকা কার্যকম বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে কাজ করতে আগ্রহী পুরুষ/মহিলাদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **আবেদনের নিয়মাবলীঃ-** ১) আগ্রহী প্রার্থীর ১ কপি পিপি সাইজ ছবি, মোবাইল নম্বর ও পদের নাম এবং জীবন বৃত্তান্তসহ আগামী ০৮/১১/২০২৪ইং তারিখের মধ্যে দরখাস্ত শুধুমাত্র ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে।
ই-মেইল:upazilaparibarbd@gmail.com
(২) সকল কর্মকর্তাদের চিকিৎসা ভাতা স্বাস্থ্যবীমা প্রদান করা হবে। (৩) প্রশিক্ষণ ও কর্মস্থল স্ব স্ব উপজেলার মধ্যে রাখা হবে। (৪) সকল পদে পুরুষ/মহিলা ও উপজাতী আবেদন করতে পারবেন। বিঃদ্রঃ কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।
বরাবর, পরিচালক (স্বাস্থ্যসেবা বিভাগ)"উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্র" প্রধান কার্যালয়ঃ- রোড-০৩, ২৮৮/১৭, বারিধারা ডিওএইচএস, ঢাকা-১২০৬। সূত্রঃ দৈনিক নবঅভিযান ২৪/১০/২০২৪ইং
ই-মেইলঃupazilaparibarbd@gmail.com

চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম

পদ সংখ্যা ১৮ জন

স্মারক নং- ৩৭৭/২০২৪ তারিখঃ ১৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. স্টেনো-টাইপিস্ট-কাম- কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০৩ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা। শর্ট হ্যান্ডে ইংরেজীতে গতি ৭০ ও বাংলায় ৪৫ শব্দ এবং মুদ্রাক্ষরে ইংরেজীতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।
২. তুলনা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
৩. হিসাব সহকারী ৯৩০০-২২৪৯০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। হিসাব সংরক্ষণে এবং কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৪. সহকারী রেকর্ড কীপার ৯৩০০-২২৪৯০/-	০২ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৫. স্টোর কিপার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৬. প্রসেস সার্ভার ৮৫০০-২০৫৭০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৭. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	০৭ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৮. নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৯. পরিচ্ছন্নতা কর্মী (ফরাশ) ৮২৫০-২০০১০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

গ্রামীণ 4G নেটওয়ার্ক-এ-নিয়োগ বিজ্ঞপ্তি

পদ সংখ্যা ৫২৮ জন

পদের নাম ও বেতন	সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.জেলা ব্যবস্থাপক বেতন-৪৫,৯৫০/-	১০৮ জন	এম.এ/বিএ/ডিপ্লোমা/সমমান। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২.এরিয়া ম্যানেজার বেতন-৪০,৭০০	১১৫ জন	বিএ/ডিপ্লোমা/সমমান। জেলা ম্যানেজার হিসাবে কাজ করতে হবে। সকল দায়িত্ব পালন করতে হবে।
৩.রিসিপশনিষ্ট (মেয়ে) বেতন-২৫,০০০/-	৫৫ জন	এইচ.এস.সি/সমমান। সু-স্পষ্ট ভাষার অধিকারী হতে হবে।
৪.অডিট অফিসার বেতন- [illegible]/-	১৩০ জন	এইচএসসি/সমমান। অফিসের সংশ্লিষ্ট কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
৫.অফিস সহকারী বেতন-২০,[illegible]০/-	১২০ জন	এস[illegible] অফিস সহকারী হিসাবে কাজ করতে হবে।

স্মারক নং-[illegible]/পি/০[illegible]৭০০৫ সরাসরি গ্রামীণ 4G নেটওয়ার্ক [illegible] জন্য কিছু [illegible] পুরুষ/মহিলা নিয়োগ করা হবে। সুবিধা- চাকরি [illegible] পেনশন ছাত্র/ছাত্রীদের পড়াশোনা করার জন্য সুযোগ রয়েছে। কর্মসময় সকাল ১০ টা হইতে বিকেল ৫ টা পর্যন্ত। শুক্র ও শনিবার অফিস বন্ধ থাকিবে।

আবেদনের নিয়মাবলীঃ- আগ্রহী [illegible] ১ [illegible] সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ আগামী ১৫/১১/২০২৪ইং তারিখের মধ্যে ও দরখাস্তে পদের নাম ও মোবাইল নম্বর সহ শুধুমাত্র ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে। সর্বোচ্চ বয়স ৫৫ বছর পর্যন্ত আবেদন করতে পারবেন। বছরে দুইটি ঈদ বোনাস পাবেন। ল্যাবটপ ও মোটর সাইকেল প্রদান করা হবে। স্থায়ীভাবে ২০ বছর পর্যন্ত চাকরি করতে পারবেন। রিটায়েড আর্মি কর্মকর্তাদের সুযোগ সুবিধা রয়েছে। যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। কিছু জানার থাকলে মোবাইলঃ ০১৭১২-৬১৯৭২৭ ই-মেইলঃ grameennet017@gmail.com

বরাবর, পরিচালক প্রধান কার্যালয় "গ্রামীণ 4G নেটওয়ার্ক" ঠিকানাঃ হাউজ নং-৩২/২, গুলশান, শাহজাতপুর, ঢাকা-১২১২। সূত্রঃ দৈনিক নব অভিযান ১৭/১০/২৪ইং

ই-মেইল:grameennet017@gmail.com

জাতীয় রাজস্ব বোর্ডে নিয়োগ

পদ সংখ্যা ৪৩ জন

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২৪/২০১ তারিখঃ ১৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	৪৩ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন : সকল করতে জেলার প্রার্থীগণ আবেদন পারবেন। ৩০ জুন, ২০২৪ তারিখে জারিকৃত নম্বর ইস্যু ০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২৪ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা এই পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। **অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ** প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। কোন প্রার্থী বিদেশি নাগরিককে বিয়ে করলে বা বিয়ে করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। **প্রার্থীর বয়সঃ** বর্ণিত পদে ০৭ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে। সকল প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়ঃ** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://nbr.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপঃ** Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৪ অক্টোবর, ২০২৪ খ্রিঃ সকাল ০৯:০০ ঘটিকা। Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৩ নভেম্বর, ২০২৪ খ্রিঃ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা জজ-এর কার্যালয় রাজশাহী

পদ সংখ্যা ১০ জন

স্মারক নং-৪১৯/২৪-জি তারিখঃ ০৯/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০১ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সাঁটলিপি ও কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত। সাঁটলিপিতে ইংরেজিতে ৭০ ও বাংলায় ৪৫ শব্দ লেখার গতি এবং কম্পিউটারে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
২. নিম্নমান সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০৩ জন	উচ্চ মাধমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানে পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত এবং ইংরেজিতে ৩০ ও বাংলায় ২০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
৩. জারীকারক ৮৫০০-২০৫৭০/-	০৪ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪. অফিস সহায়ক, ৮২৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণী পাস।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ডা. সিরাজুল ইসলাম মেডিকেল কলেজ

Dr.SIMC

পদ সংখ্যা ৯৮ জন

স্মারক নং: ডা. এসআইএমসি/প্রশা/২৪/৩৬৫ তারিখঃ ১৯/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
ক্লিনিক্যাল বিষয়সমূহ		
১. উপাধ্যক্ষ	০১ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। অধ্যক্ষ/ উপাধ্যক্ষ/ পরিচালক/ মেডিক্যাল প্রশাসক হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২. অধ্যাপক : (মেডিসিন-২; সার্জারী-২; গাইনী এন্ড অবস্-২; অথ্যালমোলজি-১; ই.এন.টি-১; কার্ডিওলজি-১; রেডিওলজি এন্ড ইমেজিং-১; পেডিয়েট্রিকস্-১; পেডিয়েট্রিক সার্জারী-১; ইউরোলজি-১; নিউরো মেডিসিন-১; নিউরো সার্জারী-১; অর্থোপেডিক সার্জারী-১; ফিজিক্যাল মেডিসিন-১; ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-১; রেসপিরেটরি মেডিসিন-১; এনেসথেসিওলজি-১)	২০ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। মেডিকেল কলেজে ১৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। সহযোগী ও সহকারী অধ্যাপক হিসাবে প্রতিটি পদে ০১টি করে মৌলিক প্রকাশনা সহ স্বীকৃত মেডিকেল জার্নালে ১০টি প্রকাশনা থাকতে হবে।।
৩. সহযোগী অধ্যাপক : (মেডিসিন-১; সার্জারী-১; গাইনী এন্ড অবস্-১; অফথ্যালমোলজি-১; ই.এন.টি-১; অর্থোপেডিকস্-১; পেডিএট্রিকস্-২; ডার্মাটোলজি-১; নেফ্রোলজি-১; ফিজিক্যাল মেডিসিন-১; সাইকিয়েটি-১; ইউরোলজি-১; এনেসথেসিওলজি-২; ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-১; রেসপিরেটরি মেডিসিন-১; কার্ডিওলজি-১; এনেসথেসিওলজি-১)	১৯ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। মেডিকেল কলেজে ০৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। সহযোগী ও সহকারী অধ্যাপক হিসাবে প্রতিটি পদে ০১টি করে মৌলিক প্রকাশনা সহ স্বীকৃত মেডিকেল জার্নালে ৫টি প্রকাশনা থাকতে হবে।।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল এন্ড কলেজ

পদ সংখ্যা ১৮ জন

স্মারক নং: এপিবিএনসিডি/০০৯/২০২৪/৫০ তারিখঃ ১৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. প্রভাষক : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ২২০০০-৫৩০৬০/-	০২ জন	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
২. ডেমোনস্ট্রেটর/ প্রদর্শক (পদার্থবিজ্ঞান-১, জীববিজ্ঞান-১, রসায়ন-১) ১৬০০০-৩৮৬৪০/-	০৩ জন	সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক / স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৩. সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) ১৬০০০-৩৮৬৪০/-	০২ জন	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ফাযিল ডিগ্রীসহ স্নাতকোত্তর/ সমমান ডিগ্রি। ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। বিএড ডিগ্রিধারী অগ্রাধিকার।
৪-৫. সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা) ১১২৪০-২৩৮৫০/-	০৩ জন	সংশ্লিষ্ট স্নাতক / স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য।
৬. কম্পিউটার অপারেটর ১২৫০০-৩২২৮০/-	০৩ জন	কম্পিউটার ডিপ্লোমা ইন সায়েন্স/ এইচএসসি/ সমমান পাশ। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৭. হিসাব সহকারী ১০০৫০-২০০১০/-	০১ জন	ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে এইচএসসি পাশ। ৩য় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৮. ইলেকট্রিশিয়ান ১০০৫০-২০০১০/-	০১ জন	৮ম /জেএসসি পাশ। সক্রিয় বিষয়ে ৬ মাসের ট্রেড কোর্স পাশ। অভিজ্ঞতা ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা।
৯. লিফট অপারেটর ১০০৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণী/জেএসসি পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
১০. খালি(পুরুষ)-১ ১০০৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণী/জেএসসি পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা প্রশাসক পটুয়াখালী

পদ সংখ্যা ৬৩ জন

স্মারক নম্বর: ৪৬.১০.৭৮০০,০০৯.০২.১৬০.১৬-৫৯৩ তারিখঃ ০৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর ৯৩০০-২২৪৯০/-	৬৩ জন	বাণিজ্য বিভাগে দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং টাইপিং এ গতি বাংলা ২০ ও ইংরেজি ২০ শব্দ।

মন্তব্য ঃ বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। শর্তাবলী ঃ প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় এর চাকুরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা www.patuakhali.gov.bd ওয়েব সাইট হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও আবেদন ফরম অত্র কার্যালয়ের স্থানীয় সরকার শাখা থেকে সংগ্রহ করা যাবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্রের নমুনা কপি www.patuakhali.gov.bd এ ওয়েব সাইট হতে ডাউনলোড করে দুই কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদনপত্র ফরমটি A4 অফসেট কাগজে প্রিন্ট করে হাতে পূরণ করতে হবে। আবেদনপত্র আগামী ০৭-১১-২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর পৌছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। পরীক্ষার ফি বাবদ ৪০০/- টাকা জেলা প্রশাসক, পটুয়াখালী-এর অনুকূলে 'রূপালী ব্যাংক লিমিটেড' এর যে কোন শাখা হতে ইস্যুকৃত পে-অর্ডার/ ডিডি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রার্থীর বয়স ০৭-১১-২০২৪ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙ্গিন ছবি (ছবিতে প্রার্থীর নাম লিখে এক কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং দুই কপি ছবি দুটি এডমিট কার্ডের সাথে আঠা দিয়ে লাগাতে হবে), এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ভূমি মন্ত্রণালয়ে চাকরি

পদ সংখ্যা ২৩৮ জন

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৮৬.১১.০৯৯.২৪(অংশ)-৭৬৬ তারিখঃ ৩০/০৯/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
সার্ভেয়ার ১০২০০-২৪৬৮০/-	২৩৮ জন	সার্ভে ইনষ্টিটিউটে ৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং(সার্ভেয়িং)পরীক্ষায় উত্তীর্ণ।

বিঃদ্রঃ সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেনঃ ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে জারিকৃত ইস্যু ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ)-৪০০ নম্বর বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা এই পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :** সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১ মে ২০২৪ তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের (১) নম্বর কলামের শূন্য পদ পূরণে "ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১" অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূল কপি জমা দিতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র-নৃগোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সরকারের সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। **আবেদন আগামী ০৮/১০/২০২৪ তারিখ সকাল ১০.০০টা হতে ০৮/১১/২০২৪ তারিখ বিকাল ৫.০০টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে।** প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং "ক" হতে "ছ" পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

পদ সংখ্যা ২৬ জন

নং- ১৫.৬৪.০০০০.২০১.১১.০০১.২৪.২৫৫৬ তারিখঃ ০৮/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (পিএ) ১০২০০-২৪৬৮০/-	০২ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং সাঁটলিপিতে শব্দের গতি বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ থাকতে হবে।
২. সাউন্ড রেকর্ডিস্ট ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং সংশ্লিষ্ট কাজে ১ বৎসরের অভিজ্ঞতা।
৩. প্রজেকশনিস্ট ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা এবং কম্পিউটার দক্ষতা।
৪. স্টোর কিপার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষ থাকতে হবে।
৫. হিসাবরক্ষক ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষ।
৬. রেজিস্ট্রেশন সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। প্রশাসনিক কাজে ২ বছরের অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় দক্ষ।
৭. পরীক্ষা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। প্রশাসনিক কাজে ২ বছরের অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় দক্ষ।
৮. লাইব্রেরি সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষ।
৯. চলচ্চিত্র ক্যাটালগার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষ।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বনপাড়া পৌরসভা

পদ সংখ্যা ০৬ জন

স্মারক নং-৪৬.০০.৬৯১৫.০০১.১১.০০২.২২-৩০৬ তারিখঃ ১৫/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. বিল ক্লার্ক ৯৩০০-১১৮৯০/-	০১ জন	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানে পরীক্ষা পাস হইতে হবে।
২. পাম্প চালক ৯৩০০-১১৮৯০/-	০২ জন	৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার।
৩. পাইপ লাইন মেকানিক ৯০০০-১১৫১০/-	০১ জন	৮ম শ্রেণী পাশ। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বছরের অভিজ্ঞতা।
৪. অফিস সহায়ক ৮২৫০-১০৫৬০/-	০১ জন	৮ম শ্রেণী পাশ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হবে।
৫. প্রহরী ৮২৫০-১০৫৬০/-	০১ জন	৮ম শ্রেণী পাশ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হবে।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

KAFCO কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানী

পদ সংখ্যা ০৩ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
Senior Teacher (Mathematics)	০১ জন	B.Sc. (Hon.) & M.Sc. in Mathematics from any reputed University; At least a CGPA 3.00 out of 4.00/1st class either in B.Sc. (Hons) or in M.Sc.; No Third class in B.Sc. (Hon.) & in M. Sc. level is acceptable. Having 5 years' teaching experience in Secondary / Higher Secondary level. Strong Communication skills in Bangla and in English.
Senior Teacher (Physics)	০১ জন	B.Sc. (Hon.) & M.Sc. in Physics from any reputed University. At least a CGPA 3.00 out of 4.00 /1st class either in B.Sc. (Hons) or in M.Sc.; No Third class in B.Sc. (Hon.) & in M. Sc. level is acceptable. 5 years' teaching experience in Secondary / Higher Secondary level. Strong Communication skills in Bangla and in English.
Teacher (KG)	০১ জন	CGPA 3.00 out of 4.00 / 1st class in 4-year graduation from any reputed University. CGPA 4.5 or 1st division in S.S.C and in H.S.C level; Should be a female person having 5 years' experience in teaching KG, Nursery, Pre-Nursery class in any reputed school.

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

ঢাকা বিশ্ববিদ্যালয়

পদ সংখ্যা ০৩ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. মেশিনম্যান গ্রেড-১ ১০২০০-২৪৬৮০/-	০১ জন	এস.এস.সি/সমমান পাশ। ২য় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং ২য় শ্রেণি/ সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়।
২. মেশিনম্যান গ্রেড-২ ৯৩০০-২২৪৯০/-	০১ জন	Brand: SAKURI, OLIVER 66 EZ japan) অফসেট মেশিন চালনায় পারদর্শী এবং রক্ষণাবেক্ষণে
৩. ইঙ্কম্যান ৯০০০-২১৮০০/-	০১ জন	পূর্ব অভিজ্ঞতা এবং ৪,৫ বা ৬ রং-এর মান সম্মত ছাপার কাজে ব্যবহারিক দক্ষতা ও অভিজ্ঞতা অগ্রাধিকার।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না। রেজিস্ট্রার-এর অনুকূলে প্রদেয় ৩০০/- টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদনপত্র আগামী ২০-১১-২০২৪ খ্রিস্টাব্দ/০৫-০৮-১৪৩১ বঙ্গাব্দ তারিখের মধ্যে পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

সূত্র : ইত্তেফাক ২১/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৪

প্রাণ গ্রুপে চাকরি

পদ সংখ্যা ৩০০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
অ্যাসিস্ট্যান্ট টেরিটরি সেলস ম্যানেজার (এটিএসএম)	৩০০ জন	এমবিএ/এমএসসি। অভিজ্ঞতাঃ প্রযোজ্য নয়।

বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ পুরুষ। বয়সঃ ২৫-৩২ বছর। কর্মস্থলঃ যে কোনো স্থান। আবেদনের নিয়মঃ আগ্রহীরা PRAN Group এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ০৫ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

নৌ পরিবহন পরিদপ্তর

নংঃ ১৮:১৭.১৫০০.১০১.১১.০০১.১৮/৩১৯৯ তারিখঃ ০৮/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
ড্রাইভার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হালকা গাড়ী চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স। অভিজ্ঞতা অগ্রাধিকার পাবেন।

মন্তব্য : কোটা ও বয়স সম্পর্কিত সরকার প্রচলিত সর্বশেষ নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। **শর্তাবলী ঃ** প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাকুরীর আবেদনপত্রের ফরমেটে আবেদন করতে হবে। পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ফটো, প্রার্থীর বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ১০ টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেট সহ ৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি আকারের একটি খাম এবং পরীক্ষার ফি বাবদ প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অনুকূলে ১০০/- টাকা ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং- ১-৫২৩১-০০০১-২০৩১ এ জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে এ পর্যায়ে অন্য কোন কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই। **তবে লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল/প্রদর্শন করতে হবে :** শিক্ষাগত যোগ্যতা এবং কারিগরী যোগ্যতার সনদ; জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ বিমান বাহিনী

আইএসপিআর/বিমান/২০২৪/৫৭ তারিখ ঃ ০৯/১০/২০২৪

অফিসার ক্যাডেট : ৯২ BAFA কোর্স

অনলাইনে আবেদনের সময়সীমাঃ ০১ নভেম্বর ২০২৪ থেকে ০৫ এপ্রিল ২০২৫।

শিক্ষাগত যোগ্যতা		
শাখা	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান	GCE 'ও' এবং 'এ' লেভেল
জিডি(পি)	উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে পদার্থ ও গণিত-সহ ৫টি লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ লেটার গ্রেড-'বি'।
লজিস্টিক /এটিসি/ এডিডব্লিউসি /মিটিওরলজি	উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে পদার্থ ও গণিত-সহ ৫টি বিষয়ে লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ লেটার গ্রেড-'বি'।
	লজিস্টিক/এটিসি/এডিডব্লিউসি প্রার্থীদের শাখা এক বছর প্রশিক্ষণ শেষে নির্ধারণ করা হবে।	
এডমিন	উভয় পরীক্ষায় যে কোন শাখায় জিপিএ ৪.৫০।	'ও' লেভেলে ৫টি বিষয়ে লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে ২টি বিষয়ে লেটার গ্রেড-'বি'
ফিন্যান্স	উভয় পরীক্ষায় ব্যবসায় শিক্ষা শাখায় জিপিএ ৪.৫০ এবং উভয় পরীক্ষায় হিসাব বিজ্ঞানে লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে হিসাব বিজ্ঞানসহ ৫টি বিষয়ে লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে হিসাব বিজ্ঞানসহ ২টি বিষয়ে লেটার গ্রেড-'বি'

অন্যান্য যোগ্যতা ঃ নাগরিকত্ব : বাংলাদেশি এর পুরুষ/মহিলা নাগরিক। বৈবাহিক অবস্থা : অবিবাহিত/অবিবাহিতা। **বয়স :** ১৬ বছর ৬ মাস হতে ২২ বছর (২৩ জুন ২০২৫ তারিখে), বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়। **উচ্চতাঃ পুরুষ প্রার্থী :** ৬৪ ইঞ্চি। বুকের মাপ : ৩২ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি। **মহিলা প্রার্থীঃ** জিডি(পি)- ৬৪ ইঞ্চি, অন্যান্য- ৬২ ইঞ্চি। বুকের মাপ : ২৮ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি। এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

পদ সংখ্যা ১০ জন

স্মারক নং-৫৬.০১.০০০০.০০৫.১১.৬১১.২২-১৩৯৯ তারিখঃ ১৪/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. অ্যাসোসিয়েট (আইন উপদেষ্টা) ২২০০০-৫৩০৬০/-	০১ জন	আইন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী। বাংলাদেশ বার কাউন্সিল হইতে সনদপ্রাপ্ত এবং কম্পিউটার চালনায় দক্ষতা।
২. লিয়াজোঁ অফিসার (আইটিইই) ২২০০০-৫৩০৬০/-	০১ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষতা।
৩. সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	০১ জন	দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ এবং সাঁটলিপিতে গতি ইংরেজিতে ৮০ এবং বাংলায় ৫০ শব্দ।
৪. সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০১ জন	দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ এবং সাঁটলিপিতে গতি ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ।
৫. ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষতা।
৬. গাড়ি চালক ৯৩০০-২২৪৯০/-	০১ জন	জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হালকা বা ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা বা ভারী গাড়ি চালনার অভিজ্ঞতা।
৭. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	০৪ জন	স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

ড. আফজাল হোসেন স্কুল এন্ড কলেজ

পদ সংখ্যা ৪৫ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সহকারি প্রধান শিক্ষক (বাংলা ভার্সন-১; ইংরেজি ভার্সন-১)	০২ জন	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে ইংরেজী মাধ্যমে পাঠদানে প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তৃতীয় বিভাগ/সমমান গ্রহনযোগ্য হবে না। ১ ডিসেম্বর ২০২৪ তারিখ অনুর্ধ্ব ৩৫ বছর। সহকারী প্রধান শিক্ষক পদের জন্য বয়স শিথিলযোগ্য। বিএড/বিপিএডসহ প্রার্থীদের বেতন গ্রেড-১১ (১২,৫০০-৩০,২৩০/-) চিকিৎসা ভাতা, বাড়ি ভাড়া, চাকুরী স্থায়ীকরনের সুবিধা রয়েছে। সহকারী প্রধান শিক্ষক পদে বেতন আলোচনা সাপেক্ষে।
২. সহকারী শিক্ষক (বাংলা-০৩; ইংরেজী-০৩; গণিত-০৩; ধর্ম-০৩; আইসিটি-০৩; পদার্থ বিজ্ঞান-০২; রসায়ন-০২; জীববিজ্ঞান-০২; হিসাব বিজ্ঞান-০২; ফিন্যান্স ও ব্যাংকিং-০২; ব্যবসায় উদ্যোগ-০২; ভূগোল-০২; অর্থনীতি-০২; ইতিহাস-০২; কৃষিশিক্ষা-০২; গার্হস্থ্য অর্থনীতি-০২; বাংলাদেশ ও বিশ্বপরিচয়-০২)	৩৯ জন	
৩. কম্পিউটার অপারেটর আলোচনা সাপেক্ষে	০২ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত এবং ইংরেজিতে ৩০ ও বাংলায় ২০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
৪. সিকিউরিটি ইনচার্জ আলোচনা সাপেক্ষে	০২ জন	অবসর প্রাপ্ত আর্মি অফিসারদের অগ্রাধিকার দেওয়া হবে।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

আর্মড পুলিশ ব্যাটালিয়ান পাঃ স্কুল ও কলেজ

পদ সংখ্যা ০৫ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা), ১১০০০-২৬৫৯০/-	০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি।
২. সহকারী শিক্ষক (মাধ্যমিক শাখা) (গণিত-১: বাংলা-১: ইংরেজি-১), ১২৫০০-৩০২৩০/-	০৩ জন	সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী অনার্সসহ স্নাতক ডিগ্রি।
৩. অফিস সহকারী (কলেজ শাখা), ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এইচ.এস.সি/ সমমানসহ ৬ মাস মেয়াদি কম্পিউটার ডিপ্লোমাধারী হতে হবে।

মন্তব্য ঃ বয়স সর্বোচ্চ ৩৫ বছর, তবে বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য। **অন্যান্য উল্লেখ্য বিষয় :** শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষায় CGPA 2.50/ ২য় শ্রেণি/বিভাগ/সমমান থাকতে হবে। ২ বৎসর সন্তোষজনকভাবে চাকুরী করার পর সিপিএফ এবং অন্যান্য সুবিধাসহ চাকুরী স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। আগ্রহী প্রার্থীগণ আবেদনপত্রের সাথে জীবন বৃত্তান্তসহ সংশ্লিষ্ট সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে অথবা apbpscbogra@yahoo.com ই-মেইল এ (মূল কাগজপত্র ও ছবিসহ আবেদনপত্র স্ক্যান করে পাঠাতে হবে যার হার্ডকপি পরীক্ষা গ্রহণের পূর্বেই অফিসে জমা দিতে হবে।) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া-এর বরাবরে দরখাস্ত প্রতিষ্ঠান কার্যালয়ে পৌঁছাতে হবে। আবেদনসমূহ যাচাই করে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত/মৌখিক/ ব্যবহারিক পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে ফোন/মোবাইলের মাধ্যমে জানানো হবে। ওয়ান ব্যাংক লিমিটেড, বগুড়া শাখায় STD- ০১৯৫১৫০৫৯৫০০৪ নম্বরে ৭০০/- টাকা (যা অফেরতযোগ্য) জমার মূল রশিদ/ ব্যাংকড্রাফ্‌ট আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। ২ নং পদের জন্য সাধারণ বিষয়াবলির পাশাপাশি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যন্ত পঠিত বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনে কর্তৃপক্ষ বিজ্ঞাপনে উল্লেখিত পদসমূহের সংখ্যা হ্রাস-বৃদ্ধিসহ এই নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। স্বাক্ষরিত/- (মাহবুবা হক) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া।

সূত্র : সমকাল ১৮/১০/২০২৪ইং পৃষ্ঠা-১২

minister মিনিস্টার হাই-টেক পার্ক লিঃ

পদ সংখ্যা ১০০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
সেলস অফিসার	১০০ জন	এসএসসি অথবা এইচএসসি। সংশ্লিষ্ট কাজে ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ পুরুষ। বয়সঃ ১৮-২৫ বছর। কর্মস্থলঃ বরিশাল, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, ফরিদপুর, জামালপুর, খুলনা, কিশোরগঞ্জ, লালমনিরহাট, ময়মনসিংহ, নাটোর, পঞ্চগড়, শরীয়তপুর, শেরপুর, টাঙ্গাইল। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Minister Hi-Tech Park Ltd এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ২০ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

নৌপরিবহন মন্ত্রণালয়ে চাকরি

প্রথম পৃষ্ঠার পর

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১১. ইলেকট্রিক ফিটার ৯৭০০-২৩৪৯০/-	০৫ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ- সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; বা "এ" বা "বি" শ্রেণির তড়িৎ লাইসেন্স।
১২. মোটর ড্রাইভার ৯৭০০-২৩৪৯০/-	০১ জন	জেএসসি বা সমমান এবং মোটর ড্রাইভিং লাইসেন্সসহ ভারী যানবাহন চালনায় ৩ বৎসরের অভিজ্ঞতা।
১৩. গুদাম রক্ষক ৯৩০০-২২৪৯০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ৬ মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত।
১৪. হিট ট্রিটমেন্ট ওয়েল্ডার/স্মীথ ৯০০০-২১৮০০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ নাবিক প্রশিক্ষণ হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ বছরের ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৫. ট্রেসার ৯০০০-২১৮০০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৬. রোগী পরিচর্যাকারী ৯০০০-২১৮০০/-	০১ জন	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্যারামেডিক্স বিষয়ে সার্টিফিকেট।
১৭. টার্নার ৮৮০০-২১৩১০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৮. ফিটার ৮৮০০-২১৩১০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৯. ফায়ারম্যান ৮৫০০-২০৫৭০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ জাহাজের ইঞ্জিন কক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা।
২০. গ্রন্থাগার পরিচর্যাকারী ৮২৫০-২০০১০/-	০১ জন	এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বা ফার্মে বই বাঁধাইয়ের কাজে অভিজ্ঞতা।
২১. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	২৪ জন	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

দ্রুত বিচার ট্রাইব্যুনাল রাজশাহী

স্মারক নং-২১০ তারিখঃ ১৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. নৈশ প্রহরী, ৮২৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণী পাস।

প্রার্থীকে বিচারক, (সিনিয়র জেলা ও দায়রা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল, রাজশাহী বরাবর স্বহস্তে লিখিত/টাইপকৃত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ)০১/০৯/২০২৪ খ্রিঃ তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ঞ) ধর্ম, (ট) নিজ জেলা, (ঠ) মোবাইল নম্বর (ড) শিক্ষাগত যোগ্যতা (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে। আবেদনপত্র চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত মহানগর দায়রা জজ, ১ম আদালত, রাজশাহী বরাবর আগামী ০৭/১১/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে প্রেরণ অথবা সরাসরি দ্রুত বিচার টাইব্যুনালে রক্ষিত নির্ধারিত বাক্সে ফেলতে হবে। ০১/০৯/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ১০০/- টাকা চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত মহানগর দায়রা জজ, ১ম আদালত, রাজশাহী, দ্রুত বিচার ট্রাইব্যুনাল হিসাব নং-৪৬১৯৩-৩৩০০৪৪১৭ সোনালী ব্যাংক লিঃ, কোর্ট বিল্ডিং শাখা, রাজশাহীচ বরাবর পেমেন্ট অর্ডার/ডিডি মাধ্যমে জমা করতে হবে। টাকা জমার মূল রসিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উপযুক্ত প্রার্থীদের পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রচলিত নিয়োগ বিধি/ সরকারের অপরাপর বিধি/আদেশ আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে। ১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। চেয়ারম্যান নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত মহানগর দায়রা জজ, ১ম আদালত, রাজশাহী।

সূত্র : সমকাল ১৮/১০/২০২৪ইং পৃষ্ঠা-১২

ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

পদ সংখ্যা ৩০ জন

নম্বর : ২৮.২৫.০০০০.০৫৩.১১.০০৭.২৪-০২ তারিখঃ ০৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
শিক্ষাধীন (Apprentice)	৩০ জন	এসএসসি (বিজ্ঞান) বা সমমান এবং এইচএসসি (বিজ্ঞান) বা সমমান উভয় পরীক্ষায় পৃথকভাবে জিপিএঃ ৩.০০ (৫ পয়েন্ট স্কেলে) অর্জন।

বয়স সীমাঃ ১৮ থেকে ২৫ বছর। **আবেদনকারীদের জন্য প্রযোজ্য শর্তাবলিঃ প্রশিক্ষণ মেয়াদকালঃ** "শিক্ষাধীন" হিসেবে নির্বাচিত প্রার্থীগণ ০২ বছর মেয়াদি বাস্তব কাজে (On-the-Job) পালায় বা সাধারণ পালায় প্রশিক্ষণে নিয়োজিত থাকবেন (প্রশিক্ষণের মেয়াদ প্রয়োজনবোধে ০৬ মাস বৃদ্ধি করা যেতে পারে)। **প্রশিক্ষণ ভাতাঃ** শিক্ষাধীনগণ ১ম বছর-১৬,৫০০/-; ২য় বছর-১৭,৩০০/- [মাসিক সর্বসাকুল্যে] প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। সন্তোষজনকভাবে "শিক্ষাধীন" হিসেবে বাস্তব অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন প্রার্থীদের যাবতীয় ভেরিফিকেশন ও প্রচলিত নিয়োগ নীতিমালা অনুসরণে ভবিষ্যতে কোম্পানিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। নিয়োগের ক্ষেত্রে তাঁদেরকে শ্রমিকঃ গ্রেড-৩; ১১,০০০-২৬,৫৯০/- এর প্রারম্ভিক মূল বেতনে নিয়োগ প্রদান করা হবে। নিয়োগের ক্ষেত্রে বিপিসি কর্তৃক অনুমোদিত "বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর অধীনস্থ কোম্পানিসমূহের এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

শহীদ মনসুর আলী মেডিকেল কলেজ

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. অধ্যক্ষ (মেডিকেল কলেজ)		MBBS and MPhil / MD/MS/ FCPS.PhD (অতিরিক্ত যোগ্যতা)। অধ্যাপক (Confirmed)। উপাধ্যক্ষ/একাডেমিক কোঅর্ডিনেটর/ফেজ কোঅর্ডিনেটর হিসেবে তিন বছরের অভিজ্ঞতা। বয়সঃ ৫০ বছর। হালনাগাদ BMDC রেজিস্ট্রেশন।
২. উপাধ্যক্ষ (মেডিকেল কলেজ)		MBBS and MPhil / MD/MS/FCPS. খ. অধ্যাপক। গ. একাডেমিক কোঅর্ডিনেটর/ ফেজ কোঅর্ডিনেটর/ বিভাগীয় প্রধান হিসেবে তিন বছরের অভিজ্ঞতা। বয়স : ৪৫ বছর।

শর্তাবলী ঃ প্রতিটি পদের বেতন-ভাতা প্রতিষ্ঠান প্রবর্তিত বেতন-স্কেল ২০২৩ প্রযোজ্য হবে। আবেদন পত্রের সংগে সিডিউল ব্যাংক থেকে ৫০০ টাকার পে-অর্ডার, এক কপি CV, NID, দুইকপি ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ জমা দিতে হবে। খামের উপর পদের নাম লিখে, আবেদন পত্র কুরিয়ার ডাকযোগে প্রেরন করতে হবে। সরাসরি কোন আবেদন পত্র গ্রহন করা হবে না। পে-অর্ডার, শহীদ মনসুর আলী মেডিকেল কলেজ-এর অনুকূলে হবে। আবেদনপত্র গ্রহন করার শেষ তারিখ ১৫-১১-২০২৪ খ্রিষ্টাব্দ বেলা ২:৩০ মিঃ পর্যন্ত। স্বাক্ষরিত/- অধ্যাপক ডা. কাজী জাহাঙ্গীর হোসেন, অধ্যক্ষ, শহীদ মনসুর আলী মেডিকেল কলেজ, রোড # ১০, সেক্টর # ১১, উত্তরা, ঢাকা-১২৩০।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ০৮/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৭

WALTON ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি

পদ সংখ্যা ১০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
বিজনেস এক্সপেনশন অফিসার (ওয়ালটন/ মার্সেল ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক বিভাগ)	১০ জন	স্নাতক/সমমান। সংশ্লিষ্ট কাজে ০১-০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ ২২-৩৫ বছর। কর্মস্থলঃ যে কোনো স্থান। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Walton Hi-Tech Industries PLC এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ৩১ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

সাপ্তাহিক চাকরির বিজ্ঞাপণ পত্রিকার সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সাপ্তাহিক চাকরির বিজ্ঞাপণ পত্রিকায় বারবার প্রকাশিত বক্স আকারের চাকরির বিজ্ঞাপনগুলো অত্যন্ত সতর্কতার সহিত ভালো করে খোঁজ-খবর নিয়ে নিজ দায়িত্বে চাকরির জন্য যোগাযোগ করুন। **মোবাইল নাম্বার ও ই-মেইল এর মাধ্যমে যোগাযোগ করে কোন প্রকার টাকা-পয়সা লেনদেন না করার জন্য পরামর্শ দেওয়া হলো। চাকরির জন্য বিভিন্ন অজুহাত দেখিয়ে অথবা উচ্চ বেতনের অফার করে টাকা চাইলে দেবেন না। তারপরও যদি কেউ আর্থিক লেনদেন করে থাকেন তা হলে নিজ দায়িত্বে করিবেন। এক্ষেত্রে কেউ আর্থিক ক্ষতিগ্রস্ত হলে সাপ্তাহিক চাকরির বিজ্ঞাপণ পত্রিকার কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।** -ভারপ্রাপ্ত সম্পাদক

একনজরে চাকরির বিজ্ঞাপন

র‍্যাংগস মটরস লিমিটেড

বিভাগের নামঃ ফাইন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস, র‍্যাংগস মটরস ওয়ার্কশপ লিমিটেড। পদের নামঃ এক্সিকিউটিভ/সিনিয়র এক্সিকিউটিভ। পদসংখ্যাঃ নির্ধারিত নয়। শিক্ষাগত যোগ্যতাঃ বিবিএ/এমবিএ (ফাইন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস/সমমান)। অভিজ্ঞতাঃ ০২-০৫ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ ২৪-৩৫ বছর। কর্মস্থলঃ ময়মনসিংহ, ঢাকা (মিরপুর), নারায়ণগঞ্জ (সোনারগাঁও)। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Rangs Motors Limited এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ১৩ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

আগোরা লিমিটেড

বিভাগের নামঃ সাপ্লাই চেইন। পদের নামঃ অফিসার। পদসংখ্যাঃ নির্ধারিত নয়। শিক্ষাগত যোগ্যতাঃ বিবিএ (সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট)/বিবিএ। অভিজ্ঞতাঃ ০২ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ সর্বনিম্ন ২৫ বছর। কর্মস্থলঃ ঢাকা। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Agora Limited এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ৩০ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

আরএফএল গ্রুপ

বিভাগের নামঃ মার্চেন্ডাইজিং। পদের নামঃ ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসার (এমটিও)। পদসংখ্যাঃ ০৫ জন। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতক (মার্চেন্ডাইজিং/ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং/লেদার টেকনোলজি/ ফুটওয়্যার/ সমমান)। অভিজ্ঞতাঃ ০১-০২ বছর। বেতনঃ ২৫,০০০ টাকা। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ ২৪ বছর। কর্মস্থলঃ নরসিংদী, রংপুর। আবেদনের নিয়মঃ আগ্রহীরা RFL Group এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ০৬ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসি

বিভাগের নামঃ ক্যাশ, জেনারেল, রিটেইল, এসএমই। পদের নামঃ ব্রাঞ্চ কাস্টমার সার্ভিস অফিসার। পদসংখ্যাঃ নির্ধারিত নয়। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতক। অভিজ্ঞতাঃ ০২ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ নির্ধারিত নয়। কর্মস্থলঃ ব্রাহ্মণবাড়িয়া, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Mutual Trust Bank PLC (MTB) এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ২৮ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

ঢাকা বোট ক্লাব লিমিটেড

পদের নামঃ ফ্রন্ট ডেস্ক অফিসার। পদসংখ্যাঃ ০২ জন। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতক। অভিজ্ঞতাঃ ০২-০৫ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ পুরুষ। বয়সঃ ২০-৩৫ বছর। কর্মস্থলঃ ঢাকা। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Dhaka Boat Club এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ৩১ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

এসএ গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ

বিভাগের নামঃ পেপার সেলস। পদের নামঃ সিনিয়র ম্যানেজার/ম্যানেজার। পদসংখ্যাঃ ০১ জন। শিক্ষাগত যোগ্যতাঃ এমবিএ (মার্কেটিং)। অভিজ্ঞতাঃ ০৮-১০ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ পুরুষ। বয়সঃ ৩৫-৫৫ বছর। কর্মস্থলঃ চট্টগ্রাম। আবেদনের নিয়মঃ আগ্রহীরা S.A. Group of Industries এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ০৮ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

এসিআই মটরস লিমিটেড

বিভাগের নামঃ সোনালিকা ট্রাক্টর। পদের নামঃ সিনিয়র/প্রোডাক্ট এক্সিকিউটিভ। পদসংখ্যাঃ নির্ধারিত নয়। শিক্ষাগত যোগ্যতাঃ বিবিএ/ এমবিএ (মার্কেটিং)। অভিজ্ঞতাঃ ০২-০৬ বছর। তবে অভিজ্ঞতা ছাড়াও আবেদন করতে পারবেন। বেতনঃ ৩৫,০০০ টাকা। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ ২৪-৩২ বছর। কর্মস্থলঃ ঢাকা (তেজগাঁও)। আবেদনের নিয়মঃ আগ্রহীরা ACI Motors Limited এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ৩১ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি

বিভাগের নামঃ জেনারেল ব্যাংকিং। পদের নামঃ কাস্টমার সার্ভিস অফিসার। পদসংখ্যাঃ নির্ধারিত নয়। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতকোত্তর। অভিজ্ঞতাঃ ০৩-০৪ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ নির্ধারিত নয়। কর্মস্থলঃ যে কোনো স্থান। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Community Bank Bangladesh PLC এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ৩১ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি

বিভাগের নামঃ হেড অব সেফটি অ্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট। পদের নামঃ এভিপি/ এফএভিপি। পদসংখ্যাঃ নির্ধারিত নয়। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতকোত্তর/ স্নাতক/সমমান। অভিজ্ঞতাঃ ১২ বছর। বেতনঃ প্রতিষ্ঠানের নীতিমালা অনুযায়ী। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ ০৩ নভেম্বর ২০২৪ তারিখ সর্বোচ্চ ৪৫ বছর। কর্মস্থলঃ যে কোনো স্থান। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Islami Bank Bangladesh PLC এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ০৩ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ প্রতিষ্ঠানটির ওয়েবসাইট**

আবুল খায়ের টোব্যাকো কোম্পানি

পদের নামঃ ডিস্ট্রিবিউশন এক্সেলেন্স অফিসার। পদসংখ্যাঃ নির্ধারিত নয়। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতকোত্তর অথবা সমমান। অভিজ্ঞতাঃ সিগারেট/ এফএমসিজি ব্র্যান্ড বিক্রয় ও বিতরণ ব্যবস্থাপনায় ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনঃ ৪৫,০০০ টাকা। অন্যান্য যোগ্যতাঃ টিম পরিচালনায় পারদর্শী, চটপটে ও উপস্থাপনায় দক্ষতা সম্পন্ন এবং কনভিন্সিং অ্যাবিলিটি থাকতে হবে। অফিসিয়াল মোবাইল অ্যাপস ব্যবহারের উপযোগী নিজস্ব অ্যান্ড্রোয়েড মোবাইল ফোন থাকতে হবে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ ১৫ অক্টোবর ২০২৪ তারিখ সর্বোচ্চ ৩২ বছর। কর্মস্থলঃ যে কোনো স্থান। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Abul Khair Tobacco Company Limited এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ৩০ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

মধুমতি ব্যাংক পিএলসি

পদের নামঃ হেড অব অপারেশনস ডিভিশন (ভিপি-এসভিপি)। পদসংখ্যাঃ ০১ জন। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতক। অভিজ্ঞতাঃ ১৫ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ নির্ধারিত নয়। কর্মস্থলঃ ঢাকা। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Modhumoti Bank PLC এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ০৬ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

সিটি গ্রুপ

বিভাগের নামঃ ফাইন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস। পদের নামঃ ডেপুটি ম্যানেজার/ম্যানেজার। পদসংখ্যাঃ ০১ জন। শিক্ষাগত যোগ্যতাঃ বিবিএ/ এমবিএ/ এমকম। অভিজ্ঞতাঃ ০৫-১০ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ পুরুষ। বয়সঃ ৩৫-৫০ বছর। কর্মস্থলঃ ঢাকা (গুলশান-২)। আবেদনের নিয়মঃ আগ্রহীরা City Group এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ২৯ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

এপেক্স ফুটওয়্যার লিমিটেড

বিভাগের নামঃ ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর। পদের নামঃ ডেপুটি ম্যানেজার। পদসংখ্যাঃ ০১ জন। শিক্ষাগত যোগ্যতাঃ এমএসসি/বিএসসি (সিএসই)। অভিজ্ঞতাঃ ০৬-১১ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ ৩০-৩৬ বছর। কর্মস্থলঃ ঢাকা (গুলশান-১)। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Apex Footwear Limited এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ০৬ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

ট্রান্সকম ইলেক্ট্রনিক্স লিমিটেড

বিভাগের নামঃ টিইএল ডিস্ট্রিবিউশন। পদের নামঃ টেরিটরি সেলস ম্যানেজার। পদসংখ্যাঃ ০১ জন। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতক। অভিজ্ঞতাঃ ০৩ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ ২৮-৪৫ বছর। কর্মস্থলঃ পাবনা, সিরাজগঞ্জ। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Transcom Electronics Limited এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ০৭ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

যমুনা ইলেকট্রনিক্স অ্যান্ড অটোমোবাইলস

বিভাগের নামঃ ক্রেডিট রিকভারি। পদের নামঃ ডিজিএম/জিএম। পদসংখ্যাঃ ০১ জন। শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতক। অভিজ্ঞতাঃ ১২-১৫ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ পুরুষ। বয়সঃ সর্বনিম্ন ৩৫ বছর। কর্মস্থলঃ ঢাকা। আবেদনের নিয়মঃ আগ্রহীরা Jamuna Electronics & Automobiles Ltd এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ৩১ অক্টোবর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড

বিভাগের নামঃ সাপ্লাই চেইন ফাইন্যান্স। পদের নামঃ অ্যাসিস্ট্যান্ট রিলেশনশিপ ম্যানেজার। পদসংখ্যাঃ ০৩ জন। শিক্ষাগত যোগ্যতাঃ বিবিএ। অভিজ্ঞতাঃ ০৩-০৬ বছর। বেতনঃ আলোচনা সাপেক্ষে। চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। বয়সঃ নির্ধারিত নয়। কর্মস্থলঃ ঢাকা। আবেদনের নিয়মঃ আগ্রহীরা IPDC Finance Limited এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়ঃ ১৫ নভেম্বর ২০২৪ইং। সূত্রঃ বিডিজবস ডটকম**

প্রধান উপদেষ্টা ঃ ফাতেমা আক্তার, মোঃ নুর হোসেন, সম্পাদক ও প্রকাশক ঃ মোঃ আঃ হান্নান তপদার, ভারপ্রাপ্ত সম্পাদক ঃ মোঃ তারেক হোসেন, ব্যবস্থাপনা সম্পাদক ঃ মোঃ বিল্লাল হোসেন, নির্বাহী সম্পাদক ঃ মোশাররফ হোসেন খোকন, বিজ্ঞাপন ম্যানেজার ঃ সুমন বড়ুয়া, বিপ্লব, গিয়াস উদ্দিন, হিরন। পৃষ্ঠপোষক- ইমাম হোসেন, সম্পাদক কর্তৃক ৯/ডি টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা থেকে প্রকাশিত। ১৩ নয়াপল্টন গুডলাক প্রিন্টার্স হইতে মুদ্রিত। যোগাযোগ ঃ ২৯/১ এফ দৈনিক বাংলার মোড় (২য় তলা) এন.সি.সি ব্যাংকের পাশে, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। সার্বিক যোগাযোগ (সার্কুলেশন ম্যানেজার:- মোঃ রাকিব হোসেন ০১৭৮৫-৯৩৩০৩৫)
(সম্পাদক মোবাইল নং- নগদ ০১৭৪৭-১৬২২৩১, বিকাশ ০১৯১২-৬০১৪৬৪, ০১৭১৯-৩৯০৭৪৫)

ভূমি মন্ত্রণালয়ে চাকরি

প্রথম পৃষ্ঠার পর

ছায়ালিপি দাখিল করেতে হবে : (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র; (খ) ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ; (ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র; (ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্মনিবন্ধন সনদ; (চ) জাতীয় পরিচয়পত্র; (ছ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে ভূমি মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের www.minland.gov.bd মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। অনলাইনে-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে। বিস্তারিত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.minland.gov.bd) পাওয়া যাবে। প্রার্থীকে http://www.minland.teletalk.com.bd এই লিংকে প্রবেশ করে অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী : আবেদনের সময়সীমা নিম্নরূপঃ** Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৮/১০/২০২৪ খ্রি. তারিখ, সকাল ১০:০০টা। Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ০৮/১১/২০২৪ খ্রি. তারিখ, বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা Teletalk pre-paid mobile নম্বররের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: MINLAND <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: MINLAND <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://minland.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। স্বাক্ষরিত/- উপসচিব (মাঠ প্রশাসন-১) ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি, ভূমি মন্ত্রণালয়। www.minland.gov.bd

সূত্র : যুগান্তর ০৫/১০/২০২৪ইং পৃষ্ঠা-১২

বনপাড়া পৌরসভা

শেষ পৃষ্ঠার পর

আবেদনপত্র দাখিলের শর্তাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি : উপরে-বর্ণিত শূন্যপদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীকে প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর বরাবর আবেদন করিতে হইবে। আবেদনপত্রের সাথে প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর বরাবর যে কোন তফসিলী ব্যাংক হইতে ১-২নং ক্রমিকের জন্য ৩০০ টাকা, ৩নং ক্রমিকের জন্য ২০০ টাকা, ৪- ৫নং ক্রমিকের জন্য ১০০ টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে প্রার্থীর ক) নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ, ছ) ০৫/১১/২০২৪ খ্রিঃ তারিখে বয়স, জ) জাতীয়তা, ঝ) ধর্ম, ঞ) নিজ জেলা, ট) শিক্ষাগত যোগ্যতা, ঠ) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত দরখাস্ত আগামী ০৫/১১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর এর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে দরখাস্ত পৌছাইতে হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত (ডাকযোগে প্রাপ্ত হইলেও) আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। ০৫/১১/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। **আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করিতে হইবে-** ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন তিন কপি সত্যায়িত ছবি। খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি। গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা প্রশাসক/সিটি কর্পোরেশন প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল কপি। ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি। (যাবতীয় কাগজপত্রের ফটোকপি সমূহ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীলমোহর থাকিতে হইবে) ঙ) জাতীয় পরিচয়পত্রের (এন আই ডি) সত্যায়িত ফটোকপি। নিয়োগ সম্পর্কিত প্রচলিত সরকারি বিধিমালা ও সরকারের জারীকৃত সর্বশেষ কোটা নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হইবে। খাম ছাড়া কোন খোলা আবেদনপত্র গৃহীত হইবে না এবং খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সাথে স্পষ্টাক্ষরে লিখিত আবেদনকারীর নাম-ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাকটিকিট যুক্ত ১০ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম দিতে হইবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। যোগ্য প্রার্থীদের পরীক্ষার তারিখ, সময় ও স্থান উল্লেখসহ পরবর্তীতে প্রবেশপত্র ইস্যু করা হইবে। স্বাক্ষরিত/- (মোঃ আশরাফুল ইসলাম), প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর ও আহ্বায়ক, কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটি।

সূত্র : যুগান্তর ১৭/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৯

ড. আফজাল হোসেন স্কুল এন্ড কলেজ

শেষ পৃষ্ঠার পর

Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং ক্রমিকের জন্য (বর্ণিত পদে) আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: NBR <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: NBR <Space> Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nbr.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। **প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদের এক সেট ফটোকপি দাখিল করতে হবে ঃ** (ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ। (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ। (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ। (ঘ) সকল কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/ প্রমাণক। (ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ। (চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশপত্রের কপি (Admit Card)। (ছ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইট www.nbr.gov.bd এর মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে SMS এর মাধ্যমে জানানো হবে। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। স্বাক্ষরিত/- প্রথম সচিব (বোর্ড প্রশাসন) ও সদস্য সচিব, বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। www.nbr.gov.bd

সূত্র : ইত্তেফাক ২০/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৪

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

প্রথম পৃষ্ঠার পর

(৫) পিজিয়ন চেষ্ট (pectus Carinatum) সহ অঙ্গ বিকৃতি থাকতে পারবে না। (৬) নকনি (Knock Knee) এবং ফ্ল্যাট ফুট (Flat Foot) থাকলে অযোগ্য বলে বিবেচিত হবে। (৭) ওজন, উচ্চতা, বয়স অনুপাতে বাংলাদেশের জন্য সরকারী সংস্থা/সামরিক বাহিনী/ আধা সামরিক বাহিনীর জন্য প্রযোজ্য তালিকা অনুযায়ী অনুসৃত হবে। **অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলীঃ** আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট cpadigital.gov.bd jobs তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে। অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০X৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ১০০ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০X৮০ রেজুলেশনে সর্বোচ্চ ৬০ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে স্বাক্ষর আপলোড করতে হবে; অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর pay now অপশনে ক্লিক করে প্রার্থীকে অন লাইনে ফি জমা দিতে হবে। ০১ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি ২০০/- টাকা; ০২-০৩ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি ১০০/- টাকা: প্রার্থীদের অন-লাইন আবেদনের কপি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ- এর ওয়েব সাইটের (www.cpa.gov.bd) মাধ্যমে এবং মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে যথাসময়ে নিয়োগ পরীক্ষার সময়সূচী জানানো হবে। প্রার্থীরণ cpadigital.gov.bd/jobs ওয়েব সাইটে লগ-ইন করে পরীক্ষার প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড ডাউনলোড করে সংগ্রহ করবেন। ডাকযোগে কোন প্রবেশপত্র ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে না। নিয়োগের ক্ষেত্রে কোটা বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন/নির্দেশনা প্রযোজ্য হবে। মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের বয়স সীমা ৩২ বছর। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। **অন-লাইনে আবেদন গ্রহণ শুরুর সময়ঃ ১৫/১০/২০১৪ খ্রিঃ সকাল ১০-০০ টা। অন-লাইনে আবেদন গ্রহণের শেষ সময়ঃ ১৪/১১/২০১৪ খ্রিঃ রাত ১২-০০ টা। অন-লাইনে ফি জমাদানের শেষ তারিখঃ ১৭/১১/২০২৪ খ্রিঃ।** স্বাক্ষরিত/- পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন-৪১০০। www.cpa.gov.bd

সূত্র : ইত্তেফাক ০৯/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৩

ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি

প্রথম পৃষ্ঠার পর

ক্ষেত্রে প্রার্থীদের এ বিষয়ে দাখিলকৃত সনদ সঠিক মর্মে প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রত্যয়নপত্র প্রাপ্তির পর নিয়োগপত্র প্রদান করা হবে। মুক্তিযোদ্ধা কোটায় চাকরি দাবিদার সকল প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রদত্ত নির্ধারিত ছক আলাদা কাগজে পূরণ করে আবেদনপত্রের সাথে পাঠাতে হবে। প্রার্থী উপজাতি হলে উপজাতি মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (NOC) দাখিল করতে হবে। অবসরপ্রাপ্ত সশস্ত্রবাহিনীর সদস্যদের আবেদনের সাথে অবশ্যই ডিসচার্জ বুক/খালাসি বইয়ের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপিসহ উপস্থিত হতে হবে এবং এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে। আবেদনপত্র সর্বশেষ ১৪-১১-২০২৪ খ্রি.-এর মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি, পলাশ, নরসিংদী বরাবর পাঠাতে হবে। আবেদনপত্রের সাথে ব্যবস্থাপনা পরিচালক, ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি এর অনুকূলে নিরাপত্তা পরিদর্শক পদের জন্য ৩০০/- এবং নিরাপত্তা প্রহরী পদের জন্য ১০০/- টাকা মূল্যমানের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রেরণ করতে হবে। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে), পরীক্ষার সময়সূচি ও ফলাফল জিপিএফপিএলসি এর নিজস্ব ওয়েব সাইট এবং বিসিআইসির ওয়েবসাইট www.bcic.gov.bd পাওয়া যাবে। স্বাক্ষরিত/- (মোঃ ফখরুল আলম), মহাব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে- ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি।

সূত্র : সমকাল ১৭/১০/২০২৪ইং পৃষ্ঠা-১০

নৌপরিবহন মন্ত্রণালয়ে চাকরি

শেষ পৃষ্ঠার পর

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে: ১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে প্রার্থীর বয়স-সীমা বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। [বিভাগীয় প্রার্থী অর্থ এরূপ কর্মচারী যিনি বাংলাদেশ মেরিন একাডেমির রাজস্বখাতে সৃষ্ট পদে ২ বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত]। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://mos.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপ:** Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৭ অক্টোবর ২০২৪ সকাল ১০:০০টা। Online--এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬ নভেম্বর ২০২৪ বিকাল ৪:০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং থেকে ২নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ৩৩৫/-, ৩নং থেকে ১৩নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা এবং ১৪নং থেকে ২১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: MOS <Space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: MOS <Space> Yes <Space> PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mos.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.mos.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং ক্ষুদে বার্তা এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। **মৌখিক পরীক্ষার সময় নিম্ন বর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:** (ক) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ); (গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি; (ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি; (চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy); উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে। স্বাক্ষরিত/- মোসাঃ শুকরিয়া পারভীন, উপসচিব ও সদস্য-সচিব, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, পাবনা, বরিশাল, সিলেট এবং রংপুরের ১১তম-২০তম গ্রেডভুক্ত পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি, নৌপরিবহন মন্ত্রণালয়, নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। www.mos.gov.bd

সূত্র : যুগান্তর ১৬/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৫

জেলা জজ-এর কার্যালয় রাজশাহী

প্রথম পৃষ্ঠার পর

শর্তাবলী ঃ প্রার্থীকে জেলা জজ, রাজশাহী বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ১৯-০৯-২০২৪ খ্রিঃ তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ঞ) ধর্ম, (ট) নিজ জেলা, (ঠ) মোবাইল নম্বর (ড) শিক্ষাগত যোগ্যতা (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে। আবেদনপত্র চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, অতিরিক্ত জেলা জজ, ২য় আদালত, রাজশাহী বরাবর আগামী ০৪-১১-২০২৪ খ্রিঃ তারিখ বেলা ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি উক্ত অফিসে রক্ষিত বাক্সে পৌছাতে হবে। ইংরেজি ১৯-০৯-২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। **আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :** ক. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি। খ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। গ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। ঘ. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র। ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি। চ. প্রার্থীর নাম-ঠিকানাসহ ১০/- টাকার ডাকটিকিট সম্বলিত ১.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ১৫০/- টাকা "চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, জেলা জজ আদালত, রাজশাহী, হিসাব নং-৪৬১৯৩০২০০০৮৩৪, সোনালী ব্যাংক লিঃ, কোর্ট বিল্ডিং শাখা, রাজশাহী" বরাবর পেমেন্ট অর্ডার/ডিডি/সরাসরি ভাউচারের মাধ্যমে জমা করতে হবে। টাকা জমার মূল রসিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে এবং rajshahi.judiciary.org.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। খামের উপর অবশ্যই পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। প্রচলিত নিয়োগ বিধি/সরকারের অপরাপর বিধি/আদেশ আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। স্বাক্ষরিত/- (শারমিন আখতার) অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত ও চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, রাজশাহী।

সূত্র : কালের কণ্ঠ ১১/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৭

ঢাকা. জে.প্র.রেজি নং-৬৫/২০১২ ✽ ১১ তম বর্ষ ✽ ৪৭তম সংখ্যা ✽ শুক্রবার ✽ ২৫ অক্টোবর ২০২৪ খ্রি. ✽ ৯ কার্তিক ১৪৩১ ✽ ২১ রবিউস সানি ১৪৪৬ ✽ পৃষ্ঠা-৪, মূল্য: ১০ টাকা মাত্র

জাতীয় রাজস্ব বোর্ড

পদ সংখ্যা ১১৪ জন

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২৪/৮০৪ তারিখঃ ২০/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	১৪ জন	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারে : বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
২. উচ্চমান সহকারী ১১০০০-২৬৫৯০/-	২২ জন	মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারে: দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রি। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা।
৩. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	৩৫ জন	মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারে: দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষরে যথাক্রমে বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ টাইপ রাইটিং এর গতিসহ কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা।
৪. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক / অফিস সহকারী ৯৩০০-২২৪৯০/-	০৯ জন	মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারে: দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ টাইপ রাইটিং এর গতিসহ কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা।
৫. ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর ৯৩০০-২২৪৯০/-	৩৪ জন	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১১ অনুসারে: এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

নৌপরিবহন মন্ত্রণালয়ে চাকরি

পদ সংখ্যা ১১৩ জন

নম্বর: ১৮.০০.০০০০.০১৭.২২.০০৩.২৪-৯২৭ তারিখঃ ১৫/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. ফোরম্যান ১২৫০০-৩০২৩০/-	০৪ জন	যান্ত্রিক, শক্তি কৌশল, সিভিল বা অটোমোবাইল প্রকৌশলে ০৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা।
২. ইনস্ট্রুমেন্ট অপারেটর ১২৫০০-৩০২৩০/-	০৫ জন	ইনফরমেশন টেকনোলজি-তে ৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা।
৩. হিসাবরক্ষক ১০২০০-২৪৬৮০/-	০৪ জন	বাণিজ্য অনুষদভুক্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। ৬ মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত।
৪. ড্রাফটসম্যান, ১০২০০-২৪৬৮০/-	০৫ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা।
৫. সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	১৭ জন	দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার ব্যবহারে দক্ষতা। সাঁটলিপিতে গতি বাংলা-৪৫ ও ইংরেজি-৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর-এ গতি বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ।
৬. চিকিৎসা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ফার্মাসিস্ট বা প্যারামেডিক্স বিষয়ে ২ বৎসর মেয়াদি ট্রেড কোর্স সার্টিফিকেট। ১ বছরের অভিজ্ঞতা।
৭. রেফ্রিজারেটর মেকানিক ৯৭০০-২৩৪৯০/-	০৫ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট থাকতে হবে।
৮. মেশিনিস্ট ৯৭০০-২৩৪৯০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
৯. মেকানিক ৯৭০০-২৩৪৯০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
১০. ইনস্ট্রুমেন্ট মেকানিক ৯৭০০-২৩৪৯০/-	০৫ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ- সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; বা "এ" বা "বি" শ্রেণির তড়িৎ লাইসেন্স।

এরপর শেষ পৃষ্ঠায় দেখুন

ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি

GPFPLC

পদ সংখ্যা ৬৯ জন

সূত্র নং-৩৬.০১.৬৮৬৩.৫২৭.০০.০২-০৯.২৪/৭৭১ তারিখঃ ১৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. নিরাপত্তা পরিদর্শক ১১৩০০-২৭৩০০/-	০৪ জন	সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা সমেত স্নাতক/সমমান ডিগ্রিধারী হতে হবে।
২. নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-	৬৫ জন	সেনাবাহিনী/পুলিশ বাহিনী/আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত এসএসসি/সমমান পরীক্ষায় পাস।

বয়সসীমা ঃ ১নং পদে ৩০ বছর এবং ২নং পদে- ৪০ বছর। আনসার বাহিনীর সদস্যদের ক্ষেত্রে Running CC সহ অভিজ্ঞতা সম্পন্ন সদস্যরা অগ্রাধিকার পাবেন। **আবেদনের নিয়ম ও শর্তাবলী:** প্রার্থীকে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনপত্রে আবেদনকৃত পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ ১৪-১১-২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ক্রমানুযায়ী বিস্তারিত উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত করতে হবে। আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করতে হবে। নিরাপত্তা পরিদর্শক পদে ১৪-১১-২০২৪ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর এবং নিরাপত্তা প্রহরী পদে সেনাবাহিনী/ পুলিশবাহিনী/ আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত সর্বোচ্চ বয়সসীমা ১৪-১১-২০২৪ খ্রি. তারিখে ৪০ বছর। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদ, নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপিসহ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান কোটায় নিয়োগের এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

পদ সংখ্যা ৮৬ জন

স্মারক নম্বর-৫৮.০২.০০০০.০০৬.১১.৭০২.২৪-৩৬৯২ তারিখঃ ১৪/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. হিসাবরক্ষক ১২৫০০-৩২২৪০/-	২২ জন	বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটারে MS Office এ দক্ষতা।
২. কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৫ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসীল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	২৭ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ।
৪. গাড়িচালক, ভারী লাইসেন্স ৯৭০০-২৩৪৯০/- হালকা লাইসেন্স ৯৩০০-২২৪৯০/-	১২ জন	জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হালকা বা ভারি গাড়ি চালনার বৈধ লাইসেন্স এবং হালকা বা ভারি গাড়ি চালনায় ২ বছরের অভিজ্ঞতা।
৫. ডেসপাস রাইডার ৮৫০০-২০৫৭০/-	১০ জন	দ্বিতীয়, বিভাগ বা সমমানের জিপিএতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ঢাকা মেট্রোপলিটন পুলিশ

পদ সংখ্যা ৩৫ জন

বিজ্ঞপ্তি নং-০১/২০২৪ তারিখঃ ২২/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৫ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ।
২. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	১৯ জন	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry 3 Typing এর গতি বাংলায়-২০ ও ইংরেজীতে-২০ শব্দ হতে হবে।
৩. হিসাব সহকারী ৯৩০০-২২৪৯০/-	০১ জন	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার।

শর্তাবলী ঃ বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। **বয়সসীমা ঃ** ০১/১১/২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর তবে, বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনা পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর অথবা বয়স নির্ধারনের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ প্রজ্ঞাপন প্রযোজ্য হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী, শর্তাবলী, করণীয় সংক্রান্তে এবং পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dmp.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন ও বিস্তারিত তথ্যাদি পাবেন। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে। এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পদ সংখ্যা ১৫৩ জন

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৪ তারিখঃ ০৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সহকারী ফায়ার ব্রিগেড ইন্সপেক্টর ৯৩০০-২২৪৯০/-	০৩ জন	বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের সনদসহ ফায়ার সার্ভিস/সিভিল ডিফেন্স এবং সেফটি মেজারস কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা সম্পন্ন।
২. ফায়ার ফাইটার ৮৮০০-২১৩১০/-	৫০ জন	এস. এস. সি পাস। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে।
৩. নিরাপত্তা রক্ষী ৮২৫০-২০০১০/-	১০০ জন	এসএসসি পাস। সামরিক বাহিনীর প্রাক্তন সদস্যগণের ৮ম শ্রেণী পর্যন্ত শিথিলযোগ্য। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা সম্পন্ন।

সকল পদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শারীরিক যোগ্যতা (বর্ণনা) সম্পন্ন হতে হবে ঃ (ক) পুরুষ প্রার্থীদের জন্য- (১) উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি। (২) বুকের মাপ স্বাভাবিক ৩০ ইঞ্চি, প্রসারণ ৩২ ইঞ্চি, (৩) ৪০০ মিটার দৌড়ঃ ৮০ সেকেণ্ড। **(খ) মহিলা প্রার্থীদের জন্যঃ** (১) উচ্চতা ৫ ফুট ৩ ইঞ্চি। (২) বুকের মাপঃ স্বাভাবিক ২৮ ইঞ্চি, প্রসারণ ৩০ ইঞ্চি, (৩) ৪০০ মিটার দৌড়ঃ ১০০ সেকেন্ড। **(গ) পুরুষ ও মহিলা উভয় প্রার্থীর ক্ষেত্রে অন্যান্য শারীরিক ও ডাক্তারী যোগ্যতা ঃ** (১) আবেদনকারীকে অবশ্যই সাঁতার জানতে হবে এবং সাহসী ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (২) দৃষ্টিশক্তি ৬″ × ৬″ হতে হবে। বর্ণান্ধ (Color Blind) হতে পারবেন না। (৩) রক্তচাপ স্বাভাবিক। (৪) দীর্ঘস্থায়ী অথবা সংক্রামক দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে থাকলে অযোগ্য বিবেচিত হবে। হেপাটাইটিস বি নেগেটিভ (HBS Ag 'Negative) হতে হবে। এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্রে নিয়োগ

মোট পদ সংখ্যা ১১৯৫ জন

স্মারক নংঃ উ/পি/পি/কে-১০০০৮২, নিয়োগ-২৪ গভঃ রেজিঃ নং-এফ-১৭১৮২৮/১৬

পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও বেতন
১.উপজেলা অফিসার	১৩০ জন	বিএ/সমমান। উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাদের পরিচালনা ও প্রতিবেদন তৈরি করা। **বেতন- ৩৭,৯৫০/-**
২. ইউনিট অফিসার	১৪৪ জন	বিএ/সমমান। ইউনিট অফিসার হিসেবে গ্রুপের সকল কাজ মনিটরিং করা। **বেতন- ৩৪,২৫০/-**
৩. পরিবার পরিকল্পনা পরিদর্শক	১৩২ জন	এইচএসসি/সমমান। পরিদর্শক হিসেবে সকল কাজ মনিটরিং করতে হবে। **বেতন- ২৯,২০০/-**
৪. কমিউনিটি ম্যানেজার	১৫৫ জন	এইচএসসি/সমমান। নিজ উপজেলা পরিদর্শন ও প্রতিবেদন তৈরী করা। **বেতন- ২৭,৮০০/-**
৫. কর্মসূচী সংগঠক	১২২ জন	এইচএসসি/সমমান। কর্মসূচী সংগঠক হিসাবে দায়িত্ব পালন করতে হবে। **বেতন- ২৬,২০০/-**
৬. অফিস সহকারী	[illegible] জন	এইচএসসি/সমমান। অফিস সহকারী হিসেবে কাজ করার মনমানসিকতা থাকতে হবে। বেতন-২[illegible]/-
৭. ইউনিয়ন কর্মকর্তা	[illegible] জন	এইচএসসি/এসএসসি/সমমান। ইউনিয়ন কর্মকর্তা হিসেবে [illegible] কর্মকর্তাদের সকল [illegible] বেতন-২২,৩৫০/-
৮.স্বাস্থ্যকর্মী	২৩০ জন	এসএসসি/অষ্টমশ্রেণী। ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে [illegible] বেতন-[illegible]০০/-

উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্র আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে দেশব্যাপী [illegible] জেলা ও উপজেলা, ইউনিয়ন পর্যায়ে সকল প্রকার স্বাস্থ্যই সকল সুখের মূল স্বাস্থ্যসেবা, ফ্যামিলি প্ল্যানিং, মা ও শিশু স্বাস্থ্য উন্নয়ন জাতীয় পুষ্টি ও টিকা কার্যকম বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে কাজ করতে আগ্রহী পুরুষ/মহিলাদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **আবেদনের নিয়মাবলীঃ-** ১) আগ্রহী প্রার্থীর ১ কপি পিপি সাইজ ছবি, **মোবাইল নম্বর ও পদের নাম এবং জীবন বৃত্তান্তসহ আগামী ০৮/১১/২০২৪ইং** তারিখের মধ্যে দরখাস্ত শুধুমাত্র ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে।
ই-মেইল:upazilaparibarbd@gmail.com
(২) সকল কর্মকর্তাদের চিকিৎসা ভাতা স্বাস্থ্যবীমা প্রদান করা হবে। (৩) প্রশিক্ষণ ও কর্মস্থল স্ব স্ব উপজেলার মধ্যে রাখা হবে। (৪) সকল পদে পুরুষ/মহিলা ও উপজাতী আবেদন করতে পারবেন। বিঃদ্রঃ কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।
ববাবর, পরিচালক (স্বাস্থ্যসেবা বিভাগ)"**উপজেলা পরিবার পরিকল্পনা কেন্দ্র**"
প্রধান কার্যালয়ঃ- রোড-০৩, ২৮৮/১৭, বারিধারা ডিওএইচএস, ঢাকা-১২০৬। সূত্রঃ দৈনিক নবঅভিযান ২৪/১০/২০২৪ইং
ই-মেইলঃupazilaparibarbd@gmail.com

গ্রামীণ 4G নেটওয়ার্ক-এ-নিয়োগ বিজ্ঞপ্তি

পদ সংখ্যা ৫২৮ জন

পদের নাম ও বেতন	সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.জেলা ব্যবস্থাপক বেতন-৪৫,৯৫০/-	১০৮ জন	এম.এ/বিএ/ডিপ্লোমা/সমমান। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২.এরিয়া ম্যানেজার বেতন-৪০,৭০০	১১৫ জন	বিএ/ডিপ্লোমা/সমমান। জেলা ম্যানেজার হিসাবে কাজ করতে হবে। সকল দায়িত্ব পালন করতে হবে।
৩.রিসিপশনিষ্ট (মেয়ে) বেতন-২৫,০০০/-	৫৫ জন	এইচ.এস.সি/সমমান। সু-স্পষ্ট ভাষার অধিকারী হতে হবে।
৪.অডিট অফিসার বেতন- ৩৫,৫০০/-	১৩০ জন	এইচএসসি/সমমান। অফিসের সংশ্লিষ্ট কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
৫.অফিস সহকারী বেতন-২০,০০০/	১২০ জন	এসএসসি/অষ্টম শ্রেণী। অফিস সহকারী হিসাবে কাজ করতে হবে।

স্মারক নং-[illegible]/০২৭০০৫ সরাসরি গ্রামীণ 4G নেটওয়ার্ক শক্তিশালী [illegible] জন্য কিছু সংখ্যক পুরুষ/মহিলা নিয়োগ করা হবে। সুবিধাঃ চাকরি [illegible] ছাত্র/ছাত্রীদের পড়াশোনা করার জন্য সুযোগ রয়েছে। কর্মসময় সকাল ১০ টা হইতে বিকাল [illegible] শনিবার অফিস বন্ধ থাকিবে। আবেদনের নিয়মাবলীঃ- আগ্রহী [illegible] পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা [illegible] পরিচয়পত্রের ফটোকপিসহ আগামী ১৫/১১/২০২৪ইং তারিখের মধ্যে [illegible] পদের নাম ও মোবাইল নম্বর সহ শুধুমাত্র ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে। সর্বোচ্চ বয়স ৫৫ বছর পর্যন্ত আবেদন করতে পারবেন। বছরে দুইটি ঈদ বোনাস পাবেন। ল্যাবটপ ও মোটর সাইকেল প্রদান করা হবে। স্থায়ীভাবে ২০ বছর পর্যন্ত চাকরি করতে পারবেন। রিটায়েড আর্মি কর্মকর্তাদের সুযোগ সুবিধা রয়েছে। যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। কিছু জানার থাকলে মোবাইলঃ ০১৭১২-৬১৯৭২৭ ই-মেইলঃ grameennet017@gmail.com
বরাবর, পরিচালক প্রধান কার্যালয় "গ্রামীণ 4G নেটওয়ার্ক" ঠিকানাঃ হাউজ নং-৩২/২, গুলশান, শাহজাতপুর, ঢাকা-১২১২। সূত্রঃ দৈনিক নব অভিযান ১৭/১০/২৪ইং
ই-মেইল:grameennet017@gmail.com

জাতীয় রাজস্ব বোর্ডে নিয়োগ

পদ সংখ্যা ৪৩ জন

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২৪/২০১ তারিখঃ ১৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	৪৩ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন : সকল করতে জেলার প্রার্থীগণ আবেদন পারবেন। ৩০ জুন, ২০২৪ তারিখে জারিকৃত নম্বর ইস্যু ০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২৪ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা এই পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। **অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ** প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। কোন প্রার্থী বিদেশি নাগরিককে বিয়ে করলে বা বিয়ে করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। **প্রার্থীর বয়সঃ** বর্ণিত পদে ০৭ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে। সকল প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়ঃ** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://nbr.teletalk.com.bd এই ওয়বসাইটে আবেদনপত্র পূরণ করবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপঃ** Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৪ অক্টোবর, ২০২৪ খ্রিঃ সকাল ০৯:০০ ঘটিকা। Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৩ নভেম্বর, ২০২৪ খ্রিঃ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম

পদ সংখ্যা ১৮ জন

স্মারক নং- ৩৭৭/২০২৪ তারিখঃ ১৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. স্টেনো-টাইপিস্ট-কাম- কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০৩ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা। শর্ট হ্যান্ডে ইংরেজীতে গতি ৭০ ও বাংলায় ৪৫ শব্দ এবং মুদ্রাক্ষরে ইংরেজীতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।
২. তুলনা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
৩. হিসাব সহকারী ৯৩০০-২২৪৯০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। হিসাব সংরক্ষণে এবং কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৪. সহকারী রেকর্ড কীপার ৯৩০০-২২৪৯০/-	০২ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৫. স্টোর কিপার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার।
৬. প্রসেস সার্ভার ৮৫০০-২০৫৭০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৭. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	০৭ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৮. নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৯. পরিচ্ছন্নতা কর্মী (ফরাশ) ৮২৫০-২০০১০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা জজ-এর কার্যালয় রাজশাহী

পদ সংখ্যা ১০ জন

স্মারক নং-৪১৯/২৪-জি তারিখঃ ০৯/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০১ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সাঁটলিপি ও কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত। সাঁটলিপিতে ইংরেজিতে ৭০ ও বাংলায় ৪৫ শব্দ লেখার গতি এবং কম্পিউটারে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
২. নিম্নমান সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০৩ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানে পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত এবং ইংরেজিতে ৩০ ও বাংলায় ২০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
৩. জারীকারক ৮৫০০-২০৫৭০/-	০৪ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪. অফিস সহায়ক, ৮২৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণী পাস।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ডা. সিরাজুল ইসলাম মেডিকেল কলেজ

DSIMC

পদ সংখ্যা ৯৮ জন

স্মারক নংঃ ডা. এসআইএমসি/প্রশা/২৪/৩৬৫ তারিখঃ ১৯/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
ক্লিনিক্যাল বিষয়সমূহ		
১. উপাধ্যক্ষ	০১ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। অধ্যক্ষ/ উপাধ্যক্ষ/ পরিচালক/ মেডিক্যাল প্রশাসক হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২. অধ্যাপক : (মেডিসিন-২; সার্জারী-২; গাইনী এন্ড অবস্-২; অথ্যালমোলজি-১; ই.এন.টি-১; কার্ডিওলজি-১; রেডিওলজি এন্ড ইমেজিং-১; পেডিয়েট্রিকস্-১; পেডিয়েট্রিক সার্জারী-১; ইউরোলজি-১; নিউরো মেডিসিন-১; নিউরো সার্জারী-১; অর্থোপেডিক সার্জারী-১; ফিজিক্যাল মেডিসিন-১; ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-১; রেসপিরেটরি মেডিসিন-১; এনেসথেসিওলজি-১)	২০ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। মেডিকেল কলেজে ১৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। সহযোগী ও সহকারী অধ্যাপক হিসাবে প্রতিটি পদে ০১টি করে মৌলিক প্রকাশনা সহ স্বীকৃত মেডিকেল জার্নালে ১০টি প্রকাশনা থাকতে হবে।।
৩. সহযোগী অধ্যাপক : (মেডিসিন-১; সার্জারী-১; গাইনী এন্ড অবস্-১; অফথ্যালমোলজি-১; ই.এন.টি-১; অর্থোপেডিকস্-১; পেডিএট্রিকস্-২; ডার্মাটোলজি-১; নেফ্রোলজি-১; ফিজিক্যাল মেডিসিন-১; সাইকিয়েটি-১; ইউরোলজি-১; এনেসথেসিওলজি-২; ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-১; রেসপিরেটরি মেডিসিন-১; কার্ডিওলজি-১; এনেসথেসিওলজি-১)	১৯ জন	এম.বি.বি.এস ডিগ্রীসহ BM&DC কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। BM&DC স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি (এফসিপিএস/ এমডি/ এমএস/ এমফিল/ এমপিএইচ বা সমমান)। মেডিকেল কলেজে ০৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। সহযোগী ও সহকারী অধ্যাপক হিসাবে প্রতিটি পদে ০১টি করে মৌলিক প্রকাশনা সহ স্বীকৃত মেডিকেল জার্নালে ৫টি প্রকাশনা থাকতে হবে।।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা প্রশাসক পটুয়াখালী

পদ সংখ্যা ৬৩ জন

স্মারক নম্বর: ৪৬.১০.৭৮০০.০০৯.০২.১৬০.১৬-৫৯৩ তারিখঃ ০৬/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর ৯৩০০-২২৪৯০/-	৬৩ জন	বাণিজ্য বিভাগে দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং টাইপিং এ গতি বাংলা ২০ ও ইংরেজি ২০ শব্দ।

মন্তব্য ঃ বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। শর্তাবলী ঃ প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় এর চাকুরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা www.patuakhali.gov.bd ওয়েব সাইট হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও আবেদন ফরম অত্র কার্যালয়ের স্থানীয় সরকার শাখা থেকে সংগ্রহ করা যাবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্রের নমুনা কপি www.patuakhali.gov.bd এ ওয়েব সাইট হতে ডাউনলোড করে দুই কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদনপত্র ফরমটি A4 অফসেট কাগজে প্রিন্ট করে হাতে পূরণ করতে হবে। আবেদনপত্র আগামী ০৭-১১-২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর পৌছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। পরীক্ষার ফি বাবদ ৪০০/- টাকা জেলা প্রশাসক, পটুয়াখালী-এর অনুকূলে 'রূপালী ব্যাংক লিমিটেড' এর যে কোন শাখা হতে ইস্যুকৃত পে-অর্ডার/ ডিডি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রার্থীর বয়স ০৭-১১-২০২৪ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙ্গিন ছবি (ছবিতে প্রার্থীর নাম লিখে এক কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং দুই কপি ছবি দুটি এডমিট কার্ডের সাথে আঠা দিয়ে লাগাতে হবে), এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল এন্ড কলেজ

পদ সংখ্যা ১৮ জন

স্মারক নংঃ এপিবিএনসিডি/০০৯/২০২৪/৫০ তারিখঃ ১৭/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. প্রভাষক : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ২২০০০-৫৩০৬০/-	০২ জন	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
২. ডেমোনস্ট্রেটর/ প্রদর্শক (পদার্থবিজ্ঞান-১, জীববিজ্ঞান-১, রসায়ন-১) ১৬০০০-৩৮৬৪০/-	০৩ জন	সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক / স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৩. সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) ১৬০০০-৩৮৬৪০/-	০২ জন	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ফাযিল ডিগ্রীসহ স্নাতকোত্তর/ সমমান ডিগ্রি। ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। বিএড ডিগ্রিধারী অগ্রাধিকার।
৪-৫. সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা) ১১২৪০-২৩৮৫০/-	০৩ জন	সংশ্লিষ্ট স্নাতক / স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য।
৬. কম্পিউটার অপারেটর ১২৫০০-৩২২৮০/-	০৩ জন	কম্পিউটার ডিপ্লোমা ইন সায়েল/ এইচএসসি/ সমমান পাশ। শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৭. হিসাব সহকারী ১০০৫০-২০০১০/-	০১ জন	ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে এইচএসসি পাশ। ৩য় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৮. ইলেকট্রিশিয়ান ১০০৫০-২০০১০/-	০১ জন	৮ম /জেএসসি পাশ। সক্রিয় বিষয়ে ৬ মাসের ট্রেড কোর্স পাশ। অভিজ্ঞতা ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা।
৯. লিফট অপারেটর ১০০৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণী/জেএসসি পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
১০. খালি(পুরুষ)-১ ১০০৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণী/জেএসসি পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ভূমি মন্ত্রণালয়ে চাকরি

পদ সংখ্যা ২৩৮ জন

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৮৬.১১.০৯৯.২৪(অংশ)-৭৬৬ তারিখঃ ৩০/০৯/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
সার্ভেয়ার ১০২০০-২৪৬৮০/-	২৩৮ জন	সার্ভে ইনষ্টিটিউটে ৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং(সার্ভেয়িং)পরীক্ষায় উত্তীর্ণ।

বি.দ্র.ঃ সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেনঃ ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে জারিকৃত ইস্যু ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ)-৪০০ নম্বর বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা এই পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :** সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১ মে ২০২৪ তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের (১) নম্বর কলামের শূন্য পদ পূরণে "ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১" অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূল কপি জমা দিতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র-নৃগোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সরকারের সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। **আবেদন আগামী ০৮/১০/২০২৪ তারিখ সকাল ১০.০০টা হতে ০৮/১১/২০২৪ তারিখ বিকাল ৫.০০টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে।** প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং "ক" হতে "ছ" পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

পদ সংখ্যা ২৬ জন

নং- ১৫.৬৪.০০০০.২০১.১১.০০১.২৪.২৫৫৬ তারিখঃ ০৮/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (পিএ) ১০২০০-২৪৬৮০/-	০২ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং সাঁটলিপিতে শব্দের গতি বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ থাকতে হবে।
২. সাউন্ড রেকর্ডিস্ট ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং সংশ্লিষ্ট কাজে ১ বৎসরের অভিজ্ঞতা।
৩. প্রজেকশনিস্ট ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা এবং কম্পিউটার দক্ষতা।
৪. স্টোর কিপার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষ থাকতে হবে।
৫. হিসাবরক্ষক ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষ।
৬. রেজিস্ট্রেশন সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। প্রশাসনিক কাজে ২ বছরের অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় দক্ষ।
৭. পরীক্ষা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। প্রশাসনিক কাজে ২ বছরের অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় দক্ষ।
৮. লাইব্রেরি সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষ।
৯. চলচ্চিত্র ক্যাটালগার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি। গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষ।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বনপাড়া পৌরসভা

পদ সংখ্যা ০৬ জন

স্মারক নং-৪৬.০০.৬৯১৫.০০১.১১.০০২.২২-৩০৬ তারিখঃ ১৫/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. বিল ক্লার্ক ৯৩০০-১১৮৯০/-	০১ জন	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানে পরীক্ষা পাস হইতে হবে।
২. পাম্প চালক ৯৩০০-১১৮৯০/-	০২ জন	৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার।
৩. পাইপ লাইন মেকানিক ৯০০০-১১৫১০/-	০১ জন	৮ম শ্রেণী পাশ। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বছরের অভিজ্ঞতা।
৪. অফিস সহায়ক ৮২৫০-১০৫৬০/-	০১ জন	৮ম শ্রেণী পাশ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হবে।
৫. প্রহরী ৮২৫০-১০৫৬০/-	০১ জন	৮ম শ্রেণী পাশ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হবে।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

KAFCO কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানী

পদ সংখ্যা ০৩ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
Senior Teacher (Mathematics)	০১ জন	B.Sc. (Hon.) & M.Sc. in Mathematics from any reputed University; At least a CGPA 3.00 out of 4.00/1st class either in B.Sc. (Hons) or in M.Sc.; No Third class in B.Sc. (Hon.) & in M. Sc. level is acceptable. Having 5 years' teaching experience in Secondary / Higher Secondary level. Strong Communication skills in Bangla and in English.
Senior Teacher (Physics)	০১ জন	B.Sc. (Hon.) & M.Sc. in Physics from any reputed University. At least a CGPA 3.00 out of 4.00 /1st class either in B.Sc. (Hons) or in M.Sc.; No Third class in B.Sc. (Hon.) & in M. Sc. level is acceptable. 5 years' teaching experience in Secondary / Higher Secondary level. Strong Communication skills in Bangla and in English.
Teacher (KG)	০১ জন	CGPA 3.00 out of 4.00 / 1st class in 4-year graduation from any reputed University. CGPA 4.5 or 1st division in S.S.C and in H.S.C level; Should be a female person having 5 years' experience in teaching KG, Nursery, Pre-Nursery class in any reputed school.

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

ঢাকা বিশ্ববিদ্যালয়

পদ সংখ্যা ০৩ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. মেশিনম্যান গ্রেড-১ ১০২০০-২৪৬৮০/-	০১ জন	এস.এস.সি/সমমান পাশ। ২য় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং ২য় শ্রেণি/ সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। Brand: SAKURI, OLIVER 66 EZ japan) অফসেট মেশিন চালনায় পারদর্শী এবং রক্ষণাবেক্ষণে পূর্ব অভিজ্ঞতা এবং ৪,৫ বা ৬ রং-এর মান সম্মত ছাপার কাজে ব্যবহারিক দক্ষতা ও অভিজ্ঞতা অগ্রাধিকার।
২. মেশিনম্যান গ্রেড-২ ৯৩০০-২২৪৯০/-	০১ জন	
৩. ইঙ্কম্যান ৯০০০-২১৮০০/-	০১ জন	

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না। রেজিস্ট্রার-এর অনুকূলে প্রদেয় ৩০০/- টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদনপত্র আগামী ২০-১১-২০২৪ খ্রিস্টাব্দ/০৫-০৮-১৪৩১ বঙ্গাব্দ তারিখের মধ্যে পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

সূত্র : ইত্তেফাক ২১/১০/২০২৪ইং পৃষ্ঠা-০৪

PRAN প্রাণ গ্রুপে চাকরি

পদ সংখ্যা ৩০০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
অ্যাসিস্ট্যান্ট টেরিটরি সেলস ম্যানেজার (এটিএসএম)	৩০০ জন	এমবিএ/এমএসসি। অভিজ্ঞতাঃ প্রযোজ্য নয়।

বেতন: আলোচনা সাপেক্ষে। চাকরির ধরন: ফুল টাইম। প্রার্থীর ধরন: পুরুষ। বয়স: ২৫-৩২ বছর। কর্মস্থল: যে কোনো স্থান। আবেদনের নিয়ম: আগ্রহীরা PRAN Group এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়: ০৫ নভেম্বর ২০২৪ইং। সূত্র: বিডিজবস ডটকম**

বাংলাদেশ বিমান বাহিনী

আইএসপিআর/বিমান/২০২৪/৫৭ তারিখ ঃ ০৯/১০/২০২৪

অফিসার ক্যাডেট : ৯২ BAFA কোর্স

অনলাইনে আবেদনের সময়সীমাঃ ০১ নভেম্বর ২০২৪ থেকে ০৫ এপ্রিল ২০২৫।

শিক্ষাগত যোগ্যতা		
শাখা	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান	GCE 'ও' এবং 'এ' লেভেল
জিডি(পি)	উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে পদার্থ ও গণিত-সহ ৫টি লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ লেটার গ্রেড-'বি'।
লজিস্টিক /এটিসি/ এভিডব্লিউসি /মিটিওরলজি	উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে পদার্থ ও গণিত-সহ ৫টি বিষয়ে লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ লেটার গ্রেড-'বি'।
	লজিস্টিক/এটিসি/এভিডব্লিউসি প্রার্থীদের শাখা এক বছর প্রশিক্ষণ শেষে নির্ধারণ করা হবে।	
এডমিন	উভয় পরীক্ষায় যে কোন শাখায় জিপিএ ৪.৫০।	'ও' লেভেলে ৫টি বিষয়ে লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে ২টি বিষয়ে লেটার গ্রেড-'বি'
ফিন্যান্স	উভয় পরীক্ষায় ব্যবসায় শিক্ষা শাখায় জিপিএ ৪.৫০ এবং উভয় পরীক্ষায় হিসাব বিজ্ঞানে লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে হিসাব বিজ্ঞানসহ ৫টি বিষয়ে লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে হিসাব বিজ্ঞানসহ ২টি বিষয়ে লেটার গ্রেড-'বি'

অন্যান্য যোগ্যতা ঃ নাগরিকত্ব : বাংলাদেশি এর পুরুষ/মহিলা নাগরিক। বৈবাহিক অবস্থা : অবিবাহিত/অবিবাহিতা। **বয়স** : ১৬ বছর ৬ মাস হতে ২২ বছর (২৩ জুন ২০২৫ তারিখে), বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়। **উচ্চতা: পুরুষ প্রার্থী** : ৬৪ ইঞ্চি। বুকের মাপ : ৩২ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি। **মহিলা প্রার্থী**: জিডি(পি)- ৬৪ ইঞ্চি, অন্যান্য- ৬২ ইঞ্চি। বুকের মাপ : ২৮ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি। এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

পদ সংখ্যা ১০ জন

স্মারক নং-৫৬.০১.০০০০.০০৫.১১.৬১১.২২-১৩৯৯ তারিখঃ ১৪/১০/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. অ্যাসোসিয়েট (আইন উপদেষ্টা) ২২০০০-৫৩০৬০/-	০১ জন	আইন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী। বাংলাদেশ বার কাউন্সিল হইতে সনদপ্রাপ্ত এবং কম্পিউটার চালনায় দক্ষতা।
২. লিয়াজোঁ অফিসার (আইটিইই) ২২০০০-৫৩০৬০/-	০১ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষতা।
৩. সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	০১ জন	দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ এবং সাঁটলিপিতে গতি ইংরেজিতে ৮০ এবং বাংলায় ৫০ শব্দ।
৪. সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০১ জন	দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ এবং সাঁটলিপিতে গতি ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ।
৫. ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষতা।
৬. গাড়ি চালক ৯৩০০-২২৪৯০/-	০১ জন	জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হালকা বা ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা বা ভারী গাড়ি চালনার অভিজ্ঞতা।
৭. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	০৪ জন	স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

ড. আফজাল হোসেন স্কুল এন্ড কলেজ

পদ সংখ্যা ৪৫ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সহকারি প্রধান শিক্ষক (বাংলা ভার্সন-১; ইংরেজি ভার্সন-১)	০২ জন	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে ইংরেজী মাধ্যমে পাঠদানে প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তৃতীয় বিভাগ/সমমান গ্রহনযোগ্য হবে না। ১ ডিসেম্বর ২০২৪ তারিখ অনুর্ধ্ব ৩৫ বছর। সহকারী প্রধান শিক্ষক পদের জন্য বয়স শিথিলযোগ্য। বিএড/বিপিএডসহ প্রার্থীদের বেতন গ্রেড-১১ (১২,৫০০-৩০,২৩০/-) চিকিৎসা ভাতা, বাড়ি ভাড়া, চাকুরী স্থায়ীকরনের সুবিধা রয়েছে। সহকারী প্রধান শিক্ষক পদে বেতন আলোচনা সাপেক্ষে।
২. সহকারী শিক্ষক (বাংলা-০৩; ইংরেজী-০৩; গণিত-০৩; ধর্ম-০৩; আইসিটি-০৩; পদার্থ বিজ্ঞান-০২; রসায়ন-০২; জীববিজ্ঞান-০২; হিসাব বিজ্ঞান-০২; ফিন্যান্স ও ব্যাংকিং-০২; ব্যবসায় উদ্যোগ-০২; ভূগোল-০২; অর্থনীতি-০২; ইতিহাস-০২; কৃষিশিক্ষা-০২; গার্হস্থ্য অর্থনীতি-০২; বাংলাদেশ ও বিশ্বপরিচয়-০২)	৩৯ জন	
৩. কম্পিউটার অপারেটর আলোচনা সাপেক্ষে	০২ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত এবং ইংরেজিতে ৩০ ও বাংলায় ২০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
৪. সিকিউরিটি ইনচার্জ আলোচনা সাপেক্ষে	০২ জন	অবসর প্রাপ্ত আর্মি অফিসারদের অগ্রাধিকার দেওয়া হবে।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

আর্মড পুলিশ ব্যাটালিয়ান পাঃ স্কুল ও কলেজ

পদ সংখ্যা ০৫ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা), ১১০০০-২৬৫৯০/-	০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি।
২. সহকারী শিক্ষক (মাধ্যমিক শাখা) (গণিত-১; বাংলা-১; ইংরেজি-১), ১২৫০০-৩০২৩০/-	০৩ জন	সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী অনার্সসহ স্নাতক ডিগ্রি।
৩. অফিস সহকারী (কলেজ শাখা), ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এইচ.এস.সি/ সমমানসহ ৬ মাস মেয়াদি কম্পিউটার ডিপ্লোমাধারী হতে হবে।

মন্তব্য ঃ বয়স সর্বোচ্চ ৩৫ বছর, তবে বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য। **অন্যান্য উল্লেখ্য বিষয়** : শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষায় CGPA 2.50/ ২য় শ্রেণি/বিভাগ/সমমান থাকতে হবে। ২ বৎসর সন্তোষজনকভাবে চাকুরী করার পর সিপিএফ এবং অন্যান্য সুবিধাসহ চাকুরী স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। আগ্রহী প্রার্থীগণ আবেদনপত্রের সাথে জীবন বৃত্তান্তসহ সংশ্লিষ্ট সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে অথবা apbpscbogra@yahoo.com ই-মেইল এ (মূল কাগজপত্র ও ছবিসহ আবেদনপত্র স্ক্যান করে পাঠাতে হবে যার হার্ডকপি পরীক্ষা গ্রহণের পূর্বেই অফিসে জমা দিতে হবে।) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া-এর বরাবরে দরখাস্ত প্রতিষ্ঠান কার্যালয়ে পৌঁছাতে হবে। আবেদনসমূহ যাচাই করে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত/মৌখিক/ ব্যবহারিক পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে ফোন/মোবাইলের মাধ্যমে জানানো হবে। ওয়ান ব্যাংক লিমিটেড, বগুড়া শাখায় STD- ০১৯৫১৫০৫৯৫০০৪ নম্বরে ৭০০/- টাকা (যা অফেরতযোগ্য) জমার মূল রশিদ/ ব্যাংকড্রাফট আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। ২ নং পদের জন্য সাধারণ বিষয়াবলির পাশাপাশি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যন্ত পঠিত বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনে কর্তৃপক্ষ বিজ্ঞাপনে উল্লেখিত পদসমূহের সংখ্যা হ্রাস-বৃদ্ধিসহ এই নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। স্বাক্ষরিত/- (মাহবুবা হক) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া।

সূত্র : সমকাল ১৮/১০/২০২৪ইং পৃষ্ঠা-১২

minister মিনিস্টার হাই-টেক পার্ক লিঃ

পদ সংখ্যা ১০০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
সেলস অফিসার	১০০ জন	এসএসসি অথবা এইচএসসি। সংশ্লিষ্ট কাজে ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বেতন: আলোচনা সাপেক্ষে। চাকরির ধরন: ফুল টাইম। প্রার্থীর ধরন: পুরুষ। বয়স: ১৮-২৫ বছর। কর্মস্থল: বরিশাল, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, ফরিদপুর, জামালপুর, খুলনা, কিশোরগঞ্জ, লালমনিরহাট, ময়মনসিংহ, নাটোর, পঞ্চগড়, শরীয়তপুর, শেরপুর, টাঙ্গাইল। আবেদনের নিয়ম: আগ্রহীরা Minister Hi-Tech Park Ltd এর মাধ্যমে আবেদন করতে পারবেন। **আবেদনের শেষ সময়: ২০ নভেম্বর ২০২৪ইং। সূত্র: বিডিজবস ডটকম**

নৌপরিবহন মন্ত্রণালয়ে চাকরি

প্রথম পৃষ্ঠার পর

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১১. ইলেকট্রিক ফিটার ৯৭০০-২৩৪৯০/-	০৫ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ-সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; বা "এ" বা "বি" শ্রেণির তড়িৎ লাইসেন্স।
১২. মোটর ড্রাইভার ৯৭০০-২৩৪৯০/-	০১ জন	জেএসসি বা সমমান এবং মোটর ড্রাইভিং লাইসেন্সসহ ভারী যানবাহন চালনায় ৩ বৎসরের অভিজ্ঞতা।
১৩. গুদাম রক্ষক ৯৩০০-২২৪৯০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ৬ মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত।
১৪. হিট ট্রিটমেন্ট ওয়েল্ডার/শীথ ৯০০০-২১৮০০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্ত নাবিক প্রশিক্ষণ হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ বছরের ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৫. গ্রেসার ৯০০০-২১৮০০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৬. রোগী পরিচর্যাকারী ৯০০০-২১৮০০/-	০১ জন	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্যারামেডিক্স বিষয়ে সার্টিফিকেট।
১৭. টার্নার ৮৮০০-২১৩১০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৮. ফিটার ৮৮০০-২১৩১০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৯. ফায়ারম্যান ৮৫০০-২০৫৭০/-	০৪ জন	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ জাহাজের ইঞ্জিন কক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা।
